International Labour Organization

Financial Education

SOCIAL FINANCE

BetterWork Jordan

আর্থিক শিক্ষা

জর্ডানিয়ান অভিবাসী শ্রমিকদের জন্য



বুদ্ধিমত্তার সাথে আপনার অর্থ ব্যবস্থাপনা করুন!

কপিরাইট © আন্তর্জাতিক শ্রম সংস্থা ২০২১
প্রথম প্রকাশ ২০২১

এই কাজ ক্রিয়েটিভ কমন এট্রিবিউশন ৪.০ আন্তর্জাতিক লাইসেন্স (https://creativecommons.org/licenses/by/4.0/) এর অধীনে বিতরণকৃত একটি উন্মুক্ত প্রবেশিকার কাজ। লাইসেন্সে বর্ণিত শর্তের অধীনে ব্যবহারকারীগণ মৌলিক কাজটিকে পুনঃব্যবহার, শেয়ার, অভিযোজন এবং মূল কাজের ওপর ভিত্তি করে নতুন কিছু নির্মাণ করতে পারেন। আন্তর্জাতিক শ্রম সংস্থাকে মূল কাজের মালিক হিসেবে অবশ্যই স্বীকৃতি দিতে হবে। ব্যবহারকারীগণের কাজের সাথে আইএলও-এর প্রতীক ব্যবহার করা নিষিদ্ধ।

এট্রিবিউশন- এই কাজ অবশ্যই নিম্নলিখিতভাবে উদ্ধৃত করতে হবে: আবর রাষ্ট্রসমুহের আঞ্চলিক দপ্তর, জর্ডানি এবং অভিবাসী শ্রমিকদের জন্য আইএলও আর্থিক শিক্ষা প্রশিক্ষণার্থী বুকলেট, আম্মান, জর্ডান: আন্তর্জাতিক শ্রম সংস্থা, ২০২১।

অনুবাদ- এই কাজের অনুবাদের ক্ষেত্রে এট্রিবিউশনের পাশাপাশি নিম্নের ডিসক্লেইমার অবশ্যই যোগ করতে হবে: এই অনুবাদ আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) প্রস্তুত করে নাই এবং এই অনুবাদকে আইএলও-এর আনুষ্ঠানিক অনুবাদ হিসেবে বিবেচনা করা যাবে না। এই অনুবাদের বিষয়বস্তু অথবা যথার্থতা সম্পর্কে আইএলও -এর কোন দায় নেই।

অভিযোজন- এই কাজের অভিযোজনের ক্ষেত্রে এট্রিবিউশনের পাশাপাশি নিম্নের ডিসক্লেইমার অবশ্যই যোগ করতে হবে: এই অভিযোজিত কাজ আন্তর্জাতিক শ্রম অফিস (আইএলও) এর একটি মূল কাজের একটি অভিযোজন। এই অভিযোজনে প্রকাশিত অভিমত এবং মতামতের দায় সম্পূর্ণরূপে অভিযোজনের লেখক বা লেখকদের ওপরে বর্তায় এবং সেটা আইএলও কর্তৃক অনুমোদিত নয়।

অধিকার এবং লাইসেন্সিং এর জন্য সকল প্রশ্ন আইএলও পাবলিকেশন্স (রাইটস এন্ড লাইসেন্সিং), ইন্টারন্যাশনাল লেবার অফিস, সিএইচ-১২১১ জেনেভা ২২, সুইজারল্যান্ড, এর বরাবর প্রেরণ করতে হবে অথবা ইমেইল করতে হবে rights@ilo.org এই ঠিকানায়।

ইংরেজি
আইএসবিএন: ৯৭৮৯২২০৩৫৯০৪৪ (প্রিন্ট)
আইএসবিএন: ৯৭৮৯২২০৩৫৯০৫১ (ওয়েব পিডিএফ)
আরবী
আইএসবিএন: ৯৭৮৯২২০৩৫৯০৬৮ (প্রিন্ট)
আইএসবিএন: ৯৭৮৯২২০৩৫৯০৭৫ (ওয়েব পিডিএফ)

আইএলও প্রকাশনাসমূহে ব্যবহৃত পরিভাষাসমূহ, জাতিসংঘের ব্যবহার রীতি অনুসারে ব্যবহৃত, এবং এই প্রকাশনায় ব্যবহৃত উপকরণসমূহ কোন দেশ, এলাকা বা ভূখন্ড বা ভূখন্ডের কর্তৃপক্ষ অথবা কোন ভৌগলিক সীমান্তের আইনগত মর্যাদার ব্যাপারে আন্তর্জাতিক শ্রম অফিসের মতামতকে প্রতিফলন করে না।

এই প্রকাশনায় প্রকাশিত নিবন্ধ, স্টাডি অথবা অন্য কোন ধরনের অবদানে প্রতিফলিত মতামতের সম্পূর্ণ দায় সংশ্লিষ্ট লেখক(গণ) এর উপর বর্তায় এবং উক্ত মতামত প্রকাশের মাধ্যমে আন্তর্জাতিক শ্রম অফিস উক্ত মতামতকে সমর্থন করেছে বলে ধরে নেওয়া যাবে না।
অত্র প্রকাশনায় কোন ফার্ম এবং বাণিজ্যিক পণ্য বা প্রক্রিয়ার উল্লেখ করার মাধ্যমে আন্তর্জাতিক শ্রম অফিস উক্ত ফার্ম এবং বাণিজ্যিক পণ্য বা প্রক্রিয়াকে সমর্থন করে বলে গণ্য হবে না, এবং কোন বিশেষ ফার্ম, বাণিজ্যিক পণ্য বা প্রক্রিয়ার নাম উল্লেখ না করলে উক্ত ফার্ম, বাণিজ্যিক পণ্য বা প্রক্রিয়াকে অসমর্থন করছে বলে গণ্য হবে না।

আইএলও প্রকাশনাসমূহ এবং ডিজিটাল পণ্যসমূহের তথ্য www.ilo.org/publns ওয়েবসাইটে পাওয়া যাবে।
সহায়তা চুক্তি নম্বর IL-21187-10-75-K এর অধীনে মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম মন্ত্রণালয় কর্তৃক অর্থায়নকৃত। এই প্রকল্পের সকল খরচের ১০০ শতাংশ ফেডারেল তহবিল থেকে যোগান দেওয়া হয়েছে, যার পরিমাণ মোট ১,৫৫০,০০০/- ডলার। এই ম্যানুয়াল কোনভাবেই মার্কিন যুক্তরাষ্ট্রে শ্রম মন্ত্রণালয়ের মতামত বা নীতি প্রতিফলিত করে না, এবং কোন ব্যবসায়িক নাম, বাণিজ্যিক পণ্য বা সংস্থার নাম উল্লেখের দ্বারা মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের অনুমোদন বুঝায় না।

প্রকাশনাটি জর্ডানে মুদ্রিত।

স্বীকৃতি

গুস্তাভো প্রেপেলিটচি এর নেতৃত্বে, ইনেস বেনটচিকোও- এর সহায়তায় এবং আইএলও'র সামাজিক আর্থিক কর্মসূচির ভ্যালেরি ব্রেডা -এর সামগ্রিক নির্দেশনা এবং তত্ত্বাবধানে আইএলও আর্থিক শিক্ষা প্রশিক্ষণার্থী ম্যানুয়াল প্রণীত হয়েছে। এই উদ্যোগে সহযোগিতা করার জন্য বেটার ওয়ার্ক ডর্জান এর সহকর্মীবৃন্দ বিশেষ করে তারেক আবু কাউয়ুদ, আলা আলনাসের এবং ক্লারি স্লেইগ বিশেষভাবে ধন্যবাদ প্রাপ্য।

২০২১ সালের অক্টোবর মাসে অনুষ্ঠিত হওয়া স্টেকহোল্ডার কর্মশালায় অংশগ্রহণকারী জর্ডানের গার্মেন্ট ইন্ডাস্ট্রিজ এর প্রধান অংশীদারদের অর্থবহ সহায়তা ও গুরুত্বপূর্ণ অবদানের দ্বারা এই বুকলেট প্রস্তুত প্রক্রিয়া লাভবান হয়েছে। এই প্রশিক্ষণার্থী ম্যানুয়ালের প্রস্তুত প্রক্রিয়ার শুরুর দিকে বেটার ওয়ার্ক ডর্জানের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে আয়োজিত ফোকাস গ্রুপ আলোচনায় অংশগ্রহণের মাধ্যমে গার্মেন্টস কারখানায় কর্মরত শ্রমিকেরা যে অবদান রেখেছেন তা বিশেষভাবে উল্লেখ্যযোগ্য।

এই বুকলেটের প্রুফ দেখেছেন গুস্তাভো প্রেপেলিটচি এবং ইনেস বেনটচিকোও, কার্টুন এবং অংকন করেছেন সাম্বা সিসে এবং ডিজাইন করেছেন মাইকেল ডি জেসুস।

সূচিপত্র

	ভূমিকা	৭
১.	পটভূমি	৭
২.	প্রশিক্ষণার্থী বুকলেটের চরিত্রসমুহের পরিচিতি	৮
	সালমার পরিচয় কার্ড	৯
	অর্জুনের পরিচয় কার্ড	১০
	মালাকের পরিচয় কার্ড	১১
	প্রিশার পরিচয় কার্ড	১২
ক)	**লক্ষ্য নির্ধারণ এবং পরিবারের সাথে যোগাযোগ**	১৩
১.	আপনার লক্ষ্য ঠিক করুন	১৪
২.	আপনার লক্ষ্য নিয়ে পরিবারের সাথে কথা বলুন	১৬
৩.	আপনার লক্ষ্যের খরচ হিসাব করুন এবং অগ্রাধিকার ঠিক করুন	১৭
৪.	আপনার লক্ষ্য অর্জনের জন্য একটি সঞ্চয় পরিকল্পনা করুন	১৮
৫.	অভিবাসন আপনার জন্য সঠিক পছন্দ কিনা সিদ্ধান্ত নিন	২৩
৬.	আভিবাসনের সাথে যুক্ত আর্থিক খরচ হিসাব করুন	২৪
খ)	**বুদ্ধিমত্তার সাথে আপনার অর্থ ব্যবস্থাপনা করুন**	২৭
১.	বুদ্ধিমান খরুচে হোন	২৮
২.	আপনার কর্ম চুক্তি এবং পে-স্লিপ সম্পর্কে বুঝুন	৩৩
৩.	বাজেট তৈরি করুন	৪৩
৪.	বাজেটের খরচের ট্রাক রাখুন এবং বাজেটের ভিতরে থাকুন	৫৩
৫.	আর্থিক রেকর্ড সংরক্ষণ করুন	৬০
৬.	ডিজিটাল পদ্ধতিতে নিরাপদভাবে আপনার মজুরি গ্রহণ, এ্যাকসেস এবং ব্যবহার করুন	৬৩
	সংযুক্তি এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্ট	
	অনুশীলনীর উত্তর	
গ)	**সঞ্চয় পদ্ধতি ও পণ্য সম্পর্কে জানুন**	৬৯
১.	সঞ্চয়ের একটি পদ্ধতি বেছে নিন	৭০
২.	জ্ঞানগর্ভ উপায়ে সঞ্চয় পণ্য নির্বাচন করুন	৭৪
	সংযুক্তি এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্টস	৮১
	অনুশীলনীর উত্তর	৮২
ঘ)	**ক্রেডিট পণ্য ব্যবহার করুন**	৮৫
১.	আপনার প্রকল্পগুলো অর্থায়নের জন্য একটি পদ্ধতি বেছে নিন	৮৬
২.	বুদ্ধিমত্তার সাথে আপনার ক্রেডিট নির্বাচন করুন	৯০
৩.	ক্রেডিটের খরচ হিসাব করুন	৯৩
৪.	খেয়াল রাখবেন, অতিরিক্ত ঋণগ্রস্থ হয়ে পড়বেন না	১০২
	সংযুক্তি এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্টস	১০৬
	অনুশীলনীর উত্তর	১০৭

ঙ) পরিশোধের পদ্ধতি এবং টাকা ট্রান্সফার পণ্য বেছে নিন ১১১

১. নিরাপদে পরিশোধের পদ্ধতি ব্যবহার করুন ১১২
২. টাকা ট্রান্সফার অপারেটরদের সম্পর্কে জানুন ১১৭
৩. কিভাবে টাকা পাঠাতে এবং গ্রহণ করতে হয় ১২৩

সংযুক্তি এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্টস ১২৭
অনুশীলনীর উত্তর ১২৮

চ) আর্থিক প্রতিষ্ঠান সম্পর্কে জানুন এবং আত্মবিশ্বাসের সাথে ব্যবহার করুন ১৩১

১. আর্থিক প্রতিষ্ঠান সম্পর্কে জানুন ১৩২
২. আত্মবিশ্বাসের সাথে আর্থিক প্রতিষ্ঠান ব্যবহার করুন ১৩৮

অনুশীলনীর উত্তর ১৫১

ছ) ঝুঁকি ব্যবস্থাপনা ১৫৫

১. ঝুঁকি ব্যবস্থাপনা ১৫৬
২. জরুরি তহবিল তৈরির পরামর্শ ১৬০
৩. আপনার বীমা পলিসি ১৬১
৪. আপনার বীমা পলিসি ব্যবহার করুন ১৬৫
৫. বীমার সঠিক পণ্যটি নির্বাচন করুন ১৬৬

সংযুক্তি এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্টস ১৭০
অনুশীলনীর উত্তর ১৭১

কমিক রেখাচিত্র ১৭২

সালমার কমিক রেখাচিত্র ১৭২
অর্জুনের কমিক রেখাচিত্র ১৭৭
মালেকের কমিক রেখাচিত্র ১৮২
প্রিশার কমিক রেখাচিত্র ১৮৮

মানসিক স্বাস্থ্য এবং অর্থ ব্যবস্থাপনা সংক্রান্ত সংযুক্তি ১৯৪

ভূমিকা

১.পটভূমি

যে ডকুমেন্টটি আপনার হাতে রয়েছে সেটি হচ্ছে আর্থিক শিক্ষার ওপরে প্রশিক্ষণার্থীদের বুকলেট। প্রাথমিকভাবে এর লক্ষ্য হচ্ছে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নইচ্ছু জর্ডানি এবং অভিবাসী কর্মীরা

এই প্রশিক্ষণার্থী বুকলেট আয়, ব্যয়, বাজেট এবং আর্থিক পরিষেবা ব্যবহার যেমন সঞ্চয়, ক্রেডিট, টাকা হস্তান্তর এবং বীমা সংক্রান্ত বিষয়ে মৌলিক জ্ঞান, দক্ষতা এবং সরঞ্জামাদি প্রদান করে।

আর্থিক শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ ম্যাটেরিয়ালের উদ্দেশ্য হচ্ছে শ্রমিকদেরকে ব্যক্তিগত ও পারিবারিক অর্থনৈতিক বিষয়ে মৌলিক শিক্ষা প্রদান করা। এই ম্যাটেরিয়ালের মধ্যে রয়েছে: আর্থিক লক্ষ্য নির্ধারণ, আত্মবিশ্বাসের সাথে যোগাযোগ, অভিবাসনের আর্থিক খরচ নিরূপন, মৌলিক আর্থিক পণ্যসমুহ সম্পর্কে বোঝাপড়া (সঞ্চয়, ঋণ, পরিশোধ, ডিজিটাল ওয়ালেট, বীমা), ডিজিটাল মজুরি সম্পর্কে জানা, আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ এবং দরাদরি, টাকা স্থানান্তর এবং ঝুঁকি ব্যবস্থাপনা। এই প্রশিক্ষণের আরো উদ্দেশ্য হচ্ছে নারী ও পুরুষ এবং বয়স্ক ও তরুণ প্রজন্মের মধ্যে বিদ্যমান নিম্ন পর্যায়ের শিক্ষা এবং অসম শক্তি সম্পর্কের সমাধান করা, যার দ্বারা অর্থ-সংক্রান্ত বিষয়ের সিদ্ধান্ত প্রভাবিত হয়। এই সুনির্দিষ্ট ম্যানুয়ালে গার্মেন্ট খাতের জর্ডানি এবং অভিবাসী উভয় শ্রেণীর বর্তমান এবং সম্ভাব্য শ্রমিকদের মুখোমুখি হওয়া চ্যালেঞ্জ এবং সুযোগ নিয়ে আলোচনা করা হয়েছে।

ভিন্ন ভিন্ন অভীষ্ট গোষ্ঠীর জন্য আইএলও প্রণীত বিভিন্ন আর্থিক উপকরণের ওপর ভিত্তি করে আন্তর্জাতিক শ্রম সংস্থা এই প্রশিক্ষণ প্যাকেজ তৈরি করেছে। জর্ডানে ব্যবহারের জন্য এই বুকলেট প্রণীত হয়েছে।

এই প্রশিক্ষণার্থী বুকলেট এবং প্রশিক্ষক ম্যানুয়াল একই সাথে পাশাপাশি ব্যবহার করতে হবে। সুনির্দিষ্ট অভীষ্ট গ্রুপের জন্য এই বুকলেট প্রণয়ন করা হয়েছে। প্রশিক্ষক ম্যানুয়ালের পরিপূরক হিসেবে এই বুকলেটে রয়েছে কল্পিত চরিত্র, কেস স্টাডি, অনুশীলন, এবং টার্গেট গ্রুপের সুনির্দিষ্ট রেফারেন্স সম্পর্কিত সকল তথ্য। এই বুকলেটে আরো রয়েছে প্রশিক্ষণ সম্পর্কিত মূল পয়েন্ট এবং বুদ্ধিমত্তার সাথে একজন ব্যক্তির আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত দরকারী উপকরণ। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী নারী-পুরুষদের জন্য এই বুকলেট লিখিত হয়েছে। প্রশিক্ষণ কোর্স চলাকালীন সময়ে অনুশীলনী বই এবং তৎপরবর্তীতে রেফারেন্স গাইড হিসেবে এই বুকলেট ব্যবহৃত হওয়া উচিত।

আইএলও বেটার ওয়ার্ক জর্ডানের পরিকাঠামোতে এই বুকলেট প্রস্তুত করা হয়েছে। বেটার ওয়ার্ক জর্ডান হলো মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম মন্ত্রণালয়ের সহযোগিতায় আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এবং আন্তর্জাতিক আর্থিক কর্পোরেশনের মধ্যকার একটি অংশীদারিত্ব।

২. প্রশিক্ষণার্থী বুকলেটের উপস্থাপনা

আর্থিক শিক্ষা কী?



আর্থিক শিক্ষা হল এমন জ্ঞান, দক্ষতা এবং সরঞ্জাম যা আপনাকে আপনার টাকা আরও ভালভাবে ব্যবস্থাপনা করতে সক্ষম করে তুলবে। আপনি যে প্রশিক্ষণে যোগ দিতে যাচ্ছেন তা আপনাকে ভবিষ্যতে আপনার প্রকল্পগুলির জন্য পরিকল্পনা করতে এবং প্রস্তুতি নিতে সক্ষম করে তুলবে। এটি উপার্জন, ব্যয়, বাজেট, সঞ্চয়, ঋণ এবং আপনার সম্পদের সর্বোচ্চ ব্যবহারের উপায় সম্পর্কিত দক্ষতা শেখার সুযোগ করে দেয়।

এটি আপনাকে আপনার পরিবার, আপনার আত্মীয়স্বজন, আপনার নিয়োগকর্তা বা আপনার সহকর্মীদের সাথে অর্থিক বিষয়ে আরও ভালভাবে যোগাযোগ করার এবং তাদের এই দেশে আগমনের সময়ে মুখোমুখি হওয়া কিছু চ্যালেঞ্জের সমাধান করার সুযোগ দেবে।

আপনার টাকা ভালভাবে ব্যবস্থাপনা করার জন্য আপনি কিছু পদ্ধতি শিখবেন বা পর্যালোচনা করবেন।

আর্থিক পরিষেবা যেমন ক্রেডিট, সঞ্চয়, অর্থ স্থানান্তর বা বীমা কোন কিছুই আপনার জন্য গোপন থাকবে না।

এই প্রশিক্ষণার্থী বুকলেটটি কিভাবে ব্যবহার করবেন?

আর্থিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণের সময় আপনার এই প্রশিক্ষণার্থী বুকলেটটি ব্যবহার করা উচিত। প্রশিক্ষণের মডিউল এবং সেশন অনুসরণ করে অধ্যায়ের ক্রম সাজানো হয়েছ। তবে, আপনি চাইলে বিনা দ্বিধায় যেকোনো অধ্যায় পড়তে পারেন।

এই বুকলেটের শেষে অন্তর্ভুক্ত কমিক স্ট্রিপগুলিতে আমাদের কাল্পনিক চরিত্রগুলির অভিজ্ঞতা অনুসারে সমস্ত প্রাসঙ্গিক বিষয় যুক্ত করা হয়েছে। আপনি সেশনের সময় তাদের সাথে পরিচিত হবেন এবং তাদের সম্পর্কে আরও ভালভাবে জানতে পারবেন। আমরা আপনাকে সেগুলি পড়তে উৎসাহিত করি। আপনি স্বাধীনভাবে তাদের পড়তে পারেন।

এই বুকলেটে অনেকগুলি অনুশীলন এবং ওয়ার্কশীট রয়েছে যা আপনি নিজের জন্য পূরণ করতে পারেন।

৩. চরিত্রগুলোর সাথে পরিচিতি

এই প্রশিক্ষণে চারজন মূল চরিত্রের গল্প এবং অভিজ্ঞতা ব্যবহার করা হয়েছে:

তাদের প্রোফাইল নিচে দেওয়া হলো।



চরিত্র ১
সালমা

নাম: সালমা

টার্গেট গ্রুপ: *বাংলাদেশী অভিবাসী*

বাসস্থান: *কারখানার হোস্টেল/ডর্ম*

লিঙ্গ: *নারী*

বয়স: ২১

বৈবাহিক অবস্থা: *বিবাহিত, কোন সন্তান নেই।*

অর্থনৈতিক কর্মকান্ড: *সে একটি রপ্তানীমুখী কারখানায় সেলাই অপারেটর (সুইং অপারেটর) হিসেবে কাজ করে।*

পরিবার:
- *সে তার পিতা-মাতা এবং তার স্বামী মোহাম্মদের নিকট নিয়মিত টাকা পাঠায়।*

লিক্ষাগত যোগ্যতা: *প্রাথমিক বিদ্যালয় পাশ।*

টাকার প্রতি মনোভাব: *পিতা-মাতার থেকে টাকা খরচের বিষয়টি শিখেছেন। জর্ডানে নগদ টাকা গ্রহণ খুব পছন্দ।*

আর্থিক বৈশিষ্ট্য:
- *পরিবারের মূল উপার্জনকারী*
- *জর্ডানে এবং তার দেশ বাংলাদেশে কিছু টাকা সঞ্চয় করেন*
- *প্রতিষ্ঠানের ব্যাপারে আগ্রহী কিন্তু জর্ডানে তাদের ব্যবহার করতে ভয় পান*

উদ্দেশ্য:
- *নিজের শহরে একটি বাড়ি নির্মাণ কাজ সম্পন্ন করতে তার বাবা-মা'কে সহায়তা করা।*
- *দেশে ফিরে যাবার জন্য যত বেশি সম্ভব সঞ্চয় করা।*

আনুষঙ্গিক:
- *তার স্বামী মোহাম্মদ*
- *বাবা-মা*
- *তার বন্ধু ওয়ামিল*



চরিত্র ২
অর্জুন

নাম: অর্জুন

টার্গেট গ্রুপ: *ভারতীয় অভিবাসী*

বাসস্থান: *কারখানার হোস্টেল/ডর্ম*

লিঙ্গ: *পুরু*

বয়স: *৩৪*

বৈবাহিক অবস্থা: *বিবাহিত, ২ জন সন্তান ভারতে থাকে।*

অর্থনৈতিক কর্মকান্ড: *সে অপারেটর হিসেবে একটি সাব-কন্ট্রাক্টিং কারখানায় কাজ করে।*

পরিবার:
- *তার স্ত্রী ভারতে শিক্ষকতা করে। তাদের সন্তানেরা স্ত্রীর সাথে ভারতে থাকে।*

লিক্ষাগত যোগ্যতা: *মাধ্যমিক বিদ্যালয় পাশ।*

টাকার প্রতি মনোভাব: *টাকা ব্যপস্থাপনা সম্পর্কে কখনোই কোন তথ্য পান নাই। নগদ টাকা গ্রহণ খুব পছন্দ যদিও ভারতে আর্থিক প্রতিষ্ঠানের সাথে লেনদেনের অভিজ্ঞতা আছে।*

আর্থিক বৈশিষ্ট্য:
- *যত বেশি সম্ভব সঞ্চয় করার চেষ্টা করেন*
- *নতুন আর্থিক পরিষেবা ব্যবহার করতে ভয় পান*
- *এখনো ঋণ পরিশোধ করছেন*

উদ্দেশ্য:
- *অন্যান্য লক্ষ্য অর্জনের জন্য সম্পূর্ণ ঋণ পরিশোধ করে দিতে চান*
- *তিনি এবং তার স্ত্রী নিজেরা বাড়ি করতে চান*

আনুষঙ্গিক:
- *তার স্ত্রী দিয়া*
- *তার সন্তান*
- *তার সহকর্মী আসাদ*
- *তার ছেলেবেলার বন্ধু বিক্রম*



চরিত্র ৩
মালাক

নাম: মালাক

টার্গেট গ্রুপ: *জর্ডানি শ্রমিক*

বাসস্থান: *কারখানার কাছাকাছি পরিবারসহ একটা ছোট বাসায় থাকেন*

লিঙ্গ: *নারী*

বয়স: *২৮*

বৈবাহিক অবস্থা: *অবিবাহিত, কোন সন্তান নেই।*

অর্থনৈতিক কর্মকান্ড: *সে একটি স্যাটেলাইট ইউনিটে প্যাকার হিসেবে কাজ করে।*

পরিবার:
- *সে তার পিতা-মাতা, ভাই এবং বোনসহ একই বাসায় থাকে।*

লিক্ষাগত যোগ্যতা: *মাধ্যমিক বিদ্যালয় পাশ।*

টাকার প্রতি মনোভাব: *তার মায়ের নিকট থেকে টাকা ব্যবস্থাপনার কিছু মৌলিক দক্ষতা শিখেছেন। তবে টাকা ব্যবস্থাপনার বিষয়ে সে কিছুটা উদাসীন।*

আর্থিক বৈশিষ্ট্য:
- *ফেরত পাবার আশা না করেই বন্ধু/আত্মীয়-স্বজনদের অনেক টাকা ধার দেয়।*
- *আর্থিক প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক পণ্য/সেবা ব্যবহার।*

উদ্দেশ্য:
- *বাবা-মায়ের বাসায় নিজের জন্য একটা অতিরিক্ত রুম তৈরি করতে চান।*
- *নিজের আর্থিক ব্যস্থাপনার উন্নয়ন ঘটাতে চান।*

আনুষঙ্গিক:
- *তার সহকর্মী আয়েশা*
- *বাবা-মা*
- *তার বোন*
- *তার ভাই ফরিদ*
- *তার প্রতিবেশীগণ*



চরিত্র ৪
প্রিশা

নাম: প্রিশা

টার্গেট গ্রুপ: *শ্রীলংকান অভিবাসী*

বাসস্থান: *কারখানার হোস্টেল*

লিঙ্গ: *নারী*

বয়স: ৩২

বৈবাহিক অবস্থা: *অবিবাহিত, কোন সন্তান নেই।*

অর্থনৈতিক কর্মকান্ড: *সে একটি রপ্তানীমুখী কারখানায় মান-নিয়ন্ত্রক (কোয়ালিটি কন্ট্রোলার) হিসেবে কাজ করে।*

পরিবার:
- *তার পিতা-মাতা*

লিক্ষাগত যোগ্যতা: *মাধ্যমিক বিদ্যালয় পাশ।*

টাকার প্রতি মনোভাব: *জর্ডানে টাকা খরচের ব্যাপারে খুব সতর্ক কেননা তার টাকার বেশিরভাগ অংশ দেশে তার পরিবারের প্রয়োজন হয়।*

আর্থিক বৈশিষ্ট্য:
- *নগদ টাকা নিতে খুব পছন্দ করেন কিন্তু নিজের টাকার অধিকতর ভাল ব্যবস্থাপনার জন্য ডিজিটাল মজুরি গ্রহণেও আগ্রহী।*
- *খুব টানাটানির বাজেট*
- *ক্রেডিটে কেনাকাটা করেন*

উদ্দেশ্য:
- *যত বেশি সম্ভব সঞ্চয় করা*
- *শ্রীলংকায় বাড়ি নির্মাণ সম্পন্ন করা*
- *নিজের আর্থিক ব্যস্থাপনার উন্নয়ন ঘটাতে চান।*

আনুষঙ্গিক:
- *বান্ধবী আমায়রা যিনি দীর্ঘদিন ধরে জর্ডানে বসবাস করছেন*
- *স্থানীয় জর্ডানি বান্ধবী বাদ্রা*
- *তার সহকর্মী সিয়া*
- *অনানুষ্ঠানিক ঋণদাতা নির্ভেদ।*

ক



লক্ষ্য ঠিক করুন এবং পরিবারের সাথে যোগাযোগ করুন

FINANCIAL EDUCATION QUIZ

ক১. নিচের প্রবাদটির অর্থ কী? "কোন বন্দরের দিকে যাত্রা করেছে, মানুষ যদি সেটা না জানে তবে কোনো বাতাসই তার অনুকূলে নয়"।

- ☐ **ক.** পাল তোলার জন্য বাতাস থাকা দরকার।
- ☐ **খ.** আপনি যদি জানেন যে আপনি কোথায় যাচ্ছেন এবং আপনি যদি নির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ করেন তবে আপনার জীবনের প্রকল্পগুলি অনুধাবন করা আরও সহজ।
- ☐ **গ.** বাতাস থাকলে নৌকা চালানো সহজ।

ক২. ভবিষ্যতের জন্য আপনার লক্ষ্য অর্জনের সেরা উপায় কি?

- ☐ **ক.** স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী লক্ষ্য থাকা এবং সেগুলি অর্জনে সামর্থবান হওয়ার জন্য নিয়মিত সঞ্চয় করা।
- ☐ **খ.** লক্ষ্য থাকা এবং তা অর্জিত হবে বলে আশা রাখা। নিজের ওপর বিশ্বাস থাকাটা জরুরি।
- ☐ **গ.** আমি ভবিষ্যতের লক্ষ্য ঠিক রাখতে খুব অপারগ, ভবিষ্যতে এটা নিয়ে চিন্তা করবো।

ক৩. গ্রামে একটি অনুষ্ঠানের জন্য আপনার বাবা-মা আপনার কাছে আবার টাকা চেয়ে ফোন করেন

- ☐ **ক.** আপনি সাথে সাথে তাদের টাকা পাঠান, কারণ আপনার বাবা-মা যা বলেন আপনি সবসময় তাই করেন।
- ☐ **খ.** আমি জোড়ালোভাবে দ্বিমত করি এবং কোনো টাকা পাঠাতে অস্বীকার করি।
- ☐ **গ.** আমি তাদের সাথে আলোচনা করি যাতে তাদের প্রয়োজনগুলি আরও ভালভাবে বোঝা যায় এবং আমি কিভাবে আমার লক্ষ্য এবং সঞ্চয় পরিকল্পনার বিষয় মাথায় রেখে তাদের সাহায্য করতে পারি তা দেখার চেষ্টা করি।

ক৪. একটি সঞ্চয় পরিকল্পনা কি?

- ☐ **ক.** একটি আর্থিক পণ্য।
- ☐ **খ.** একটি পরিকল্পনা যেখানে আপনি আপনার লক্ষ্যগুলি, তার খরচ, আপনি যে তারিখে আপনার লক্ষ্যগুলিতে পৌঁছতে চান এবং সেগুলিতে পৌঁছানোর জন্য আপনাকে যে পরিমাণ সঞ্চয় করতে হবে- তা দেখতে পান।
- ☐ **গ.** একটি টাকার বাক্স।

ক৫. আপনার অভিবাসন করা উচিত কিনা সে সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার কী করা উচিত?

- ☐ **ক.** আমার ব্যাংকে গিয়ে খবর নেওয়া উচিত যে অভিবাসন করার জন্য আমি টাকা ঋণ নিতে পারি কিনা।
- ☐ **খ.** আমার সমস্ত সুবিধা এবং অসুবিধাগুলি তালিকা করা উচিত, কত খরচ হবে তা হিসাব করা উচিত এবং একটি সুন্দর সিদ্ধান্ত গ্রহণ করা উচিত।
- ☐ **গ.** যারা অভিবাসী হয়েছে আমার শুধুমাত্র তাদের কথা শোনা এবং বিশ্বাস করা উচিত।

ক৬. কিভাবে আপনি অভিবাসন সম্পর্কিত আর্থিক খরচ হিসাব করতে পারেন?

- ☐ **ক.** সমস্ত প্রস্তুতিমূলক খরচ, যাত্রার সময়ের খরচ, আমি পৌঁছানোর পরে খরচ এবং বাড়িতে আমার পরিবারের জন্য খরচ, এসব সকল খরচের তালিকা করে ।
- ☐ **খ.** গন্তব্য দেশে ভ্রমণের
- ☐ **গ.** অভিবাসী ও ফিরে

উত্তর: ক:১; খ:২; খ:৩; খ:৪; খ:৫; ক:৬

১. আপনার লক্ষ্য নির্ধারণ করুন

সংজ্ঞা

লক্ষ্য হলো এমন কিছু যা আপনি করতে চান। লক্ষ্য নির্ধারণ আপনাকে জীবনে আপনি কী করতে চান তা সংজ্ঞায়িত করতে সাহায্য করে এবং তাই একে সফলকাম করতে আপনাকে আপনার করণীয় সম্পর্কে জানতে হবে।



আসুন আমাদের অন্যতম চরিত্র সালমা সম্পর্কে জেনে নেই।

কেস স্টাডি নং ১

সালমার গল্প


সালমার বয়স ২১ বছর। তিনি দুই বছর আগে বাংলাদেশ থেকে অভিবাসী হয়ে চলে এসেছেন এবং তখন থেকে জর্ডানে একটি রপ্তানি কারখানায় কাজ করছেন। ১৬ বছর বয়সে তার গ্রামের মোহাম্মদের সাথে তার বিয়ে হয়। তাদের সন্তান নেই। দেশে তার গ্রামে আছে তার বাবা-মা এবং দুই ছোট বোন (বয়স ১২ এবং ১৮)।

সালমা একটি রপ্তানি কারখানায় সেলাই অপারেটর হিসেবে কাজ করেন। তিনি তার শহরের অন্যান্য মহিলাদের কাছ থেকে জর্ডানে যাওয়ার সুযোগের কথা শুনেছিলেন এবং সিদ্ধান্ত নিয়েছিলেন যে, জর্ডানে আসা টাকা উপার্জন করার, বাড়ি তৈরির জন্য সঞ্চয় করার এবং তার পরিবারকে সাহায্য করার একটি ভাল সুযোগ। সে তার কাজকে পছন্দ করে কিন্তু মাঝে মাঝে অনেক ঘন্টা কাজ করে খুব ক্লান্ত হয়ে পড়ে। বাড়িতে স্বামী মোহাম্মদ সালমার বাবা-মায়ের সাথে থাকেন। তিনি সালমার বাবার মতোই কাছের একটি কৃষি খামারে দিনমজুর হিসেবে কাজ করেন। সালমার ছোট বোনের সহায়তায় সালমার মা ঘর দেখাশোনা করেন। সালমার দ্বিতীয় বোন ১৮ বছর বয়সী এবং মাঝে মাঝে বাজারে পণ্য বিক্রির কাজ করে।

সালমা প্রতি মাসে তার উপার্জনের প্রায় ৭০% তার বাবার ব্যাংক অ্যাকাউন্টে পাঠায়। তিনি অবশিষ্ট টাকা জর্ডানে রাখেন, এবং তিনি সেই টাকা প্রসাধন সামগ্রী, ইন্টারনেট ডাটা কেনা, অতিরিক্ত খাবার কেনায় ব্যয় করেন এবং তার অবসর সময়ে ব্যয় করার জন্য কিছু টাকা রাখেন। কখনও কখনও তিনি সঞ্চয় হিসাবে কিছু টাকা রাখতে সক্ষম হন। তিনি জর্ডানে যতটা সম্ভব কম খরচ করার চেষ্টা করেন, তাই যতটা সম্ভব সঞ্চয় করেন। তার বাবা তাকে জানিয়েছে যে, বাড়িতে পাঠানো টাকার অর্ধেক গচ্ছিত রাখা হয় সালমার ফিরে আসার পর একটি বড় বাড়ি তৈরির জন্য এবং বাকিটা তাদের স্বাভাবিক সংসারিক খরচের জন্য ব্যবহার করা হয়।

বাড়িতে ফিরে গিয়ে ভবিষ্যৎ নিয়ে অনেক পরিকল্পনা আছে সালমার। তার স্বপ্ন তার নিজের দর্জির দোকান হবে। মোহাম্মদ এবং তার বাবা নিজেদের সবজি চাষের জন্য একটি জমি কেনার স্বপ্ন দেখেন। সালমাও স্কুলের পড়ালেখা সম্পন্ন করতে চায়।

সালমার স্বপ্নগুলো কি কি?




প্রশিক্ষণ সহায়িকা ক.১.১


আমার লক্ষ্যসমুহ

আপনি কি কখনো আপনার লক্ষ্য নিয়ে ভেবেছেন?


যদি ভেবে থাকেন, তবে সেগুলি এখানে লিখুন বা আঁকুন!



স্বল্পমেয়াদী দীর্ঘমেয়াদী



স্বল্পমেয়াদী দীর্ঘমেয়াদী



মনে রাখবেন

আপনার সকল উদ্দেশ্যই গুরুত্বপূর্ণ। কিছু উদ্দেশ্য অন্যগুলোর তুলনায় দ্রুত

⚠ **জরুরি:** আপনার টাকা ব্যবস্থাপনা আপনার চাপ কমিয়ে দিতে পারে।

লক্ষ্য ঠিক করুন এবং পরিবারের সাথে যোগাযোগ করুন

২. আপনার লক্ষ্য সম্পর্কে পরিবারের সাথে কথা বলুন!

পরিবারের সাথে আপনার লক্ষ্য নিয়ে আলোচনা করার ক্ষেত্রে কিছু পরামর্শ

- আপনি আপনার পরিবারের সাথে কথা বলার আগে আপনি কি চান (এবং কেন আপনি চান), সে সম্পর্কে ভালভাবে চিন্তা করুন।
- আপনার লক্ষ্য সম্পর্কে কথা বলতে ভয় পাবেন না। নারী-পুরুষ এবং যুবক বা বৃদ্ধ – সকলের তাদের নিজস্ব লক্ষ্য নির্ধারণ করার অধিকার রয়েছে।
- পরিবারে আপনার শুভাকাঙ্খীদের খুঁজে বের করুন, যাদের সাথে আপনি আগে কথা বলতে পারেন এবং যারা আলোচনার সময় আপনাকে সমর্থন করতে পারে, যেমন পরিবারের সম্মানিত ব্যক্তিগণ।
- আপনার স্ত্রী/স্বামী এবং/অথবা তার পরিবারের অন্যান্য সদস্যদের সাথে আপনার লক্ষ্য সম্পর্কে কথা বলুন। এক্ষেত্রে সঠিক সময় বেছে নিন, এমন একটি সময় বাছাই করুন যখন তাদেরকে পাওয়া যাবে।
- আত্মবিশ্বাসের সাথে আপনার লক্ষ্য সম্পর্কে কথা বলুন এবং অন্যরা যখন মতামত প্রদান করবে তখন বাধা দিবেন না, তাদের কথা শুনুন।
- আপনার পরিবারের সদস্যদের প্রতি শ্রদ্ধাশীল হন এবং আপনার অবস্থানের ব্যাপারে নমনীয় থাকুন।
- যদি কোন মতবিরোধ থাকে, তাহলে সমস্যাটি যাচাই করুন এবং সমঝোতার মাধ্যমে এমন সমাধান খুঁজে বের করুন যা পরিবারের সকলের উপকারে আসবে।

যা করবেন	যা করবেন না
• আত্মবিশ্বাসী হোন	• উদাস বা উদ্ধত হওয়া
• আপনি কি চান তা স্পষ্টভাবে জানান	• চিৎকার করা
• আপনার সঙ্গীর কথা শুনুন	• বাধা দেওয়া
• অন্যের দৃষ্টিভঙ্গি স্বীকার করুন	• রাগ করা
• সম্মান দেখান	• অশ্লীল বা অপমানজনক হওয়া
• নমনীয় এবং শান্ত থাকুন	• একই কথা বারবার বলা
• আপনার মতামত প্রকাশ করুন, যদিও আপনি অন্য ব্যক্তির মতামতের প্রতি শ্রদ্ধাশীল থাবকেন	• অন্যের মতামত সাথে সাথেই প্রত্যাখ্যান করা
	• প্রতিরক্ষামূলক ভাব দেখানো
	• অধৈর্য হওয়া



⚠ **গুরুত্বপূর্ণ:** **টাকা-পয়সা নিয়ে কথা-বার্তা বলার সাথে অনেক আবেগ জড়িত। এই বিষয়ে কথা বলার জন্য আপনার বিশ্বস্ত কাউকে খুঁজে বের করার চেষ্টা করুন। আপনার আবেগ সম্পর্কে কথা না বলা আপনার মানসিক স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলবে।**

৩. ৩. আপনার লক্ষ্য এবং আপনার অগ্রাধিকারের খরচ যাচাই করুন

আপনি কি আপনার লক্ষ্যের খরচ সম্পর্কে জানেন?

যদি জানেন, তবে আপনি উপরে লিখিত বা অংকিত লক্ষ্যগুলির পাশে তার খরচ লিখুন। আপনি যদি খরচ না জানেন, তবে খুঁজে বের করা খুবই জরুরি। আপনার লক্ষ্য অর্জনের জন্য কত টাকা প্রয়োজন তা জানার একমাত্র উপায় এটি। এই সময়ের মধ্যে আপনি একটি আনুমানিক খরচ ঠিক করতে পারেন যা পরবর্তীতে আপনি সংশোধন করতে পারবেন।

তারপর, আপনার লক্ষ্যগুলোকে অগ্রাধিকার দিন, সবচেয়ে গুরুত্বপূর্ণটির জন্য ১ লিখুন, দ্বিতীয় গুরুত্বপূর্ণটির জন্য ২ লিখুন এবং এভাবে অগ্রাধিকার ভিত্তিতে লিখতে থাকুন।

নম্বর	ব্যক্তিগত অথবা পারিবারিক লক্ষ্য	লক্ষ্য	আনুমানিক খরচ

মনে রাখবেন

যদি আপনি আগে থেকে চিন্তা করেন এবং ভালভাবে অবহিত হয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার প্রয়োজনীয় সমস্ত তথ্য সংগ্রহ করে রাখেন তবে লক্ষ্য অর্জন করা সাধারণত সহজ হয়। লক্ষ্য অর্জনের জন্য কত খরচ হবে তা মূল্যায়ন করা আমাদের জন্য অত্যাবশ্যক। এব্যাপারে কখনও কখনও যত্নবান গবেষণার দরকার হয় (সরবরাহকারীদের কাছ থেকে তথ্য চাওয়া, বাজারের প্রবণতা সম্পর্কে খোঁজ করা ইত্যাদি)।

সময়ের সাথে সাথে যে দাম বাড়তে থাকে এই বিষয়টি ভুলবেন না! তাই একটি প্রান্ত ঠিক করে অগ্রসর হন, অর্থাৎ আরেকটু বেশি সঞ্চয় করুন, যেন আগামী কয়েক বছরে আপনার লক্ষ্য অর্জনের খরচ বেড়ে গেলেও আপনি সামাল দিতে পারেন।

৪. আপনার লক্ষ্য অর্জনের জন্য একটি সঞ্চয় পরিকল্পনা করুন



কেস স্টাডি নং ২

মালাকের সঞ্চয় পরিকল্পনা

মালাক একটি পোশাক কারখানার স্যাটেলাইট ইউনিটে প্যাকারের কাজ করেন। তিনি অবিবাহিত এবং কোন সন্তান নেই। তিনি বাবা-মায়ের সাথে থাকেন এবং তাদের এবং তার ভাইয়ের সাথে পরিবারের আয় এবং ব্যয় ভাগাভাগি করে নেন। তার ভবিষ্যতের জন্য অনেক লক্ষ্য আছে, কিন্তু সে জানে, সেগুলি অর্জন করা সহজ নয়। মালাক তার প্রকল্পগুলো পর্যালোচনা করেছেন।

তিনি অল্প সময়ের মধ্যে তার মোবাইল ফোনটি পরিবর্তন করতে চান কারণ এটি বেশ পুরোনো এবং তিনি প্রতিদিন যে অ্যাপসগুলো ব্যবহার করেন তার বেশিরভাগই ঠিকভাবে আর কাজ করছে না। তিনি একটি ল্যাপটপও কিনতে চান, কিন্তু জানেন যে সেটা কেনা খুব ব্যয়বহুল এবং তাই আপাতত এই লক্ষ্য পূরণকে স্থগিত রাখার নিয়েছেন। তিনি আগামী এক বছরের মধ্যে যা অর্জন করতে চান তা হলো একটি নতুন সেলাই মেশিন কেনা। তার সাথে থাকা বোনের সাথে এব্যাপারের তিনি খরচ ভাগাভাগি করতে পারেন।

দীর্ঘমেয়াদে, তিনি বাড়িতে একটি অতিরিক্ত ঘর তৈরি করার জন্য প্রয়োজনীয় উপকরণ কিনতে চান। তার বাবা প্রয়োজনীয় কাজে সাহায্য করতে পারেন কেননা এই কাজে তিনি খুবই দক্ষ। মালাক প্রতিটি প্রকল্পের খরচ যাচাই করেছেন এবং কখন তিনি তার লক্ষ্য অর্জন করতে চান তার জন্য তারিখ নির্ধারণ করেছেন। তিনি এই উদ্দেশ্যে প্রতি মাসে যে পরিমাণ সঞ্চয় করতে হবে তার হিসার রাখছেন। মালাক একটি সঞ্চয় পরিকল্পনা তৈরি করেছেন। এটি তাকে লক্ষ্য অর্জনের জন্য প্রতি মাসে কী পরিমান সঞ্চয় করতে হবে তার একটি পরিষ্কার ধারণা দিয়েছে।

তো, মালাকের সঞ্চয় পরিকল্পনাটি একবার দেখে নেওয়া যাক

আমার সঞ্চয় পরিকল্পনা

আমার লক্ষ্য	যে তারিখে লক্ষ্য অর্জন করতে চাই	আমার লক্ষ্যের খরচ	লক্ষ্য অর্জনের তারিখের আগে মোট মাসের সংখ্যা	অর্থ পাওয়ার অন্য কোন উৎস (যদি সংশ্লিষ্ট হয়)	আমার লক্ষ্য অর্জনের জন্য মাসে কি পরিমান সঞ্চয় করতে হবে
স্বল্পমেয়াদী লক্ষ্য (১২ মাসের কম)					
নতুন একটি মোবাইল ফোন কেনা	এই বছরের মার্চ মাস	১৮০ ডলার	৬ মাস		৩০ ডলার
মধ্যমেয়াদী লক্ষ্য (১ থেকে ৩ বছর)					
নতুন একটা সেলাই মেশিন কেনা	আগামী বছরের জানুয়ারী মাস	২৪০ ডলার	১২ মাস	মোট খরচের অর্ধেক বহন করবে আমার বোন	১০ ডলার
দীর্ঘমেয়াদী লক্ষ্য (৩ বছরের বেশি)					
ঘরে অতিরিক্ত একটি রুম নির্মাণের জন্য সরঞ্জমাদি কেনা	৫ বছর পরের জানুয়ারি মাস	৩০০০ ডলার	৬০ মাস		৫০ ডলার
আমার সকল লক্ষ্য অর্জনের জন্য প্রতিমাসে আমাকে যে পরিমাণ টাকা সঞ্চয় করতে হবে (হাতের ডানের কলামের যোগফল)					৯০ ডলার



⚠ **গুরুত্বপূর্ণ:** একবার মালাক তার স্বল্পমেয়াদী লক্ষ্যে পৌঁছালে, তাকে তার সঞ্চয় পরিকল্পনা এবং তার অন্যান্য লক্ষ্য অর্জনের জন্য প্রতি মাসে যে অর্থ বরাদ্দ করতে হবে তা সামঞ্জস্য করতে হবে

প্রশিক্ষণ সহায়িকা ক১.২

সঞ্চয় পরিকল্পনা



এবার আপনার পালা!

এখন আসুন আমাদের এতক্ষণের আলোচনার সারাংশ করা যাক এবং আপনি যে সমস্ত বিষয় ভেবেছেন তার তথ্য দিয়ে নীচের টেবিলটি পূরণ করুন: লক্ষ্য, অগ্রাধিকার, খরচ, আপনি কখন আপনার লক্ষ্য(গুলো) অর্জন করতে চান এবং অর্থায়নের অন্যান্য উৎস।

ক১.২

আমার সঞ্চয় পরিকল্পনা

	যে তারিখের মধ্যে আমার লক্ষ্য অর্জন করতে চাই	আমার লক্ষ্য অর্জনের খরচ	লক্ষ্য অর্জনের তারিখের বাকী মাসের মোট সংখ্যা	অর্থ পাওয়ার অন্য কোন উৎস (যদি থাকে)	আমার লক্ষ্য অর্জনের জন্য মাসে কি পরিমান সঞ্চয় করতে হবে
আমার স্বল্পমেয়াদী লক্ষ্যগুলো হলো					
আমার দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলো হলো					
পরিবারের সাথে ভাগাভাগি করা আমার স্বল্পমেয়াদী লক্ষ্যগুলো					
পরিবারের সাথে ভাগাভাগি করা আমার দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলো					
আমার সকল লক্ষ্য অর্জনের জন্য প্রতিমাসে আমাকে যে পরিমাণ টাকা সঞ্চয় করতে হবে (হাতের ডানের কলামের যোগফল)					

লক্ষ্য ঠিক করুন এবং পরিবারের সাথে যোগাযোগ করুন

আপনার পালা

আমার সব লক্ষ্য অর্জনের জন্য আমাকে প্রতি মাসে . . . . . সঞ্চয় করতে হবে

সাবধান! যদি আপনার পক্ষে প্রতি মাসে এত পরিমান সঞ্চয় করা সম্ভব না হয় তবে আপনার লক্ষ্যগুলো পুনর্বিবেচনা করতে হবে:

আপনি যেসব লক্ষ্য অর্জন করতে চেয়েছিলেন তাদের খরচ কমিয়ে, অথবা কিছু লক্ষ্য এখন স্থগিত রেখে, অথবা তারিখ পিছিয়ে দিয়ে।

আপনি কীভাবে লক্ষ্যগুলোকে অগ্রাধিকার দিয়েছেন তার ওপর ভিত্তি করে এটি করতে পারেন: উদাহরণস্বরূপ, আপনার লক্ষ্য ১ এবং ২ পরিবর্তন করবেন না তবে আপনাকে আপনার লক্ষ্য ৩ এবং ৪ পরিবর্তন করতে হতে পারে।

⚠ গুরুত্বপূর্ণ:

একটি সঞ্চয় পরিকল্পনা করা কিছুটা কষ্টের কারণ হতে পারে, বিশেষ করে যদি আপনি আপনার চাহিদা মতন সঞ্চয় করতে না পারেন।

নিজেকে কষ্ট দিবেন না! মনে রাখবেন, আপনি যেকোন সময় আপনার সঞ্চয় পরিকল্পনা সামঞ্জস্য করতে পারেন।



কেস স্টাডি নং ৩

অর্জুন আসাদের সাথে চা পান করে

ক্যাফেটেরিয়াতে তার বন্ধু এবং সহকর্মী আসাদের সাথে চা পান করছিলেন অর্জুন, এমন সময় তিনি বলেন যে, কারখানায় তাকে যে অতিরিক্ত কয়েক ঘন্টা কাজ দিচ্ছে তাতে তিনি খুশি নন এবং এই বিষয়টি তিনি তার লাইন ম্যানেজারকে ব্যাখ্যা করার সিদ্ধান্ত নিয়েছেন। তিনি প্রত্যাশা মতন টাকা বাড়িতে পাঠাতে পারছেন না এবং অন্যান্য বিকল্প খুঁজছেন। এই অবস্থা সম্পর্কে তার স্ত্রী দিয়াকে জানানো কঠিন ছিল, কারণ বাড়িতে তারা আসলে আরও টাকার প্রত্যাশা করে ছিলেন, তবে তার স্ত্রী বিষয়টি বুঝতে পেরেছেন।

তখন আসাদ তার পরিবারের কিছু সমস্যার কথা অর্জুনের সাথে ব্যক্ত করে বলেন যে, তার পরিবারও বাড়িতে বড় সমস্যার সম্মুখীন হচ্ছে কারণ তারা কিছু অপ্রত্যাশিত খরচের মধ্যে পড়ে গেছেন। যাইহোক, অতিরিক্ত কয়েক ঘন্টা সম্পর্কে তাদের সাথে কথা বলার পরিবর্তে, তিনি আরও টাকা বাড়িতে পাঠানোর লক্ষ্যে কারখানার একজন ব্যক্তির কাছ থেকে টাকা ধার করার সিদ্ধান্ত নেন। তিনি জানতেন যে জর্ডানে এই নতুন ঋণ পরিশোধ করতে গিয়ে তাকে ব্যক্তিগত খরচ ন্যূনতম পর্যায়ে কমিয়ে আনতে হবে।

এমনকি তার সমস্ত ব্যক্তিগত খরচ কমিয়ে দেওয়ার পরেও, এই ক্ষুদ্র ঋণ পরিশোধ করতে তিনি মাঝে মাঝে সমস্যার সম্মুখীন হন। এই পরিস্থিতি তার জন্য কঠিন হয়ে গেছে এবং তিনি একটি সমাধান খুঁজছেন।

প্রশিক্ষণ সহায়িকা ক২.১

চরিত্রাভিনয় কার্যকলাপ:
দ্বন্দ্ব এবং আলোচনা



দ্বন্দ্ব ১

সালমা জর্ডানে কিছু টাকা আলাদা সঞ্চয় করে রেখেছেন। তার বাবার সাথে ফোনে কথা বলার সময় তার বাবা জিজ্ঞাসা করেন যে, সে সালমার খালাকে কিছু টাকা ধার দিতে পারবে কিনা, যার দামী ওষুধ কিনতে হবে। সালমা টাকা ধার দিতে চায় না, কারণ সে মনে করে বাড়ি ফিরে যাওয়ার জন্য সে যত টাকা সঞ্চয় করেছে, সব তার প্রয়োজন। সালমা তার খালাকে না বলতে চান না; তবে কী করবেন তা জানেন না। তার কি করা উচিত?

বর্ণিত ব্যক্তিদের মধ্যে মিথস্ক্রিয়া এবং আপনি যে সমাধানে পৌঁছেছেন তা দেখিয়ে একটি চরিত্র-অভিনয়ে কাজ করুন। আপনার অভিনীত অন্তত একটি চরিত্রে কার্যকর যোগাযোগের পদ্ধতি প্রয়োগ করার চেষ্টা করতে হবে।

দ্বন্দ্ব ২

ভারতের গ্রামে বসবাসরত অর্জুনের ছোটবেলার বন্ধু বিক্রম শীঘ্রই বিয়ে করতে যাচ্ছে। তাদের বর্তমান অবস্থান কী হওয়া উচিত এ নিয়ে অর্জুন গ্রামের বন্ধুদের সাথে ফোনে আলোচনা করে। সমস্ত বন্ধুরা বিশ্বাস করে যে বিবাহের উপহার হিসেবে তাদের সকলে মিলে বিক্রমকে প্রচুর টাকা প্রদান করা উচিত কারণ বিক্রমের টাকার খুব প্রয়োজন। অর্জুন তার বন্ধুর জন্য যতটা সম্ভব অবদান রাখতে চায়, কিন্তু সে বিশ্বাস করে যে, তারা যে পরিমাণ টাকা ধার্য করার জন্য চাপ দিচ্ছে, তা তার জন্য অনেক বেশি।

অর্জুন ভয় পায় যে, তার বন্ধুরা তাকে লোভী মনে করবে, কেননা বন্ধুদের মধ্যে সে-ই একমাত্র বিদেশে অর্থ উপার্জন করে। তার কি করা উচিত?

দ্বন্দ্ব ৩

মালাক সবসময় তার লক্ষ্য অর্জনের জন্য টাকা আলাদা করে রাখে। তার এক ভাই তাকে জোরাজুরি করে জানতে চেয়েছিল যে, সে তাকে নতুন জামাকাপড় কেনার জন্য কিছু টাকা দিতে পারবো কিনা, কারণ সে সবশেষ যে স্যুট কিনেছে তা অনেক দিন হয়ে গেছে।

মালাক তার ভাইকে সাহায্য করতে ইচ্ছুক কিন্তু এটাও মনে করে যে তার যতটা সম্ভব সঞ্চয় করা উচিত। তার কি করা উচিত?

দ্বন্দ্ব ৪

প্রিশা একটি রপ্তানি কারখানায় মান নিয়ন্ত্রক (কোয়ালিটি কন্ট্রোলার) হিসেবে অনেক পরিশ্রম করে। প্রতি মাসে সে বাড়িতে টাকা পাঠায়, এবং তাদের বলে জরুরি অবস্থার জন্য কিছু সঞ্চয় করতে।

যখন তার মা অসুস্থ হয়ে পড়ে, তখন তার বাবা স্বীকার করেন যে, তিনি কিছুই সঞ্চয় করে রাখেননি এবং তার কিছুই অবশিষ্ট নেই। তিনি খুব হতাশ এবং রাগান্বিত। তার কি করা উচিত?

মূল বার্তা

- আপনার জীবনের পরিকল্পনাগুলো অর্জন করা সহজ হয় যদি আপনি জানেন যে আপনি কী চান এবং সেগুলি অর্জনের জন্য নিজের সুনির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ করেন।
- কিছু লক্ষ্য দ্রুত অর্জন করা যেতে পারে; অন্য অনেক লক্ষ্য অর্জনে বছর বা এমনকি কয়েক দশক সময় লাগতে পারে। এজন্য লক্ষ্যগুলোকে স্বল্প, মধ্য বা দীর্ঘমেয়াদী হিসাবে শ্রেণীবদ্ধ করা দরকার।
- মানুষের লক্ষ্য তাদের জীবনের গতিপথের সাথে সাথে পরিবর্তিত হয় এবং বিভিন্ন পরিবারের সদস্যদের বিভিন্ন লক্ষ্য থাকে। পরিবারের সদস্যদের বিভিন্ন লক্ষ্য একে অপরের সাথে সামঞ্জস্যপূর্ণ করা গুরুত্বপূর্ণ।
- সকল পরিবারে ভালো যোগাযোগ বাঞ্ছনীয়, বিশেষ করে এমন পরিবারে যাদের আত্মীয়স্বজন দূরের শহর, অঞ্চল বা দেশে বসবাস করেন।
- লক্ষ্য নির্ধারণ করা এবং লক্ষ্য নির্ধারণের ক্ষেত্রে কল্পনা এবং বাস্তবতার মধ্যে পার্থক্য করা উক্ত লক্ষ্য অর্জনের পথ সহজ করে তোলে।
- আপনার লক্ষ্য অর্জনের মূল্য এবং ব্যয় নির্ণয়ের জন্য নির্ভরযোগ্য তথ্য খোঁজা গুরুত্বপূর্ণ।
- আপনার লক্ষ্যগুলো যদি খুব ব্যয়বহুল হয় তবে আপনার পুনরায় সামঞ্জস্য করার সক্ষমতা থাকতে হবে এবং এটি করার ক্ষেত্রে নমনীয় হতে হবে (আপনার আর্থিক বা সামাজিক পরিস্থিতিতে পরিবর্তনের ক্ষেত্রে)।
- আপনার লক্ষ্য মাথায় রাখা সাফল্য অর্জনের একটি নিশ্চিত উপায়।
- একটি সঞ্চয় পরিকল্পনা তৈরি করা আপনাকে সেগুলি আরও সহজে অর্জন করতে সহায়তা করে।

নোট



৫. অভিবাসন করা আপনার জন্য সঠিক পছন্দ কিনা তা ঠিক করুন

কেস স্টাডি নং ৪

মেয়ের অভিবাসন সম্পর্কে সালমার মায়ের দৃষ্টিভঙ্গি

মেয়ের অভিবাসন সম্পর্কে সালমার মায়ের দৃষ্টিভঙ্গি
আমি সালমার মা। সে আমার বড় মেয়ে। ২ বছর আগে যখন সে কাজ করতে জর্ডানে যায় তখন আমি খুশি ছিলাম কারণ এই সুযোগ তার আগে গ্রামের আরও কয়েকজন নারী পেয়েছিল। যাইহোক, আমি দুঃখ পেয়েছিলাম যে আমার মেয়ে বাড়ি থেকে অনেক দূরে বিদেশে বসবাস করতে যাচ্ছে। যদিও সে আমাদের দেখাশুনা এবং যত্নের জন্য প্রতি মাসে আমাদের টাকা পাঠায় এবং আমাদের টেবিলে তিনবেলা যেন ভাত পাই তা নিশ্চিত করার জন্য খুব কষ্ট করে। মেয়ের বিদেশ যাওয়ার কারণে আমরা এখানে বাড়ির নির্মাণ সম্পন্ন করার জন্য সরঞ্জাম কিনতে পেরেছি। আমাদের অর্থনৈতিক দিক বিবেচনায় সালমার অভিবাসনের সিদ্ধান্ত একটি আশীর্বাদ ছিল।

যেহেতু আমার মেয়ে জর্ডানে চলে গেছে, তাই বাড়ির কাজে আমাকে সাহায্য করার লোক কম। সালমা আমাকে দিনের বেলায় অনেক সাহায্য করতো এবং এছাড়াও, সে তার ছোট বোনদের স্কুলের হোমওয়ার্কে সাহায্য করতে বড় ভূমিকা পালন করত। সে থাকলে আমাদের সকলের জন্য সুবিধা হতো, বিশেষ করে যখন আমাদের কোন পারিবারিক বিষয়ে সিদ্ধান্ত নিতে হয়। আমি তাকে খুব মিস করি।

আমি খুশি যে সালমা বিদেশে কাজ করে এমন অভিজ্ঞতা অর্জন করতে পারছে যা অনেক বাংলাদেশী নারী চায়। তবে, আমি সত্যিই চাই যে সে দেশে তার স্বামীর সাথে থাকুক এবং আমার নাতি-নাতনি হোক।

⚠ গুরুত্বপূর্ণ: **মানুষ প্রায়শই কেবল অভিবাসনের সুবিধার কথা চিন্তা করে। কিন্তু অভিবাসনের কিছু অসুবিধাও রয়েছে।**

অভিবাসনের সুবিধা ও অসুবিধা (অভিবাসীদের দৃষ্টিকোণ থেকে)

সুবিধা	অসুবিধা
• বেশি টাকা রোজগার।	• মাইগ্রেট করার মানে হতে পারে এমন একটি ঋণে জড়িয়ে পড়া যা পরিশোধ করা কঠিন।
• মৌলিক খরচ যেমন : খাদ্য, স্বাস্থ্যসেবা, শিক্ষা, বিদ্যুৎ... মেটানোর মাধ্যমে পরিবারকে সহযোগিতা করার সক্ষমতা	• বিদেশে চাকরি খুঁজতে সময় লাগতে পারে।
• নতুন দক্ষতা অর্জন।	• গন্তব্য দেশে বসবাসের উচ্চ খরচ।
• নতুন চাকরি করা এবং জীবনের অভিজ্ঞতা অর্জন করা।	• প্রত্যাবাসনের ক্রমাগত ভয় (যদি অবৈধভাবে বিদেশে থাকে)।
• স্বাধীনতা ও স্বাধীনতার ধারনা থাকা।	• বিপজ্জনক কাজের পরিবেশগত ঝুঁকি এবং (যৌন) সহিংসতার হুমকি (বিশেষ করে যদি বিদেশে অবস্থান অবৈধভাবে হয়)।
• ভবিষ্যতের জন্য সংরক্ষণ।	• পরিবারের প্রত্যাশা থাকে যে আপনি প্রচুর টাকা উপার্জন করবেন।
	• একাকীত্ব এবং বিচ্ছিন্নতা।
	• বিদেশ থেকে ফেরার পর সামাজিক কলঙ্ক

মূল বার্তা

- মানুষ একাধিক কারণে অভিবাসন করার সিদ্ধান্ত নেয়: অনেক টাকা উপার্জন, ভিন্ন অভিজ্ঞতা অর্জন, শিক্ষা, নতুন দক্ষতা অর্জন, তাদের দেশের যুদ্ধ বা অশান্তি ছেড়ে পালানো।


- আপনাকে অভিবাসনের সুবিধাগুলি বুঝতে হবে, অর্থাৎ আপনি এটি দিয়ে কী অর্জন করতে পারেন। একই সাথে আপনার অসুবিধা বা খরচ যেমন অভিবাসনের কারণে আপনি এবং আপনার পরিবার কি হারাতে পারে, এই বিষয়টিও মাথায় রাখা প্রয়োজন।

- অভিবাসনের এই সুবিধা এবং অসুবিধাগুলি টাকা-পয়সার সাথে যুক্ত হতে পারে আবার একই সাথে সামাজিক ও পারিবারিক সম্পর্কের সাথেও যুক্ত হতে পারে।

- অভিবাসন নিয়ে প্রচুর মিথ্যা তথ্য প্রচারিত হয়: যেমন মানুষ বলে যে, দেশে বা বিদেশে কোথাও সহজে টাকা আয় করা যায় না।

৬. অভিবাসনের আর্থিক খরচ হিসাব করুন

অভিবাসন বা অভিবাসন ব্যয়বহুল, কিন্তু আপনি কি সত্যিই জানেন যে অভিবাসন করতে কত খরচ হয়? আপনি কি বিভিন্ন খরচের মধ্যে পার্থক্য করতে পারবেন?



প্রশিক্ষণ সহায়িকা ক ৩.১

অভিবাসনের আর্থিক খরচের বিস্তারিত বিশ্লেষণ



আমি অভিবাসন করার কথা ভাবছি: .....

.....

.....

গন্তব্য দেশ: .....

	কত খরচ হবে?	কিভাবে আমি পরিশোধ করবো?
প্রস্তুতিমূলক খরচ		
যাতায়াত/ভ্রমণকালীন সময়		
যে দেশ বা শহরে আমি যাচ্ছি সেখানকার খরচ		
দেশে ফিরে আসার পরের খরচ		
দেশে অবস্থানরত আমার পরিবারের জন্য খরচ		
অভিবাসনের মোট খরচ		

মানসিক খরচ

কিছু খরচ শুধু আমাদের অর্থের সাথে যুক্ত নয় বরং আমাদের আবেগ এবং অনুভূতির সাথে যুক্ত।

অভিবাসনের সাথে যুক্ত কিছু মানসিক খরচ বিবেচনায় নিতে হয়:

- পারিবারিক সংহতি ভেঙ্গে যেতে পারে
- পরিবার এই মর্মে ভীত বা লজ্জিত হতে পারে যে বিদেশে বসবাসকারী আত্মীয় ঐতিহ্যগত মূল্যবোধ অনুযায়ী জীবনযাপন করবে না
- অভিবাসী ব্যক্তি একাকীত্ব এবং বিচ্ছিন্নতা অনুভব করতে পারে
- সম্পূর্ণরূপে স্থানীয় আইন অনুসরণ না করা বা প্রত্যাবাসন এর ভয়
- বিদেশ থেকে ফিরে আসার পরের সামাজিক কলঙ্ক

⚠ **গুরুত্বপূর্ণ: অভিবাসন করার সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার এবং আপনার পরিবারের জন্য খরচ এবং সুবিধাগুলি বিবেচনায় নেওয়া খুবই গুরুত্বপূর্ণ**

মূল বার্তা

- এই টেবিলটি একটি গুরুত্বপূর্ণ উপকরণ যার মাধ্যমে আপনি এবং আপনার পরিবার অভিবাসন সম্পর্কিত খরচ কত হতে পারে তা দেখতে পারেন।
- আপনি যদি সম্পূর্ণ খরচ জানেন, তাহলে অভিবাসনের সুবিধা অসুবিধার মূল্যায়ন করার জন্য আপনি সুবিধাজনক অবস্থানে থাকবেন, অর্থাৎ আপনি জানবেন যে, পরিবারের একজন সদস্যের জন্য বিদেশে গিয়ে কাজ করার (বা বিদেশে অবস্থানরত একজন অভিবাসীর দেশে ফিরে আসার) জন্য এটি উপকারী হবে কিনা।
- মনে রাখবেন যে একজন শ্রমিকের মাইগ্রেট করার জন্য ঠিক কত খরচ হবে তা জানা কঠিন। তবে যথাসম্ভব নির্ভুল মূল্যায়ন এবং একটি সত্যিকারের চিত্র পেতে একটি পরিবার বিভিন্ন উৎস থেকে তথ্য পেতে পারে, যেমন, সরকারি সংস্থা যথা অভিবাসী রিসোর্স সেন্টার, ট্রেড ইউনিয়ন, এনজিও এবং দেশে ফেরৎ আসা অভিবাসীরা।
- অভিবাসন সম্পর্কে মানুষের প্রচলিত সকল কথা শুনবেন না; অভিবাসন সম্পর্কে অনেক বানোয়াট গল্প প্রচলিত আছে কখনও কখনও মানুষ সম্পূর্ণ সত্য কথা বলে না কারণ তারা সম্ভাব্য বিপদ থেকে নিজেদের রক্ষা করতে চায়। গুজবের বিপরীতে মনে রাখবেন, দেশে বা বিদেশে কোথাও রাস্তা সোনা দিয়ে মোড়ানো থাকে না।



বুদ্ধিমত্তার সাথে আপনার অর্থ ব্যবস্থাপনা করুন

FINANCIAL EDUCATION QUIZ

খ১. মাস একেবারে শেষের দিকে; আমি মাত্র বেতন পেয়েছি:

- ☐ **ক.** আমি আগে পছন্দ করে রাখা সুন্দর একটি জ্যাকেট কিনতে বাজা
- ☐ **খ.** আমি আমার লক্ষ্য অর্জনের জন্য আমার বেতনের একটি অংশ আলাদা করে রাখি।
- ☐ **গ.** আমি আমার প্রিয় বন্ধুর জন্মদিনের জন্য একটি বড় উপহার কিনি।

খ২. একটি কর্মসংস্থান চুক্তি কি?

- ☐ **ক.** কর্মচারীদের দেওয়া একটি নোট যাতে তাদের কত বেতন এবং অন্যান্য ভাতা দেওয়া হবে তার বিশদ বিবরণ থাকে।
- ☐ **খ.** নিয়োগকর্তা এবং কর্মীর মধ্যে একটি আইনি চুক্তি যাতে উভয় পক্ষের জন্য দায়িত্ব-কর্তব্য এবং সুবিধাগুলি নির্দিষ্ট করা থাকে।
- ☐ **গ.** একটি অনানুষ্ঠানিক চিঠি যার মাধ্যমে একজন কর্মচারী নতুন চাকরি শুরু করার আগে কর্মসংস্থানের শর্তগুলো মেনে নেয়।

খ৩. একটি বাজেট হল:

- ☐ **ক.** সিদ্ধান্ত নেওয়ার, পরিকল্পনা করার এবং আপনার লক্ষ্য অর্জনের জন্য আপনার অর্থ ব্যবহার করার একটি সরঞ্জাম।
- ☐ **খ.** ব্যয় রেকর্ড রাখার জন্য একটি শীট।
- ☐ **গ.** একটি টেবিল.

খ৪. বাজেটের তিনটি প্রধান অংশ কি কি?

- ☐ **ক.** তারিখ, আয় এবং ব্যয়।
- ☐ **খ.** আয়, ব্যয় এবং সঞ্চয়।
- ☐ **গ.** ব্যয়, আয় এবং স্বাক্ষর।

খ৫. আমি কিভাবে আমার বাজেট

- ☐ **ক.** আমার এত বেশি দায়দায়িত্ব রয়েছে যে বাজেট অনুসরণ করা
- ☐ **খ.** আমি কোনো বাজেট করি না কারণ আমি ভাগ্যে বিশ্বাস করি।
- ☐ **গ.** আমি আমার ব্যয় এবং আয়ের রেকর্ড রাখতে ট্র্যাকিং শীট ব্যবহার করি।

খ৬. নিচের কোন আইটেমটি ডিজিটাল মজুরি পাওয়ার একটি অসুবিধা?

- ☐ **ক.** এটি নিরাপদ কারণ অর্থ
- ☐ **খ.** এটি দ্রুততর কারণ আপনার মজুরি পেতে আপনাকে লাইনে দাঁড়ানোর দরকার নেই
- ☐ **গ.** এটিএম- বুথের সহজলভ্যতা কম থাকায় টাকা বাঁচানো সহজ।

উত্তর: ১ক; ২খ; ৩ক; ৪খ; ৫গ; ৬খ

১. একজন বুদ্ধিমান খরুচে হোন!

প্রশ্ন

- আপনি কি এমন কেউ যিনি খরচ করতে পছন্দ করেন বা সঞ্চয় করতে পছন্দ করেন?
- উদাহরণ স্বরূপ, আপনি কি প্রায়ই আপনার পছন্দের জিনিসগুলো না কিনে ছেড়ে দেন?

সংজ্ঞা

সঞ্চয় মানে আপনার সমস্ত অর্থ ব্যয় না করা এবং ভবিষ্যতে একটি নির্দিষ্ট লক্ষ্যের জন্য একটি অংশ আলাদা করে রাখা। এর অর্থ হল নিয়মিত বা সময়ে সময়ে ছোট বা বড় অংকের টাকা আলাদা করে রাখা।

অনুশীলনী

আপনার নিজের অবস্থা অনুযায়ী, প্রয়োজনীয় খরচ (আমরা যাদের প্রয়োজন বলি) এবং ঐচ্ছিক খরচ (আমরা যাদের চাহিদা বলি) এর মধ্যে বেছে নিন! আপনার চাহিদা থেকে আলাদা করার জন্য প্রয়োজনের সাথে সঙ্গতিপূর্ণ চিত্রগুলিকে বৃত্ত দিয়ে চিহ্নত করুন।


প্রশিক্ষণ সহায়িকা খ১.১১

চাহিদা এবং প্রয়োজন এর ছবি কার্ড






লটারী টিকেট




মোটরবাইক




খাবারের থালা



নগদ টাকা উত্তোলন



বসবাস



স্কুল



স্মার্টফোন



পানি



সিম কার্ড



স্বাস্থ্যসেবা




ইলেকট্রিসিটি



সোডা ক্যান



সিনেমা টিকেট



আইসক্রিম




দামী জুতা



সিগারেট



বড় পর্দার টিভি



ক্যামেরা



সাউন্ড সিস্টেম



মেকাপ

আমি কিনতে চাই....

আমার প্রয়োজন	কত খরচ হবে ?
মোট প্রয়োজন	
আমার চাহিদা	**কত খরচ হবে?**
মোট চাহিদা	

মনে রাখবেন!

সাবধান! কখনও কখনও কিছু জিনিস কারও জন্য প্রয়োজন এবং অন্য কারও জন্য চাহিদা হতে পারে। উদাহরণস্বরূপ, একটি মোবাইল ফোন একজন ব্যক্তির ব্যবসার জন্য এটির প্রয়োজন হতে পারে; আবার অন্য অনেকে শুধুমাত্র তার বন্ধু এবং পরিবারকে কল করার জন্য এটি ব্যবহার করতে পারে।

আমার তালিকার সবগুলো জিনিস কেনার যথেষ্ট টাকা কি আমার আছে?

☐ হ্যাঁ ☐ না

আমার কাছে পর্যাপ্ত টাকা না থাকলে, আমি নিম্নলিখিত চাহিদাগুলি ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিচ্ছি:

নোট

⚠ গুরুত্বপূর্ণ: আপনি শুধুমাত্র নিজের ভাল লাগার জন্য খরচ করতে পারেন। কিছু লোক এটিকে সাময়িক সুখের অনুভূতি হিসাবে বর্ণনা করে। কিন্তু এই সুখ শুধুমাত্র অল্প সময়ের জন্য থাকবে। সাবধান! আপনার বাজেট টানাটানির হলে প্রয়োজন এবং চাহিদার মধ্যে পার্থক্য করতে একটু সময় নিন। অন্যথায় পরবর্তীতে আপনার প্রয়োজনের জন্য পর্যাপ্ত টাকা না থাকা আপনার জন্য সত্যিই চাপের হতে পারে।

এই চরিত্রগুলির গল্প পড়ুন এবং তাদের সাথে কী ঘটছে সে সম্পর্কে চিন্তা করুন। কোন জিনিস ভিন্নভাবে হতে পারতো?

কেস স্টাডি ১

অর্জুনের পরিবার বাড়িতে একটি জরুরি অবস্থার মুখোমুখি

অর্জুন একজন অপারেটর হিসাবে কারখানায় খুব কঠোর পরিশ্রম করে। তার স্ত্রী দিয়া গ্রামে শিক্ষিকা হিসেবে কাজ করেন। তাদের ২ সন্তান রয়েছে এবং অর্জুন তাদের সাথে দেখা করতে পরের গ্রীষ্মে বাড়ি যাওয়ার চেষ্টা করছে। তারা কম খরচ করে কিন্তু তাদের আয়ের সামান্য টাকা জমা নেই কারণ তারা এখনও কিছু ঋণ পরিশোধ করছে। গত সপ্তাহে দিয়া এবং বাচ্চারা অসুস্থ হয়ে পড়ে। তারা স্থানীয় হাসপাতালে বিনামূল্যে ওষুধ পেতে পারতো, কিন্তু যেহেতু তারা খুব চিন্তিত ছিল এবং জরুরি ঔষধ দরকার ছিল, সে ফোনে অর্জুনের সাথে কথা বলে এবং তারা কাছের একটি ফার্মেসিতে যাওয়ার সিদ্ধান্ত নেয় এবং তাড়াতাড়ি সেগুলি পাওয়ার জন্য টাকা দেয়। সময়টা যেহেতু মাসের শেষ ছিল এবং তাদের কাছে নগদ টাকার অভাব ছিল, তাই তাদের একজন ভাল বন্ধু বিক্রমের কাছ থেকে টাকা ধার করতে হয়েছিল। অর্জুন আগামী সপ্তাহে টাকা পাঠাবে। তার বন্ধু দিয়াকে ৫ ডলার ধার দিয়েছিল এবং অর্জুনের রেমিটেন্স পাওয়ার সাথে সাথে সে তাকে ৬ ডলার ফেরত দিতে রাজি হয়েছিল। ফার্মেসি থেকে ওষুধ কেনায় টাকা সে ব্যবহার করেছে। তারা সবাই ওষুধ খেয়ে দ্রুত সুস্থ হয়ে ওঠেন।



কেস স্টাডি ২

মালাকের বন্ধু আয়েশা সমস্যায় পড়েছে

মালাকের তার বন্ধু আয়েশার সাথে খুব ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। বাড়ির কাছে একটি বাণিজ্যিক রাস্তায় তার একটি ছোট বিউটি সেলুন রয়েছে। আয়েশার ব্যবসা ইদানীং বেশ সফল। সে টাকা-পয়সার সাথে সুশৃঙ্খল হতে শিখেছে এবং বেশ কিছুদিন ধরে কিছু লাভ করছে। সে যেহেতু আর্থিক প্রতিষ্ঠান সম্পর্কে বুঝতো না, তাই নিয়মিত তার আয়ের একটি অংশ তার স্বামী ওমরকে দিয়েছে, যাতে সে তার ব্যাংক অ্যাকাউন্টে টাকা জমা দিয়ে দেয়। একদিন সে ব্যবসায়িক এ্যাকাউন্ট থেকে ওমরের কাছে কিছু টাকা চাওয়ার কথা ভেবে বাড়ি ফিরে আসে কারণ সে তার দোকানের জন্য কিছু নতুন সরঞ্জামাদি কিনতে চেয়েছিল। সে এসে আবিষ্কার করে যে তার স্বামী একটি গাড়ি কিনেছে। সে দোকানের জন্য টাকা চাইলে সে বলে যে টাকাটা এখন বিউটি সেলুনে ব্যবহার করা সম্ভব নয়। আয়েশা রেগে যায় এবং তার অ্যাকাউন্ট চেক করতে এবং তার সঞ্চিত টাকা তুলতে ব্যাংকে যায়। কিন্তু ব্যাংকে গিয়ে সে জানতে পারে যে অ্যাকাউন্টটি তার স্বামীর নামে খোলা হয়েছিল এবং অ্যাকাউন্টে থাকা অল্প পরিমাণ টাকাও সে তুলতে পারবে না। সে খুবই অসুখী।



সঞ্চয় করার টিপস

- প্রতিদিন বা প্রতি সপ্তাহে কিছু টাকা আলাদা করে রাখুন।
- আপনার যে আইটেমগুলো এখনও সচল আছে বা যদি এটি মেরামত করা যায় তবে একটি নতুন আইটেম কিনবেন না।
- আপনার পরিবারের জন্য কম উপহার কিনুন। প্রথমে তাদের সাথে কথা বলুন এবং আপনার সমর্থনে তাদের সাথে সম্মত হন।
- সম্ভব হলে সাংস্কৃতিক বা সামাজিক অনুষ্ঠানে কম খরচ করুন।
- আপনার মানি ব্যাগে কম নগদ টাকা রাখুন (এবং এটি একটি নিরাপদ জায়গায় রাখুন: বাড়িতে, ব্যাংক অ্যাকাউন্টে...)।
- আপনি যদি আপনার পিতামাতা বা পরিবারের অন্যান্য সদস্যদের কাছে টাকা পাঠান, তাহলে তাদের কাছে আপনার সমস্ত টাকা পাঠাবেন না এবং আপনার নিজের প্রয়োজন এবং জরুরি অবস্থার জন্য এর কিছু অংশ রেখে দিন।
- আপনি কেন সঞ্চয় করছেন তা মনে করিয়ে দেওয়ার জন্য সর্বদা আপনার দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলি মনে রাখবেন!

মূল বার্তা

- আপনাকে অপরিহার্য এবং ঐচ্ছিক খরচের মধ্যে পার্থক্য করতে সক্ষম হতে হবে।
- জরুরি অবস্থার জন্য সঞ্চয়: সঞ্চয় অপরিহার্য, একটি খুব প্রয়োজন।
- "অন্যরা যা অর্জন করেছে তা ভালভাবে ব্যবস্থাপনা করুন"।
- সঞ্চয় মানে তাৎক্ষণিকভাবে বিনিয়োগ করার ইচ্ছা ছেড়ে দেওয়া এবং ভবিষ্যতে লক্ষ্য অর্জন করা।
- নিরাপত্তার জন্য সঞ্চয় করা হয়।

নোট

২. আপনার কাজের চুক্তি এবং আপনার পে-স্লিপ সম্পর্কে বুঝুন



আপনার কাজের চুক্তি বোঝা খুবই গুরুত্বপূর্ণ। আপনি যদি এটি বুঝতে পারেন তবে এটি আপনাকে রক্ষা করতে পারে। কিন্তু আপনি যদি এটি না পড়ে বা এর অর্থ না জেনেই চুক্তিতে স্বাক্ষর করেন তবে আপনি একটি খারাপ পরিস্থিতিতে মধ্যে পড়তে পারেন।

সংজ্ঞা

কাজের চুক্তি: নিয়োগকর্তা এবং কর্মীর মধ্যে একটি (আইনি) চুক্তি যা উভয় পক্ষের জন্য দায়িত্ব- কর্তব্য এবং সুবিধা নির্দিষ্ট করে।

কেস স্টাডি নং ৩

ওয়ামিলের গল্প

সালমার বন্ধু ওয়ামিল বাংলাদেশে থাকে এবং মাত্র জানতে পেরেছে যে তার জর্ডানের গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকরি হয়েছে যেখানে তার গ্রামের আরও কয়েকজন নারী কাজ করছে। সে খুব খুশি কারণ তারা অনেক লোক চাকরির জন্য আবেদন করেছিল। রিক্রুটিং এজেন্সি তাকে একটি চুক্তি স্বাক্ষর করতে বলে। ওয়ামিল আসলে চুক্তিটি পড়েনি কারণ অক্ষরগুলো খুব ছোট ছিল এবং তার চশমা ছিল না। যাইহোক সে সন্তুষ্ট ছিলো কারণ সে কারখানার আবাসিক ভবনে থাকতে পারবে এবং বাসস্থান এবং পরিবহনের জন্য অর্থ প্রদান করতে হবে না।

কয়েক মাস পর, সে জর্ডানে আসে। তিনি প্রথম মাস আনন্দের সাথে কাজ করে এবং শেষে যখন সে তার বেতন পায়, লক্ষ্য করে দেখে যে সংস্থাটি তাকে প্রথম দিনে যা বলেছিল তার চেয়ে কিছুটা কম বেতন সে পেয়েছে। সে ট্রেড ইউনিয়ন প্রতিনিধিকে কারণ জিজ্ঞাসা করে এবং জানতে পারে যে তাকে কিছু আয়কর দিতে হবে। ট্রেড ইউনিয়ন প্রতিনিধি তাকে চুক্তির ধারা দেখায়। ওয়ামিল হতাশ, কারণ যতটা টাকা প্রাথমিকভাবে সে চিন্তা করে ছিল, ততটা টাকা সে বাড়িতে পাঠাতে পারে না।

কেস স্টাডি নং ৪

অর্জুনের গল্প

অর্জুন একটি সাব-কন্ট্রাক্টিং ফ্যাক্টরিতে অপারেটরের চাকরি পায়। সে খুব খুশি কারণ ইতিমধ্যে জর্ডানে সে ২ বছর কাটিয়েছে এবং অপারেটর হিসাবে অন্য একটি কারখানায় কাজ করতে চেয়েছিল। সে খুশি মনে চুক্তি স্বাক্ষর করে। যাইহোক, কয়েক মাস পরে, সে যে মেশিনটি চালায় তাতে দুর্ঘটনাক্রমে একটি আঙুলে ইনজুরি হয়। সে রক্তপাত বন্ধ করার এবং ক্ষতটি বাঁধার জন্য যথাসাধ্য চেষ্টা করে। সে ব্যথা উপেক্ষা করার চেষ্টা করেছিলো, কিন্তু সেদিন সন্ধ্যায় তার আঙুলটি খুব ফুলে যায়। পরের দিন সে তার স্বাভাবিক শিফটে কাজ করতে গেলেও অনেক ব্যাথায় ভুগছিল। এই প্রথম তার সাথে এরকম কিছু ঘটে এবং সে তার বসকে রাগান্বিত হওয়ার ভয়ে কিছু জানায়নি।

দুপুরের খাবার বিরতিতে এক সহকর্মী বুঝতে পারলেন অর্জুন ব্যাথা পাচ্ছে। তিনি তাকে বুঝিয়ে বলেন, এই কারখানার শ্রমিক হিসেবে কাজের সময় কারখানায় প্রাথমিক স্বাস্থ্যসেবার ব্যবস্থা চালু রয়েছে। তিনি অর্জুনকে ব্যাখ্যা করেন যে তিনি এখনই চেক করাতে যেতে পারেন। যদি তার আরও গুরুতর কিছু হয়, তবে চিকিৎসা কর্মীরা তাকে কোনও বিশেষ ডাক্তার বা হাসপাতালে পাঠাতে পারে, তার জন্য কোনও টাকা লাগবে না। এটা তার চুক্তিতে লেখা ছিল।

প্রশিক্ষণ সহায়িকা ২.২

ভাল কর্মসংস্থান চুক্তির উদাহরণ

অভিবাসী শ্রমিকদের জন্য সমন্বিত শ্রম চুক্তি

জর্ডান গার্মেন্টস, এক্সেসরিজ এ্যান্ড টেক্সটাইল এক্সপোর্টারস এসোসিয়েশন

এসোসিয়েশন অফ ওনার্স অফ ফ্যাক্টরিজ, ওয়ার্কশপস এ্যান্ড গার্মেন্টস জেনারেল ট্রেড ইউনিয়ন অফ ওয়ার্কার্স ইন টেক্সটাইল, গার্মেন্টস এ্যান্ড ক্লোদিং ইন্ডাস্ট্রি

প্রথম পক্ষ

মালিক: .....

পক্ষে প্রতিনিধি জনাব/জনাবা: .....

ঠিকানা: .....

টেলিফোন নম্বর: .....

দ্বিতীয় পক্ষ

পুরুষ/নারী: .....

জন্ম তারিখ: (দিন ...../মাস ...../বছর .....)

জাতীয়তা: .....

পাসপোর্ট নং: .....

ঠিকানা: .....

টেলিফোন নম্বর: .....

দুই পক্ষ এই চুক্তির অধীনে এই মর্মে সম্মত হইয়াছে যে দ্বিতীয় পক্ষ (এরপর হইতে "শ্রমিক" বলিয়া অভিহিত) নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষের অধীনে প্রথম পক্ষের (এরপর হইতে "মালিক" বলিয়া অভিহিত) জন্য মজুরির বিনিময়ে প্রথম পক্ষের তত্ত্বাবধান ও ব্যবস্থাপনায় কাজ করিবেন:

১. চুক্তির ভাষা

এই চুক্তি আরবী ভাষায় খসড়াকৃত এবং ..... নিজের বোধগম্য ভাষায় শ্রমিক কর্তৃক নির্বাচিত এবং দুই পক্ষ দ্বারা তিনটি মূল অনুলিপিতে স্বাক্ষরিত হইয়াছে। প্রত্যেক পক্ষ চুক্তির একটি অনুলিপি সংরক্ষণ করিবেন। কাজের অনুমতি (ওয়ার্ক পারমিট) জারি করিবার উদ্দেশ্যে একটি অনুলিপি শ্রম মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত হইবে।

২. চুক্তির মেয়াদ

দুই পক্ষ সম্মত হইয়াছে যে এই চুক্তির মেয়াদকাল হইবে ..... এই সময়ে শ্রম মন্ত্রণালয়ের প্রক্রিয়া অনুসরণ করিয়া কাজের অনুমতি (ওয়ার্ক পারমিট) ইস্যু করা হইবে। হাশেমতে রাজতন্ত্র জর্ডানে (এরপর হইতে "জর্ডান" হিসাবে অভিহিত) শ্রমিকের আগমনের দিন হইতে এই চুক্তির মেয়াদকাল আরম্ভ হইবে। মালিকপক্ষ নিজের খরচে শ্রমিকের জন্য বসবাসের অনুমতি ও কাজের অনুমতিসহ আইনি বাধ্যবাধকতা সম্পূর্ণ করিবেন।

১. কাজের ধরণ ও স্থান

ক. শ্রমিক ..... পেশায় নিয়োজিত হইবেন। কাজের প্রকৃতি অনুযায়ী মালিকের অথবা তাহার তরফে অন্য কাহারো তত্ত্বাবধান ও ব্যবস্থাপনায় শ্রমিক তাহার দায়িত্ব ও কর্তব্য পালন করিতে অঙ্গীকারাবদ্ধ থাকিবে।

খ. শ্রমিকের কাজের মূল জায়গা হইবে ..... এলাকায় অবস্থিত মালিকের প্রতিষ্ঠান। মালিক জর্ডানের ভিতরে অবস্থিত প্রতিষ্ঠানের অন্যান্য শাখায় শ্রমিককে বদলি করিতে পারিবে, তবে শর্ত থাকে যে বদলির সিদ্ধান্ত শ্রমিককে এক সপ্তাহ পূর্বে লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং বদলির ফলে শ্রমিকের আর্থিক পাওনায় কোনরূপ বিরূপ প্রভাব পড়িবে না।

৪. চাকুরী এবং যাতায়াতের

ক. মালিকপক্ষ শ্রমিকের চাকুরীর শর্তপূরণ এবং যাতায়াত/ভ্রমণ সংশ্লিষ্ট সকল বন্দোবস্ত সম্পন্ন করিতে অঙ্গীকার করিবে এবং ইহাতে শ্রমিক তাহার নিজের দেশে আইনের অধীনে দাপ্তরিক ব্যয় ব্যতীত অন্য কোন ফি বা খরচ বহন করিবেন না। শ্রমিক এই মর্মে নিশ্চিত করিবেন যে তিনি জানেন যে তাহার নিজ দেশে দাপ্তরিক ব্যয় ব্যতীত অন্য কাহাকেও তিনি কোন খরচ প্রদানে বাধ্য নহেন।

খ. মালিকপক্ষ:

১. শ্রমিককে জর্ডানে তাহার আগমনের স্থানে অভ্যর্থনা জানাইবেন এবং আগমনের স্থান হইতে বিনামূল্যে তাহার কর্মস্থলে

২. শ্রমিক নিয়োগের পর তাহার নিজ দেশ হইতে জর্ডানে আসিবার একটি বিমান টিকেট সরবরাহ করিবেন এবং নিম্নের দফা ৩ বিবেচনায় নিয়া শ্রমিকের সহিত পেশাগত সম্পর্ক শেষ হইবার পরে জর্ডান হইতে তাহার নিজ দেশে ফিরিবার একটি বিমান টিকেট সরবরাহ করিবেন।

৩. শ্রম আইনের ২৯ অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে যদি শ্রমিক চুক্তির পূর্ণ মেয়াদ শেষ হইবার পূর্বেই মালিকের সহিত কাজের সম্পর্ক বাতিল করেন, সেই ক্ষেত্রে মালিক জর্ডান হইতে শ্রমিকের নিজ দেশে ফিরিবার বিমান টিকেটের সম্পূর্ণ খরচ বহন করিবেন না। এইরূপ ক্ষেত্রে শ্রমিক তাহার কাজের চুক্তির পূর্ণ মেয়াদের যত শতাংশ সম্পন্ন করিয়াছেন তাহার সমানুপাতিক খরচ মালিক বিমান টিকেট হইতে

৫. মজুরি এবং কর্মঘণ্টা/মালিকপক্ষের দায়বদ্ধতা

শ্রমিক কর্তৃক সম্পাদিত কাজের বিনিময়ে মালিকপক্ষ নিম্নের দায়বদ্ধতা পরিপূর্ণ করিবেন এবং সুবিধাদি প্রদান করিবেন:

ক. আর্থিক মজুরি: শ্রমিক মাসিক ..... জর্ডানিয়ান দিনার মজুরি পাইবেন, এইক্ষেত্রে জর্ডান গার্মেন্টস, এক্সেসরিজ এ্যান্ড টেক্সটাইল এক্সপোর্টারস এসোসিয়েশন, এবং দি এসোসিয়েশন অফ ওনার্স অফ ফ্যাক্টরিজ, ওয়ার্কশপস এ্যান্ড গার্মেন্টস এবং জেনারেল ট্রেড ইউনিয়ন অফ ওয়ার্কার্স ইন টেক্সাইল, গার্মেন্টস এ্যান্ড ক্লোদিং ইন্ডাস্ট্রি এর মধ্যকার স্বাক্ষরিত যৌথ চুক্তির শর্তাবলী এবং চুক্তিতে অন্তর্ভুক্ত বার্ষিক বৃদ্ধি ও অন্যান্য প্রণোদনার বিধানাবলী বিবেচনায় নিতে হইবে।

খ. সদয় মজুরি: মালিকপক্ষ শ্রমিককে নিম্নে উল্লেখিত পদ্ধতিতে খাদ্য ও বাসস্থান প্রদান করিবেন:

১. পর্যাপ্ত পুষ্টি সরবরাহের নিমিত্তে যুক্তিসংগত পরিমাণের ও গুণগত মানের তিনবেলা খাবার।

২. শ্রমিকের বাসস্থান হইতে কারখানার দূরত্ব এক কিলোমিটার বা তাহার বেশি হইলে শ্রমিকের বাসস্থান হইতে কর্মক্ষেত্রে যাইবার এবং কর্মক্ষেত্র হইতে বাসস্থানে ফিরিবার জন্য শ্রমিককে বিনামূল্যে পরিবহনের ব্যবস্থা করিবে। এইক্ষেত্রে জর্ডান গার্মেন্টস, এক্সেসরিজ এ্যান্ড টেক্সটাইল এক্সপোর্টারস এসোসিয়েশন, এবং দি এসোসিয়েশন অফ ওনার্স অফ ফ্যাক্টরিজ, ওয়ার্কশপস এ্যান্ড গার্মেন্টস এবং জেনারেল ট্রেড ইউনিয়ন অফ ওয়ার্কার্স ইন টেক্সাইল, গার্মেন্টস এ্যান্ড ক্লোদিং ইন্ডাস্ট্রি এর মধ্যকার স্বাক্ষরিত যৌথ চুক্তির শর্তাবলী বিবেচনায় নিতে হইবে।

৩. আইনে উল্লেখিত জর্ডানে শ্রমিকদের আবাসনের মানের শর্ত মোতাবেক শ্রমিকের জন্য যৌথ আবাসনের ব্যবস্থা।

গ. কর্মঘণ্টা: খাবার গ্রহণ ও বিরতির সময় বাদে নিয়মিত কর্মঘণ্টা হইবে দিনে ৮ ঘণ্টা অথবা সপ্তাহে ৪৮ ঘণ্টা।

ঘ. পরিশোধ: মালিকপক্ষ সকল মজুরি, বোনাস, প্রণোদনা, ওভারটাইম পাওনা, এবং অন্যান্য যেকোন প্রকারের পাওনা যাহা "মজুরি"র আওতাভুক্ত তাহা পাওনা হইবার সাত দিনের মধ্যে শ্রমিককে নগদ অর্থে অথবা ব্যাংক বা ইলেক্টোনিক পেমেন্টের মাধ্যমে পরিশোধ করিবেন।

ঙ. নগদ অর্থ ও সদয় (জিনিসপত্রে) মজুরি সংশ্লিষ্ট আইনের শর্ত সাপেক্ষে কর ও সামাজিক নিরাপত্তা কর্তনসহ অন্যান্য আইনগত কর্তনের আওতাভুক্ত হইবে।

৬. ওভারটাইম এবং প্রণোদনা

ক. ওভারটাইম (যদি থাকে) হইবে ঐচ্ছিক। যদি শ্রমিক ওভারটাইম কাজ করিতে রাজি হয়, সেইক্ষেত্রে নিম্নের হারে মজুরি গণনা করা হইবে:

১. যদি তিনি সাপ্তাহিক কর্মদিবসে দৈনিক বা সাপ্তাহিক কর্মঘণ্টার অতিরিক্ত ওভারটাইম কাজ করেন, তাহা হইলে তিনি নিয়মিত মজুরির কমপক্ষে ১২৫% অতিরিক্ত মজুরি পাপ্য হইবেন।

২. যদি তিনি সাপ্তাহিক ছুটির দিবসে অথবা ধর্মীয় বা দাপ্তরিক ছুটির সময়ে ওভারটাইম কাজ করেন, তাহা হইলে তিনি নিয়মিত মজুরির কমপক্ষে ১৫০% অতিরিক্ত মজুরি পাপ্য হইবেন।

খ. প্রণোদনা:

১. কাজ এবং উৎপাদনের প্রণোদনার মূল্য এবং এইসকল প্রণোদনা পরিশোধের পদ্ধতি সম্পর্কে শ্রমিককে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

২. শ্রমিকের মাসিক মজুরি বিবরণীতে প্রণোদনার মূল্য স্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে।

৭. মজুরি বিবরণী ও ওভারটাইম: মজুরি

পরিশোধ করিবার পরে মালিক শ্রমিককে একটি বিস্তারিত মাসিক বিবরণী সরবরাহ করিবে যাহাতে শ্রমিকের নাম, মজুরির পরিমাণ, ভাতা, বৃদ্ধি, অন্য কোন সুবিধা, আইনগত কর্তন, ও শ্রমিক কত ঘণ্টা ওভারটাইম কাজ করিয়াছে এবং তাহার বিপরীতে কত অর্থ অর্জন করিয়াছে তাহার বর্ণনার উল্লেখ থাকিবে।

৮. ছুটি

ক. বার্ষিক ছুটি: প্রতি এক বছর কাজ করিলে শ্রমিক বেতনসহ ১৪ দিন বার্ষিক ছুটি পাইবার অধিকারি হইবেন। মালিকের সঙ্গে ধারাবাহিকভাবে পাঁচ বছর কাজ করিলে শ্রমিকের বার্ষিক ছুটি ২১ দিন পর্যন্ত বৃদ্ধি পাইবে। সাপ্তাহিক ছুটি, ধর্মীয় ছুটি এবং দাপ্তরিক ছুটি বার্ষিক ছুটির হিসাবের গণনার অংশ হইবে না।

খ. অসুস্থতাজনিত ছুটি: প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত ডাক্তারের রিপোর্টের ভিত্তিতে শ্রমিক এক বছরে ১৪ দিন পূর্ণ বেতনসহ ছুটি পাইবেন। যেসকল প্রতিষ্ঠানের শ্রমিক সংখ্যা ২০ জনের কম সেই সকল প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত ডাক্তারের রিপোর্টের উপর ভিত্তি করিয়া যদি শ্রমিক হাসপাতালে ভর্তি থাকেন তাহা হইলে এই ছুটি পূর্ণ বেতনসহ আরো ১৪ দিন পর্যন্ত বর্ধিত হইবে। প্রতিষ্ঠানের শ্রমিক সংখ্যা ২০ জনের বেশি হইলে মেডিকেল রিপোর্ট অনুমোদনের ক্ষেত্রে মেডিকেল কমিটির অনুমোদন লাগিবে।

গ. সাপ্তাহিক ছুটি: বিশ্রামের জন্য শ্রমিক পূর্ণ বেতনসহ প্রতি সপ্তাহে একদিন ছুটি পাইবেন এবং সেই দিনটি হইবে শুক্রবার। (যদি কাজের প্রকৃতি এমন হয় যে সাপ্তাহিক ছুটি শুক্রবার ছাড়া অন্য কোন দিন হইবে, সেইক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত দিনটি হইবে ছুটির দিন এবং তাহা অপরিবর্তনযোগ্য হইবে।)।

ঘ. পিতৃত্বকালীন ছুটি: শ্রমিক বেতনসহ তিন দিন পিতৃত্বকালীন ছুটি পাইবেন।

৯. সামাজিক নিরাপত্তা

সামাজিক নিরাপত্তা আইন ও ইহার সংশোধনীসমুহের বিধান, এবং ইহার অনুযায়ী জারিকৃত প্রবিধান ও নির্দেশনাসমুহ অবদান, দাবি, কর্ম ইনজুরি এবং শ্রমিক সংশ্লিষ্ট অন্যান্য ধরণের ইন্সুরেন্সের উপর প্রয়োগযোগ্য হইবে।

১০. স্বাস্থ্য সেবা

মালিকপক্ষ নিম্নের বিষয়গুলির ব্যবস্থা করিবেন:

ক. জর্ডানিয়ান শ্রম মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত শ্রমিকদের মেডিকেল পরীক্ষার নির্দেশনার আলোকে এবং এই পরীক্ষার উদ্দেশ্যে শ্রম মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত দাপ্তরিক ফরমের অনুসরণ করিয়া শ্রমিকের প্রাথমিক মেডিকেল পরীক্ষা এবং রুটিন মেডিকেল চেকআপের ব্যবস্থা করিবেন।

খ. জরুরি ক্ষেত্রে মালিকের মেডিকেল স্টাফ অবশ্যই দ্রুত এবং কোন বিলম্ব ব্যতিরেকে শ্রমিককে একজন বিশেষজ্ঞ ডাক্তার বা হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করিবেন যাহাতে মালিকের খরচে শ্রমিক প্রয়োজনীয় মেডিকেল সেবা ও যথাযথ চিকিৎসা পাইতে পারেন।

বহন করিবেন।

১১. কর্ম অনুমতি (ওয়ার্ক পারমিট), বাসস্থান অনুমতি এবং পরিচয় পত্র

মালিক অবশ্যই:

ক. কর্ম ও বাসস্থানের অনুমতির নবায়ন প্রক্রিয়া পর্যবেক্ষণ করাকালে শ্রমিকের পাসপোর্ট, বাসস্থানের অনুমতি এবং কর্ম অনুমতি পত্রসহ কোন পরিচিতি সংক্রান্ত কাগজাদি আটকাইয়া রাখিবেন না।

খ. শ্রমিকের সঙ্গে কর্ম সম্পর্ক বিদ্যমান থাকাবস্থার সম্পূর্ণ মেয়াদে শ্রমিকের কাজের ও বাসস্থানের অনুমতি সংগ্রহ করিবেন, এই ক্ষেত্রে শ্রমিক কোন খরচ বহন করিবেন না এমনকি মেয়াদ পূর্ণ হইবার আগেও যদি চুক্তি বাতিল হইয়া যায়।

১২. বৈষম্যহীনতা

মালিক অবশ্যই এক শ্রমিকের সঙ্গে অন্য শ্রমিকের জাতি, বর্ণ, লিঙ্গ, ধর্ম, রাজনৈতিক মতামত, জাতীয়তা অথবা সামাজিক উৎসের ভিত্তিতে কোন বৈষম্য করিবেন না।

১৩. সংগঠনের স্বাধীনতা ও যৌথ দরকষাকষি জর্ডানের শ্রম আইন ও ইহার সংশোধনীসমুহতে

বিস্তৃত শ্রমিকের সংগঠনের স্বাধীনতার অধিকারকে মালিকপক্ষ অবশ্যই শ্রদ্ধা করিবেন। এই অধিকারের মধ্যে রহিয়াছে জর্ডানের টেক্সটাইল, গার্মেন্টস এ্যান্ড ক্লোদিং ইন্ডাস্ট্রির শ্রমিকদের সাধারণ ট্রেড ইউনিয়নে কোন ধরণের হয়রানি, বাধা, অথবা পূর্বানুমান ব্যতিরেকে যোগদানের অধিকার।

১৪. শৃঙ্খলামূলক

ক. মালিক অথবা তাহার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি শ্রম মন্ত্রণালয় অনুমোদিত তালিকায় উল্লেখিত বিষয়ে শ্রমিকের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন অথবা জরিমানা আরোপ করিতে পারিবেন।

খ. শ্রম মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কারখানার নিজস্ব বিধি-বিধানের শর্তাবলী অবশ্যই শ্রমিককে অবহিত করিতে হইবে।

১৫. গোপনীয়তা

চাকুরীর সম্পর্ক বিদ্যমান থাকাকালীন কিংবা সমাপ্ত হইবার পরে কোন কারণেই মালিকের প্রতিষ্ঠানের বাণিজ্যিক, আর্থিক অথবা কারিগরি তথ্য সংশ্লিষ্ট কোন গোপনীয় তথ্য শ্রমিক প্রকাশ না করিবার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ থাকিবেন। শ্রমিক যদি এই ধরণের তথ্য প্রকাশ করেন তাহা হইলে মালিক শ্রমিকের কাজ বাতিল করিতে পারিবেন এবং শ্রমিকের দ্বারা কৃত ক্ষতির বিপরীতে ক্ষতিপূরণ চাহিয়া তাহার বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণ করিতে পারিবেন। মালিকের ব্যবসার বাণিজ্যিক, আর্থিক অথবা কারিগরি দিকের সকল নন-পাবলিক তথ্য গোপনীয় তথ্যের অন্তর্ভুক্ত হইবে যাহা প্রকাশিত হইয়া পরিলে মালিকের প্রতিদ্বন্দীগণ কর্তৃক ব্যবহৃত হইতে পারে।

১৬. কর্ম চুক্তি

ক. নিম্ন বর্ণিত ক্ষেত্রের যেকোনটি ঘটিলে কর্ম চুক্তির সমাপ্তি ঘটিবে:

১. যদি দুই পক্ষ ইহার সমাপ্তি ঘটাইতে সম্মত হয়।

২. যদি কর্ম চুক্তির মেয়ার শেষ হইয়া যায় অথবা কাজটিই শেষ হইয়া যায়।

৩. যদি শ্রমিক মৃত্যুবরণ করেন অথবা মেডিকেল কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত মেডিকেল রিপোর্ট দ্বারা প্রামাণিত অসুস্থতা বা অক্ষমতার কারণে কাজ করিতে না পারেন।

৪. যদি শ্রমিক সামাজিক নিরাপত্তা আইনে উল্লেখিত অবসরের বয়সের শর্ত পূরণ করেন যদিনা দুই পক্ষ ভিন্নভাবে সম্মত হয়।

খ. যদি মালিক মেয়াদ শেষ হইবার পূর্বেই কর্ম চুক্তি বাতিল করেন, অথবা জর্ডানিয়ান শ্রম আইনের ২৯ অনুচ্ছেদে বর্ণিত কোন কারণে শ্রমিক চুক্তি বাতিল করেন, সেই ক্ষেত্রে শ্রমিক চুক্তির বাকী মেয়াদের জন্য মজুরি, সুবিধাসহ আইনের শর্ত অনুযায়ী চুক্তিতে বর্ণিত সকল অধিকার ও বকেয়া পাওনা পাইবার যোগ্য হইবেন, তবে শর্ত থাকে যে চুক্তিটি জর্ডানিয়ান শ্রম আইনের ২৮ অনুচ্ছেদের বিধান অনুযায়ী বাতিল করা হয় নাই।

গ. যদি শ্রমিক জর্ডানিয়ান শ্রম আইনের ২৯ অনুচ্ছেদে বর্ণিত হয় নাই এমন কারণে চুক্তি বাতিল করেন, সেই ক্ষেত্রে চুক্তি বাতিলের কারণে মালিক যে ক্ষতির সম্মুক্ষীণ হইয়াছেন তাহা ক্ষতিপূরণ হিসাবে দাবি করিতে পারিবেন। উপযুক্ত আদালত ক্ষতিপূরণের মূল্য নির্ধারণ করিবে, তবে শর্ত থাকে যে ক্ষতিপূরণের মূল্য চুক্তির অবশিষ্ট মেয়াদে শ্রমিকের মজুরির অর্ধেকের বেশি হইবে না।

১৭. বাতিল মিমাংসা

যখন চুক্তিগত সম্পর্ক সমাপ্ত হইবে, শ্রমিক তাহার মজুরি ও ওভারটাইম পারিশ্রমিকসহ সকল বকেয়া অবিলম্বে পাইবার অধিকারী হইবেন, যাহা শ্রমিকের শেষ কর্ম দিবস হইতে সাত দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে। শ্রমিকের ভ্রমণের বন্দোবস্ত চূড়ান্ত না হওয়া পর্যন্ত মালিক তাহাকে বাসস্থান ও খাবার প্রদান করিবেন।

১৮. মৃত্যু

মালিক এবং শ্রমিক সম্মত হইয়াছেন যে কর্ম চুক্তির মেয়াদ বর্তমান থাকাকালীন শ্রমিকের মৃত্যু ঘটিলে:

ক. মালিক ২৪ ঘণ্টার মধ্যে শ্রমিকের নিজ দেশের দূতাবাসকে অবহিত করিবেন এবং শ্রমিকের নিজ দেশে লাশ প্রত্যাবর্তনের খরচ বহন করিবেন।

খ. শ্রমিকের সকল বকেয়া পাওনা মালিক শ্রমিকের ওয়ারিশ অথবা শ্রমিকের নিজ দেশ কর্তৃক সত্যায়নকৃত আনুষ্ঠানিক পাওয়ার অফ অ্যাটর্নি দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে পরিশোধ করিবেন এবং শ্রমিকের নিজ দেশের দূতাবাসকে অবহিত করিবেন।

১৯. বিরোধ মিমাংসা

ক. শ্রমিক এবং মালিকের মধ্যকার বিরোধ মিমাংসার মধ্যস্থতাকারী শ্রম ইউনিয়ন কমিটিতে শ্রমিক অভিযোগ দায়ের করিতে পারিবেন। যদি শ্রম ইউনিয়ন কমিটি পাঁচ দিনের মধ্যে বিরোধটি নিষ্পত্তি করিতে সক্ষম না হয়, তবে বিরোধটি সমাধানের জন্য শ্রমিক টেক্সাইল, গার্মেন্ট এ্যান্ড ক্লোদিং ইন্ডাস্টির শ্রমিকদের সাধারণ ট্রেড ইউনিয়নের নিকট আশ্রয় নিতে পারিবেন। যদি শ্রমিক বিষয়টি ইউনিয়নের নিকট প্রেরণ করিতে না চান, তবে তিনি বিরোধের প্রকৃতি এবং সংশ্লিষ্ট আইনের বিধানের উপর ভিত্তি করিয়া শ্রম মন্ত্রণালয় অথবা মজুরি কর্তৃপক্ষ অথবা কোর্ট অফ পিস-এ অভিযোগ দায়ের করিতে পারিবেন।

খ. হাশেমিতে প্রজাতন্ত্র জর্ডানের আদালতসমুহের এই চুক্তির প্রয়োগ, বাস্তবায়ন অথবা ব্যাখ্যা সম্পর্কিত বিষয় নিয়া উদ্ভুত যে কোন বিরোধের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করিবার এখতিয়ার থাকিবে। চাকুরীস্থলে অবস্থিত উপযুক্ত আদালতে দাবি দায়ের করিতে হইবে।

২০. শ্রম আইন

যেই ক্ষেত্রে এই চুক্তিতে সুনির্দিষ্ট কোন বিধানের উল্লেখ নাই সেই ক্ষেত্রে দুই পক্ষের উপর শ্রম আইনের বিধান প্রযোজ্য হইবে।

২১. ঘোষণা

মালিক এবং শ্রমিক এই মর্মে ঘোষণা করিতেছে যে তাহারা এই চুক্তির বিধানসমুহ পরিপূর্ণরূপে বুঝিতে পারিয়াছে। উভয় পক্ষই চুক্তিতে স্বাক্ষর করিয়াছে এবং প্রত্যেকে একটি অনুলিপি রাখিয়াছে।

মালিকের স্বাক্ষর

তারিখ ...../...../..... (দিন, মাস, বছর)

শ্রমিকের স্বাক্ষর

তারিখ ...../...../..... (দিন, মাস, বছর)

সমন্বিত কর্ম চুক্তির আলোকে বস্ত্র শিল্প খাতে নন-জর্ডানিয়ান শ্রমিকদের জন্য টেক্সাইল, গার্মেন্ট এবং ক্লোদিং ইন্ডাস্ট্রির শ্রমিকদের সাধারণ ট্রেড ইউনিয়নের সদস্যপদ ফরম

ইউনিয়ন টেক্সাইল, গার্মেন্ট, এবং ক্লোদিং খাতের শ্রমিকদের স্বার্থ রক্ষা করে এবং তাহাদের অধিকারের সুরক্ষা দেয়। ইহা শ্রমিকদের অর্থনৈতিক, পেশাগত এবং সাংস্কৃতিক মানোন্নয়নের জন্য কাজ করে। শ্রমিক এবং মালিকের মধ্যকার বিরোধ দেখা দিলে ইউনিয়ন মালিকপক্ষ ও সরকারি সংস্থার সঙ্গে দরাদরি করিয়া ইউনিয়নের সহিত সংযুক্ত শ্রমিকদের অধিকার প্রতিষ্ঠায় ভূমিকা রাখে। ইউনিয়ন ইহার সদস্যদের কর্ম পরিবেশ তদারকি করিয়া তাহাদের জন্য উপযুক্ত কর্ম পরিবেশের নিশ্চয়তা দেয়।

ইউনিয়নের সদস্যপদ ফি হইলো মাসিক ০.৫ দিনার (বাৎসরিক মোট ৬ দিনার) এবং শ্রমিকদের মাসিক মজুরি সরাসরি কর্তন করা হয়।

এই ফরমে আপনার স্বাক্ষরের মানে হইলো ০.৫ দিনার পরিমাণ কর্তনে আপনার সম্মতি রহিয়াছে।

নাম: স্বাক্ষর / তারিখ:

মনে রাখবেন আপনি সবসময় যা করতে পারেন:

- **চুক্তিটি পড়ুন এবং জটিল শর্তাবলী বুঝতে সাহায্য পেতে একজন বন্ধুকে বলুন।**
- **আপনি যদি আপনার চুক্তির কোনো অংশ বুঝতে না পারেন তাহলে প্রশ্ন করুন।**
- **কোন চুক্তি বা অন্য কোন নথিতে কখনই স্বাক্ষর করবেন না যদি আপনি ভিতরে কি বলা আছে তা না জানেন।**
- **আপনার চুক্তির একটি কপি নিরাপদ স্থানে রাখুন।**

প্রশিক্ষণ সহায়িকা খ.২.৩

আপনার কর্ম চুক্তি বুঝতে প্রশ্নমালা

• আমার নিয়োগকর্তার নাম কি?
• আমার নিয়োগকর্তার ঠিকানা কি?
• আমার নিয়োগকর্তার ফোন নম্বর কি?
• আমার দৈনন্দিন দায়িত্ব কি?
• আমার বস কে?
• আমি এখানে কতদিন কাজ করব?
• কতদিন পর পর আমাকে টাকা পরিশোধ করা হবে? সাপ্তাহিক? মাসিক?
• আমাকে কি প্রতিবার একই দিনে অর্থ প্রদান করা হবে?
• আমি কি প্রতিটি পেমেন্টের লিখিত রেকর্ড পাব?
• আমাকে কি নগদে অর্থ প্রদান করা হবে নাকি আমার ব্যাংক অ্যাকাউন্টে টাকা জমা হবে?
• আমি যদি ওভারটাইম কাজ করি, তাহলে কি আমাকে অতিরিক্ত বেতন দেওয়া হবে? কত?
• আমার নিয়োগকর্তাকে কি আমার বেতন থেকে কোন অংশ কর্তন দিতে হবে? কত?
• আমি দিনে কত ঘন্টা কাজ করব?
• আমি প্রতিদিন কয়টায় সময়ে শুরু করবো এবং কখন শেষ করবো?
• আমার ছুটি কখন?
• প্রতি বছর আমাকে কত দিন ছুটি
• আমি কি নিরাপত্তা প্রশিক্ষণ পাব?
• আমার নিয়োগকর্তা কি স্বাস্থ্য এবং দুর্ঘটনা
• আমি গর্ভবতী হলে আমার নিয়োগকর্তা কি আমাকে কাজ চালিয়ে যেতে দেবেন এবং মাতৃত্ব সুরক্ষা সুবিধা প্রদান করবেন?

⚠ মনে রাখবেন: **আপনি সর্বদা অভিবাসী কেন্দ্র এবং অন্যান্য অফিসিয়াল এজেন্সি থেকে পরামর্শ চাইতে পারেন। চুক্তিতে স্বাক্ষর করার আগে, সংস্থা আপনাকে চুক্তির শর্তাবলী বুঝতে সাহায্য করতে পারে। পরে, আপনি যদি আপনার নিয়োগকর্তার সাথে কোনো সমস্যার সম্মুখীন হন, তাহলে আপনার ট্রেড ইউনিয়ন প্রতিনিধি সমস্যা সমাধান করতে সহায়তা করতে পারে।**

সংজ্ঞা

একটি পে-স্লিপ হল কর্মচারীদের টাকা পরিশোধের সময় দেওয়া একটি নোট যাতে প্রদত্ত বেতন এবং অন্যান্য ভাতার পরিমাণ এবং কর্তনের পরিমাণের (ট্যাক্স, বীমা, বেতন অগ্রিম, ইত্যাদি) বিশদ বিবরণ থাকে।

একটি পেস্লিপের মূল তথ্য

সাধারণ তথ্য	মোট আয়	মোট কর্তন
• কোম্পানির নাম ও ঠিকানা • কর্মচারীর নাম ও ঠিকানা • কর্মচারীর মাস/বছরের সংখ্যা • কর্মচারীর ব্যাংক অ্যাকাউন্ট নম্বর (ব্যাংক ট্রান্সফারের ক্ষেত্রে) • জাতীয় বীমা নম্বর • পেমেন্ট পদ্ধতি (নগদ টাকা অথবা ব্যাংক ট্রান্সফার)	• মূল বেতন • ওভারটাইম • বোনাস • ভাতা: যাতায়াত, বসস্থান, শিশু, মেডিকেল • গ্রোস পেমেন্ট • নেট পেমেন্ট	• সামাজিক বীমা • স্বাস্থ্য বীমা • আয়কর • ট্রেন ইউনিয়ন চাঁদা • ঋণ পরিশোধ • অগ্রিম বেতন

প্রশিক্ষণ সহায়িকা খ.২.৪



কোম্পানীর নাম

কর্মকর্তার নাম		মালিকের নাম		তারিখ (মেয়াদকাল)	জাতীয় বীমা নম্বর
পেমেন্ট	**ইউনিট**	**হার**	**পরিমাণ (ডলার)**	**কর্তন**	**পরিমাণ (ডলার)**
মূল বেতন				সামাজিক বীমা	
ওভাররটাইম				স্বাস্থ্য বীমা	
বোনাস				আয়কর	
ভাতা				ঋণ পরিশোধ	
শিশু				অগ্রিম বেতন	
খাদ্য				ইউনিয়ন চাঁদা	
বাসস্থান					
যাতায়াত					
গ্রোস পেমেন্ট				**সর্বমোট কর্তন**	
কর্মকর্তার ঠিকানা				**নেট পেমেন্ট (ডলার)**	
পরিশোধের পদ্ধতি					

⚠**মনে রাখবেন:** পে-স্লিপ যেহেতু গুরুত্বপূর্ণ নথি সেহেতু সেগুলিকে নিরাপদ জায়গায় রাখতে হবে। পে-স্লিপের মাধ্যমে আপনার নিয়মিত আয় দেখা যায়। আপনি যখন ঋণের জন্য আবেদন করেন, আপনি যখন বাসা ভাড়া নিতে চান, অথবা আপনি যখন ভিসার জন্য আবেদন করেন, তখন তারা আপনার কাছে পে-স্লিপ দেখতে চাইতে পারে।


৩. আপনার বাজেট তৈরি করুন!








প্রশিক্ষণ সহায়িকা খ.৩.১

বাজেটের জন্য ছবি

(কম শিক্ষাগত দক্ষতার গ্রুপের জন্য)











প্রশিক্ষণ সহায়িকা খ.৩.২

চরিত্রের খালি বাজেট



আসুন সালমা সম্পর্কে এবং কীভাবে সে তার বাজেট তৈরি করে সে সম্পর্কে আরও কিছু জেনে নেওয়া

সালমার পারিবারিক বাজেট

আয়ের উৎস	পরিমাণ
নির্ধারিত আয়	
সালমার বেতন থেকে অবদান (রপ্তানী কারখানা)	
মোট নির্ধারিত আয়	
নির্ধারিত আয়	
দৈনিক কৃষি মজুর হিসেবে বাবার	
দৈনিক কৃষি মজুর হিসেবে মোহাম্মদের আয়	
বাজার থেকে বোনের আয়	
মোট পরিবর্তনশীল আয়	
সর্বমোট আয়	

ব্যয়	
দরকারী ব্যয় (প্রয়োজন)	
ভাড়া	
গ্যাস, পানি, বিদ্যুৎ	
খাদ্য	
যাতায়াত	
স্বাস্থ্যসেবা/ঔষধ	
যোগাযোগ (টেলিফোন এবং ইন্টারনেট)	
মোট (প্রয়োজন)	
ঐচ্ছিক ব্যয় (চাহিদা)	
মোট (চাহিদা)	
সর্বমোট ব্যয়	

ঐচ্ছিক ব্যয় (চাহিদা)	
ঐচ্ছিক ব্যয় (চাহিদা)	





কেস স্টাডি নং ৫

সালমার পারিবারিক বাজেট – পর্ব ১

গতকাল ছিল মাসের শেষ দিন এবং সালমা এই মাসে তার আয় কীভাবে ব্যবহার করবে তা পর্যালোচনা করার সিদ্ধান্ত নিয়েছে। প্রতি মাসের মত, তার নেট বেতন ছিল ৩৫০ ডলার। আগের মাসগুলোর মতো, সালমা বাংলাদেশে অবস্থানরত পারিবারিক খরচের জন্য ২৫০ মার্কিন ডলার অবদান রাখার সিদ্ধান্ত নিয়েছে এবং তার ব্যক্তিগত বাজেটের জন্য ১০০ মার্কিন ডলার নিজের জন্য রেখেছে।


বাংলাদেশে অবস্থানরত তার পরিবারের তথ্য অনুযায়ী, এই মাসে তারা তাদের আয়ের মধ্যে নিম্নলিখিত পরিমাণও হিসাব করবে: কৃষি শ্রমিক হিসেবে তার বাবা এবং মোহাম্মদ প্রত্যেক ৮০ ডলার এবং তার বোন বাজারে পণ্য বিক্রি করে উপার্জনের ৪০ ডলার।

কেস স্টাডি নং ৬

সালমার পারিবারিক বাজেট – পর্ব ২

যখন সালমা এবং দেশে বসবাসরত তার পরিবার তাদের পরবর্তী মাসের আয় পর্যালোচনা শেষ করে, এরপর তারা তারা কীভাবে অর্থ ব্যয় করবে সেই পরিকল্পনা করতে শুরু করে। তাদের নিজস্ব মালিকানার ছোট একটি বাড়ি থাকায় তাদের ভাড়া দিতে হবে না। বিদ্যুৎ এবং পানির জন্য তারা ৩০ ডলার ব্যয় করার পরিকল্পনা করেছে। খাদ্যের জন্য তারা অনুমান করছে ১৫০ ডলার, যাতায়াতের জন্য ৩০ ডলার এবং স্বাস্থ্য সংক্রান্ত ব্যয়ের জন্য ২০ ডলার। তাদের প্রি-পেইড মোবাইল ফোনের খরচ হয় প্রায় ৫০ ডলার। সাইকেল কেনার জন্য তারা যে ঋণ নিয়েছিল তা পরিশোধের জন্য তারা ৩০ ডলার খরচ করবে। প্রতি মাসে তারা তাদের বাড়ির সম্প্রসারণ কাজ চালিয়ে যাওয়ার জন্য ১০০ ডলার আলাদা করে রাখে। এই টাকা তারা সরঞ্জামাদি কিনতে ব্যবহার করে।

তার পরিবারকে ২৫০ ডলার পাঠানোর পর, সালমা জর্ডানে তার খরচের জন্য তার মোট আয় থেকে ১০০ ডলার রাখে। এই মাসে সে পরের মাসের জন্য তার ব্যক্তিগত খরচের হিসাব করেছে: প্রসাধন সামগ্রীর জন্য ২০ ডলার, তার ফোনের ডাটা কেনার জন্য ৩০ ডলার, কারখানার সরবরাহকৃত খাবারের ব্যতীত অন্যান্য খাবার কেনার জন্য এবং অন্যান্য অতিরিক্ত যেমন টাকা পাঠানোর অপারেটর ফি ২০ ডলার, এছাড়াও সে তার ফ্রি দিনগুলিতে খরচের জন্য ২০ ডলার রাখে। সে প্রতি মাসে ২০ ডলার সঞ্চয় করার চেষ্টা করে এবং এই টাকা তার ঘরে একটি বয়ামে রাখে।





প্রশিক্ষণ সহায়িকা খ.৩.২

চরিত্রের খালি বাজেট

সালমার পারিবারিক বাজেট

আয়ের উৎস	পরিমাণ (ডলার)
নির্ধারিত আয়	
সালমার বেতন থেকে অবদান (রপ্তানী কারখানা)	$২৫০
মোট নির্ধারিত আয়	**$২৫০**
পরিবর্তনশীল আয়	
দৈনিক কৃষি মজুর হিসেবে বাবার	$৮০
দৈনিক কৃষি মজুর হিসেবে মোহাম্মদের	$৮০
বাজার থেকে বোনের আয়	$৪০
মোট পরিবর্তনশীল আয়	**$২০০**
সর্বমোট আয়	**$৪৫০**

ব্যয়	
দরকারী খরচ (প্রয়োজন)	
বিদ্যুৎ ও পানি	$৩০
খাদ্য	$১৫০
যাতায়াত	$৩০
স্বাস্থ্যসেবা/ ঔষধ	$২০
যোগাযোগ (টেলিফোন ও ইন্টারনেট)	$৫০
ঋণ পরিশোধ	$৩০
মোট (প্রয়োজন)	**$৩১০**
ঐচ্ছিক ব্যয় (চাহিদা)	
বাড়ি নির্মাণের জন্য সরঞ্জামাদি	$৩০
মোট (চাহিদা)	$১০০
মোট ব্যয়	**$৪১০**

আয় বিয়োগ ব্যয় (সঞ্চয়)	**$৪০**

প্রশিক্ষণ সহায়িকা খ.৩.৪

চরিত্রের ব্যক্তিগত বাজেট



সালমার ব্যক্তিগত বাজেট

আয়ের উৎস	পরিমাণ (ডলার)
আয়ের উৎস	
নেট বেতন	$৩৫০
মোট নির্ধারিত আয়	**$৩৫০**
পরিবর্তনশীল আয়	
মোট পরিবর্তনশীল আয়	০
সর্বমোট আয়	**$৩৫০**

ব্যয়	
দরকারী খরচ (প্রয়োজন)	
পারিবারিক বাজেটে অবদান	$২৫০
প্রশাধনী সামগ্রী	$১০
মোবাইল ডাটা	$৩০
অন্যান্য অতিরিক্ত (খাদ্য, টাকা পাঠানোর খরচ, অন্যান্য)	$২০
মোট (প্রয়োজন)	**$৩১০**
ঐচ্ছিক ব্যয় (চাহিদা)	
ছুটির দিনে অন্যান্য খরচ	$২০
মোট (চাহিদা)	**$২০**
মোট ব্যয়	**$৩৩০**

আয় বিয়োগ ব্যয় (সঞ্চয়)	**$২০**

প্রশ্ন

- আপনি কি ইতিমধ্যে একটি বাজেট তৈরি করেছেন?

☐ হ্যাঁ ☐ না

- যদি আপনি তৈরি করে থাকেন, তবে আপনি কি এটি লিখে রেখেছেন নাকি শুধুমাত্র মনে রেখেছেন?

☐ লিখিত ☐ মনে রাখা

সংজ্ঞা

বাজেট হলো সিদ্ধান্ত নেওয়ার, পরিকল্পনা করার এবং আপনার লক্ষ্য অর্জনের জন্য আপনার অর্থ ব্যবহার করার একটি হাতিয়ার।

⚠ গুরুত্বপূর্ণ: **যদি আপনার ভাল না লাগে বা এই মুহূর্তে কিছুটা দুঃখ বোধ করেন, তাহলে সেই সময়ে বাজেট তৈরি করা একটি চাপের কাজ হতে পারে। আপনার প্রিয়জন বা আপনি যাকে বিশ্বাস করেন তার সাথে আপনার কেমন লাগছে সে সম্পর্কে কথা বলুন এবং আস্তে আস্তে আপনার বাজেট করা শুরু করার জন্য সমর্থন খোঁজার চেষ্টা করুন। আপনার নিজের উপর চাপ বাড়াবেন না!**

অনুশীলনী

আপনি প্রশিক্ষণের সময় দেখেছেন কিভাবে সালমা এবং তার পরিবার তাদের বাজেট তৈরি করে। এখন আপনার পালা! আপনার নিজের বাজেট তৈরি করুন!

সাবধান! সারণীর নীচে "আয়-ব্যয়" লাইনটি অবশ্যই ইতিবাচক হতে হবে। যদি তা না হয়, তাহলে এর মানে হল যে আপনার কাছে পর্যাপ্ত আয় নেই এবং আপনার কাছে খরচ করার পর্যাপ্ত অর্থ নেই। এর আরো অর্থ হল আপনার লক্ষ্য অর্জনের জন্য সঞ্চয় করার জন্য আপনার কাছে কোন অর্থ নেই।

আপনি যদি আগামী কয়েক মাসের মধ্যে বড় খরচের পূর্বাভাস পান, আপনি যখনই পারেন কিছু অর্থ সঞ্চয় শুরু করুন, যাতে আপনি এই বড় খরচ বহন করতে পারেন এবং আপনার বাজেটের মধ্যে থাকতে পারেন।



প্রশিক্ষণ সহায়িকা খ.৩.৫

আমার বাজেট

আমার বাজেট

আয়ের উৎস	পরিমাণ
নির্ধারিত আয়	
মোট নির্ধারিত আয়	
পরিবর্তনশীল আয়	
মোট পরিবর্তনশীল আয়	
সর্বমোট আয়	

ব্যয়	
দরকারী খরচ (প্রয়োজন)	
পানি, বিদ্যুৎ	
খাদ্য	
যাতায়াত	
স্বাস্থ্যসেবা/ঔষধ	
যোগাযোগ (টেলিফোন এবং ইন্টারনেট)	
ঋণ পরিশোধ	
মোট (প্রয়োজন)	
মোট (প্রয়োজন)	
ঐচ্ছিক ব্যয় (চাহিদা)	
মোট (চাহিদা)	
মোট ব্যয়	

আয় বিয়োগ ব্যয় (সঞ্চয়)	

সালমার কেস নিয়ে চলুন আরো আলোচনা করি



কেস স্টাডি নং ৭

সালমার পারিবারিক বাজেট - পর্ব ৩

মনে হচ্ছে সালমার পরিবার কিছু সমস্যার সম্মুখীন হয়েছে। যদিও তারা সাবধানে তাদের বাজেট পরিকল্পনা করেছিল, এই মাসে অবস্থা ভাল দেখাচ্ছে না। পারিবারিক বাজেটে সালমার অবদান একই আছে, তবে আয়ের পরিবর্তনশীল উৎস পরিবর্তিত হয়েছে। খামারে সমস্যার কারণে মোহাম্মদ এবং সালমার বাবা দুজনকেই প্রতিশ্রুতি অনুযায়ী কাজ দেওয়া হয়নি। তাদের উভয়ের আয় ছিল ৭০ ডলার। সালমার বোনের আয় কোভিড-১৯ বিধিনিষেধের দ্বারা প্রভাবিত হয়েছে, তাই সে শুধুমাত্র ২০ ডলার আয় করতে পেরেছিল, কারণ করোনা পজিটিভের কারণে মাসের অর্ধেক সময় বাজার বন্ধ ছিল।

বাড়িতে বসে থেকে অনেক সময় কাটানোয় এ মাসে তাদের খরচ বেড়ে যায়। তাদের বিদ্যুৎ এবং পানির বিল বেড়ে হয়েছে ৪০ ডলার। তার উপরে, খাদ্যের খাটতি ও দাম বৃদ্ধির কারণে এবং তারা বাড়িতে বেশি সময় থাকার কারণে তাদের খাদ্য খরচও বেড়ে হয়েছে ১৮০ ডলার।

নোট



প্রশিক্ষণ সহায়িকা খ.৩.৬

চরিত্রের সামঞ্জস্যপূর্ণ বাজেট

সালমার পারিবারিক বাজেট

আয়ের উৎস	পরিমাণ
নির্ধারিত আয়	
সালমার বেতন থেকে অবদান (রপ্তানী কারখানা)	$২৫০
মোট নির্ধারিত আয়	**$২৫০**
সর্বমোট আয়	
দৈনিক কৃষি দিনমজুর হিসেবে বাবার আয়	$৭০
দৈনিক কৃষি দিনমজুর হিসেবে মোহাম্মদের আয়	$৭০
বাজার থেকে বোনের আয়	$২০
মোট পরিবর্তনশীল আয়	**$১৬০**
সর্বমোট আয়	**$৪১০**

ব্যয়	
দরকারী খরচ (প্রয়োজন)	
বিদ্যুৎ ও পানি	$৪০
খাদ্য	$১৮০
যাতায়াত	$৩০
স্বাস্থ্যসেবা/ ঔষধ	$২০
যোগাযোগ (টেলিফোন ও ইন্টারনেট)	$৫০
ঋণ পরিশোধ	$৩০
মোট (প্রয়োজন)	**$৩৫০**
ঐচ্ছিক ব্যয় (চাহিদা)	
বাড়ি নির্মাণের জন্য সরঞ্জামাদি	$১০০
মোট (চাহিদা)	**$১০০**
মোট ব্যয়	**$৪৫০**

আয় বিয়োগ ব্যয় (সঞ্চয়)	**$-৪০**

মূল বার্তা

- আপনার আয় ব্যবস্থাপনার জন্য ব্যবহৃত একটি সরঞ্জাম হলো - বাজেট।
- আপনার বাজেট তৈরি করার জন্য আপনাকে আপনার আয় এবং ব্যয়ের হিসাব করতে হবে। এই হিসাবের মাধ্যমে, আপনি আপনার সঞ্চয় ক্ষমতা সংজ্ঞায়িত করতে পারেন, অর্থাৎ আপনি প্রতি মাসে কতটা আলাদা করে রাখতে পারেন।
- জরুরি অবস্থা বা আপনার আর্থিক পরিস্থিতির পরিবর্তনের ক্ষেত্রে, আপনাকে আপনার বাজেট সামঞ্জস্য করতে হবে যাতে আপনার সমস্ত খরচ কভার করতে পারেন এবং আপনার লক্ষ্যগুলির জন্য সঞ্চয় করতে সক্ষম হন।
- একটি বাজেট আপনাকে কীভাবে আপনার অর্থ ব্যয় করবেন এবং আপনার লক্ষ্যে পৌঁছানোর জন্য সঞ্চয় করবেন সেবিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে।




৪. গতিপথ ধরে রাখুন এবং আপনার বাজেটের মধ্যে থাকুন

কেস স্টাডি নং ৮

সালমার বাজেট ব্যবস্থাপনা

গত মাসে সালমা তার বাবা-মাকে আবার বুঝিয়ে বলে যে কত টাকা সে পাঠাতে পারবে। গতকাল সালমা তার পরিবারের কাছ থেকে একটি ফোন কল পায়: তার বাবা-মা তাকে আরও টাকা পাঠাতে বলেছিলেন কারণ সেখানে তারা একটি বড় ঝড়ের কবলে পড়েছিলেন এবং তাদের বাড়ির ছাদ অবিলম্বে মেরামত করা দরকার। সালমা ইতস্তত বোধ করে: তার মনে আছে যে সে ইতিমধ্যেই তার পরিবারকে তাদের বাজেটে অনুমোদিত পরিমাণ টাকা পাঠিয়েছে। সে তাদের আরও টাকা পাঠাবে কিনা তা নিয়ে অনিশ্চিত কারণ এর অর্থ হল তার বেশিরভাগ স্থানীয় সঞ্চয় জর্ডানে ব্যবহার করা।

সে তার পরিবারের সাথে কথা বলে এবং তাদের অনুরোধ করেছিল যেন তারা বাংলাদেশের স্থানীয় অ্যাকাউন্টে থাকা সঞ্চয় ব্যবহার করে, কারণ সে এবার জর্ডান থেকে বেশি টাকা পাঠাতে পারবে না।







কেস স্টাডি নং ৯

মালাকের বাজেট ব্যবস্থাপনা

গত মাসে মালাক বুঝতে পেরেছিল যে তার টাকায় টানাটানি হচ্ছে, এবং সর্বদা তার ব্যয়ের দিকে নজর রাখা উচিত। গতকাল মালাকের কাছে তার চাচাতো বোন হায়া ফোন করে। তার মেয়ে গুরুতর অসুস্থ এবং দামি ওষুধের প্রয়োজন হওয়ায় তিনি কিছু টাকা ধার চাইছেন। মালাক ইতস্তত বোধ করে, তার মনে পড়ে যে তার বাজেটে কোনো অতিরিক্ত টাকা নেই। এসব ভাবতে ভাবতে তার মনে পড়ল তার চাচাত বোন তাকে আগে এতবার সাহায্য করেছে যে সে অস্বীকার করতে পারেনা। সেই সপ্তাহের পরে, মালাকের ফোনে সমস্যা শুরু হয়। মালাকের কাছে এটি মেরামত করার জন্য পর্যাপ্ত অর্থ ছিল না এবং হায়ার কাছে তখনও তাকে ধারের টাকা ফেরত দেওয়ার মতো টাকা ছিল না। মালাককে তার বন্ধু আয়েশার কাছ থেকে টাকা ধার করতে হয়েছিল।

প্রশ্ন

- মালাক তার বাজেটের মধ্যে থাকার জন্য কী করেছিল?

আপনার বাজেটের মধ্যে থাকা নিশ্চিত করার অনেক উপায় রয়েছে। আপনি মালাকের মত একটি স্প্রেডশীট (টালি খাতা) ব্যবহার করতে পারেন, অথবা অন্য অনেকের মত এ্যাপ ব্যবহার করতে পারেন!

চলুন জেনে নেই আপনার বাজেটের মধ্যে থাকার উপায়।

⚠ গুরুত্বপূর্ণ: **যখন খারাপ সময় যাচ্ছে তখন রুটিন মেনে চলা মানসিক স্বাস্থ্য ভাল রাখার জন্য ভাল হতে পারে। আপনার বাজেটের গতিপথ ধরে রাখা আপনার বাজেটের মধ্যে থাকার ক্ষেত্রে আপনি কীভাবে আগাচ্ছেন তা পরীক্ষা করার জন্য এবং ফোকাস রাখার জন্য একটি ভাল অনুশীলন হতে পারে।**

নোট

প্রশিক্ষণ সহায়িকা খ.৪.১

আয় ট্রাকিং শীট

আয় ট্রাকিং শীট

নাম: _____

মাস: _____

বছর:

তারিখ	আয়ের উৎসের বিবরণ	আয়ের পরিমান
	মোট আয়	

প্রশিক্ষণ সহায়িকা খ.৪.২

ব্যয় ট্রাকিং শীট

ব্যয় ট্রাকিং শীট

নাম: _____


মাস: _____

বছর:

তারিখ	খরচের আইটেমের নাম	ব্যয়ের পরিমান	পরিকল্পিত অথবা অপরিকল্পিত	
			হ্যা	না
			☐	☐
			☐	☐
			☐	☐

আপনার বাজেটের মধ্যে থাকার জন্য পরামর্শ

- আপনি যা ব্যয় করার পরিকল্পনা করেছেন তা প্রায়ই নিজেকে মনে করিয়ে দিন।
- অপ্রত্যাশিত ব্যয়ের প্রয়োজনের জন্য বাজেটে কিছু বরাদ্দ রাখুন।
- সঞ্চয়গুলোকে নাগালের বাইরে রাখুন যাতে আপনি সেগুলি ব্যয় করতে না পারেন।
- আপনি যা ব্যয় করেন তার হিসাব রাখুন।
- নিশ্চিত করুন যে আপনি বাজেটের চেয়ে বেশি ব্যয় করবেন না।
- আপনি যদি একটি জিনিসের জন্য বেশি ব্যয় করেন তবে অন্য কিছুতে কম ব্যয় করুন।
- পরিকল্পিত খরচ কমানোর উপায়গুলির একটি তালিকা তৈরি করুন।
- পরিবারকে উন্নয়ন কাজে অংশ নিতে এবং বাজেট মেনে চলতে বলুন।





প্রশিক্ষণ সহায়িকা খ.৪.৩

সালমার পরিবারের লেনদেন কার্ড

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১ তারিখে সালমা মাসিক বেতন পায়। সে বাড়িতে ২৫০ ডলার পাঠিয়ে দেয়।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১ তারিখে সালমার বাবা গতমাসের কাজ করা দিনগুলোর বেতন পায়। সে ৮০ ডলার পায়।



সালমার পরিবার

ফেব্রুয়ারির ১ তারিখে সালমার ভাই মোহাম্মদ গতমাসের কাজ করা দিনগুলোর বেতন পায়। সে ৮০ ডলার পায়।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১ তারিখে সালমার বোন বাজার থেকে প্রাপ্ত আয়ের হিসাব করে। মোট ৪০ ডলার।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১ তারিখে তারা বিদ্যুৎ ও পানির বিল ৩০ ডলার পরেশোধ করে।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১ তারিখে তারা পুরো মাসের খাবার খরচের জন্য ১৫০ ডলার আলাদা খামে রেখে দেয়।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ২ তারিখে তারা পুরো মাসের যাতায়াত খরচের জন্য ৩০ ডলার আলাদা খামে রেখে দেয়।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১০ তারিখে ঔষধের জন্য তারা ২০ ডলার পরিশোধ করে।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১২ তারিখে তারা মোবাইলে রিচার্জ করে, ৫০ ডলার খরচ হয়।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১৫ তারিখে তারা বাইক কেনার জন্য যে ঋণ করেছিল সেজন্য ৩০ ডলার পরিশোধ করে।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১ তারিখে তারা পরিকল্পনা অনুযায়ী বাড়ি নির্মাণের সরঞ্জামাদি কেনার জন্য ১০০ ডলার ব্যয় করে।

সালমার পরিবার

ফেব্রুয়ারির ১৫ তারিখে ওয়াটার হিটার মেরামতের জন্য সালমার পরিবার ২০ ডলার খরচ করে।

অনুশীলনী

আপনি আয় এবং ব্যয় নিরীক্ষণ করতে "আয় এবং ব্যয় ট্র্যাকিং শীট" নামে উপরের দুটি শীট ব্যবহার করতে পারেন। সালমা এবং তার পরিবারের সাথে কি ঘটেছে তা দেখা যাক।

আয় ট্র্যাকিং শীট


নাম : সালমার পরিবার
মাস : ফেব্রুয়ারি
বছর : ২০২২

তারিখ	আয়ের উৎসের বর্ণনা	আয়ের পরিমান
১.২.২২	সালমার বাবার আয়	৮০
১.২.২২	সালমার অবদান	২৫০
১.২.২২	মোহাম্মদের অবদান	৮০
১.২.২২	সালমার বোনের আয়	৪০
মোট আয়		৪৫০

ব্যয় ট্র্যাকিং শীট


নাম : সালমার পরিবার
মাস : ফেব্রুয়ারি
বছর : ২০২২

তারিখ	খরচের আইটেমের নাম	ব্যয়ের পরিমান	পরিকল্পিত অথবা অপরিকল্পিত	
			হ্যা	না
১.২.২২	বিদ্যুৎ ও পানি	৩০	☒	☐
১.২.২২	খাদ্য খরচ	১৫০	☒	☐
১.২.২২	যাতায়াত	৩০	☒	☐
১০.২.২২	ঔষধ	২০	☒	☐
১২.২.২২	মোবাইল ফোন	৫০	☒	☐
১৫.২.২২	ঋণ	৩০	☒	☐
১৫.২.২২	বাড়ির নির্মাণ সামগ্রী	১০০	☒	☐
১৫.২.২২	ওয়াটার হিটার মেরামত	২০	☐	☒
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
মোট ব্যায়		৪৩০		
মোট আয়		৪৫০		
সঞ্চয় (= আয় – ব্যয়)		২০		



এবার আপনার পালা।

এই মডিউলের শেষে সংযুক্তি এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্টসে আপনি আয় এবং ব্যয় ট্র্যাকিং শীট পাবেন যা আপনি আপনার নিজের আয় এবং ব্যয় ট্র্যাক করতে ব্যবহার করতে পারেন। এইভাবে আপনি আপনার বাজেটের মধ্যে থাকবেন এবং আপনি শেষ পর্যন্ত আপনার লক্ষ্যে পৌঁছাবেন।



মূল বার্তা

- আপনি যা ব্যয় করার পরিকল্পনা করেছেন তা প্রায়ই নিজেকে মনে করিয়ে দিন।
- অপ্রত্যাশিত খরচের প্রয়োজনে বাজেটে কিছু রাখুন।
- পরিবারকে উন্নয়নে এবং বাজেট মেনে চলতে অংশগ্রহণ করান।
- আপনাকে আপনার মোট আয় জানতে হবে। কিভাবে আপনি কত টাকা আয় করবেন তা আগে জানতে পারা খরচের জন্য অগ্রিম পরিকল্পনা করতে পারবেন। আপনাকে আপনার মোট খরচের পরিমাণও জানতে হবে। আপনার বাজেট নিয়ন্ত্রণ করা গুরুত্বপূর্ণ, যখন আপনি দেখতে পান যে প্রত্যাশার চেয়ে আপনি আরও বেশি ব্যয় করেছেন, আপনি খরচের সমন্বয় করতে পারেন

⚠ সাবধান!: **আপনার যদি অনিয়মিত আয় থাকে, যার অর্থ প্রতি মাসে আপনি ভিন্ন ভিন্ন পরিমাণ উপার্জন করেন, সেক্ষেত্রে আপনি গড় আয় ব্যবহার করে আপনার বাজেট তৈরি করতে পারেন এবং তারপর যখন আপনি কম উপার্জন করেন তার সাথে ভারসাম্য বজায় রাখতে আপনি যখন বেশি উপার্জন করেন তখন সঞ্চয় করতে পারেন ।**

৫. আপনার আর্থিক রেকর্ড



কেস স্টাডি নং ১০

প্রিশা কিছু রসিদ ফেলে দেয়

প্রিশা স্থানীয় একটি দোকান থেকে ক্রেডিট দিয়ে কেনাকাটা করে। প্রতিবার সে যখন কেনাকাটা করে, দোকানদার তাকে দোকানে খরচের হিসাব রাখার জন্য একটি রসিদ দেয়। প্রিশা রসিদগুলি সংরক্ষণ করার কোন দরকার মনে করে না, কারণ সে সবসময় তার ডায়েরিতে লিখে রাখে যে সে কত টাকা খরচ করেছে। মাসের শুরুতে একদিন যখন দোকানদারের কাছে তার পাওনা শোধ করতে যায়, তখন প্রিশার ডায়েরিতে যা লেখা ছিল দোকানদার তার চেয়ে ৮ ডলার বেশি চায়। সে দোকানদারকে বলে যে হিসাবে একটা ভুল আছে। দোকানদার দাবি করেন যে সেখানে কোন ভুল নেই এবং প্রমাণ হিসাবে তিনি তাকে যে রসিদ দিয়েছেন তা চাইলে আবার যোগ করতে পারে। যখন প্রিশা দোকানদারকে বলে যে, সে কখনই রসিদ রাখে না, দোকানদার তাকে বলে যে তাকে মোট টাকাই দিতে হবে। এসব রসিদ না রাখায় প্রিশার মন খারাপ।



কেস স্টাডি নং ১১

মালাক কিছু বিল খুঁজে

মালাক এবং তার পরিবার প্রতি মাসের শেষে তাদের বাড়ির বিদ্যুৎ বিল পাওয়ার পর, মালাক বিদ্যুৎ কোম্পানির কাছে বিল পরিশোধ করতে যায়। একদিন সে আবিষ্কার করে যে তাদের বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেছে! খুব রাগান্বিত হয়ে সে অভিযোগ জানাতে কোম্পানির অফিসে যায়। অফিসের একজন কর্মচারী তাকে জানায় যে তিনি গত ২ মাস ধরে বিল পরিশোধ করেননি। মালাক নিশ্চিত যে সে বিল পরিশোধ করেছে। যাইহোক, যখন তারা মালাকের কাছে তার বিল প্রদানের প্রমাণ চেয়েছিল (বিলে "পেইড" সিল মারা), সে বুঝতে পারে সে কাগজটি ফেলে দিয়েছে। মালাক এখনও জোর দিয়ে বলেন যে সে গত দুই মাস ধরে টাকা প্রদান করেছে, কিন্তু কর্মচারী উত্তর দেয় যে কখনও কখনও কম্পিউটার সিস্টেমে ঝামেলা হয়, এবং একমাত্র সমাধান হল রসিদ করা বিল (বিলে "PAID" স্ট্যাম্পযুক্ত)। এখন তাকে কেবল গত দুই মাসের জন্য নয়, বিদ্যুৎ সরবরাহের পুনরায় সংযোগের জন্যও টাকা দিতে হবে। এই অতিরিক্ত খরচের জন্য সে কোনো ব্যবস্থা করেননি। সে খুব চিন্তিত এবং টাকা ধার করা ছাড়া অন্য কোন বিকল্প দেখতে পায় না যাতে সে বিলটি পরিশোধ করতে পারেন।

⚠ গুরুত্বপূর্ণ: **আপনার যদি খুব উদ্বেগ থাকে তবে আপনি আপনার ব্যাংক অ্যাকাউন্ট, ডিজিটাল ওয়ালেট অ্যাকাউন্ট চেক করা বা এমনকি আপনার খরচ পর্যালোচনা করাকে আপনি মনে করতে পারেন এমন কাজ হিসাবে যা আপনাকে আরও চাপ এবং অস্বস্তি বাড়িয়ে দিতে পারে। তবে মনে রাখবেন: এটিকে উপেক্ষা করা বা টাকার কথা না ভাবলে ভবিষ্যতে বিষয়গুলি আরও খারাপ হতে পারে।**

প্রশিক্ষণ সহায়িকা খ.৪.১

আয় ট্রাকিং শীট

আমার আয় ট্রাকিং শীট

নাম: _____

মাস: _____

বছর:

তারিখ	আয়ের উৎসের বিবরণ	আয়ের পরিমান

প্রশিক্ষণ সহায়িকা খ.৪.২

ব্যয় ট্রাকিং শীট



আমার ব্যয় ট্রাকিং শীট

নাম: _____


মাস: _____

বছর:

তারিখ	খরচের আইটেমের নাম	ব্যয়ের পরিমান	পরিকল্পিত অথবা অপরিকল্পিত	
			হ্যা	না
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐
			☐	☐

মোট ব্যায়	
মোট আয়	
সঞ্চয় (= আয় – ব্যয়)	

৬. ডিজিটাল মাধ্যমে নিরাপদে আপনার মজুরি গ্রহণ, অ্যাক্সেস এবং ব্যবহার করুন



গুরুত্বপূর্ণ:

- একজন কর্মী হিসাবে, আপনার মজুরি নগদ টাকায় নাকি ডিজিটালভাবে কোনভাবে প্রদান করা হবে সে সম্পর্কে আপনার সর্বদা একটি বক্তব্য থাকা উচিত, যদি না:
  - সেদেশে মজুরি প্রদানের পদ্ধতি নির্ধারণ করে আইন থাকে বা
  - যৌথ দরকষাকষি চুক্তি থাকে; অর্থাৎ আপনার নিয়োগকর্তা এবং আপনার ট্রেড ইউনিয়নের মধ্যে সেই বিষয়ে একটি চুক্তি থাকে।
- পরিস্থিতি কী তা আপনি নিশ্চিত না হলে, আপনার নিয়োগকর্তা, আপনার ট্রেড ইউনিয়ন বা শ্রমিকদের প্রতিনিধিদের সাথে এই বিষয়ে কথা বলতে ভুলবেন না।
- যদি আপনার কারখানা ইতিমধ্যেই ডিজিটালভাবে মজুরি পরিশোধ করে থাকে বা এটি করার কথা ভাবছে, তাহলে আপনাকে সবসময় বলতে হবে যে আপনার টাকা একটি ব্যাংক অ্যাকাউন্ট, মোবাইল মানি অ্যাকাউন্ট বা প্রি-পেইড কার্ডে প্রদান করাকে পছন্দ করেন কিনা।
- যদি আপনার ইতোমধ্যেই একটি অ্যাকাউন্ট থাকে অথবা সেবাপ্রদানকারী বিভিন্ন প্রতিষ্ঠান থাকে, তাহলে সবচেয়ে সুবিধাজনক একটি নির্বাচন করার আগে তারা যে বিভিন্ন শর্ত এবং ফি কর্তন করে তা বিশদভাবে বুঝতে ভুলবেন না। আপনার কারখানা কতটা এই খরচগুলিকে কভার করতে পারে তা আপনার নিয়োগকর্তার উপর নির্ভর করবে। আপনার নিয়োগকর্তার সাথে কথা বলতে আত্মবিশ্বাসী থাকুন!

আপনার ডিজিটাল মজুরি অ্যাক্সেস পাওয়ার ও ব্যবহার করার সুবিধা

সুবিধাদি	অসুবিধা
• দ্রুত (মজুরি পেতে লাইনে দাড়ানোর প্রয়োজন নেই)	• ফি (অ্যাকাউন্ট খুলতে, টাকা ক্যাশ আউট, ট্রান্সফার)
• নিরাপদ (ক্ষতি, চুরি, ইত্যাদি ঝুঁকি হ্রাস)	• এটিএম-এর সহজলভ্যতা কম
• পরিবার/বন্ধু/সহকর্মীদের টাকা দেওয়ার চাপ কম	• এটিএমগুলি সঠিকভাবে কাজ করে না (বিদ্যুৎ নাই, নগদ টাকা নেই)
• অপ্রয়োজনীয় আইটেমগুলিতে খরচ করার প্রলোভন হ্রাস করে (শুধুমাত্র প্রয়োজনীয় পরিমাণ উত্তোলন করুন)	• আমার বাসা বা কর্মস্থলের কাছে ডিজিটাল পেমেন্ট করা সম্ভব নয়
• সঞ্চয় করা সহজ	• অপারেটিং সিস্টেম এবং গ্রাহক পরিষেবা আমার ভাষায় লভ্য নয়
• অন্যান্য আর্থিক পরিষেবাগুলি অ্যাক্সেস করতে সাহায্য করতে পারে (সঞ্চয়, ক্রেডিট, স্থানান্তর, অর্থপ্রদান)	
• মজুরি প্রদানের প্রমাণ থাকে	
• ব্যক্তিগত আর্থিক ব্যবস্থাপনার সুবিধা দেয় (আর্থিক রেকর্ডগুলিতে সহজ অ্যাক্সেস)	

কেস স্টাডি নং ১২।

মোবাইল মানি অ্যাকাউন্টে প্রদত্ত মজুরির অ্যাক্সেস

দেবী	হ্যালো জানা, আমি জানি আপনি কারখানায় হিসাবরক্ষকের কাজ করেন। এই মাসে আমার মজুরি কবে পাব তা কি আপনি আমাকে বলতে পারবেন?
জানা	হ্যালো দেবী, অবশ্যই, আজ সকালে সমস্ত মজুরি দেওয়া হয়েছে। কিন্তু মনে রাখবেন, আপনি আর নগদ টাকায় আপনার মজুরি পাবেন না। এটি আপনার মোবাইল মানি অ্যাকাউন্টে দেওয়া হয়েছে।
দেবী	ওহ, ভুলে গেছি!
জানা	ঠিক আছে, এই প্রথম আপনি মজুরি এইভাবে নিচ্ছেন।
দেবী	আপনি কি আমাকে মনে করিয়ে দিতে পারেন যে এটি এখন কীভাবে কাজ করে?
জানা	হ্যাঁ, পারব। আপনার প্রথম যে জিনিসটি প্রয়োজন তা হল আপনার ফোন।
দেবী	ঠিক আছে এই আমার ফোন। আমার কি করা উচিৎ?
জানা	প্রথমে আপনার মোবাইল মানি অ্যাপের মেসেজ চেক করুন। আমি মনে করি আপনি এটি ইতিমধ্যেই ডাউনলোড করেছেন এবং আপনাকে অর্থ প্রদান করা হয়েছে সে সম্পর্কে একটি মেসেজ পাওয়ার কথা।
দেবী	ওহ হ্যাঁ, আমি গত সপ্তাহে অ্যাপটি ডাউনলোড করেছি। আমি এখন দেখছি যে আমার মোবাইল মানি অ্যাপ থেকে একটি মেসেজ এসেছে যে আমি আমার মজুরি পেয়েছি। এখন আমি কি করব?
জানা	আপনাকে আপনার মোবাইল মানি অ্যাপে সাইন ইন করতে হবে।
দেবী	ঠিক আছে, আমি আমার মোবাইল মানি অ্যাপে আমার পিন (পাসওয়ার্ড) টাইপ করেছি।
জানা	দুর্দান্ত, এখন আপনাকে কেবল উত্তোলন করতে হবে এবং আপনার মোবাইল মানি অ্যাকাউন্ট থেকে যে পরিমাণ টাকা তুলতে চান তা টাইপ করতে হবে। মনে রাখবেন যে আপনাকে আপনার পুরো মজুরি উত্তোলন করতে হবে না। আপনার এখন যে পরিমাণ প্রয়োজন তা তুলে নিন এবং বাকিটা আপনার ডিজিটাল অ্যাকাউন্টে সুরক্ষিত রাখুন।
দেবী	ঠিক আছে, আপনি ঠিকই বলেছেন। আমি শুধুমাত্র এয়ারটাইম এবং প্রসাধন সামগ্রী কেনার জন্য আমার প্রয়োজনীয় অর্থ উত্তোলন করব। আমি আমার উত্তোলন নিশ্চিত করেছি এবং আমি দেখতে পাচ্ছি যে আমি এইমাত্র অ্যাপ থেকে আরেকটি মেসেজ পেয়েছি।
জানা	দারুণ। এখন কাজের পরে আপনি সেই মেসেজটি মোবাইল মানি এজেন্ট বা এক্সচেঞ্জ হাউসে নিয়ে যেতে পারেন, আপনি তাদের সেই বার্তাটি দেখান এবং তারা আপনাকে আপনার টাকা দেবে।
দেবী	ওহ, এটা কি সহজ? এটা সত্যি যে কারখানার পাশেই মোবাইল মানি এজেন্ট আছে?
জানা	হ্যা। যেহেতু অনেক শ্রমিক এখন ডিজিটালভাবে বেতন পাচ্ছেন, কারখানার পাশের মুদি দোকানটিও এখন মোবাইল মানি এজেন্ট। সেখানে আপনি সহজেই আপনার টাকা তুলতে পারবেন।
দেবী	চমৎকার জানা। ভাল। অনেক ধন্যবাদ।

কেস স্টাডি নং ১৩

টিএম-এর মাধ্যমে প্রি-পেইড কার্ডে দেওয়া মজুরি অ্যাক্সেস করা

ঈশান	হ্যালো ফাতিমা, আমি জানি আপনি ফ্যাক্টরিতে হিসাবরক্ষকের কাজ করেন। এই মাসে আমার মজুরি কবে পাব তা কি আপনি আমাকে বলতে পারবেন?
ফাতিমা	হ্যালো ঈশান, অবশ্যই, আজ সকালে সমস্ত মজুরি দেওয়া হয়েছে। কিন্তু মনে রাখবেন, আপনি আর নগদ টাকায় আপনার মজুরি পাবেন না। এটি আপনার ব্যাংক অ্যাকাউন্টে দেওয়া হয়েছে।
ঈশান	হ্যাঁ, আমি এটা জানি। কিন্তু ব্যাংক অ্যাকাউন্ট থেকে কীভাবে টাকা পাব তা নিয়ে আমি কিছুটা বিভ্রান্ত।
ফাতিমা	ঠিক আছে, আপনি যখন আপনার কষ্টার্জিত অর্থ অন্যভাবে পেতে শুরু করেন তখন এটি স্বাভাবিক।
ঈশান	আপনি কি আমাকে প্রথমে মনে করিয়ে দিতে পারেন কিভাবে আমি পরীক্ষা করে দেখব যে আমার ব্যাংক অ্যাকাউন্টে টাকা আছে কিনা।
ফাতিমা	হ্যাঁ, পারব। আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিসটি হল আপনার ব্যাংক কার্ড। আমি ধরে নিচ্ছি আপনি এটি কয়েক সপ্তাহ আগে একটি খামে পেয়েছেন।
ঈশান	হ্যাঁ, আমি আসলে তিনটি খাম পেয়েছি। একটি ব্যাংকের সমস্ত কাগজপত্র সহ, একটি ব্যাংক কার্ড সহ এবং এক সপ্তাহ পরে আমি একটি পিন কোড পেয়েছি। আমি আমার সাথে সব আছে, কিন্তু তাদের সঙ্গে কি করতে হবে কোন ধারণা.
ফাতিমা	চমৎকার। আসুন একসাথে এটিএম-এ যাই এবং আমি আপনাকে প্রথমবারের মতো গাইড করব। নিরাপত্তার কারণে, এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি নিজে এটা শিখবেন।
	কয়েক মিনিট পরে
ঈশান	তো, আমি কি এখানে কার্ড ঢোকাবো?
ফাতিমা	হ্যাঁ, কার্ড ঢুকান। এটি আপনাকে আপনার পিন জিজ্ঞাসা করবে। আপনি যে পিন পেয়েছেন তা চাপতে ভুলবেন না। তাহলে আপনার কাছে কিছু অপশন থাকবে। এর মধ্যে একটি হবে ব্যালেন্স অনুসন্ধান, আরেকটি নগদ উত্তোলন এবং পিন পরিবর্তনের জন্য একটি।
ঈশান	হ্যাঁ, ঠিক। আমি সব দেখতে পাচ্ছি। আমি ব্যালেন্স ইনকোয়ারি চাপ দিয়েছি এবং টাকার পরিমাণটি আমার মজুরির সাথে মিলে যাচ্ছে। অন্যগুলো ক্রমানুসারে আছে মনে হচ্ছে।
ফাতিমা	দারুণ। তাই আগের স্ক্রিনে ফিরে যান এবং প্রত্যাহার মেনুতে প্রবেশ করুন।
ঈশান	ঠিক আছে। আমি আমার মজুরির কিছু অংশ তুলে নেব, তাই আমি সব খরচ করতে প্রলুব্ধ হই না! বাকিটা অ্যাকাউন্টে রেখে দেব।
ফাতিমা	দারুণ। মনে রাখবেন, আপনি প্রয়োজন মনে করলে আপনার পিন পরিবর্তন করতে পারেন অথবা আপনি একই পিনটি রেখে যেতে পারেন।
ঈশান	আজকের জন্য যথেষ্ট। আসলে, আমার কাছে থাকা পিনটি আমি পছন্দ করি তাই আমি এটি রাখব। এটা সহজ ছিল। অনেক ধন্যবাদ ফাতিমা।
ফাতিমা	আপনাকে স্বাগতম।

কেস স্টাডি নং ১৪

এটিএম-এর মাধ্যমে ব্যাংক অ্যাকাউন্টে দেওয়া মজুরি

নলিন	হ্যালো সামিয়া, আমি জানি আপনি ফ্যাক্টরিতে হিসাবরক্ষকের কাজ করেন। এই মাসে আমার মজুরি কবে পাব তা কি আপনি আমাকে বলতে পারবেন?
সামিয়া	হ্যালো নলিন, আজ সকালেই সব মজুরি দেওয়া হয়েছে। কিন্তু মনে রাখবেন, আপনি আর নগদে আপনার মজুরি পাবেন না। এটি আপনার পছন্দ অনুযায়ী একটি প্রি-পেইড কার্ডে প্রদান করা হয়েছিল।
নলিন	হ্যাঁ, আমি এটা জানি। কিন্তু আমি কীভাবে টাকা পেতে আমার কার্ড ব্যবহার করি তা নিয়ে আমি কিছুটা বিভ্রান্ত।
সামিয়া	ঠিক আছে, আপনি যখন আপনার কষ্টার্জিত অর্থ অন্যভাবে পেতে শুরু করেন তখন এটি স্বাভাবিক।
নলিন	আপনি কি আমাকে প্রথমে মনে করিয়ে দিতে পারেন কিভাবে আমি যাচাই করে দেখবো যে আমার প্রি-পেইড কার্ডে টাকা আছে কিনা।
সামিয়া	হ্যাঁ, পারব। আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিসটি হল আপনার প্রি-পেইড কার্ড। আমি ধরে নিচ্ছি আপনি এটি কয়েক সপ্তাহ আগে একটি খামে পেয়েছেন।
নলিন	হ্যাঁ, আমি আসলে তিনটি খাম পেয়েছি। একটি অনেক কাগজপত্র সহ, একটি প্রি-পেইড কার্ড সহ এবং এক সপ্তাহ পরে আমি একটি পিন কোড পেয়েছি। আমি আমার সাথে সব আছে, কিন্তু সেগুলো দিয়ে কি করতে হবে কোন ধারণা নেই।
সামিয়া	পারফেক্ট। আসুন একসাথে এটিএম-এ যাই এবং আমি আপনাকে প্রথমবারের মতো গাইড করব। নিরাপত্তার কারণে, এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি নিজে এটা শিখবেন।
	কয়েক মিনিট পরে
নলিন	তো, আমি কি এখানে কার্ড ঢোকাবো?
সামিয়া	হ্যাঁ, কার্ড ঢুকান। এটি আপনাকে আপনার পিন জিজ্ঞাসা করবে। আপনি যে পিন পেয়েছেন তা চাপতে ভুলবেন না। তাহলে আপনার কাছে কিছু অপশন আসবে। এর মধ্যে একটি হবে ব্যালেন্স অনুসন্ধান, আরেকটি নগদ উত্তোলন এবং আরেকটি পিন পরিবর্তনের জন্য।
নলিন	হ্যাঁ, ঠিক। আমি সব দেখতে পাচ্ছি। আমি ব্যালেন্স ইনকোয়ারি চেপেছি এবং টাকার পরিমাণটি আমার মজুরির সাথে মিলে গেছে। অন্যগুলো ক্রমানুসারে আছে মনে হচ্ছে।
সামিয়া	দারুণ। তাই আগের স্ক্রিনে ফিরে যান এবং প্রত্যাহার মেনুতে প্রবেশ করুন।
নলিন	ঠিক আছে। আমি আমার মজুরির কিছু অংশ তুলে নেব, তাই আমি সব খরচ করতে প্রলুব্ধ হই না! বাকিটা অ্যাকাউন্টে রেখে দেব।
সামিয়া	দারুণ। মনে রাখবেন, আপনি প্রয়োজন মনে করলে আপনার পিন পরিবর্তন করতে পারেন অথবা আপনি একই পিনটি রেখে যেতে পারেন।
নলিন	আজকের জন্য যথেষ্ট। আসলে, আমার কাছে থাকা পিনটি আমি পছন্দ করি তাই আমি এটি রাখব। এই সহজ ছিল। অনেক ধন্যবাদ সামিয়া।
সামিয়া	আপনাকে স্বাগতম।

মূল বার্তা

- যখন আপনাকে আপনার কাজের জন্য ডিজিটালভাবে অর্থ প্রদান করা হয়, তখন আপনি নগদ টাকায় কোনো মজুরি পাবেন না। মজুরি একটি অ্যাকাউন্ট বা একটি প্রি-পেইড কার্ডে যায় যা আপনি নিয়ন্ত্রণ করেন। সময়মতো মজুরি পাওয়ার এটি একটি নিরাপদ উপায়।

- ডিজিটাল মজুরি প্রদানের বিষয়ে আপনার নিজের পরিস্থিতি বোঝার জন্য আপনার নিয়োগকর্তা, আপনার ট্রেড ইউনিয়ন বা শ্রমিকদের প্রতিনিধিদের সাথে কথা বলা নিশ্চিত করুন। আপনার নিয়োগকর্তার সাথে কথা বলতে আত্মবিশ্বাসী থাকুন!

- যদি আপনার কারখানা ইতিমধ্যেই ডিজিটালভাবে মজুরি পরিশোধ করে থাকে, তাহলে আপনাকে বলতে হবে যে আপনি একটি ব্যাংক অ্যাকাউন্ট, মোবাইল মানি অ্যাকাউন্ট বা প্রি-পেইড কার্ডে অর্থ গ্রহণ করতে চান কিনা।

- ডিজিটালভাবে অর্থ প্রদানের অনেক সুবিধা থাকতে পারে: এটি দ্রুত, নিরাপদ, এটি সঞ্চয়কে সহজ করে তুলতে পারে এবং আপনাকে অন্যান্য আর্থিক পরিষেবাগুলিতে অ্যাক্সেস পেতে সাহায্য করতে পারে। এর কিছু অসুবিধাও থাকতে পারে: ফি, এটিএমএস/নগদ এজেন্টের অপ্রাপ্যতা এবং আপনার নিজের ভাষায় গ্রাহক পরিষেবার অপ্রাপ্যতা।

- ডিজিটাল আর্থিক অ্যাকাউন্টগুলি পরিচালনাকারী আনুষ্ঠানিক আর্থিক প্রতিষ্ঠানগুলির সাথে লেনদেন করার অর্থ হল আপনি এই প্রতিষ্ঠানগুলির নিয়ম ও প্রবিধান দ্বারা সুরক্ষিত।

- নিশ্চিত করুন যে আপনি আপনার বাজেট অনুযায়ী আপনার অ্যাকাউন্ট থেকে শুধুমাত্র আপনার প্রয়োজনীয় অর্থ তুলে নিচ্ছেন। এইভাবে আপনার বাজেটের মধ্যে নেই এমন কিছুতে আপনার অর্থ ব্যয় করার এবং আপনার লক্ষ্যগুলির কাছাকাছি যাওয়ার জন্য আরও বেশি সঞ্চয় করার সম্ভাবনা থাকবে।



নোট



গ

সঞ্চয় পদ্ধতি এবং পণ্য সম্পর্কে জানুন

FINANCIAL EDUCATION QUIZ

গ১. আপনার দৃষ্টিতে সঞ্চয় করার সেরা উপায় কি?

- ☐ **ক.** আমি আমার টাকা বাড়িতে রাখি কারণ এটি আরও সুবিধাজনক।
- ☐ **খ.** আমি আমার টাকা ব্যাংকে জমা রাখি কারণ এটি নিরাপদ।
- ☐ **গ.** আমার অনেক বন্ধু আছে বলে আমি তাদের কাছে পর্যায়ক্রমে আমার টাকা রাখি।
- ☐ **ঘ.** প্রতিটি পদ্ধতির সুবিধা এবং অসুবিধা আছে। আমার প্রয়োজনের জন্য সবচেয়ে উপযুক্ত পদ্ধতিটি বেছে নেওয়ার আগে আমি সেগুলি সাবধানে পর্যালোচনা করি।

গ২. আপনি কয়েক বছরের মধ্যে আপনার ব্যবসা চালু করতে চান, কোন সঞ্চয় অ্যাকাউন্ট আপনার জন্য সবচেয়ে উপযুক্ত?

- ☐ **ক.** একটি নিয়মিত সঞ্চয় অ্যাকাউন্ট।
- ☐ **খ.** একটি চুক্তিভিত্তিক সঞ্চয় অ্যাকাউন্ট।
- ☐ **গ.** একটি টাইম ডিপোজিট অ্যাকাউন্ট।

গ৩. একটি সঞ্চয় পদ্ধতি নির্বাচন করার সময় বিবেচনা করার মানদণ্ডগুলির মধ্যে একটি হল নিরাপত্তা।

- ☐ **ক.** সত্য
- ☐ **খ.** মিথ্যা

উত্তর: ১. ঘ; ২. গ; ৩. ক



১. একটি সঞ্চয় পদ্ধতি বেছে নিন!

এখন যেহেতু আপনি আপনার ব্যক্তিগত বাজেট (বা আপনার পারিবারিক বাজেট) তৈরি করেছেন, আপনি জানেন আপনি প্রতি মাসে কতটা সঞ্চয় করতে পারেন এবং আপনার প্রতিটি লক্ষ্যের জন্য আপনাকে কতটা সঞ্চয় করতে হবে।




প্রশিক্ষণ সহায়িকা গ.১.১

সঞ্চয় পদ্ধতি



সালমা তার বাসস্থানে ছোট একটা বাক্সে তার টাকার অংশ বিশেষ জমা রাখে।




দিয়া, অর্জুনের স্ত্রী, স্কুলের অন্যান্য শিক্ষকদের সাথে স্থানীয় ভিএসএলএ-তে তার অর্থ সঞ্চয় করে। তিনি সেখানে টাকা জমা রাখতে এবং তার দলের অন্যান্য মহিলাদের সাথে নিয়মিত দেখা করতে পছন্দ করেন।





৩

মালাক তার সঞ্চয়গুলি তার বাড়ির কাছাকাছি ব্যাংকে রাখতে পছন্দ করে, যাতে সে টাকা আলাদা করে রাখা টাকা খরচ করতে প্রলুব্ধ না হয়।



৪

প্রিশা তার সঞ্চয়ের বেশিরভাগই তার পরিবারের কাছে পাঠায়। যাইহোক, তিনি একই কারখানায় তার দেশের অন্যান্য শ্রমিকদের সাথে একটি গ্রুপ গঠন করেছেন এবং তারা তাদের মধ্যে একটি চক্রাকার সঞ্চয় এবং ঋণ প্রকল্প চালায়।


প্রশ্ন

- উপরের চরিত্রগুলো দ্বারা ব্যবহৃত সঞ্চয় পদ্ধতি কি কি?
- সেগুলো কি আনুষ্ঠানিক, আধা-আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক?
- প্রতিটি পদ্ধতি এর সুবিধা এবং অসুবিধা আছে। এই মডিউলের শেষে, অনুশীলনের উত্তর বিভাগে আপনি একটি টেবিল পাবেন যা প্রতিটি সঞ্চয় পদ্ধতির সুবিধা এবং অসুবিধাগুলিকে সংক্ষিপ্ত করে উল্লেখ করেছে।

মনে রাখবেন যে, টেবিলে আরও বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত করতে আপনি এই বিষয়ে চিন্তা করতে পারেন:

- **আপনার অর্থের নিরাপত্তা,**
- **আপনি যখন চান তখন আপনার টাকা তোলার সম্ভাবনা,**
- **আপনার টাকা তুলতে সম্ভাব্য বিলম্ব,**
- **অনেক বা সামান্য অর্থ সঞ্চয় করার সম্ভাবনা,**
- **আপনার সঞ্চয়ের বিপরীতে একটি ক্রেডিট পাওয়ার সম্ভাবনা,**
- **আপনার সঞ্চয়ে কিছু অর্থ (সুদ) উৎপন্ন করার সম্ভাবনা।**







⚠ **গুরুত্বপূর্ণ:** **একটি নিরাপদ সঞ্চয় পদ্ধতি বেছে নেওয়া আপনাকে আরও ভালো বোধ করতে সাহায্য করতে পারে। আপনি যদি আপনার অর্থের নিরাপত্তা নিয়ে ক্রমাগত চিন্তিত থাকেন, তাহলে এই দুশ্চিন্তা বন্ধ করার জন্য আপনার হাতে কোন সমাধান আছে তা ভাবুন।**

আপনার পালা!

আমি বেশ কয়েকটি সঞ্চয় পদ্ধতির সুবিধা এবং অসুবিধা জানি। আমার লক্ষ্য এবং আমার বাজেটের দিকে তাকিয়ে আমার মতে আমার প্রকল্পগুলির জন্য সেরা সঞ্চয় পদ্ধতি হল:

আমার লক্ষ্য	সঞ্চয় পদ্ধতি

মূল বার্তা

- সঞ্চয় জরুরি পরিস্থিতিতে নিরাপত্তা প্রদান করে।
- কিছু প্রয়োজন/জরুরি অবস্থার পূর্বাভাস আগে দেওয়া যেতে পারে, অন্য অনেকগুলো পূর্বাভাস দেয়া যায় না। ভবিষ্যতের প্রয়োজন বা প্রকল্পের জন্য সঞ্চয় আপনাকে পরিকল্পনা করতে সক্ষম করে।
- যখন সবকিছু ঠিকঠাক চলছে, তখন সঞ্চয় আপনাকে আপনার পছন্দের জিনিসগুলির জন্য পরিকল্পনা করতে সক্ষম করে।
- আপনার প্রয়োজনের জন্য সবচেয়ে উপযুক্ত একটি বেছে নেওয়ার জন্য আপনাকে বিভিন্ন সঞ্চয় পদ্ধতির সাথে পরিচিত হতে হবে।



২. আপনার সঞ্চয় পণ্য বুদ্ধিমত্তার সাথে নির্বাচন করুন

একটি সঞ্চয় পণ্য, উদাহরণস্বরূপ, একটি নিয়মিত সঞ্চয় অ্যাকাউন্ট যা পাঁচ বছর মেয়াদী ডিপোজিট অ্যাকাউন্ট ৪% সুদ পাওয়া

সংজ্ঞা

একটি সঞ্চয় পণ্য হল একটি সঞ্চয় পদ্ধতি যার বৈশিষ্ট্যগুলি হচ্ছে:

- *সুদের হার*
- *সঞ্চয় অ্যাক্সেস / উত্তোলনের নমনীয়তা*
- *সুবিধা এবং ব্যবহার সহজ*
- *একটি সেভিংস অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয়তা*
- *নিরাপত্তা*
- *সঞ্চয়ের খরচ (একটি অ্যাকাউন্ট খোলা, পরিচালনা বা বন্ধ করার জন্য, লেনদেন করার জন্য ফি)*
- *তারল্য*

এখানে আর্থিক প্রতিষ্ঠান প্রদত্ত তিনটি প্রধান সঞ্চয় পণ্য রয়েছে:

আপনি যখন আমানত করতে চান বা যেকোন সময় আপনার টাকা অ্যাক্সেস করতে চান তার জন্য নিয়মিত সেভিংস অ্যাকাউন্ট রয়েছে।

লক্ষ্যযুক্ত/চুক্তিমূলক সঞ্চয় অ্যাকাউন্টটি মানে হলো যখন আপনি একটি নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর জন্য একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ সঞ্চয় করতে চান (আবাসন, শিক্ষা, বিবাহ, ব্যবসা...)। মনে রাখবেন, মেয়াদের আগে উক্ত অ্যাকাউন্ট বন্ধ করা/উত্তোলন করা হয় নিষিদ্ধ অথবা জরিমানাযোগ্য।

আপনি যদি দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলির জন্য আপনার অর্থ বৃদ্ধি করতে চান তবে মেয়াদী (নির্দিষ্ট) আমানত অ্যাকাউন্টটি আপনার জন্য। (এখানে আপনি একটি নির্দিষ্ট টাকা জমা করেন যা আপনি নির্দিষ্ট সময়ের জন্য স্পর্শ না করার প্রতিশ্রুতি দেন)।

প্রতিটি পণ্যের সুবিধা এবং অসুবিধা রয়েছে (উদাহরণস্বরূপ, বিভিন্ন সুদের হার)। পরবর্তী পৃষ্ঠাগুলিতে আপনি এই প্রতিটি পণ্যের জন্য একটি করে তিনটি ব্রোশিওর পাবেন। এই মডিউলের শেষে, অনুশীলনের উত্তর বিভাগে আপনি একটি তুলনামূলক টেবিল পাবেন যাতে প্রতিটি ব্রোশিওর থেকে তথ্য সংক্ষিপ্ত সন্নিবেশিত আছে।



প্রশিক্ষণ সহায়িকা গ.২.১

নিয়মিত সেভিংস অ্যাকাউন্ট

নিয়মিত সঞ্চয় অ্যাকাউন্ট



আপনার টাকায় অ্যাক্সেস নিন
যেকোনো সময়

আপনার প্রয়োজনের সময় আপনার টাকা রাখার এবং তোলার একটি সহজ, সাধারণ এবং সুবিধাজনক উপায়। নিয়মিত সেভিংস অ্যাকাউন্ট আপনার টাকা ব্যবস্থাপনার ক্ষেত্রে নমনীয়তা প্রদান করে। জমা এবং উত্তোলনের জন্য ব্যাংককে আগে থেকে জানানোর দরকার নেই। আপনার মূলধন গ্যারান্টিড। এটি আপনাকে আপনার নিজস্ব গতিতে সময়ে সময়ে আপনার মূলধন তৈরি করতে সক্ষম করে।

সুবিধাদি

- একটি ঝুঁকিমুক্ত পণ্য
- আপনার সঞ্চয় নিরাপদ
- সুদের হার: ১%
- আপনি যে কোনো সময় টাকা জমা দিতে পারেন, আপনার ইচ্ছামত পরিমাণ
- পূর্ব ঘোষণা ছাড়াই আপনি যেকোনো সময় আপনার টাকা
- তুলতে পারবেন
- আপনার সমস্ত ব্যবস্থাপনা বিনামূল্যে
- অ্যাকাউন্ট খোলা এবং বন্ধ করার জন্য ফিস দিতে হয় না।
- সর্বনিম্ন জমা: ১০ ডলার
- জরুরি অবস্থার জন্য অভিযোজিত
- এটিএম থেকে টাকা জমা বা তোলার জন্য বিনামূল্যে কার্ড দেশের যেকোন এটিএম ব্যবহার করুন (এতে খরচ লাগতে পারে)

মেয়াদ:
উন্মুক্ত



প্রয়োজনীয়তা

- বৈধ আইডি (জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট বা অন্যান্য আইনি এবং বৈধ শনাক্তকরণ ফর্ম)
- বসবাসের প্রমাণপত্র

প্রশিক্ষণ সহায়িকা গ.২.২

লক্ষ্যযুক্ত/চুক্তিমূলক

চুক্তিভিত্তিক সঞ্চয়



আপনি যদি সত্যিই আপনার ভবিষ্যতের জন্য অর্থ সঞ্চয় করতে চান

এই অ্যাকাউন্টটি আপনার সঞ্চয়ের লক্ষ্যকে আরও সহজ করে দেয়। আপনার মাসিক আমানত পূরণ করার আগাম প্রতিশ্রুতিসহ এটি আপনাকে আপনার নিজস্ব গতিতে আমানত জমা রাখার সুযোগ দেয়। আপনি বিভিন্ন সুদের হার সহ ১২ থেকে ৪৮ মাসের মেয়াদ বেছে নিতে পারেন।

মূল বৈশিষ্ট্য

- ৪৮ মাসের জন্য ৩% পর্যন্ত বার্ষিক সুদের হার
- অ্যাকাউন্ট খুলতে ন্যূনতম ২০ ডলার জমা দিতে হয়।
- আপনার অ্যাকাউন্ট খোলা, লেনদেন এবং বন্ধ করার জন্য কোন ফিস লাগে না
- মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত আপনার সঞ্চয় আটকা থাকে
- একটি নির্দিষ্ট সময়ের পরে, আপনি স্বয়ংক্রিয়ভাবে আপনার প্রকল্পে অর্থায়নের জন্য ক্রেডিট অ্যাক্সেস করতে পারবেন
- আপনি যদি প্রত্যাশিত অর্থ উত্তোলন করেন তবে আপনার ফি প্রদান করতে হবে না, তবে আপনি সুদের একটি অংশ হারাবেন

প্রয়োজনীয়তা

- ভালো ক্রেডিট রেকর্ড
- কোন উপায়ে টাকা পরিশোধ করবেন তা দেখাতে হবে
- বৈধ আইডি (জাতীয় আইডি, পাসপোর্ট বা অন্যান্য আইনি এবং বৈধ শনাক্তকরণ ফর্ম)
- বসবাসের প্রমাণপত্র



মেয়াদ:
১২ মাস থেকে ৪৮ মাসের মেয়াদ থেকে বেছে নিন

প্রশিক্ষণ সহায়িকা গ.২.৩

সময় (নির্দিষ্ট) জমা অ্যাকাউন্ট

টাইম ডিপোজিট অ্যাকাউন্ট



আরো টাকা উপার্জন করুন

এই অ্যাকাউন্টটি আপনাকে উচ্চ সুদ হার পেতে সাহায্য করে। এই অ্যাকাউন্টে বিনিয়োগ করাকালীন সময়ে আপনার টাকা আটকা থাকে এবং এটি আপনার ভবিষ্যত বিনিয়োগের জন্য এবং আপনার পরিকল্পিত খরচের জন্য উপযুক্ত। এটি এমন একাউন্ট যাতে আপনি সঞ্চয় ব্যবহার করার জন্য প্রলুব্ধ হবেন না আপনার মূলধনের ওপর একটি ভাল রিটার্ন আয় করবেন।

মেয়াদ:

৩ মাস থেকে ৫ বছর পর্যন্ত

প্রধান বৈশিষ্ট্য

- বাজারে সর্বোচ্চ সুদের হার
- ৪% পর্যন্ত। রেট আগে থেকেই স্থির করা এবং আগাম পরিচিত।
- সর্বনিম্ন জমা: ৫০০ ডলার
- অ্যাকাউন্ট খোলা, লেনদেন এবং বন্ধ করার জন্য খরচ নাই
- নমনীয় আমানত: আপনি যখনই পারেন টাকা রাখতে পারেন
- আগে উত্তোলনের জন্য জরিমানা
- বিনামূল্যে জমার সনদ
- আমাদের সাথে আপনার সঞ্চয় তৈরি করুন এবং আপনার প্রকল্পগুলির জন্য ক্রেডিট অ্যাক্সেস করুন

প্রয়োজনীয়তা

- তহবিল উৎসের প্রমাণ।
- বৈধ আইডি (জাতীয় আইডি, পাসপোর্ট বা অন্যান্য আইনি এবং বৈধ শনাক্তকরণ ফর্ম)
- বসবাসের প্রমাণপত্র

এখন যেহেতু আপনি বিভিন্ন সঞ্চয় পণ্য সম্পর্কে আরও জানেন, আমাদের চরিত্রদের তাদের লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করার জন্য তাদের কোন সঞ্চয় অ্যাকাউন্ট খুলতে হবে তা সিদ্ধান্ত নিতে সাহায্য করুন।

প্রশিক্ষণ সহায়িকা গ.২.২

সঞ্চয় পণ্য পরিস্থিতি কার্ডের সাথে লক্ষ্যের সামঞ্জস্যতা



পরিস্থিতি ১

সালমা তার হোস্টেলে একটি বয়ামে প্রতি মাসে ধারাবাহিকভাবে ২০ ডলার সঞ্চয় করতে পারে। কখনও কখনও সে তার ঘরে এই টাকা নগদ রাখতে অনিরাপদ বোধ করে। সে একজন ফ্যাক্টরি ম্যানেজারের মাধ্যমে জানতে পারে যে এখন সে একটি ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে বেতন পাবে। সে ভাবছে এই টাকা ব্যাংকে সঞ্চয় করা তার পক্ষে ভাল হবে কিনা। সে এই টাকা খরচ করতে প্রলুব্ধ হতে চায় না। সে নিশ্চিত না যে আনুষ্ঠানিক প্রতিষ্ঠানগুলি তাকে ক্লায়েন্ট হিসাবে গ্রহণ করবে কি না, তবুও সে চেষ্টা করে দেখতে চায়।

সে কি ধরণের সঞ্চয় অ্যাকাউন্ট বেছে নিতে পারে?



পরিস্থিতি ২

অর্জুন প্রতি মাসে দিয়ার ব্যাংক অ্যাকাউন্টে টাকা ট্রান্সফার করে। যদিও বেশিরভাগ টাকা ঋণ এবং অন্যান্য প্রয়োজনীয়তা পরিশোধের জন্য ব্যবহৃত হয়, তারা একটি ক্ষুদ্র অংশ অ্যাকাউন্টে সঞ্চয় হিসাবে রাখে এবং আরেকটি অংশ দিয়া প্রতি মাসে তার ভিএসএলএতে জমা করে। তাদের অনেকগুলি উদ্দেশ্য রয়েছে, সবচেয়ে গুরুত্বপূর্ণ হল তাদের নিজেদের ঘর নির্মাণের জন্য যথেষ্ট সঞ্চয় করা। তারা তাদের অর্থ অন্য কাজে ব্যবহার করতে প্রলব্ধ হতে চায় না। যদি সম্ভব হয়, তারা সর্বোচ্চ সম্ভাব্য সুদের হার আয় করতে চায়।

তারা কি ধরনের সঞ্চয় অ্যাকাউন্ট বেছে নিতে পারে?



পরিস্থিতি ৩

মালাক ইদানীং প্রচুর ওভার টাইম কাজ করছে এবং তার বাড়িতে একটি অতিরিক্ত ঘর তৈরি করার জন্য প্রয়োজনীয় উপকরণ কিনতে গত কয়েক মাস ধরে ধারাবাহিকভাবে সঞ্চয় করছে। সে জানে এই টাকা অন্য কোন উদ্দেশ্যে সে ব্যবহার করবেন না এবং সে এটাও জানে যে পরের বছরের আগ পর্যন্ত সে তার প্রয়োজনীয় সকল টাকা জমাতে সক্ষম হবে না।

সে কি ধরনের সঞ্চয় অ্যাকাউন্ট বেছে নিতে পারে?

সঞ্চয় পণ্য পরিস্থিতি কার্ডের সাথে লক্ষ্যের সামঞ্জস্যতা



পরিস্থিতি ৪

প্রিশা প্রতি মাসে সঞ্চয় করে। তার বেশিরভাগ অর্থ বাড়িতে পাঠাতে হয় তবে সে জর্ডানে একটি ছোট অংশ রাখে, যা সে সাধারণত অন্যান্য বন্ধুদের সাথে মিলে একটি সঞ্চয় গ্রুপে জমা করে। সে নিয়মিত যায় এমন একটি অভিবাসন সেন্টারের মাধ্যমে জানতে পেরেছে যে এখন সে একটি ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে টাকা পেতে পারে। সে চিন্তা করছে গ্রুপ ব্যবহার চালিয়ে যাওয়ার পরিবর্তে এই টাকা ব্যাংকে সংরক্ষণ করা তার পক্ষে ভাল হবে কিনা। সে এই অর্থ ব্যয় করতে প্রলুব্ধ হতে চান না এবং এটি নিরাপদ রাখতে চায়। সে নিশ্চিত নন যে আনুষ্ঠানিক প্রতিষ্ঠানগুলি তাকে একজন ক্লায়েন্ট হিসাবে নেবে কি না বা সে অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় সমস্ত কাগজপত্র বুঝতে পারবে কিনা, তবে তবুও সে চেষ্টা করে দেখতে চায়।

সে কি ধরনের সঞ্চয় অ্যাকাউন্ট বেছে নিতে পারে?

সঞ্চয় পণ্য পরিস্থিতি কার্ডের সাথে লক্ষ্যের সামঞ্জস্যতা

পরামর্শ

বিভিন্ন ধরণের পণ্যের আলাদা সুবিধা এবং অসুবিধা রয়েছে (উদাহরণস্বরূপ, ভিন্ন সুদের হার)। একটি সঞ্চয় পণ্য পছন্দ করার আগে আপনাকে শুধুমাত্র বিভিন্ন পণ্যের বৈশিষ্ট্য জানলে হবে না। বরং আপনার নিজেকে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর বের করে নিজেকে ভালভাবে জানতে হবে:

- *আপনার ব্যক্তিগত অবস্থা: আপনার আয় কি? আপনার খরচ (একটি ঋণ পরিশোধ সহ) কত? আপনি কত জমা রাখেন? যখন সবকিছু ঠিক থাকে তখন আপনি কতটা আলাদা করে রাখেন? আপনার অর্থকে আরও ভালভাবে ব্যবস্থাপনা করে আপনি কতটা আলাদা করতে পারেন? আপনি যদি একজন অভিবাসী বা বিদেশে বসবাসকারী নাগরিক হন, তাহলে আপনি কি কোনো আর্থিক প্রতিষ্ঠানে একটি সঞ্চয় অ্যাকাউন্ট খুলতে পারবেন?*
- *আপনার লক্ষ্য: আপনি কি উদ্দেশ্যে সঞ্চয় করতে চান? জরুরি অবস্থার জন্য? পড়ালেখা? একটি ব্যবসা তৈরিতে বিনিয়োগ করতে? আপনার বাড়ি ফেরার জন্য? বাসস্থান তৈরির জন্য? অবসরের জন্য?*
- *আপনার দিগন্ত: আপনি কতদিনের জন্য আপনার টাকা সঞ্চয়/ব্লক করতে চান?*
- *আপনার আচরণ: আপনি ঝুঁকি নিতে চান কিনা? আপনি যদি আর্থিক বাজারের সাথে পরিচিত না হন তবে ঝুঁকিপূর্ণ বিনিয়োগে যাবেন না!*

⚠ *মিথ্যা বিজ্ঞাপন থেকে সাবধান! মনে রাখবেন যে কোনো সঞ্চয় পণ্যই আপনাকে ঝুঁকি ছাড়া উচ্চ রিটার্ন নিশ্চিত করতে পারে না, বিশেষ করে অল্প সময়ে।*

আপনার সঞ্চয় পণ্য নির্বাচন করার আগে একটি আর্থিক প্রতিষ্ঠানকে কী প্রশ্ন জিজ্ঞাসা করতে হবে?

- *আমি যখন চাই তখন কি টাকা তুলতে পারবো?*
- *সুদের হার কত?*
- *আমাকে কি সুদের হারের উপর কর দিতে হবে? যদি তাই হয়, তবে কত পরিমাণ?*
- *আমি কি আমার সঞ্চয়ের বিপরীতে ঋণ নিতে পারি?*
- *সঞ্চয়ের সময়সূচী কি নমনীয়? (অন্য কথায়, আপনাকে কি একটি নির্ধারিত তারিখে নির্দিষ্ট পরিমাণ জমা করতে হবে?)*
- *আমি যখন সেভিংস অ্যাকাউন্ট খুলি তখন কি ন্যূনতম ডিপোজিট আছে অথবা ন্যূনতম পরিমাণ ব্যালেন্স কত যা সবসময় অ্যাকাউন্টে রাখতে হবে?*
- *প্রত্যাশিত টাকা তোলার জন্য কি আমাকে ফিস দিতে? যদি হ্যাঁ হয়, কত?*
- *মানুষ সাধারণত এই ধরনের অ্যাকাউন্ট কীভাবে ব্যবহার করে?*
- *অন্য দেশের একজন নাগরিক হিসাবে, আমি কি এখানে একটি অ্যাকাউন্ট খুলতে পারি? আপনারা কি কি কাগজপত্র চান?*

মূল বার্তা

- প্রতিটি সঞ্চয় লক্ষ্যের জন্য একটি উপযুক্ত সঞ্চয় পণ্য রয়েছে।

⚠ **গুরুত্বপূর্ণ: একটি আর্থিক প্রতিষ্ঠানের ভিতরে গিয়ে এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করা আপনাকে ভীত বা উদ্বিগ্ন করতে পারে। মনে রাখবেন আপনি সবসময় একজন বন্ধু বা সহকর্মীকে আপনার সাথে যেতে অনুরোধ করতে পারেন যতক্ষণ না আপনি একা যেতে আত্মবিশ্বাসী থাকেন।**

সংযুক্তি এবং মূল ডকুমেন্টস

একটি সঞ্চয় পদ্ধতি বেছে নেওয়ার সময় বিবেচনা করার বৈশিষ্ট্যগুলি

অ্যাক্সেস/ নমনীয় প্রত্যাহার সহজ
এর মানে একজন ব্যক্তির পক্ষে তার সঞ্চয় উত্তোলন করা কতটা সহজ বা কঠিন। উদাহরণ স্বরূপ, অ্যাকাউন্টধারীকে তার প্রতিটি অ্যাকাউন্ট থেকে প্রতি মাসে কত টাকা তোলার অনুমতি দেওয়া আছে, বা দেশের সব জায়গায় ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের এটিএম বা শাখা আছে কিনা (কার্ডধারীর পক্ষে তার অ্যাকাউন্ট অ্যাক্সেস করা সহজ করে)।

সুবিধা এবং ব্যবহার সহজ
গ্রাহকরা সুবিধা পছন্দ করেন এবং যত তাড়াতাড়ি সম্ভব উত্তোলন করতে সক্ষম হতে চান। উদাহরণস্বরূপ, কিছু লোক চায় তাদের ব্যাংক এমন সময়ে খোলা থাকুক যখন তারা নিজেরা কর্মস্থলে থাকে না।

একটি সেভিংস অ্যাকাউন্ট খোলার জন্য দরকারী জিনিসপত্র
অনেকে মনে করেন ব্যাংক অ্যাকাউন্ট খুলতে হলে আপনাকে ফিটফাট থাকতে হবে। এটা সবসময় সত্য নয়। আপনি যদি একটি সঞ্চয় অ্যাকাউন্ট খুলতে চান তবে কিছু ব্যাংকে শুধুমাত্র অল্প আমানত প্রয়োজন (বা একেবারেই আমানত দরকার হয় না)। যাইহোক, দরকারী কাগজপত্রের মধ্যে জাতীয় পরিচয়পত্র, বসবাসের প্রমাণ এবং/অথবা ব্যক্তির দ্বারা প্রদত্ত পরিষেবাগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে যা অনেক লোকের জন্য, বিশেষ করে আর্থিকভাবে বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য মান্য করা সহজ নাও হতে পারে।

নিরাপত্তা
মানুষ যখন তাদের টাকা বাড়িতে রাখে, তখন এটি চুরি বা হারিয়ে যাওয়ার আশঙ্কা থাকে। কিছু রাষ্ট্র-নিয়ন্ত্রিত আর্থিক প্রতিষ্ঠান ক্ষুদ্র সঞ্চয়কারীদের জন্য গ্যারান্টি প্রদান করে। অন্য কথায়, যদি তারা দেউলিয়াও হয়ে যায়, আপনি আপনার সঞ্চয় হারাবেন না।

সুদের হার এবং ট্যাক্স সুবিধা
আপনি যখন একটি আনুষ্ঠানিক (বা আধা-আনুষ্ঠানিক) প্রতিষ্ঠানের সাথে সঞ্চয় করেন, তখন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে আপনার অর্থ জমা করার জন্য আপনাকে পুরস্কৃত করা হয়। পুরস্কার, বা সুদ, সাধারণত আপনার জমাকৃত টাকার ওপরে একটি শতাংশের হার। প্রতিষ্টানে টাকা সংরক্ষণের ক্ষেত্রে ট্যাক্স সুবিধাও থাকতে পারে।

তারল্য
আপনি আপনার অ্যাকাউন্ট থেকে আপনার সঞ্চয় উত্তোলন করতে পারেন? কিভাবে এবং কি শর্তে? আপনার যদি জরুরিভাবে অর্থের প্রয়োজন হয়, তাহলে আপনার বেছে নেওয়া সঞ্চয় পদ্ধতিটি আপনাকে অবশ্যই আপনার সমস্ত অর্থ একটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে উত্তোলনের সুযোগ দেবে। জিনিসপত্রে সঞ্চয়ের ক্ষেত্রে (যেমন একটি সম্পত্তি বা গবাদিপশু), আপনার সম্পদ বিক্রি করে এবং নগদ টাকা পাতে কয়েক দিন বা মাস অপেক্ষা করতে হতে পারে।

সঞ্চয়ের খরচ (ফি)
আনুষ্ঠানিক প্রতিষ্ঠানগুলি আপনাকে স্থানান্তর, এটিএম থেকে টাকা তোলা ইত্যাদির জন্য চার্জ করতে পারে। একটি সঞ্চয় পদ্ধতি থাকা ভাল হবে যা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে আপনার অর্থ অ্যাক্সেসের অনুমতি দেয়।

আপনার সঞ্চয় কৌশলের উদ্দেশ্য এবং লক্ষ্য
আপনার সঞ্চয় কারণের উপর নির্ভর করে, কিছু পদ্ধতি অন্য পদ্ধতির তুলনায় আপনার জন্য ভাল হবে (যেমন, একটি বাড়ি বা অ্যাপার্টমেন্টের জন্য সঞ্চয় করা যেখানে বড় অংকের টাকা জড়িত, তা কোনো স্কিমের বা বিছানার নিচে টাকা রাখার চেয়ে একটি আনুষ্ঠানিক পদ্ধতিতে জমা রাখা বেশি ভাল হবে।

অনুশীলনীর উত্তর

সঞ্চয় পদ্ধতি	সুবিধা	অসুবিধা
আনুষ্ঠানিক • ব্যাংক • ডাকঘর • নিবন্ধিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান • নিবন্ধিত সঞ্চয় ও ঋণ সমবায় • বীমা কোম্পানি (দীর্ঘমেয়াদী সঞ্চয় পণ্য যেমন জীবন বীমার জন্য) • মোবাইল ওয়ালেট	• সবচেয়ে নিরাপদ বিকল্প • গোপনীয়তা (সঞ্চয় পণ্যের ধারক ছাড়া কেউ জানে না অ্যাকাউন্টে কত আছে)। • টাকা তোলার প্রলোভন কম (অনুরোধ প্রত্যাখ্যান করা সহজ) • আপনি সুদ পেতে পারেন। • আপনি অন্যান্য আর্থিক পণ্য অ্যাক্সেস করতে পারেন (চলতি অ্যাকাউন্ট, অবসরকালীন সঞ্চয় অ্যাকাউন্ট, ঋণ, ইত্যাদি) • আপনার অর্থ ব্যবস্থাপনার একটি ভাল উপায় (সঞ্চয় অ্যাকাউন্টের বিবৃতি) • বিল পরিশোধের গতি বাড়ায়। • যখন ব্যাংক ইন্টারনেট বা মোবাইল ব্যাংকিং পরিষেবা পরিচালনা করে, আপনি আপনার ব্যালেন্স চেক করতে পারেন এবং আপনার সঞ্চয়গুলি দিনে 24 ঘন্টা পরিচালনা করতে পারেন। • অনেক ব্যাংক এজেন্টদের মাধ্যমে কাজ করে যা তাদের পরিষেবাগুলিকে আরও বেশি অভিগম্য করে তোলে	• স্বল্প আয়, নিরক্ষর মানুষ, বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য সহজলভ্য নয়। • বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য আইডি বা বসবাসের প্রমাণের প্রয়োজন হতে পারে যা সহজে পাওয়া যায় না। • ব্যাংকের কর্মচারীরা প্রায়ই পণ্য বিক্রির লক্ষ্যে সেলস কর্মী হয়, তাই তারা গ্রাহকদের চেয়ে ব্যাংকের স্বার্থকে প্রথমে রাখতে পারে। • পণ্য ভেদে পারিশ্রমিকের হার পরিবর্তিত হয়। এটা খুব কম হতে পারে। • কিছু পণ্যে অ্যাকাউন্ট খোলার জন্য ন্যূনতম আমানত প্রয়োজন হতে পারে যা বাধা হিসাবে কাজ করতে পারে। • আপনাকে অ্যাকাউন্ট চার্জ দিতে হতে পারে। • ব্যাংকে লাইনে দাঁড়িয়ে সময়ের অপচয়। • বিভিন্ন পণ্য এবং চার্জ জটিল; ভুল করার ভয় থাকে। • সীমিত সময় খোলা থাকে (সন্ধ্যায় এবং সপ্তাহান্তে বন্ধ থাকে)। • অর্থনৈতিক বা রাজনৈতিক অস্থিতিশীলতার প্রভাব: আর্থিক সংকট, মুদ্রার অবমূল্যায়ন, উত্তোলন ব্লক করা, দেশের বাইরে অর্থ বের করার অসম্ভবতা (বিনিময় নিয়ন্ত্রণ)। • ব্যাংক এজেন্টদের আপনার পরিষেবা দেওয়ার জন্য পর্যাপ্ত তহবিল নাও থাকতে পারে • স্বল্প আয়, নিরক্ষর মানুষ, বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য সহজলভ্য নয়



নোট

সঞ্চয় পদ্ধতি	সঞ্চয় পদ্ধতি	সঞ্চয় পদ্ধতি
আধা-আনুষ্ঠানিক • সেভিংস গ্রুপ • স্ব-সহায়তা গোষ্ঠী • গ্রামের ব্যাংক • গ্রাম সঞ্চয় এবং ঋণ সমিতি (VSLAs) • অনিবন্ধিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান • অনিবন্ধিত সঞ্চয় এবং ঋণ সমবায় • অনিবন্ধিত ঋণ প্রতিষ্ঠান	• সহজ লভ্যতা • আপনি প্রায়শই সঞ্চয় করছেন মানে আপনি ঋণ পেতে পারেন। • আপনি সঞ্চয় দিয়ে করা ঋণের উপর সুদ পেতে পারেন। • আমানতের ফ্রিকোয়েন্সি এবং পরিমাণ সম্পর্কে সঞ্চয় গোষ্ঠীর নিয়মগুলি সঞ্চয়কে উৎসাহিত করে। • শৃঙ্খলা • সদস্যদের মধ্যে সংহতি তৈরি করে এবং সামাজিক বন্ধনকে শক্তিশালী করে।	• অল্প গ্যারান্টি। • আপনি আপনার সঞ্চয়ের সুদ অর্জনের বিষয়ে নিশ্চিত হতে পারবেন না। • ঋণে সীমিত বা কোন অ্যাক্সেস নেই। • সদস্যদের অনুমোদন সাপেক্ষে অর্থ সঞ্চয় বা উত্তোলন করতে পারবেন । • কোন সদস্য নিয়ম মেনে না চলার বিপদ (যেমন কেউ গ্রুপ থেকে টাকা পাওয়ার পর অদৃশ্য হয়ে যেতে পারে)। • আনুষ্ঠানিকতার মাত্রার উপর নির্ভর করে, কোনো সমস্যা হলে পুলিশের কাছে আবেদন করা সম্ভব নাও হতে পারে। • সঞ্চয় গোষ্ঠীর একজন সদস্যের মৃত্যুর বিপদ। • একটি সঞ্চয় গোষ্ঠীতে যোগদান করার জন্য আপনাকে একটি নেটওয়ার্কের অংশ হতে হবে। • সঞ্চয় গোষ্ঠীগুলি ব্যর্থ হওয়ার উচ্চ ঝুঁকি থাকে (কর্তৃপক্ষের দ্বারা কোন ব্যবস্থাপনা বা তত্ত্বাবধান নেই)।
আধা-আনুষ্ঠানিক • বাড়িতে (নগদ টাকায়, একটি নিরাপদ বাক্সে বা টাকার বাক্সে। • জিনিসপত্রে (সোনা, গয়না, পশুসম্পদ, জমি, সম্পত্তি, ইত্যাদি) • বন্ধু, আত্মীয় বা ব্যবসায়ীর কাছে অর্থ অর্পণ করা। • অনিবন্ধিত ঋণ প্রতিষ্ঠান	• সহজ লভ্যতা। • আপনার অর্জিত সম্পদের মূল্য বাড়তে পারে। • আপনার টাকা ফেরত পেতে আপনাকে আপনার সম্পদ বিক্রি করতে হতে পারে (বাজারের আইন সাপেক্ষে)। • বন্ধু, আত্মীয় বা ব্যবসায়ী সর্বদা লভ্য। • জিনিসপত্রে সঞ্চয় করার অন্যান্য সুবিধা রয়েছে: দুধ উৎপাদন বা বিক্রি (গবাদি পশুর ক্ষেত্রে), গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের জন্য গয়না পরা যেতে পারে। • আপনি সঞ্চয় করে (গবাদি পশু, সম্পত্তি) অর্থ উপার্জন করতে সক্ষম হন (মাংস/দুধ বিক্রি, ভাড়া...)	• অনিরাপদ: বছরের পর বছর ধরে মূল্য হ্রাস পেতে পারে, চুরির ঝুঁকি, অসুস্থতা বা মৃত্যুর ঝুঁকি (গবাদি পশুর ক্ষেত্রে)। • খরচ করার প্রবল প্রলোভন থাকতে পারে (যদি আপনি বাড়িতে টাকা রাখেন)। • জরুরি পরিস্থিতিতে লিকুইডেট করা কঠিন (একটি সম্পদ বিক্রি করতে সময় লাগে)। • জিনিসপত্রে সঞ্চয়ের সাথে সম্পর্কিত খরচ: গবাদি পশুর জন্য খাদ্য এবং পশুচিকিৎসা খরচ, সম্পত্তি মেরামত



কাল্পনিক ব্রোশিওর ব্যবহার করে সঞ্চয় পণ্যের তুলনামূলক টেবিল

	নিয়মিত সঞ্চয়	*চুক্তিভিত্তিক*	*সময় আমানত*
আপনি যদি একজন অভিবাসী শ্রমিক হন তবে কি এটি চালু করা সম্ভব?	মনে হচ্ছে সম্ভব	কোন তথ্য দেওয়া হয় নাই	কোন তথ্য দেওয়া হয় নাই
আপনি যখন অ্যাকাউন্ট খুলবেন বা যখনই আপনি টাকা জমা দিতে চান তখন কি ন্যূনতম জমার নিয়ম আছে?	১০ ডলার	২০ ডলার	৫০০ ডলার
আপনি যে কোন সময় উত্তোলন করতে পারেন? তাতে কি কোন খরচ বা জরিমানা আছে	হ্যাঁ, বিনা খরচে	হ্যাঁ, তবে আপনি সুদ হারাবেন	হ্যাঁ, জরিমানাসহ
সুদের হার কত?	১%	৩%	৪%
একটি সঞ্চয় অ্যাকাউন্ট খুললে আপনি ঋণ নিতে পারেন?	না	হ্যাঁ, কিছু সময় পরে	হ্যাঁ, কিছু সময় পরে
সঞ্চয়ের সময়সূচী কি নমনীয় বা আপনাকে একটি নির্দিষ্ট তারিখে নির্ধারিত পরিমাণ জমা করতে হবে?	নমনীয়	মাসিক জমার বাধ্যবাধকতা রয়েছে	নমনীয়
আমি কি এটিএম-এ আমার সঞ্চয় জমা দিতে বা উত্তোলন করতে পারি?	হ্যাঁ	না	না

প্রশিক্ষণ সহায়িকা গ.২.৪

সঞ্চয় পণ্য পরিস্থিতি কার্ডের সাথে লক্ষ্যের সামঞ্জস্যতা



পরিস্থিতি ১ এর উত্তর ১

সালমার ব্যাংকে একটি সাধারণ ব্যাংক অ্যাকাউন্ট খোলার চেষ্টা করা উচিত কারণ জর্ডানে তার কোনো অ্যাকাউন্ট ছিল না, তবে সে বাংলাদেশ থেকে এ ব্যাপারে জানে। সেই ব্যাংক অ্যাকাউন্টে সে প্রতি মাসে কিছু টাকা আলাদা করে রাখতে পারবে তারপর তার দেশে স্থানান্তর করতে বা নিয়ে যেতে পারবে।



পরিস্থিতি ২ এর উত্তর ২

যেহেতু দিয়া ইতিমধ্যেই একটি ব্যাংকের ক্লায়েন্ট এবং তারএকটি নিয়মিত সেভিংস অ্যাকাউন্ট আছে, তাই দিয়া একটি চুক্তিভিত্তিক সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারে কিনা তা পরীক্ষা করতে পারে।



পরিস্থিতি ৩ এর উত্তর ৩

যেহেতু মালাক এই টাকা কমপক্ষে এক বছরের জন্য ব্যয় করার ইচ্ছা পোষণ করে না, তাই একটি নির্দিষ্ট মেয়াদী আমানত অ্যাকাউন্ট তাকে সর্বোচ্চ সম্ভাব্য সুদের হার অর্জন করতে এবং তার অর্থকে অন্যান্য জিনিসে ব্যয় করার প্রলোভন থেকে রক্ষা করতে সক্ষম করবে (কারণ মেয়াদের আগে উত্তোলনের জন্য জরিমানা আরোপ করা আছে)।



পরিস্থিতি ৪ এর উত্তর ২

প্রিশার একটি ব্যাঙকে একটি সাধারণ ব্যাংক অ্যাকাউন্ট খোলার চেষ্টা করা উচিত কারণ জর্ডানে তার কখনও কোনো অ্যাকাউন্ট ছিল না, তবে সে দেশে থাকতে এ ব্যাপারে জেনেছে। সেই ব্যাংক অ্যাকাউন্টে সে প্রতি মাসে কিছু টাকা আলাদা করে রাখতে পারবে তারপর তার দেশে স্থানান্তর করতে বা নিয়ে যেতে পারবে।

ঘ



বুদ্ধিমত্তার সাথে ক্রেডিট পণ্য ব্যবহার করুন

FINANCIAL QUIZ EDUCATION

ঘ১. আপনার মতে একটি প্রকল্পের অর্থায়নের সর্বোত্তম উপায় কি?

- ☐ **ক.** টাকা ধার করা।
- ☐ **খ.** আপনার সঞ্চয় ব্যবহার করা।
- ☐ **গ.** টাকা ধার করা এবং আপনার সঞ্চয় ব্যবহার করা।
- ☐ **ঘ.** আপনার চাহিদা এবং সম্পদের বিশ্লেষণ করুন এবং সেই অনুযায়ী সেরা বিকল্পটি বেছে

ঘ২. ঋণ নির্বাচন করার সময় সবচেয়ে

- ☐ **ক.** সুদের হার।
- ☐ **খ.** ফেরতের শর্ত।
- ☐ **গ.** কোন মানদণ্ড অন্যদের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ নয়, আমাদের অবশ্যই সেগুলি অধ্যয়ন করতে হবে এবং এমন ঋণ এবং ঋণদাতা বেছে নিতে হবে যা আমাদের প্রয়োজন এবং আমাদের ব্যক্তিগত পরিস্থিতির সাথে সঙ্গতিপূর্ণ।
- ☐ ঘ. ঋণদাতার ভৌগলিক নৈকট্য

ঘ৩. ক্রেডিট শর্তাবলীর অন্তর্গত নয় এমন শর্ত কি?

- ☐ **ক.** ক সুদের হার.
- ☐ **খ.** জামিন।
- ☐ **গ.** বাজেট।
- ☐ **ঘ.** জরিমানা।

উত্তর: ১:ক; ২:গ; ৩:খ

১. আপনার প্রকল্পের অর্থায়নের জন্য একটি পদ্ধতি বেছে নিন

পূর্ববর্তী মডিউলে বিভিন্ন সঞ্চয়ের বিকল্পগুলি অধ্যয়ন করার পরে, আমরা এখন আমাদের আর্থিক লক্ষ্য অর্জন এবং আমাদের প্রকল্পগুলির অর্থায়নের জন্য অর্থ সংগ্রহের বিভিন্ন সম্ভাব্য উপায়গুলির তুলনা

প্রশিক্ষণ সহায়িকা ঘ.১.১

অর্থায়নের গল্প



সালমা



সালমার বাবা-মা নতুন ম্যাট্রেস কেনার জন্য তাদের সঞ্চয় উত্তোলনের সিদ্ধান্ত নেন কারণ তাদের পুরানো ম্যাট্রেসগুলি বন্যার পানিতে ভিজে গিয়েছিল। ফলে তাদের সঞ্চয়ের কিছু অংশ ব্যবহৃত হয়। তবে তাদের ঋণ পরিশোধ করতে হবে না বা সুদ দিতে হবে না।



অর্জুন



অর্জুন তার বড় বাচ্চাকে জন্মদিনের উপহার হিসেবে একটি নতুন সাইকেল দিতে চায়। যেহেতু তারা বাড়ি নির্মাণের জন্য সঞ্চয় করছে, অর্জুন এবং দিয়া অর্জুনের পুরানো সাইকেলটি প্রতিবেশীর কাছে বিক্রি করার সিদ্ধান্ত নেয়। সেই টাকা দিয়ে তারা একটি ছোট নতুন বাইক কিনতে পারে।



মালাক



বাড়িতে অতিরিক্ত রুম তৈরি করার জন্য তার প্রয়োজনীয় শেষ প্রচেষ্টায় মালাক একটি শরিয়া-সম্মত আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেয়। ফলাফল: তাকে বৈশ্বিক পরিশোধ পরিকল্পনার অংশ হিসাবে ঋণ এবং সুদ ফেরত দিতে হবে।



প্রিশা



প্রিশাকে তার ফোনটি বদলাতে হবে কারণ তার ফোনটি পড়ে গেছে এবং পুরোপুরি ভেঙে গেছে। এটি কেনার জন্য তার যথেষ্ট সঞ্চয় নেই। সে কারখানার এমন একজন শ্রীলঙ্কার শ্রমিকের কাছ থেকে টাকা ধার করার সিদ্ধান্ত নেয় যে সবসময় যাদের প্রয়োজন তাদের টাকা ধার দেয়। পরিণতি: তাকে সুদের সাথে ঋণ ফেরত দিতে হবে এবং নিশ্চিত করতে হবে যে সে সময়মতো তা শোধ করেছে কারণ সে শুনেছে যে এই অনানুষ্ঠানিক ঋণদাতা বিলম্বের ব্যাপারে খুব কঠোর।

সাধারণত চারটি উপায় আছে যার মাধ্যমে মানুষ একটি প্রকল্পে অর্থায়নের জন্য অর্থ সংগ্রহ করে:

১ অর্জুনের মতো একটি সম্পদ বিক্রি করে

২ ব্যক্তিগত সঞ্চয় ব্যবহার করে, সালমার মতো।

৩ পরিবার/বন্ধু এবং ঋণের অন্যান্য অনানুষ্ঠানিক উৎস থেকে টাকা ধার করে; প্রিশার মত।

৪ একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়া যেমন একটি ব্যাংক, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, VSLA বা মালাকের মতো নিবন্ধিত সঞ্চয় ও ঋণ সমবায়

এই মডিউলের শেষে, অনুশীলনের উত্তর বিভাগে আপনি প্রশিক্ষণ সহায়তা ঘ.১.৩ পাবেন, সেখানে একটি টেবিলে প্রতিটি অর্থায়ন পদ্ধতির সুবিধা এবং অসুবিধাগুলি বর্ণনা করা হয়েছে।



প্রশিক্ষণ সহায়তা ঘ.১.২

দুই ব্যবসায়ীর গল্প

আমায়রা

আপনি অমায়রা, প্রিশার খুব ভালো বন্ধু এবং আপনি জর্ডানে শ্রীলঙ্কান খাবার বিক্রির একটি ছোট ব্যবসা করেন। আজ আপনি আপনার বন্ধু, বাদ্রার সাথে দেখা করতে যাচ্ছেন, যিনি স্থানীয় রেডিমেড খাবারও বিক্রি করেন।

আপনি আপনার বন্ধুকে অনেক প্রশ্ন জিজ্ঞাসা করেন যে সে কীভাবে তার ব্যবসায় অর্থায়ন করে। আপনার বন্ধুও জানতে চায় আপনি কীভাবে আপনার ব্যবসা চালান।

এইভাবে আপনি আপনার ব্যবসা প্রতিষ্ঠা এবং প্রসারিত করেছেন:

আপনি একটি রপ্তানি কারখানায় বহু বছর কাজ করার পরে ৫০০ ডলার সঞ্চয় দিয়ে শুরু করেছেন। আপনার কাছে আরো ১৫০ ডলারও ছিল যা আপনি আপনার সঞ্চয় গ্রুপ থেকে পেয়েছেন।

যদিও আপনার ব্যবসা খুব ছোট, তবে আপনার এটিকে একটু একটু করে প্রসারিত করার পরিকল্পনা আছে।

আপনি আপনার ব্যবসার জন্য নিবেদিত একটি সেভিংস অ্যাকাউন্টে প্রতি সপ্তাহে ৩০ ডলার রাখার চেষ্টা করেন, যেটি আপনি সম্প্রতি একটি জাতীয় ব্যাংকে চালু করেছেন। এইভাবে, প্রতি ৩ বা ৪ মাসে আপনি আপনার ব্যবসায় কিছুটা উন্নতি করার জন্য যথেষ্ট অর্থ সঞ্চয় করেছেন (কাজ করার জন্য আরও ভাল রান্নাঘরের পাত্র, আরও ভাল প্যাকেজিং উপকরণ) এবং প্রসারিত করেছেন। এখন আপনি বেশি পরিমাণে প্রয়োজনীয় জিনিসপত্র কিনতে পারেন এবং আপনার উৎপাদন ক্রয়ে বৈচিত্র্য আনতে পারেন। আপনার একটি শারীরীক দোকান খোলার চিন্তা আছে।

আপনি যত বেশি লাভ করবেন, তত বেশি আপনি সঞ্চয় করতে পারবেন এবং ব্যবসায় আপনি তত বেশি বিনিয়োগ করতে পারবেন।

বাদ্রা

আপনি ফরিদা এবং আপনি তৈরি খাবার বিক্রির একটি ছোট ব্যবসা করেন। আপনার শ্রীলঙ্কার বন্ধু আমায়রারও একই রকম দোকান আছে। আজ সে আপনার সাথে দেখা করতে যাচ্ছে।

আপনি জানতে চান কিভাবে আপনার বন্ধু তার ব্যবসার অর্থায়ন করে ও ব্যবসা প্রসারিত করে।

আপনার বোনও জানতে চায় আপনি কীভাবে এটি পরিচালনা করছেন।
এইভাবে আপনি আপনার ব্যবসা প্রতিষ্ঠা এবং প্রসারিত করেছেন:

আপনি আপনার সঞ্চয় করা ১০০০ ডলার এবং আপনার ব্যাংক থেকে ১৫০০ ডলারের ঋণ দিয়ে শুরু করেছেন।

এই ঋণ দিয়ে আপনি ভাড়াকৃত দোকান সংস্কার করতে পেরেছিলেন। এই সংস্কারের ফলে, আপনি একটি শান্ত রাস্তায় আপনার সুন্দর দোকানে আরও ক্লায়েন্ট পাচ্ছেন।

ঋণের পরিশোধ সহ আপনি প্রতি সপ্তাহে আপনার সমস্ত সাপ্তাহিক খরচ যথাসময়ে পরিশোধ করেছেন। কিন্তু আপনি প্রতি সপ্তাহে মাত্র ১৫ ডলার সঞ্চয় করতে পারছেন।

একদিন শহরের ব্যস্ততম এভিনিউয়ের বাজারে একটি ছোট দোকান ভাড়া নেওয়ার সুযোগ এলো।

আপনার কাছে এটি একটি ভাল ব্যবসার সুযোগের মত লাগছিল: আপনি হিসাব করে দেখলেন যে আপনি দোকানটি ভাড়া নিলে আপনার বেচাকেনা দ্বিগুণ হবে। সুতরাং আপনি দ্রুত সিদ্ধান্ত নিলেন যেন আপনার আগে অন্য কেউ এটি ভাড়া না নেয়। তাই আপনি আপনার শ্যালকের কাছ থেকে ২৫০০ ডলার ধার নিয়েছেন।

প্রশ্ন

- কিভাবে আমায়রা এবং বাদ্রা তাদের ব্যবসা সম্প্রসারণ করেছিল?
- দুই ব্যবসায়ীর মধ্যে কার সফল হওয়ার সম্ভাবনা বেশি? কেন?
- কোনজন সবচেয়ে বেশি ঝুঁকি নেয়?
- অমায়রা ও বাদ্রাকে আপনি কী পরামর্শ দেবেন?

⚠ **গুরুত্বপূর্ণ: অনেক আর্থিক দায়বদ্ধতা থাকার ফলে চাপ তৈরি হতে পারে এবং আপনার মানসিক স্বাস্থ্যকে প্রভাবিত করতে পারে। আপনি যদি চিন্তিত বোধ করেন তবে সাহায্য চাইতে দ্বিধা করবেন না।**

নোট


আপনার পালা!

আমার লক্ষ্য এবং বাজেটের দিকে তাকিয়ে, আমি মনে করি আমার লক্ষ্যগুলিকে অর্থায়ন করার সর্বোত্তম বিকল্প হল:

আমার লক্ষ্যগুলো	অর্থায়নের সর্বোত্তম বিকল্প

মূল বার্তা

- আপনার লক্ষ্য পূরণের জন্য বিভিন্ন বিকল্প রয়েছে।
- প্রতিটি বিকল্পের সুবিধা এবং অসুবিধা আছে। আপনার প্রয়োজন এবং আপনার ব্যক্তিগত পরিস্থিতির সাথে সামঞ্জস্য হয় এমন বিকল্পটি নির্বাচন করার জন্য সেগুলিকে বোঝা এবং সাবধানে পর্যালোচনা করা গুরুত্বপূর্ণ।
- এছাড়াও আপনি বিভিন্ন অর্থায়নের বিকল্পগুলিকে একত্রিত করতে পারেন (ঋণ এবং সঞ্চয়)।
- আপনার পরিবারের সাথে অর্থায়নের বিকল্পগুলি সম্পর্কে কথা বলুন, বিশেষ করে আপনার পরিবারের সদস্য যারা আপনার লক্ষ্যগুলির সাথে জড়িত (স্বামী, পিতামাতা, সন্তান, ভাইবোন...)।



২. বুদ্ধিমত্তার সাথে আপনার ক্রেডিট বা ঋণ নির্বাচন করুন!

ঋণের বিভিন্ন উৎস আছে। ব্যাংক, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বা বিশেষায়িত ঋণ কোম্পানি-এসব হলো আনুষ্ঠানিক অর্থনীতির অংশ এবং তারা ঋণ নিতে ইচ্ছুক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য শর্তাবলী ঠিক করে। কোন কোন প্রতিষ্ঠান ঋণ প্রদানকে সহজ করার চেষ্টা করে, এমনকি গরিব মানুষের জন্যও। অন্য কিছু প্রতিষ্ঠানের শর্ত থাকে যে আপনাকে কোন গ্রুপের সদস্য হতে হবে বা ব্যাংকে আপনার ইতিমধ্যে কিছু অর্থ সঞ্চয় করা থাকতে হবে।



সংজ্ঞা

ঋণ: *ভবিষ্যতে সুদ বা অন্যান্য আর্থিক চার্জ সহ মূল পরিমাণ পরিশোধের বিনিময়ে অন্য পক্ষকে অর্থ, সম্পত্তি বা অন্যান্য বস্তুগত পণ্য দেওয়ার কাজ।*

ক্রেডিট: *একটি চুক্তিভিত্তিক চুক্তি যেখানে একজন ঋণগ্রহীতা বর্তমানে মূল্যবান কিছু জিনিস গ্রহণ করেন এবং ভবিষ্যতের কোনো তারিখে ঋণদাতাকে সাধারণত সুদসহ পরিশোধ করতে সম্মত হন।*

সুদ: *একটি নির্দিষ্ট সময়ের জন্য ঋণদাতার অর্থ ব্যবহারের জন্য মূল্য।*



প্রশিক্ষণ সহায়তা ঘ.১.২

গেমের শর্তাবলী এবং সংজ্ঞা

প্রতিটি মেয়াদী ক্রেডিট এর সংজ্ঞার সাথে মেলান। আপনি যদি নিশ্চিত না হলেও চিন্তা করবেন না। মডিউলের শেষে অনুশীলনের উত্তর বিভাগে আপনি সঠিক উত্তর পাবেন।

সুদ	ব্যাংক এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে সবচেয়ে উপযুক্ত এবং/অথবা সবচেয়ে সস্তা ঋণ (সাধারণত বন্ধকী ঋণ) খুঁজে পাওয়ার জন্য তার ক্লায়েন্টদের দ্বারা প্রফেশনাল চার্জ।
ক্রেডিট ব্রোকার	ঋণ পরিশোধ করার পাশাপাশি ঋণদাতার অর্থ ব্যবহার করার জন্য ঋণগ্রহীতা ঋণদাতাকে যে পরিমাণ অর্থ প্রদান করে।
পেনাল্টি	ঋণদাতা কর্তৃক প্রদত্ত ঋণের পরিমাণ, নেট সুদ।
মূল	আপনি তা করতে ব্যর্থ হলে যে ব্যক্তি আপনার ঋণ পরিশোধ করবেন। এই ব্যক্তিকে ঋণদাতার সাথে চুক্তিতে তার স্বাক্ষর যোগ করতে বলা হতে পারে। গ্যারান্টি সম্পত্তি আকারেও হতে পারে
গ্যারান্টর/জামানত	ঋণগ্রহীতা ঋণ পরিশোধ করতে ব্যর্থ হলে যাকে ঋণের অর্থ পরিশোধ করতে হবে (যেমন সম্পত্তি বাজেয়াপ্ত করা, যানবাহন, সঞ্চয়...)
গ্রেস পিরিয়ড	চুক্তির মেয়াদের আগে আপনার ঋণের সমস্ত বা অংশিক পরিশোধ করা
পুনর্বিবেচনা	ক্রেডিট প্রতিষ্ঠান থেকে টাকা ধার করার আগে আপনার প্রকল্পের জন্য আপনার নিকট রক্ষিত নিজস্ব তহবিলের অনুপাত। মূলত আপনার তরল সম্পদ এবং সঞ্চয় নিয়ে এটি গঠিত হয়।
প্রারম্ভিক পরিশোধ	একটি ঋণ প্রাপ্তি এবং প্রথম পরিশোধের মধ্যে অনুমোদিত সময়কাল (এখন কিনুন, পরে পরিশোধ করুন)
বন্ধক	জরিমানা ছাড়া একটি ক্রেডিট চুক্তি বাতিলকরণ। একটি "কুলিং-অফ পিরিয়ড" আপনাকে আবেগ সুরক্ষায় সাহায্য করে।
ব্যক্তিগত অবদান	একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ক্রেডিট পেতে জামানত হিসাবে আপনার মালিকানাধীন একটি সম্পত্তি বন্ধক রাখা। ঋণ পরিশোধ না করা হলে, পাওনাদার সংশ্লিষ্ট সম্পত্তি বাজেয়াপ্ত/দখল করতে পারেন এবং ঋণের মূল পরিমাণসহ চার্জ যোগ করে পুনঃদখল করার জন্য এটি বিক্রি করতে পারেন। মালিক তিনি তার ঋণ পরিশোধের দায়িত্ব নিলে বন্ধক রাখা সম্পত্তির মালিকানা হারাবেন না।

প্রশ্ন

- আপনার মতে, ঋণদাতা নির্বাচন করার সময় আপনি কী বিশ্লেষণ করবেন?

ঋণদাতা নির্বাচন করার সময় বিবেচনা করা গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য

- সুদের হার (নির্ধারিত বা পরিবর্তনশীল)
- বার্ষিক শতাংশ হার (এপিআর), ঋণ নেওয়ার প্রকৃত খরচ (প্রশাসনিক চার্জ, বাধ্যতামূলক বীমা সহ)
- আপনি যে পরিমাণ ধার নিতে পারেন
- ঋণ পাওয়া কতটা সহজ (যেমন, ঋণ দেওয়ার আগে আপনার কতটা সঞ্চয় থাকতে হবে, গ্যারান্টির পরিমাণ...)
- প্রয়োজনীয়তা (যেসব কাগজপত্রগুলি আমি উপস্থাপন করলে তারা আমাকে ঋণ দিবে)
- আপনি কত দ্রুত টাকা পাবেন
- বিলম্বে পরিশোধের ক্ষেত্রে জরিমানা
- আমার বাড়ি থেকে দূরত্ব
- বিলম্বিত অর্থ প্রদানের ক্ষেত্রে ঋণ সংগ্রহের পদ্ধতি (আইনি, ভীতি প্রদর্শন, হুমকি...)
- গ্রেস পিরিয়ড
- একটি নির্দিষ্ট উদ্দেশ্যে ঋণ ব্যবহার করার বাধ্যবাধকতা (আবাসন, উৎপাদনশীল বিনিয়োগ...)
- মেয়াদ বাড়ানোর বা গ্রেস পিরিয়ড দেওয়ার সম্ভাবনা
- অন্যান্য আর্থিক পরিষেবাগুলি অ্যাক্সেস করার সম্ভাবনা: বর্তমান অ্যাকাউন্ট, অর্থ স্থানান্তর, ডেবিট কার্ড, মোবাইলফোন বা ইন্টারনেট পরিষেবা...)
- ঋণগ্রহীতার মৃত্যু, অসুস্থতা বা পরিবর্তিত পরিস্থিতিতে ক্ষেত্রে ব্যবস্থা

মূল বার্তা

- ক্রেডিট পণ্যগুলি সফলভাবে ব্যবহার করার জন্য আপনাকে ক্রেডিট পরিভাষাটি ভালভাবে বুঝতে হবে।
- ঋণগ্রহীতা ঋণ পরিশোধের সময়সূচী অনুযায়ী ঋণ পরিশোধের জন্য দায়ী।
- ঋণ নেওয়া একটি গুরুতর বিষয়। এটাকে হালকাভাবে নেবেন না।
- সেই ব্যক্তি ধনী যে তার ঋণ পরিশোধ করে (প্রবাদ)!
- ঋণ এবং ঋণদাতা বেছে নিতে বুদ্ধিমত্তার প্রয়োগ করুন, আপনাকে প্রথমে যতটা সম্ভব তথ্য সংগ্রহ করে জানতে হবে কোন পণ্যগুলি লভ্য এবং ঋণদাতা কারা। সেই তথ্যের সাহায্যে, আপনি আপনার প্রয়োজনের সাথে সবচেয়ে উপযুক্ত পণ্যটি পছন্দ করতে পারবেন।
- আপনি কোন ঋণদাতা পছন্দ করবেন তা নির্ভর করবে আপনার প্রকল্পের প্রকৃতির উপর, অর্থাৎ ঋণ গ্রহণের মাধ্যমে আপনি যে লক্ষ্য অর্জন করতে চান।

৩. আপনার ক্রেডিট খরচ হিসাব করুন

ঋণ পরিশোধের ক্ষমতা

ধরুন ভালভাবে চিন্তা করার পরে আপনি আপনার প্রকল্পের অর্থায়নের জন্য একটি ঋণ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। অভিনন্দন! আপনি জানেন যে আপনার কত ঋণ প্রয়োজন এবং আপনি নিজের জন্য সঠিক পণ্য খুঁজে পেতে আর্থিক প্রতিষ্ঠানগুলিতে যেতে প্রস্তুত থাকবেন। আপনি আর্থিক প্রতিষ্ঠানে যাওয়ার আগে, আপনাকে সময় নিয়ে একটি ঋণ পরিশোধ করার ক্ষমতা হিসাব করতে হবে।

অনেক দেশের প্রচলিত আইন অনুসারে একজন ব্যক্তি তার মাসিক আয়ের নির্দিষ্ট শতাংশের বেশি পরিশোধ করতে পারে না। দেশের উপর নির্ভর করে এটি মাসিক আয়ের ৩০ থেকে ৪০% এর মধ্যে পরিবর্তিত হয়। যদি আমরা এই নির্দিষ্ট শতাংশ অতিক্রম করি, তাহলে অতিরিক্ত ঋণগ্রস্ত হওয়ার ঝুঁকি রয়েছে। অধিকন্তু, কোনো আর্থিক প্রতিষ্ঠান কোনো ব্যক্তিকে এমন পরিমাণ ঋণ প্রদান করল যাতে ঋণগ্রহীতাকে তার অনুমোদিত আয়ের শতাংশের বেশি পরিশোধ করতে হবে, সেক্ষেত্রে সেই আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা করা যেতে পারে।

⚠ **কিন্তু সাবধান!** এই পরিমাণ হলো সর্বাধিক শতাংশ, আমরা ৩০% এর পরামর্শ দেই।



উদাহরণ হিসেবে, আমরা মালাকের ঋণ পরিশোধের ক্ষমতা হিসাব করতে যাচ্ছি।

কেস স্টাডি নং ১

মালাক এর পরিশোধের ক্ষমতা

আর্থিক শিক্ষার প্রশিক্ষণ নেওয়ার পর মালাক তার হিসাব নিয়ে খুব গোছালো হতে শুরু করেছে। তার নির্ধারিত মাসিক বেতন হল ৩১০ ডলার (দয়া করে মনে রাখবেন যে, পরিবর্তনশীল আয়, যেমন ওভারটাইম পাওনা, যা মাসে মাসে পরিবর্তিত হয়, এই হিসাবের আওতায় আনা হয় নাই)।

মাসিক আয়: ৩১০ ডলার।

ঋণ পরিশোধের মাসিক ক্ষমতা: মাসিক আয়ের ৩০% > ৯৩ ডলার।

এই হিসাবের ভিত্তিতে, তাহলে, মালাক প্রতি মাসে ৩৬০ ডলার (ঋণের উপর সে চুক্তিবদ্ধ হতে পারে) এর বেশি পরিশোধ করার অঙ্গীকার করতে পারে না।

ব্যক্তিগত ক্ষমতা

এখন, আপনার পালা! একটি ঋণ পরিশোধ করার জন্য আপনার নিজের সক্ষমতার হিসাব।

মাসিক আয়:	১০০%
ঋণ পরিশোধের মাসিক সক্ষমতা:	মাসিক আয়ের ৩০%

⚠ গুরুত্বপূর্ণ: **আপনার ঋণ পরিশোধের সক্ষমতা বিবেচনায় নিয়ে টাকা ধার করা আপনার মনকে স্বাচ্ছন্দ্যে রাখতে সাহায্য করবে।**

প্রশিক্ষণ সহায়িকা ঘ.৩.১




মালাক হিসাব করে দেখেছে যে বাড়িতে তার নতুন রুমের জন্য একটি কম্পিউটার এবং একটি টেবিল এবং চেয়ার কিনতে তার ১৫০০ ডলার লাগবে। তার প্রয়োজন মেটানোর জন্য নিম্নলিখিত আর্থিক পণ্য (ঋণ) বিশেষভাবে ডিজাইন করা হয়েছে। অফারগুলির মধ্যে কোনটি সবচেয়ে কম ব্যয়বহুল তা খুঁজে বের করার চেষ্টা করছে সে।

পণ্যের নাম	জাতীয় ব্যাংক	ক্ষুদ্রঋণ সমিতি	আপনার সর্বোত্তম ক্রেডিট ব্যাংক
বার্ষিক শতাংশ হার (APR)	৬% বার্ষিক	৮% বার্ষিক	৫% বার্ষিক
ঋণের মেয়াদকাল	২ বছর (২৪ মাস)	৩ বছর (৩৬ মাস)	৬ বছর (৭২ মাস)
প্রতি মাসে পরিশোধযোগ্য টাকা (মাসিক কিস্তি)	৬৬.৪৮ ডলার	৪৭.০০ ডলারs	১২৮.৪১ ডলার
সর্বমোট পরিশোধযোগ্য পরিমাণ (ঋণের মেয়াদ x মাসিক কিস্তি)	৬৬.৪৮ x ২৪ = ১,৫৯৫.৫৪ ডলার		
ঋণের আসল খরচ (মোট পরিশোধযোগ্য পরিমাণ বিয়োগ মালাক কর্তৃক চাহিতব্য মূলধনের পরিমাণ)	১,৫৯৫.৫৪ – ১,৫০০ = ৯৫.৫৪ ডলার		

আপনার পালা! ক্ষুদ্র ঋণ সমিতি কর্তৃক প্রদত্ত ঋণের প্রকৃত মূল্য কত?

এবং আপনার সর্বোত্তম ক্রেডিট ব্যাংকের আসল খরচ?

তাহলে মালাককে অফার করা সবচেয়ে কম ব্যয়বহুল ঋণ কোনটি?



⚠ **মনে রাখবেন!** সবচেয়ে সস্তা ঋণ মালকের প্রয়োজনের জন্য সবচেয়ে উপযুক্ত নাও হতে পারে। উদাহরণস্বরূপ, প্রতি মাসে একটি বড় অংকের অর্থ পরিশোধ করা আরও কঠিন এবং ঝুঁকিপূর্ণ হতে পারে। এটা নির্ভর করে মালাক প্রতি মাসে কত উপার্জনের প্রত্যাশা করছে তার উপর।

(৪) সঠিক উত্তর হল আপনার সর্বোত্তম ক্রেডিট বায়ক

(৩) মোট পরিশোধযোগ্য পরিমাণ = ১,৫৪০.৯৩ তলার (১২৮.৪২ x ১২)। বাকির প্রকৃত খরচ = ৪০.৯৩ তলার (১,৫৪০ - ১,৫০০)।

(২) মোট পরিশোধযোগ্য পরিমাণ = ১,৬৯২.০০ তলার (৪৭.০০ x ৩৬)। বাকির প্রকৃত খরচ = ১৯২ তলার (১,৬৯২ - ১,৫০০)।


প্রশিক্ষণ সহায়িকা ঘ.৩.২

ঋণ বিজ্ঞাপনের কাল্পনিক ব্রোশিওর



জাতীয় ব্যাংক

- এপিআর: ৬.০০%
- ঋণের মেয়াদ: ২ বছর
- মাসিক পরিশোধ: ৬৬.৪৮ ডলার (১,৫০০ ডলারের ঋণে)
- ঋণের সর্বোচ্চ পরিমাণ: ৫,০০০ ডলার
- শর্ত:
  - প্রকল্পের খরচের ন্যূনতম ব্যক্তিগত অবদান ১০%
  - আপনাকে অবশ্যই কমপক্ষে ৬ মাস ধরে ব্যাংকের গ্রাহক হতে হবে
- কোন অ-আর্থিক পরিষেবা বা প্রশিক্ষণ কোর্স নেই
- আপনার নতুন প্রকল্পের জন্য সেরা



- এপিআর: ৮%
- ঋণের মেয়াদ: ৩ বছর
- মাসিক পরিশোধ: ৪৭.০০ ডলার
  (১,৫০০ ডলার ঋণে)
- সর্বোচ্চ ঋণের পরিমাণ: ৩,০০০ ডলার
- **শর্তাবলী:**
  - নূন্যতম ব্যক্তিগত অবদান ০।
  - আপনাকে ক্ষুদ্রঋণ সমিতির সদস্য হতে হবে। খুব দ্রুত এবং সহজ নিবন্ধন পদ্ধতি!
- পরিশোধের পুরো সময় জুড়ে
- ব্যবসা স্টার্ট আপ এবং আর্থিক শিক্ষার প্রশিক্ষণ কোর্স
- বাজারের দীর্ঘতম মেয়াদ। সর্বনিম্ন কিস্তি।
  - আসুন এবং আমাদের সাথে দেখা

আপনার সর্বোত্তম ক্রেডিট ব্যাংক লোন



প্রবৃদ্ধি এবং নতুন প্রকল্পের জন্য আপনার আর্থিক অংশীদার

- দীর্ঘতম মেয়াদ। সর্বনিম্ন কিস্তি।
- আসুন এবং আমাদের সাথে দেখা
- এপিআর: ৫.০০%
- ঋণের মেয়াদ: ১ বছর
- মাসিক পরিশোধ: ১২৮.৪১ ডলার (১,৫০০ ডলার ঋণে)
- গ্রেস পিরিয়ড: ০
- ঋণের সর্বোচ্চ পরিমাণ: - ১০,০০০ ডলার
- শর্তাবলী:
  - প্রকল্পের খরচে ন্যূনতম ব্যক্তিগত অবদান ২০%
  - কমপক্ষে বারো মাস ধরে ব্যাংকের গ্রাহক গ্রাহক থাকতে হবে
- বাজারের সবচেয়ে কম দাম
- কোন অ-আর্থিক পরিষেবা বা উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ কোর্স নেই

প্রশিক্ষণ সহায়িকা ঘ.৩.৩

ঋণদাতা এবং একটি ঋণ পছন্দ করার ক্ষেত্রে চরিত্রকে প্রভাবিত করে এমন যুক্তিগুলির সংক্ষিপ্তসার টেবিল (খালি)

ফ্যাক্টর	জাতীয় ব্যাংক	ক্ষুদ্রঋণ সমিতি	আপনার সর্বোত্তম ক্রেডিট ব্যাংক
এপিআর/ঋণের খরচ			
ঋণ পাওয়ার সহজলভ্যতা/শর্তাবলী			
যে পরিমাণ সে ঋণ নিতে পারবে			
পরিশোধের ফ্রিকোয়েন্সি			
অ-আর্থিক পরিষেবার সাহায্য এবং লভ্যতা			

আপনার পালা!

আমার লক্ষ্য, আমার বাজেট, এবং আমার পরিশোধের সক্ষমতা বিবেচনায় রেখে, আমার কি ক্রেডিট পণ্যের প্রয়োজন আছে?

☐ হ্যাঁ ☐ না

যদি হ্যাঁ হয়, কোন লক্ষ্যের জন্য? .....

কি পরিমাণ? .....

এখন, আপনার আশেপাশের আর্থিক প্রতিষ্ঠানগুলির তথ্য অনুসন্ধান করুন এবং মালাকের টেবিলটি পূরণ করুন, কিন্তু আপনি যে লক্ষ্যটি নির্ধারণ করেছেন তার জন্য আপনার একটি ক্রেডিট প্রয়োজন।

⚠ **সতর্কতা!** ক্রেডিট পণ্যগুলির তুলনা করার জন্য আপনাকে জানতে হবে যে ঋণের জন্য আপনার সামগ্রিক কত খরচ হবে (অর্থাৎ, আপনি যে পরিমাণ ধার নিয়েছেন তার সাথে আপনি কত টাকা ফেরত দেবেন)। এর মধ্যে ধার করা মূলধনের সুদের হার, প্রশাসনিক খরচ, বীমা, প্রদত্ত অন্যান্য পরিষেবা অন্তর্ভুক্ত রয়েছে। মালাকের মতো, কম আপাত সুদের হার থেকে সাবধান থাকুন, যা আসলে দীর্ঘ সময়ের আসলে খুব ব্যয়বহুল হতে পারে!

পণ্যের নাম			
বার্ষিক শতাংশ হার (এপিআর)			
ঋণের মেয়াদ			
প্রতি মাসে পরিশোধযোগ্য পরিমান (মাসিক কিস্তি)			
সর্বমোট পরিশোধযোগ্য পরিমান (ঋণের মেয়াদ x মাসিক কিস্তি)			
ঋণের আসল খরচ (সর্বমোট পরিশোধযোগ্য পরিমান বিয়োগ অনুরোধকৃত মূলধন)			

আমার প্রয়োজনের জন্য সর্বোত্তম পণ্য হলো: .....



প্রশিক্ষণ সহায়তা ঘ.৩.৪

প্রচলিত ফাইন্যান্স এবং ইসলামিক ফাইন্যান্স ব্যবহার করে বাড়ি ক্রয়ের দৃশ্যপট



প্রচলিত অর্থ

হোস্ট সম্প্রদায়ের একজন নারী ১০০ মুদ্রা ইউনিটের একটি সম্পত্তি কিনতে চান।

তিনি একটি ব্যাংক থেকে ঋণ নেন এবং সম্পত্তি কেনেন। তিনি সাথে সাথেই সম্পত্তি পেয়ে যান । তাকে ২০ বছরের মধ্যে ১২০ টি মুদ্রা ইউনিট পরিশোধ করতে হবে। ঋণের খরচ হল ২০ মুদ্রা ইউনিট, হিসাব করা হয়েছে নিম্নরূপ পদ্ধতিতে: (১২০ – ১০০ = ২০)

ইসলামিক ফাইন্যান্স

হোস্ট সম্প্রদায়ের একজন ইসলামিক নারী ১০০ মুদ্রা ইউনিটের একটি সম্পত্তি কিনতে চান।

তার ব্যাংক ১০০ ইউনিটের দিয়ে সম্পত্তি ক্রয় করে, সংশ্লিষ্ট ঝুঁকি গ্রহণ করে (যেমন সম্ভাবনা থাকে যে সম্পত্তি পুড়ে যেতে পারে)। অ্যাপার্টমেন্টটির মালিকানা এখন ব্যাংকের। ব্যাংক তার কাছে অ্যাপার্টমেন্টটি ১২০ কারেন্সি ইউনিটে বিক্রি করে এবং ৯০ দিন পর সম্পত্তির মালিকানা হস্তান্তর করে। তিনি ২০ বছরের মেয়াদে ব্যাংকে টাকা ফেরত দিতে সম্মত হয়েছেন। ঋণের খরচ ২০ মুদ্রা ইউনিট। (১২০-১০০ = ২০)

মূল বার্তা

- একটি ক্রেডিট পণ্য ভালভাবে ব্যবহার করার জন্য, আপনাকে সমস্ত ক্রেডিট শর্তাবলী ভালভাবে বুঝতে হবে।
- ধার করার সাথে সাথে পরিশোধের দায়িত্বও এবং সময়মতো পরিশোধ করার চলে আসে।
- ঋণ নেওয়া একটি মারাত্মক ব্যবসা। এটাকে হালকাভাবে নিবেন না!
- আপনার ক্রেডিট পণ্য নির্বাচন করার জন্য, আপনাকে বিভিন্ন পণ্য সম্পর্কে জানতে হবে, তাদের প্রতিটির বৈশিষ্ট্য সম্পর্কে তথ্য সংগ্রহ করতে হবে। তথ্যের সাহায্যে আপনি আপনার প্রয়োজনের সাথে সর্বাধিক মানানসই ক্রেডিট পণ্যটি নির্বাচন করতে সক্ষম হবেন।

৪. খেয়াল রাখবেন! অতিরিক্ত ঋণগ্রস্ত হবেন না!

প্রশিক্ষণ সহায়তা ঘ.৪.১

অতিরিক্ত ঋণগ্রস্ত হয়ে পড়ার গল্প



পর্ব ১: প্রিশা তার সহকর্মী সিয়ার সাথে ডর্মে (হোস্টেলে) কথা বলছে

সিয়া	প্রিশা তোমার সঞ্চয় এবং ঋণ গ্রুপের কাছে আমি যে টাকা চেয়েছিলাম সে ব্যাপারে একটু মনে করে জিজ্ঞাসা করো।
প্রিশা	হ্যাঁ, বিকালের শিফট শেষ করে সন্ধ্যা ৬টায় আমাদের মিটিং আছে। আমি চিন্তা হচ্ছে না কারণ আমি তোমাকে বলেছি যে, আমি ১০০ ডলার চাইতে পারব এবং আমি সেগুলি তোমাকে দেব।
সিয়া	কিন্তু, সিয়া, তুমি কেন মাত্র ১০০ ডলার ধার নিচ্ছ? তুমি কি ভুলে গেছেন যে আমি কমপক্ষে ২০০ ডলার ধার করতে বলেছিলাম? আমাকে আগামীকাল একজন অনানুষ্ঠানিক ঋণদাতা এবং একজন দোকানদারকে পাওনা টাকা শোধ করতে হবে।
প্রিশা	সিয়া, তুমি একটু বিভ্রান্ত। আমি তোমাকে বলেছিলাম আমি কেবল ১০০ ডলার চাইতে পারি, এবং তুমি উত্তর দিয়েছিলেন যে পাওনা পরিশোধের জন্য তুমি আরো অর্থ খুঁজে পাবে!
সিয়া	জানি, কিন্তু পারিনি। এই সময় আমাকে বাঁচাতে তোমাকে অবশ্যই তোমার গ্রুপ থেকে কমপক্ষে ২০০ ডলার ধার করতে হবে।
প্রিশা	কিন্তু গ্রুপের এত বড় ঋণ আমি কখনই ফেরত দিতে পারব না!
সিয়া	এটা নিয়ে চিন্তা করো না। আমি পরে তোমার প্রয়োজনীয় টাকা দেব। আমাকে এখন যেতে হবে, পরে দেখা হবে।



পর্ব ২: নির্ভেদ একজন অনানুষ্ঠানিক ঋণদাতা যে সাধারণত শ্রমিকদের টাকা ধার দেয়, সিয়া তার সাথে কথা বলছে

সিয়া	হ্যালো নির্ভেদ, আপনি কেমন আছেন? অনেক দিন ধরে দেখা নেই।
নির্ভেদ	হ্যাঁ, সবকিছু ঠিক আছে, ধন্যবাদ, সিয়া। তোমার খবর কি?
সিয়া	আমি ঠিক আছি। আপনি কি আমাকে একটি উপকার পারবেন, আপনি কি আমাকে ১০০ ডলার ধার দিতে পারেন? দোকানদারদের সাথে আমার কিছু জরুরি ঋণ আছে যা আজকে শোধ করতে হবে।
নির্ভেদ	(দূরে যাওয়ার চেষ্টা করছে...) কিন্তু, সিয়া, এই দ্বিতীয়বার আপনি আমার কাছে দোকানদারদের টাকা ফেরত দেওয়ার জন্য টাকা চেয়েছেন। আর শেষবার যখন আপনি আমার কাছ থেকে টাকা ধার নিয়েছিলেন তখন টাকা ফেরত পেতে আমার অনেক সময় লেগেছিল।
সিয়া	নির্ভেদ চিন্তা করবেন না! আমি আপনাকে ফেরত দেব। আজ আমি আমার সহকর্মী প্রিশার কাছ থেকে কিছু টাকা পাচ্ছি। এরপর আমি আর ধার করবো না শুধু আপনার পাওনা শোধ করার দিকে মনযোগ দিব।
নির্ভেদ	আপনি আপনার সহকর্মীদের কাছ থেকেও ধার নিচ্ছেন?
সিয়া	হ্যাঁ, আমার তার কাছ থেকেও ধার নেওয়া দরকার ছিল কারণ আমি গত মাসে অনেক ওভারটাইম করতে পারিনি। আমি অনেক ঋণগ্রস্ত আছি কিন্তু আমি বিশ্বাস করি শীঘ্রই সব ঠিক হয়ে যাবে।

মূল বার্তা

- সিয়া কি করছে?
- কেন সে একাধিক ঋণদাতার কাছ থেকে ধার নিচ্ছে?
- বিভিন্ন ঋণদাতা যাদের কাছ থেকে সিয়া ঋণ চাইছেন তাদের সম্পর্কে তিনি কী ভাবেন?
- প্রিশা কীভাবে সিয়াকে সাহায্য করছে?
- আপনার কি মনে হয় সিয়ার কি হবে?

সংজ্ঞা

অত্যধিক ঋণগ্রস্ততা হলো একজন ব্যক্তির ব্যক্তিগত ঋণের সাথে মানিয়ে নেওয়ার অক্ষমতা।

⚠ **গুরুত্বপূর্ণ: আপনি অতিরিক্ত ঋণগ্রস্ত হওয়ার জন্য লজ্জিত বোধ করতে পারেন এবং এটি পরিবার এবং বন্ধুদের সাথে আপনার সম্পর্ককে প্রভাবিত করতে পারে। নিজেকে বিচ্ছিন্ন করবেন না এবং আপনার বিশ্বস্ত লোকদের সাথে আপনার সমস্যাগুলি নিয়ে কথা বলবেন।**

অতিরিক্ত ঋণ থেকে দূরে থাকার পরামর্শ

- শুধুমাত্র সেই পরিমাণ অর্থ ধার করুন যা আপনি ফেরত দিতে পারেন।
- আপনার ঋণ থেকে আয়ের অনুপাত হিসাব করুন। আপনার মোট মাসিক আয় এবং আপনার ঋণ (মাসিক ঋণের বাধ্যবাধকতা) ফেরত দিতে আপনাকে যে মাসিক অর্থপ্রদান করতে হবে তা হিসাব করুন। এই দুটি পরিসংখ্যান তুলনা করুন এবং অনুপাত হিসাব করুন। সাধারণত, যদি আপনার পাওনা পরিশোধ আপনার মাসিক আয়ের ৩০ শতাংশে পৌঁছায়, তাহলে আপনার আর অতিরিক্ত ঋণ নেওয়া উচিত নয়।
- আপনি যদি সময়মতো ঋণ পরিশোধ করতে না পারেন, তাহলে আপনার ঋণদাতার সাথে সৎ থাকুন এবং এই ধরনের চ্যালেঞ্জের কারণ ব্যাখ্যা করুন।
- কিভাবে আপনার ঋণ ফেরত দিতে হবে সে সম্পর্কে আপনার ঋণদাতা, বন্ধুবান্ধব এবং পরিবারের পরামর্শ শুনুন।
- ঋণ পরিশোধ করার জন্য আপনার দৈনন্দিন জীবনের কিছু খরচ কমিয়ে দিন।
- সর্বদা কিছু জরুরি সঞ্চয় রাখুন যাতে আপনি আপনার ঋণ পরিশোধকে প্রভাবিত না করে জরুরি পরিস্থিতি মোকাবেলা করতে পারেন।
- পদক্ষেপ গ্রহণ করুন! আর্থিক প্রতিষ্ঠানে গিয়ে আপনার অ্যাকাউন্ট ম্যানেজারের সাথে দেখা করুন । সাহায্যের জন্য জিজ্ঞাসা করতে খুব দেরি না হওয়া পর্যন্ত অপেক্ষা করবেন না।



প্রশিক্ষণ সহায়তা ঘ.৪.২

রোল-প্লে কার্ড (চরিত্রাভিনয় কার্ড)

প্রশিক্ষণ

আপনি সিয়ার সহকর্মী। আপনাদের অনেকের কাছে তার অনেক ঋণ আছে। সে তার ঋণ শোধ করতে ব্যর্থ হচ্ছে। একটি সংক্ষিপ্ত স্কেচ প্রস্তুত করুন যেখানে আপনি পরিস্থিতি নিয়ে আলোচনা করবেন এবং সিয়া সম্পর্কে কী করবেন তা সিদ্ধান্ত নিন।

প্রশিক্ষণ

আপনি শ্রীলঙ্কায় সিয়ার বর্ধিত পরিবারের এবং বন্ধুদের সদস্য (বোন, ভাই, কাজিন)। আপনি গত মাসে সিয়ার কাছ থেকে টাকা পাননি এবং আপনি তাকে নিয়ে কিছুটা চিন্তিত। একটি সংক্ষিপ্ত স্কেচ প্রস্তুত করুন যেখানে আপনি পরিস্থিতি নিয়ে আলোচনা করবেন এবং সিয়ার ব্যাপারে কি করবেন তা সিদ্ধান্ত নিন।

প্রশিক্ষণ

আপনি একজন অনানুষ্ঠানিক ঋণদাতা যে প্রায়ই সিয়াকে টাকা ধার দেন। একটি সংক্ষিপ্ত স্কেচ প্রস্তুত করুন যাতে আপনি অন্যান্য ঋণদাতাদের সাথে সিয়ার পরিস্থিতি শেয়ার করেন।



আপনার পালা!

আপনি কি অতিরিক্ত ঋণগ্রস্ত?

আপনার মাসিক ঋণের দায় কি আপনার মাসিক আয়ের ৩০ শতাংশের বেশি?

☐ হ্যাঁ ☐ না

আপনার মাসিক ঋণের দায় কি আপনার মাসিক আয়ের ৩০ শতাংশের বেশি?

☐ হ্যাঁ ☐ না

আপনার মাসিক ঋণের দায় কি আপনার মাসিক আয়ের ৩০ শতাংশের বেশি?

☐ হ্যাঁ ☐ না

আপনার মাসিক ঋণের দায় কি আপনার মাসিক আয়ের ৩০ শতাংশের বেশি?

☐ হ্যাঁ ☐ না

কিছু সমাধান

আপনি যদি ইতোমধ্যেই অতিরিক্ত ঋণগ্রস্ত হয়ে থাকেন, তাহলে আপনার ক্রেডিট প্রতিষ্ঠান যেসব সমাধান অফার করতে পারে সেগুলো এখানে রয়েছে:

- ঋণ পুনঃনির্ধারণ করুন, অর্থাৎ প্রতি মাসে পরিশোধের পরিমাণ কমান এবং ঋণের মেয়াদ বড় করুন।
- একটি প্রদত্ত সময়ের জন্য অর্থ পরিশোধ বাধাগ্রস্ত করুন।
- আপনার সবচেয়ে ব্যয়বহুল ঋণ পরিশোধ করতে একটি সম্পদ বিক্রি করুন (অর্থাৎ যেগুলোর সুদের হার সর্বোচ্চ)।

আপনার ক্রেডিট প্রতিষ্ঠানের মধ্যস্থতা সংক্রান্ত পরিষেবাগুলি সম্পর্কে জিজ্ঞাসা করতে দ্বিধা করবেন না!

মূল বার্তা

- আপনি ধার নেওয়ার সিদ্ধান্ত নিলেই শোধ করার সিদ্ধান্ত নিতে হবে ।
- ঋণ পরিশোধের জন্য ধার করা এড়িয়ে চলুন!
- ক্রেডিটের টাকা আপনার নয়!

সংযুক্তি এবং মূল ডকুমেন্টস

একজন সম্ভাব্য ঋণদাতাকে যেসব প্রশ্ন করতে হবে

- আপনি কি ধরনের ঋণ অফার করেন? কি ধরনের প্রকল্প এই ঋণ দ্বারা অর্থায়ন করা হয় (বাড়ি ক্রয়, ব্যবসা শুরু, একটি গাড়ী কেনা...)?
- সুদের হার কত?
- কি কি ফিস এবং চার্জ নেওয়া হয়?
- APR বা বার্ষিক শতাংশ হার (অর্থাৎ ঋণের প্রকৃত খরচ, ফি সহ) কত?
- ঋণ দেওয়ার জন্য আমাকে কি গ্যারান্টি দিতে হবে? যদি তাই হয়, কি কি গ্যারান্টি?
- আমি একজন অভিবাসী কর্মী হলে গ্যারান্টির শর্ত কি ভিন্ন?
- দরকার হলে আমাকে কতটুকু অবদান রাখতে হবে?
- সুদ পরিশোধের ফ্রিকোয়েন্সি কি (কত সময় পর পর সুদ পরিশোধ করতে হবে)?
- কিস্তি কখন পরিশোধ করতে হবে? (মাসের শুরুতে...)
- বিলম্বে অর্থ প্রদানের ক্ষেত্রে কী জরিমানা আরোপ করা হয়?
- কোথায় পরিশোধ করতে হবে?
- ঋণ মঞ্জুর করতে এবং টাকা পেতে কতক্ষণ সময় লাগে?
- ঋণের আবেদন চূড়ান্ত করতে আমাকে কতবার এখানে আসতে হবে?
- ঋণ প্রদানের জন্য ঋণদাতার কাছে আমাকে কোন কোন নথিপত্র উপস্থাপন করতে হবে?
- আমি মেয়াদের আগে ঋণ পরিশোধ করলে কি আমাকে অবশিষ্ট সুদ পরিশোধ করতে হবে?
- আমি এই ঋণ গ্রহণ করলে কি বাধ্যতামূলক বা ঐচ্ছিক বীমা ব্যবস্থা আছে? যদি তাই হয়, তাদের খরচ কত এবং কি জন্য?
- আপনার পণ্য কি অভিবাসী শ্রমিকদের জন্যও প্রযোজ্য?
- আমার বাসস্থান/ব্যবসায়িক স্থান থেকে যে অফিসে আমাকে টাকা পরিশোধ করতে হবে সেটি কত দূরে?
- আমার ক্রেডিট পাওয়ার জন্য আমাকে কি মিটিংয়ে যোগ দিতে হবে?
- এই মিটিং কতদিনের?
- আপনারা কি পরীক্ষা করেন দেখের যে আমার অন্য প্রতিষ্ঠানে ঋণ আছে কিনা?

অনুশীলনীর উত্তর



প্রশিক্ষণ সহায়তা ঘ.১.৩

অর্থ সংগ্রহের বিভিন্ন উপায়ের দৃশ্যপট

অর্থ সংগ্রহের বিভিন্ন উপায়ের সুবিধা এবং অসুবিধা

	সুবিধা	*অসুবিধা*
সম্পত্তি/সম্পদ বিক্রয়	• আপনি আপনার সম্পদ বিক্রি করার পর দোকানদাররা আপনাকে আবার কিনতে দেবে	• সম্পদের মূল্য হারানোর ঝুঁকি • যদি উৎপাদনশীল সম্পদ হয়, তাহলে পরিবারের অতিরিক্ত খরচ হতে পারে বা দিনে দিনে আরও বেশি খরচ করতে হবে
সঞ্চয়	• দ্রুত অ্যাক্সেস • ব্যক্তিগত সম্পদ • কোন সুদ দিতে হবে না • আপনি টাকা দিয়ে যা খুশি তা করতে পারেন (কোন বাহ্যিক হস্তক্ষেপ নয়)	• আপনি আপনার সঞ্চয় হ্রাস করেন • টাকা দীর্ঘ সময়ের জন্য সংরক্ষণ করতে হবে, তাই সম্ভবত আপনার সমস্ত প্রয়োজন পূরণ করতে পারবে না • জরুরি অবস্থায় আপনার আর্থিক সম্পদের অভাব হতে পারে
অনানুষ্ঠানিতক ঋণদাতা থেকে ধার করা (পরিবার, দোকানদার...)	• দ্রুত • স্থানীয় লেনদেন • কোন বাস্তবায়ন পদ্ধতি নাই	• খুবই মূল্যবান • ঝুঁকিপূর্ণ: আপনি যদি শোধ করতে ব্যর্থ হন, তাহলে ঋণদাতা ভয় দেখানো সহ "মারাত্মক" পদ্ধতি অবলম্বন করতে পারে • ঋণদাতা দ্বারা অপব্যবহারের ক্ষেত্রে কোন আইনি সুরক্ষা নেই • ঋণ পেতে সহজ
আনুষ্ঠানিক আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, VSLAs, SACCO - সঞ্চয় ও ঋণ সমবায় সংস্থা) থেকে ঋণ গ্রহণ	• দ্রুত • অ্যাক্সেসযোগ্য • অনুমেয় • আইনি বাধ্যবাধকতা অনুযায়ী নিবন্ধিত • পরামর্শ দিতে সক্ষম একটি দলের অংশ (সামাজিক দিক/সম্মিলিত সমর্থন)	• সাধারণত অল্প পরিমাণে ঋণ দেওয়া হবে • আপনার প্রোজেক্টের উপযোগী কোনো পণ্য নাও থাকতে পারে • কখনো কখনো সুদের হার বেশি • আমার শুধুমাত্র নিবন্ধিত ব্যবসা থাকলেই কিছু ঋণ প্রদানকারী আমাকে অর্থায়ন করতে পারে

প্রশিক্ষণ সহায়তা ঘ.৪.১

অতিরিক্ত ঋণগ্রস্ত হয়ে পড়ার গল্প

সুদ	ব্যাংক এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে সবচেয়ে উপযুক্ত এবং/অথবা সবচেয়ে সস্তা ঋণ (সাধারণত বন্ধকী ঋণ) খুঁজে পাওয়ার জন্য তার ক্লায়েন্টদের দ্বারা প্রফেশনাল চার্জ।
ক্রেডিট ব্রোকার	ঋণ পরিশোধ করার পাশাপাশি ঋণদাতার অর্থ ব্যবহার করার জন্য ঋণগ্রহীতা ঋণদাতাকে যে পরিমাণ অর্থ প্রদান করে।
জরিমানা	ঋণদাতা কর্তৃক প্রদত্ত ঋণের পরিমাণ, নেট সুদ।
মূলধন	আপনি পরিশোধ করতে ব্যর্থ হলে যে ব্যক্তি আপনার ঋণ পরিশোধ করবেন। এই ব্যক্তিকে ঋণদাতার সাথে চুক্তিতে তার স্বাক্ষর যোগ করতে বলা হতে পারে। গ্যারান্টি সম্পত্তি আকারেও হতে পারে।
গ্যারান্টর/জামানত	ঋণগ্রহীতা ঋণ পরিশোধ করতে ব্যর্থ হলে যাকে ঋণের অর্থ পরিশোধ করতে হবে (যেমন সম্পত্তি বাজেয়াপ্ত করা, যানবাহন, সঞ্চয়...)
গ্রেস পিরিয়ড	চুক্তির মেয়াদের আগে আপনার ঋণের সমস্ত বা অংশিক পরিশোধ করা
পুনর্বিবেচনা	ক্রেডিট প্রতিষ্ঠান থেকে টাকা ধার করার আগে আপনার প্রকল্পের জন্য আপনার নিকট রক্ষিত নিজস্ব তহবিলের অনুপাত। মূলত আপনার তরল সম্পদ এবং সঞ্চয় নিয়ে এটি গঠিত হয়।
প্রারম্ভিক পরিশোধ	একটি ঋণ প্রাপ্তি এবং প্রথম পরিশোধের মধ্যে অনুমোদিত সময়কাল (এখন কিনুন, পরে পরিশোধ করুন)
বন্ধক	জরিমানা ছাড়া একটি ক্রেডিট চুক্তি বাতিলকরণ। একটি "কুলিং-অফ পিরিয়ড" আপনাকে আবেগ সুরক্ষায় সাহায্য করে।
ব্যক্তিগত অবদান	একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ক্রেডিট পেতে জামানত হিসাবে আপনার মালিকানাধীন একটি সম্পত্তি বন্ধক রাখা। ঋণ পরিশোধ না করা হলে, পাওনাদার সংশ্লিষ্ট সম্পত্তি বাজেয়াপ্ত/দখল করতে পারেন এবং ঋণের মূল পরিমাণসহ চার্জ যোগ করে পুনঃদখল করার জন্য এটি বিক্রি করতে পারেন। মালিক তিনি তার ঋণ পরিশোধের দায়িত্ব নিলে বন্ধক রাখা সম্পত্তির মালিকানা হারাবেন না।

প্রশিক্ষণ সহায়িকা ঘ.৩.১

মালাকের ঋণের খরচের হিসাব করা (সম্পূর্ণ)দৃশ্যপট

পণ্যের নাম	জাতীয় ব্যাংক	ক্ষুদ্রঋণ সমিতি	আপনার সর্বোত্তম ক্রেডিট ব্যাংক
বার্ষিক শতাংশ হার (APR)	৬% বার্ষিক	৮% বার্ষিক	৫% বার্ষিক
ঋণের মেয়াদকাল	২ বছর (২৪ মাস)	৩ বছর (৩৬ মাস)	৬ বছর (৭২ মাস)
প্রতি মাসে পরিশোধযোগ্য টাকা (মাসিক কিস্তি)	৬৬.৪৮ ডলার	৪৭.০০ ডলার	১২৮.৪১ ডলার
সর্বমোট পরিশোধযোগ্য পরিমাণ (ঋণের মেয়াদ x মাসিক কিস্তি)	৬৬.৪৮ x ২৪ = ১,৫৯৫.৫৪ ডলার	৪৭.০০ x ৩৬ = ১৬৯২ ডলার	১২৮.৪১ x ১২ = ১,৫৪০.৯৩ ডলার
ঋণের আসল খরচ (মোট পরিশোধযোগ্য পরিমাণ বিয়োগ মালাক কর্তৃক চাহিতব্য মূলধনের পরিমাণ)	১,৫৯৫.৫৪ – ১,৫০০ = ৯৫.৫৪ ডলার	১৬৯২ – ১৫০০ = ১৯২ ডলার	১৫৪০.৯৩ – ১৫০০ = ৪০.৯৩ ডলার

নোট

প্রশিক্ষণ সহায়তা ঘ.৪.১

ঋণদাতা এবং ঋণ পছন্দ করার ক্ষেত্রে চরিত্রকে প্রভাবিত করে এমন যুক্তিগুলির সংক্ষিপ্তসার

ঋণদাতা এবং ঋণ পছন্দ করার জন্য মালাকের মানদণ্ড।

সুবিধা	জাতীয় ব্যাংক	ক্ষুদ্রঋণ সমিতি	আপনার সর্বোত্তম ক্রেডিট ব্যাংক
এপিআর/ঋণের খরচ	• ঋণের গড় প্রকৃত	• দীর্ঘমেয়াদের কারণে ঋণের সর্বোচ্চ প্রকৃত খরচ।	• ঋণের প্রকৃত খরচ কম
ঋণ পাওয়ার সহজলভ্যতা/ শর্তাবলী	• মালাক ৬ মাসের বেশি সময় ধরে এই ব্যাংকের গ্রাহক কিনা তা নিশ্চিত নয় • মালাকের জন্য ব্যক্তিগত অবদান গ্রহণযোগ্য হতে পারে • মালকের ঋণ পরিশোধের ক্ষমতা অনুযায়ী মাসিক কিস্তি	• ক্ষুদ্রঋণ সমিতির গ্রাহক হতে হবে তবে এটি মালকের জন্য হওয়া সহজ	• অসম্ভব, কারণ মালাক ১২ মাসের বেশি সময় ধরে ব্যাংকের গ্রাহক নয়। • মালাকের জন্য ব্যক্তিগত অবদান গ্রহণযোগ্য হতে পারে • মালকের জন্য মাসিক কিস্তি খুব বেশি হতে পারে
যে পরিমাণ সে ঋণ নিতে পারবে	• পর্যাপ্ত পরিমাণ	• পর্যাপ্ত পরিমাণ	• পর্যাপ্ত পরিমাণ
পরিশোধের ফ্রিকোয়েন্সি	• মাসিক	• মাসিক	• মাসিক
অ-আর্থিক পরিষেবার সাহায্য এবং লভ্যতা	• না	• হ্যাঁ (মালকের জন্য সাহায্য/ তত্ত্বাবধান থাকা খুবই গুরুত্বপূর্ণ হতে পারে)	• না
উপসংহার	• গড় ব্যয়বহুল ঋণ, MFI এর চেয়ে সস্তা • কোন সহায়তার ব্যবস্থা নেই • যোগ্য হওয়ার জন্য ৬ মাস অপেক্ষা করতে না চাইলে মালাককে ক্লায়েন্ট হতে হবে	• ঋণটি ব্যয়বহুল, তবে উদ্যোক্তাদের জন্য সাহায্য পাওয়া যাবে এবং ব্যক্তিগত অবদানের প্রয়োজন নেই। তারা মালাকের জন্য গুরুত্বপূর্ণ প্রশিক্ষণের ব্যবস্থা করবে	• সবচেয়ে সস্তা ঋণ • উচ্চ স্তরের ব্যক্তিগত অবদান • উচ্চ কিস্তি

F I N A N C I A L E D U C A T I O N

৬



বুদ্ধিমত্তার সাথে ক্রেডিট পণ্য ব্যবহার করুন

FINANCIAL QUIZ EDUCATION

৬১. উত্তোলন কার্ড হল একটি কার্ড যা দিয়ে আমি করতে পরি

- ☐ **ক.** টাকা উত্তোলন এবং পরিশোধ।
- ☐ **খ.** শুধুমাত্র টাকা উত্তোলন।
- ☐ **গ.** আমার অ্যাকাউন্টে টাকা না থাকলেও টাকা উত্তোলন।

৬২. কেউ আমার ব্যাংক কার্ড চুরি করেছে, আমি কি করব?

- ☐ **ক.** ক চোরের কাছে আমার পাসওয়ার্ড নেই, তাই আমার চিন্তার কিছু নাই। আমি কিছু করব না।
- ☐ **খ.** কার্ড ব্লক করার জন্য আমি অবিলম্বে আমার ব্যাংকের সাথে যোগাযোগ করব।
- ☐ **গ.** আমি অবিলম্বে একটি নতুন কার্ড ইস্যু করার জন্য আমার ব্যাংকের সাথে যোগাযোগ করব।

৬৩. টাকা ট্রান্সফারের মাধ্যমে যা করা যায়

- ☐ **ক.** একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলা।
- ☐ **খ.** এক জায়গা থেকে অন্য জায়গায় টাকা স্থানান্তর বা পাঠানোর ব্যবস্থা করা।
- ☐ **গ.** আপনার কেনাকাটার টাকা পরিশোধের জন্য একটি ডেবিট কার্ড ব্যবহার করতে পারা।

৬৪. টাকা পাঠানোর সবচেয়ে নিরাপদ পদ্ধতি কি?

- ☐ **ক.** একটি ট্যাক্সি বা একটি মিনিবাস ড্রাইভারকে জিজ্ঞাসা করুন।
- ☐ **খ.** একটি আনুষ্ঠানিক অর্থ স্থানান্তর অপারেটরকে জিজ্ঞাসা করুন।
- ☐ **গ.** একজন আত্মীয়কে জিজ্ঞাসা করুন

উত্তর: ৬১.ক; ৬২.খ; ৬৩.খ; ৬৪.খ

১. নিরাপদভাবে অর্থ পরিশোধের পদ্ধতি ব্যবহার করুন

আগের মডিউলগুলিতে আমরা খুঁজতে চেষ্টা করেছি কিভাবে আপনার প্রয়োজন অনুসারে ঋণ এবং সঞ্চয় পণ্যগুলি বেছে নিতে হবে। আমরা এখন দেখতে যাচ্ছি কিভাবে বিভিন্ন অর্থ পরিষদের পদ্ধতিগুলি ব্যবহার করা যায়, উদাহরণস্বরূপ আপনি যে জিনিসগুলি কিনছেন তার জন্য অর্থ পরিশোধের জন্য।

আপনি যদি কেনাকাটার জন্য অর্থ পরিশোধ করতে চান, তাহলে অর্থপ্রদানের সম্ভাব্য উপায়গুলি কী কী?

পেমেন্ট এবং পেমেন্ট অপারেশনের বিভিন্ন উপায়

- নগদ টাকা
- ব্যাংক কার্ড
- ইন্টারনেটের মাধ্যমে অর্থ পরিশোধ
- ব্যাংক ট্রান্সফার এবং সরাসরি ডেবিট
- ডিজিটাল ওয়ালেট
- ইলেকট্রনিক ম্যান্ডেট
- মোবাইল ফোনের মাধ্যমে অর্থপ্রদান (যদি পরিষেবাটি সংশ্লিষ্ট দেশে পাওয়া যায়)
- বিনিময়...

এই মডিউলের শেষে অনুশীলনের উত্তর অংশে আপনি অর্থ প্রদানের প্রতিটি উপায়ের সুবিধা এবং অসুবিধা সহ একটি টেবিল পাবেন।



কেস স্টাডি নং ১

প্রিশার সহকর্মী সিয়া'র প্রথম কার্ড

প্রিশার সহকর্মী সিয়া প্রথমবারের মতো একটি ব্যাংক অ্যাকাউন্টে তার বেতন পেয়েছে। সে তার খরচের জন্য টাকা তুলতে চায়। যেহেতু তারা কারখানায় এটিএম মেশিন স্থাপন করা হয়েছে, সে চেষ্টা করতে যায়। কারণ যে ব্যাংকে তার অ্যাকাউন্ট এটিমটি একই ব্যাংকের, সে জানে কার্ড ব্যবহার করার জন্য তাকে কোনও ফি দিতে হবে না। এটিএমে এসে ২০ ডলার তুলে নেয় এবং রসিদ পায়।



কেস স্টাডি নং ২

দিয়ার প্রথম কার্ড

এখন মাসের প্রথম সপ্তাহ এবং অর্জুন সবেমাত্র দিয়া এবং তার বাবা-মাকে প্রতি মাসে যে টাকা স্থানান্তর করে তা পাঠিয়েছে। দিয়া যখন সেই সপ্তাহের জন্য তার প্রয়োজনীয় টাকা তুলতে ব্যাংকে যায়, তখন সে দেওয়ালে একটি বড় পোস্টার দেখতে পায় যাতে লেখা আছে স্থানীয় ব্যাংক সমস্ত সেভিংস অ্যাকাউন্ট হোল্ডারকে একটি বিনামূল্যে কার্ড অফার করছে। সে অবিলম্বে এই কার্ড পেতে চেষ্টা করার জন্য একজনকে অনুরোধ করে। পরের সপ্তাহে সে ব্যাংক থেকে তার কার্ড তুলে নেয়। কয়েকদিন পরে, সে একটি এটিএম-এর কাছে থামে এবং তার মানিব্যাগে রাখা কার্ডটি ব্যবহারের চেষ্টা করতে চায়। সে নির্দেশনা অনুসরণ করে এবং তিনি তার অ্যাকাউনটের ব্যালেন্স দেখতে সক্ষম হন। পরে সে ৫০ ডলার তুলে নেওয়ার সিদ্ধান্ত নেয়, কারণ অর্জুনের বাবা-মা তাকে প্রতিবেশীর পাওনা টাকা পরিশোধের জন্য কিছু নগদ টাকা বাড়িতে আনতে বলেছিল। গ্রামে ফেরার পথে সে একটি ছোট সুপার মার্কেটে থামে। সে চাল এবং বোতলজাত পানি কিনে। সে তার কার্ড দিয়ে অর্থ পরিশোধ করার সিদ্ধান্ত নেয় কারণ সে মার্কেটের সাইন দেখে বুঝতে পারে যে সেখানে কার্ড গ্রহণ করা হয়। খুব সহজেই কাজটা হয় এবং সে খুব খুশি হয়। তার এখন একটি ব্যাংক কার্ড রয়েছে এটা ফোনে অর্জুনকে জানানোর জন্য খুব আগ্রহী হয়।





কেস স্টাডি নং ৩

মালাকের বন্ধু আয়শা তার কার্ড ব্যবহার করে

আম্মানে বসবাসকারী মালাকের ভালো বন্ধু আয়েশা এইমাত্র ব্যাংক থেকে একটি ফোন কল পেয়েছে। একজন ভাল ক্লায়েন্ট হওয়ার কারণে, ব্যাংক তাকে একটি কার্ড অফার করেছে যা তার অ্যাকাউন্টে টাকা না থাকলেও তাকে টাকা পরিশোধের সুযোগ দেয়। সে খুব খুশি কারণ সে জানে যে তার কার্ড দিয়ে টাকা প্রদান করার সক্ষমতা খুবই কার্যকরী, বিশেষ করে এখন যখন তার ব্যবসা বড় হচ্ছে এবং মাঝে মাঝে জরুরিভাবে ইনপুট প্রয়োজন। সময় কেটে যায় এবং আয়েশা তার সমস্ত খরচের প্রতি খুব বেশি মনোযোগ না দিয়ে তার কার্ড ব্যবহার করে চলছেন। সে একটি বড় দোকানে তার পরিবারের সদস্যদের কাপড় কেনার জন্য একটি ভাল ডিল খুঁজে পেয়ে কিনতে যায়। সে সর্বদা ভাবে যে তিনি সপ্তাহ শেষে তার ব্যয়গুলি পরীক্ষা করবে, কিন্তু সে কখনই এটি করার সময় খুঁজে পায় না। মাসের শেষে, সে বুঝতে পারে তার ব্যাংক কার্ড দিয়ে করা সমস্ত খরচ মেটানোর জন্য তার কাছে পর্যাপ্ত টাকা নেই। তাকে অবশ্যই উচ্চ সুদ দিতে হবে। এত অসাবধান হওয়ার জন্য আয়েশা নিজেকে দায়ী করে।

সংজ্ঞা

প্রি-পেইড বা নগদ কার্ড

প্রি-পেইড কার্ড আপনাকে একটি অটোমেটিক টেলার মেশিন (সংক্ষেপে এটিএম) নামের একটি ডিভাইসে কার্ড প্রবেশ করিয়ে আপনার অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলনের সুযোগ দেয়। টাকা তোলার সম্ভাবনা ছাড়াও, আপনি আপনার অ্যাকাউন্টের ব্যালেন্স চেক করতে পারেন। আপনি যাকে টাকা পরিশোধ করবেন তিনি কা সেই প্রতিষ্ঠান যদি কার্ড গ্রহণ করে, তবে আপনি এই কার্ডের মাধ্যমে খাদ্য, জ্বালানি, জামাকাপড় কিনতে এবং আপনার ভাড়া পরিশোধ করতে পারেন। আপনি যে অর্থ ব্যবহার করেন তা সাথে সাথে আপনার ব্যালেন্স থেকে কেটে নেওয়া হয়। কিছু কার্ড আপনাকে আপনার মোবাইল ফোনে বিল পরিশোধ এবং ক্রেডিট রিচার্জ করারও সুযোগ দেয়। প্রতিটি ব্যাংকের এটিএমগুলির নিজস্ব নেটওয়ার্ক রয়েছে তবে এটিএমটি আপনার ব্যাঙ্কের হোক বা না হোক আপনি যে কোনও এটিএম থেকে টাকা তোলার জন্য আপনার ব্যাংক কার্ড ব্যবহার করতে পারেন। যাইহোক অন্য ব্যাংকের নেটওয়ার্কের এটিমএম ব্যবহার করার সময় আপনাকে ফি চার্জ করা হতে পারে। আপনি শুধুমাত্র আপনার ব্যালেন্সে রাখা টাকা ব্যবহার করতে পারেবেন। আপনি কোন দেশে অবস্থান করছেন তার উপর নির্ভর করে আপনি এটিএম, ব্যাংক ট্রান্সফার বা এমনকি নেটওয়ার্ক এজেন্ট ব্যবহার করে যতবার খুশি রিচার্জ করতে পারেন। আপনি যদি কোনও সংস্থার মাধ্যমে এই কার্ডটি পান তবে তারা এটিকে পর্যায়ক্রমে রিচার্জ করতে পারে (উদাহরণস্বরূপ, প্রতি মাসে) যাতে আপনি নিয়মিত আপনার অ্যাকাউন্টে জমা হওয়া অর্থের উপর নির্ভর করতে পারেন।

ডেবিট কার্ড

ডেবিট কার্ড হলো একটি পেমেন্ট কার্ড যা ইলেকট্রনিক ব্যাংকিং লেনদেনের সুযোগ দেয়। এটিএম থেকে টাকা তোলার জন্য এটি ব্যবহার করার পাশাপাশি, আপনি অনেক দোকানে কেনা পণ্যগুলির জন্য অর্থ প্রদানের জন্য ডেবিট কার্ড ব্যবহার করতে পারেন।

কেনার সময় আপনার অ্যাকাউন্টে টাকা থাকতে হবে। আপনার ক্রয়ের পরিমাণ সাথে সাথে আপনার অ্যাকাউন্ট থেকে কেটে নেওয়া হয়। আপনি হোম-ব্যাংকিং বা সেলফোনের মাধ্যমে নিয়মিত আপনার ব্যালেন্স চেক করতে পারেন। কিছু ক্ষেত্রে, আপনি ব্যাংক থেকে একটি স্টেটমেন্ট পাবেন যাতে আপনার অ্যাকাউন্ট থেকে কাটা মোট পরিমাণের পাশাপাশি আপনার ব্যালেন্সের উল্লেখ থাকবে।

ক্রেডিট কার্ড

সাধারণভাবে একটি ক্রেডিট কার্ড আপনাকে প্রি-পেইড/নগদ কার্ড এবং ডেবিট কার্ডের মতো একই রকম লেনদেন করার সুযোগ করে দেয়। প্রধান পার্থক্য হল যে, এটি তাৎক্ষণিক ক্রেডিট অ্যাক্সেস করার অনুমতি দেয়। অর্থাৎ, যদি আপনার অ্যাকাউন্টে টাকা না থাকে, তাহলেও যে আর্থিক প্রতিষ্ঠান আপনাকে ক্রেডিট কার্ড ইস্যু করেছে (আর্থিক প্রতিষ্ঠান, ডিপার্টমেন্ট স্টোর...) তার কাছ থেকে ঋণ নিয়ে আপনি দোকানে কেনাকাটা করতে পারেন।

ক্রেডিট কার্ড ক্রয় চুক্তির শর্তাবলীর অধীনে, আপনার ক্রয়/লোনের পরিমাণ আপনার অ্যাকাউন্ট থেকে কেটে নেওয়া হবে (এক বা একাধিকবার, প্রচলিত ক্রেডিট পণ্যগুলির তুলনায় অনেক বেশি সুদের হারে)। যে আর্থিক প্রতিষ্ঠানটি আপনার কাছে ক্রেডিট কার্ড বিক্রি করেছে তার কাছ থেকে আপনি নিয়মিত একটি স্টেটমেন্ট পাবেন, যা আপনার ক্রেডিট থেকে কর্তনকৃত মোট টাকার পরিমাণ, পরিশোধিত পরিমাণ এবং সুদের হার নির্দেশ করে। আজকাল আপনি অনলাইনেও এই সমস্ত তথ্য পরীক্ষা করতে পারেন।

ডিজিটাল ওয়ালেট



কেস স্টাডি নং ৪

মালাক মোবাইল ফোনের মাধ্যমে বিল পরিশোধ করে

মালাককে কারখানায় কাজ করার জন্য এক জোড়া জুতা কিনতে হবে কারণ সে যে জুতা ব্যবহার করছে তা অনেক পুরনো। সে শহরের একটি বাণিজ্যিক রাস্তায় হাঁটছে এবং সে একটি দোকান দেখেতে পায় যেটি খুব ভাল দামে জুতা বিক্রি করে। সে দোকানে প্রবেশ করে, এক জোড়া কাজের বুট পছন্দ করার চেষ্টা করে এবং সেগুলি কেনার সিদ্ধান্ত নেয়। কাউন্টারে দোকানের লোকটি তাকে বলে যে সে নগদ টাকা প্রদান করতে পারে এবং সেই সাথে ডিজিটাল ওয়ালেট ব্যবহার করেও টাকা পরিশোধ করতে পারে। মালাক জিজ্ঞেস করে: "ডিজিটাল ওয়ালেট ব্যবহার করে আমার কি কোনো সুবিধা আছে?" দোকানদার ব্যাখ্যা করে যে দাম একই, কিন্তু ডিজিটাল ওয়ালেট দিয়ে অর্থ প্রদানের ক্ষেত্রে কোন নগদ টাকা ব্যবহার করা হয় না এবং এটি সবার জন্য নিরাপদ। মালাক এই ডিজিটাল ওয়ালেটের এ্যাপটি ডাউনলোড করেছেন এবং ৩০ ডলার জমা দিয়েছেন, তিনি এটি প্রথমবার ব্যবহার করার সিদ্ধান্ত নেন। তিনি দোকানদারের নির্দেশ অনুসরণ করে একটি কোড স্ক্যান করেন এবং তার ফোনে "এ্যাকসেপ্ট পেমেন্ট" সহ একটি মেসেজ আসে। সে ব্যাগটি তুলে নেয় এবং এই নতুন অর্থপ্রদানের পদ্ধতি ব্যবহার করে খুশি হয়ে দোকান ছেড়ে চলে যায়।



কেস স্টাডি নং ৫

মোহম্মদ QR কোড ব্যবহার করে অর্থ প্রদান করে বিল পরিশোধ করে

মোহাম্মদ বাংলাদেশের একটি বড় শহরে চালু হওয়া নতুন একটি বাজারে যাওয়ার সিদ্ধান্ত নেন। সে শুনেছে এটি খুব সুন্দর আধুনিক ভবন। সেখানে হাঁটার সময় তার মনে পড়ে বাড়ির জন্য তাকে নতুন লাইট কিনতে হবে। যে দোকানে সব ধরনের বৈদ্যুতিক যন্ত্রপাতি বিক্রি হয়, সেখানে সে একটা অফার দেখতে পায়। লাইট বাল্বগুলি পছন্দ করার পরে, ক্যাশিয়ারের মহিলা তাকে বলেন যে COVID-19-এর কারণে কার্ড বা ডিজিটাল ওয়ালেট দিয়ে অর্থপ্রদানকারী ক্লায়েন্টের জন্য তাদের ৫% বিশেষ ছাড় রয়েছে। মোহাম্মদের ফোনে এই নতুন ডিজিটাল ওয়ালেট অ্যাপ আছে। সে মহিলাকে জিজ্ঞাসা করে যে সে তার অ্যাপ ব্যবহার করে অর্থপ্রদান করতে পারবে কিনা। মহিলা বিষয়টি নিশ্চিত করেন এবং তাকে একটু অপেক্ষা করতে বলেন যাতে তিনি একটি QR কোড তৈরি করতে পারেন। মোহাম্মদ ক্যাশিয়ারের একটি QR ছবি স্ক্যান করে এবং স্বয়ংক্রিয়ভাবে তার ডিজিটাল ওয়ালেট থেকে টাকা তুলে নেওয়া হয়। মোহাম্মদ প্রথমবারের মতো অর্থপ্রদানের এই উপায়টি ব্যবহার করতে পেরে মুগ্ধ এবং সালমাকে ফোনে জানানোর জন্য তার তর সইছে না।

সংজ্ঞা


ডিজিটাল ওয়ালেট বলতে আমরা একটি ইলেকট্রনিক ডিভাইস, অনলাইন পরিষেবা বা সফ্টওয়্যার প্রোগ্রামের কথা বলি যা এক পক্ষকে পণ্য ও পরিষেবার জন্য ডিজিটাল মুদ্রা ইউনিটের বিনিময়কারী অন্য পক্ষের সাথে ইলেকট্রনিক লেনদেন করার সুযোগ করে দেয়।

	সুবিধা	অসুবিধা
ই-ওয়ালেট	• আপনি দোকানে টাকা তুলতে পারবেন: ক্যাশ পয়েন্ট বা ব্যাংকে লাইনে দাঁড়ানোর দরকার নেই। • বিল বা কাউকে পরিশোধ করার সময় আপনার সাথে টাকা বহন করার দরকার নেই। • আপনার ই-ওয়ালেট একটি পিন দ্বারা সুরক্ষিত; আপনার টাকা নিরাপদ। • টাকা তোলা বা জমা করার জন্য আপনাকে কোনো ফর্ম পূরণ করতে হবে না, যেমন আপনি ব্যাংকে যাওয়ার সময় করেন। • এটিএম বা ব্যাংক কাউন্টার থেকে দোকানে টাকা তোলা বেশি সুবিধাজনক হতে পারে। • খুচরা দোকানদারদের অর্থের অভাব হয় না। • আপনার ব্যাংক অ্যাকাউন্টের প্রয়োজন নেই। • তাৎক্ষণিক লেনদেন হয়ে যায়।	• আপনি আপনার পিন ভুলে যেতে পারেন। • আপনার মোবাইল ফোন চুরি হয়ে যেতে পারে। • আপনার বাজেটে আটকে থাকা কঠিন।

ডিজিটাল ওয়ালেটের জন্য নিরাপত্তা টিপস

- আপনার পিন কারো সাথে শেয়ার করবেন না।
- আপনার পিনের রেকর্ড সিম-কার্ডের কাছাকাছি বা একসাথে রাখবেন না।
- আপনার ফোনে কারো নাম দিয়ে আপনার পিন সংরক্ষণ করবেন না।
- সর্বদা বিভিন্ন লেনদেনের কত টাকা চার্জ করা হলো তা দেখতে চান।
- আপনি যখন কাউকে টাকা পাঠাচ্ছেন, তখন পিন ঢোকানোর আগে নাম এবং পরিমাণ দু'বার চেক করুন।





কেস স্টাডি নং ৬

মালাক সিক্রেট কোড ভুলে যায়

কিছু খরচ মেটাতে মালাককে অবশ্যই টাকা তুলতে হবে। সে ইতিমধ্যেই তার বন্ধুর সাথে দেখা করতে যাওয়ার জন্য দেরী করেছে। সে এটিএম-এ থামে এবং টাকা তোলার প্রক্রিয়া শুরু করে। জিজ্ঞাসিতভাবে সে তার গোপন কোড টাইপ করে কিন্তু এটিএম স্ক্রীন দেখতে পায় যে তার প্রদত্ত কোডটি ভুল। অবাক হয়ে, মালাক তার কোড পুনরায় টাইপ করে কিন্তু আবার মেশিনটি তা প্রত্যাখ্যান করে। সে বিভ্রান্ত হয়ে পড়ে। সে তার কোডে একটি নম্বর পরিবর্তন করে তৃতীয়বার চেষ্টা করে। এটিএম অপারেশন প্রত্যাখ্যান করে এবং তার কার্ড আটকে রাখে। মালাক খুব বিরক্ত হয়, সে টাকা তুলতে ব্যর্থ হয় এবং তার উপরে তার কার্ডটি মেশিনে আটকে গেছে!

অর্থপ্রদানের উপায়ের জন্য নিরাপত্তা টিপস

- আপনার অর্থপ্রদানের উপায়গুলি সাবধানে ব্যবহার করুন, সর্বদা আপনার বাজেটের মধ্যে থাকার কথা চিন্তা করুন।
- আপনার কার্ড, চেকবুক, মানিব্যাগ এবং মোবাইল ফোন একটি নিরাপদ জায়গায় রাখুন।
- কখনোই আপনার ক্রেডিট কার্ড বা চেকবুক কাউকে ধার দেবেন না।
- কখনই একটি ফাঁকা চেকে স্বাক্ষর করবেন না (পরিমাণ না দিয়ে)।
- আপনার ব্যাংকে কার্ডে আপনার গোপনীয় কোড লিখবেন না বা কাছাকাছি রেখে দেবেন না।
- ই-মেইল, এসএমএস, ফ্যাক্সের মাধ্যমে কখনোই আপনার গোপনীয় তথ্য পাঠাবেন না...
- ইন্টারনেটে লেনদেন করার সময় মনোযোগ দিন। আপনি যে ওয়েব সাইটটি ব্যবহার করছেন তার নিরাপত্তা পরীক্ষা করুন (ওয়েব ঠিকানাটি "https" দিয়ে শুরু হওয়া উচিত, স্ক্রিনের নীচে ডানদিকে একটি প্যাডলক চিহ্ন থাকা উচিত...)।
- আপনার ব্যাংক স্টেটমেন্ট সাবধানে এবং নিয়মিত চেক করুন।
- আপনার অজান্তে বা আপনার কাছে ব্যাখ্যা নেই এমন কোন পরিমান টাকা আপনার অ্যাকাউন্ট থেকে ডেবিট করা হলে অবিলম্বে আপনার ব্যাংকে রিপোর্ট করুন।



⚠ **গুরুত্বপূর্ণ: আপনার অর্থ ব্যবস্থাপনা করা জটিল হতে পারে বিশেষ করে যখন আপনি অর্থপ্রদানের বিভিন্ন উপায় ব্যবহার করেন। এটি খুব ক্লান্তিকর কাজ হতে পারে। আপনার মানসিক শান্তির জন্য উপরের নিরাপত্তা টিপস অনুসরণ করুন।**

মূল বার্তা

- পেমেন্টের বিভিন্ন উপায় রয়েছে: নগদ, পেমেন্ট কার্ড বা পেমেন্ট অপারেশন: ব্যাংক ট্রান্সফার, সরাসরি ডেবিট/স্ট্যান্ডিং অর্ডার, মোবাইল ফোন বা ইন্টারনেটের মাধ্যমে পেমেন্ট...
- প্রতিটি অর্থপ্রদানের উপায় আলাদা। সমস্ত আর্থিক পণ্যগুলির মতো, প্রতিটিতে খরচ এবং সুবিধা এবং অসুবিধা রয়েছে। এসব খরচ বা সুবিধা আপনি যে ধরনের খরচের জন্য অর্থ প্রদান করতে চান তার উপর নির্ভর করে।
- একটি ডেবিট কার্ড আপনাকে টাকা তুলতে সক্ষম করে। একটি ডেবিট কার্ড খুচরা বিক্রেতাদের কাছ থেকে পণ্য কেনার জন্যও ব্যবহার করা যেতে পারে (আপনার ব্যাংক অ্যাকাউন্টের বিদ্যমান তহবিল ব্যবহার করে)।
- ক্রেডিট কার্ড আপনাকে তাৎক্ষণিক ক্রেডিট অ্যাক্সেসের সুযোগ দেয় (যদি ক্রয়ের সময় প্রয়োজনীয় তহবিল আপনার অ্যাকাউন্টে না থাকে), সেইসাথে আপনাকে অর্থ উত্তোলন করতে এবং কেনাকাটার জন্য অর্থ প্রদান করতে সক্ষম করে তুলে।
- অর্থপ্রদানের উপায় ব্যবহারের ঝুঁকি রয়েছে! সর্বদা যত্ন সহকারে আপনার অর্থপ্রদানের উপায় ব্যবহার করুন এবং আপনার বাজেটের সীমার মধ্যে থাকার কথা চিন্তা করুন।

২. টাকা ট্রান্সফার অপারেটরদের সম্পর্কে জানুন

এই দেশে এবং বিদেশে অর্থ প্রেরণ এবং গ্রহণের ক্ষেত্রে আমরা আপনার বিকল্পগুলি অন্বেষণ করতে যাচ্ছি। আমরা প্রতিটি পদ্ধতির সুবিধা এবং অসুবিধাগুলি বিবেচনা করব।

কেস স্টাডি নং ৭

প্রিশা টাকা খুঁজে পাচ্ছে না

প্রিশা তার বাবা-মায়ের কাছ থেকে একটি জরুরি ফোন পায়। একটি বড় ঝড়ে তাদের ছাদ ক্ষতিগ্রস্ত হয়েছে, এটি ঠিক করার জন্য কিছু সরঞ্জাম কেনার জন্য তাদের টাকার প্রয়োজন। প্রিশা ইতোমধ্যে এই মাসের টাকা পাঠিয়েছে কিন্তু সিদ্ধান্ত নিয়েছে সে তার বাবা-মাকে হতাশ করতে পারবে না এবং তাদের সাহায্য করা উচিত। তার বন্ধুর একজন বন্ধু সেই সপ্তাহে শ্রীলঙ্কায় ফিরে যাচ্ছে, তাই সে সেই মহিলার মাধ্যমে টাকা পাঠানোর সিদ্ধান্ত নেন যেটি তার পিতামাতার কাছের গ্রামে চলে যাবে। কয়েকদিন পরে, সে তার মায়ের সাথে কথা বলে জানতে পারে যে তারা এখনও টাকা পায়নি। প্রিশা মহিলাটিকে সৎ মনে করে, তবে তার দুশ্চিন্তা শুরু হয়। সে এই ধরনের কথা শুনেছে যে টাকা কখনই আসে না। সে আশা করে যে এই ঘটনা এমন হবে না, কারণ এর অর্থ তার বাবা-মায়ের কাছে টাকা পৌঁছাতে না পারা।





কেস স্টাডি নং ৮

সালমা একটি আনুষ্ঠানিক সরবরাহকারী ব্যবহার করে

সালমা জানে যে মাসের এই দিনে তাকে তার মায়ের কাছে টাকা ট্রান্সফার করতে হবে। সে সবসময় একই সিস্টেমের মাধ্যমে টাকা পাঠায়। হিউম্যান রিসোর্স থেকে একজন ব্যক্তি আসে, প্রতিটি কর্মীর কাছ থেকে পাঠানো অর্থ সংগ্রহ করে এবং তাদের পক্ষে স্থানান্তর করে দেয়। সালমাকে তার মায়ের কাছে টাকা পাঠাতে সামান্য টাকা দিতে হয়। দিনশেষে একই ব্যক্তি প্রত্যেক কর্মীকে অর্থ প্রেরণকারী ABC মানি ট্রান্সফার অপারেটরের একটি স্বতন্ত্র রসিদ দেয়, যা বাংলাদেশে অর্থ প্রেরণের জন্য বিশেষায়িত। এই ব্যক্তি তার টাকা সংগ্রহ করার পরপরই সালমা তার মাকে ফোন করে জানায় যে ওইদিন বিকেলে স্বাভাবিকভাবে টাকা পৌঁছে যাবে। পরে ওই দিন এজেন্টের কাছে যান সালমার মা। সে তার পরিচয়পত্র দেখালে এবং তাকে টাকা দেওয়া হয়। সুখবর! সালমার মা মেসেজ দিয়ে বলেছেন যে তিনি টাকা পেয়েছেন।

সংজ্ঞা

অনানুষ্ঠানিক অর্থ স্থানান্তর অপারেটর

এই জাতীয় প্রতিষ্ঠান এবং ব্যক্তিদের রাষ্ট্র দ্বারা নিয়ন্ত্রন বা তত্ত্বাবধান করা হয় না।

আনুষ্ঠানিক অর্থ স্থানান্তর অপারেটর

এই প্রতিষ্ঠানগুলি রাষ্ট্র দ্বারা নিয়ন্ত্রিত এবং তত্ত্বাবধানকৃত।

আনুষ্ঠানিক টাকা ট্রান্সফার অপারেটর	অনানুষ্ঠানিক টাকা ট্রান্সফার অপারেটর
• পোস্ট অফিস (স্থানীয় অফিস বা ইন্টারনেটের মাধ্যমে) • অর্থ স্থানান্তরে বিশেষায়িত উদ্যোগ (এজেন্সি বা ইন্টারনেটের মাধ্যমে) • ব্যাংকগুলি (ব্যাংক শাখা বা ইন্টারনেটের মাধ্যমে) • মোবাইল ফোন মানি ট্রান্সফার পরিষেবা	• দোকানদার ও ব্যবসায়ী • ট্যাক্সি এবং ট্রাক ড্রাইভার • বন্ধু এবং পরিবার

টাকা ট্রান্সফার করার জন্য আপনি যেই প্রদানকারীকে বেছে নিন, তা আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিকই হোক না কেন, আপনার পছন্দ করার আগে আপনাকে কয়েকটি মানদণ্ড দেখতে হবে:

- টাকা পাঠানোর খরচ (প্রেরক কর্তৃক বহনকৃত)।
- টাকা গ্রহণের খরচ (প্রাপক দ্বারা পরিশোধিত)।
- ভৌগলিক নৈকট্য (প্রেরক এবং গ্রহণকারীর জন্য)।
- নিরাপত্তা।
- দ্রুততা.
- মানি এক্সচেঞ্জ কমিশন (যদি প্রাসঙ্গিক হয়)।

প্রশ্ন

- এবং আপনার কি খবর? আপনি টাকা পাঠান আত্মীয়-স্বজনের কাছে টাকা পাঠান, নাকি বিদেশে?

☐ হ্যাঁ ☐ না

- যদি হ্যাঁ, কি কারণে?
- আপনি কোন পদ্ধতি ব্যবহার করেন?

ব্যক্তিগত পরিস্থিতি

আমার ব্যক্তিগত অবস্থার দিকে তাকিয়ে, আমার জন্য টাকা ট্রান্সফার করার সর্বোত্তম পদ্ধতি।

কারণ হলো :

মূল বার্তা

- টাকা ট্রান্সফার করার পদ্ধতির সাথে পরিচিত হওয়া গুরুত্বপূর্ণ (প্রদান করার কাগজপত্র, খরচ, অপারেটরের নেটওয়ার্ক ...)।
- টাকা ট্রান্সফারের বিভিন্ন উপায় রয়েছে: নগদ টাকা থেকে নগদ, ব্যাংক অ্যাকাউন্ট থেকে নগদে, নগদ থেকে ব্যাংক অ্যাকাউন্টে, ব্যাংক অ্যাকাউন্ট থেকে ব্যাংক অ্যাকাউন্টে, সেল ফোন থেকে সেল ফোনে ...
- আপনার ট্রান্সফার পদ্ধতি, আপনি যাকে টাকা পাঠাচ্ছেন এবং আপনার পরিস্থিতি অনুযায়ী আপনার অপারেটর পছন্দ করুন। প্রেরণের খরচ, বিনিময় কমিশন, প্রাপ্তির খরচ, ভৌগলিক নৈকট্য ইত্যাদি বৈশিষ্ট্যগুলি আপনাকে এমন সিদ্ধান্ত নিতে সক্ষম করে যা আপনার প্রয়োজনের জন্য সবচেয়ে উপযুক্ত।
- নিরাপদ উপায়ে টাকা পাঠান, আনুষ্ঠানিক চ্যানেলে যান এবং আপনার আত্মীয়দের জন্য টাকা তোলার সুবিধা দিন!

প্রশিক্ষণ সহায়িকা ৬.২.১





প্রশিক্ষণ সহায়িকা ৬.২.২







প্রশিক্ষণ সহায়িকা ৬.২.৩

সালমার পদ্ধতি

সালমা টাকা ট্রান্সফার অপারেটরের মাধ্যমে তার মায়ের কাছে টাকা পাঠায়।

অর্জুনের পদ্ধতি

টাকা ট্রান্সফার অপারেটরের মাধ্যমে তার স্ত্রীর কাছে টাকা পাঠায়। টাকা সরাসরি তার ব্যাংক অ্যাকাউন্টে চলে যায়। এখন সে ডিজিটাল ওয়ালেটের মাধ্যমে টাকা পাঠাতে চায়, এই মাধ্যমে ইতোমধ্যে ভারতের কয়েকজন টাকা পাঠাচ্ছেন।

মালাকের পদ্ধতি

মালাকর তার ব্যাংকের হোম-ব্যাংকিং পরিষেবার মাধ্যমে তার ভাইয়ের কাছে টাকা পাঠায়।

প্রিশার পদ্ধতি

প্রিশা প্রথমবারের মত প্রিশা প্রথমবারের মতো একটি নতুন প্রদানকারীর ডিজিটাল মানি ট্রান্সফার অফার গ্রহণ করে তার দেশেকরার চেষ্টা করে। টাকা সরাসরি শ্রীলঙ্কায় তার মায়ের ডিজিটাল ওয়ালেটে চলে যায়।

৩. কিভাবে টাকা পাঠাবেন এবং গ্রহণ করবেন

প্রশিক্ষণ সহায়িকা ৬.৩.১.

পদ্ধতি ১: টাকা ট্রান্সফার অপারেটরের মাধ্যমে

- ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করুন বা পরিদর্শন করুন (ব্যক্তিগতভাবে বা অনলাইনে);
- একটি সহজ এবং দ্রুত টাকা ট্রান্সফার ফরম পূরণ করুন;
- কর্মকর্তার কাছে যান এবং তাকে নিম্নলিখিত তথ্য দিন:
  ১. প্রাপকের অ্যাকাউন্টের নাম এবং নম্বর (যদি প্রাপকের, অর্থাৎ আপনি যাকে টাকা পাঠাচ্ছেন, তার একটি ব্যাংক অ্যাকাউন্ট থাকে),
  ৩. প্রাপকের নাম এবং পরিচয়পত্র নম্বর বা অন্যান্য পরিচয় সংক্রান্ত ডকুমেন্ট নম্বর (যদি প্রাপকের ব্যাংক অ্যাকাউন্ট না থাকে);
- আপনি যে পরিমাণ অর্থ স্থানান্তর করেছেন তা প্রাপককে জানান এবং ব্যাংক/এজেন্সি দ্বারা নির্দেশিত সময়ের উপর নির্ভর করে (যা কয়েক মিনিট থেকে কয়েক দিনের মধ্যে হতে পারে), প্রাপক ব্যাংক থেকে বা এজেন্সি, নগদে অর্থ সংগ্রহ করতে সক্ষম হবে বা তাদের অ্যাকাউন্টে অর্থপ্রদান করা হবে (যেমন আপনি উল্লেখ করেছেন)।
- ব্যাংক বা এজেন্সিতে যান এবং কর্মকর্তাকে আপনার কাছে পাঠানো টাকার পরিমাণ এবং পাঠানো ব্যক্তির নাম সম্পর্কে প্রয়োজনীয় তথ্য দিন।
- ব্যাংক ক্লার্ককে আপনার পরিচয়পত্র বা আপনার পরিচয় প্রমাণকারী অন্যান্য ডকুমেন্ট দেখান।
- কম্পিউটার সিস্টেমে চেক করার পর, কর্মকর্তা বা এজেন্ট আপনাকে টাকা দেবে।

পদ্ধতি ২: হোম-ব্যাংকিং ব্যবহার করে আমার ব্যাংকের মাধ্যমে

- আপনার ব্যাংক প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রবেশ করুন। আপনার ইউজার নাম এবং পাসওয়ার্ড সম্পূর্ণ করুন।
- সিস্টেমের ভিতরে প্রবেশের পর আপনি যে অ্যাকাউন্ট থেকে টাকা পাঠাতে চান সেটি নির্বাচন করুন।
- মেক ট্রান্সফার/সেন্ড মানি-এ ক্লিক করুন। কখনও কখনও এই কার্যকারিতা পেমেন্ট নামক একটি ট্যাবের অধীনে পাওয়া যেতে পারে।
- একবার ট্রান্সফার বিভাগে প্রবেশ করলে, আপনাকে নিম্নলিখিত তথ্যগুলি সম্পূর্ণ করতে হবে:
  - আদায়ের তারিখ।
  - গন্তব্য: এখানে আপনাকে প্রাপকের নাম এবং/অথবা ব্যাংক অ্যাকাউন্ট নম্বর লিখতে হবে।
  - মুদ্রা: সাধারণত, স্থানীয় মুদ্রা কিন্তু অন্য আন্তর্জাতিক মুদ্রাও হতে পারে।
  - পরিমাণ: স্থানান্তরের মান সম্পূর্ণ করুন।
  - ধারণা: অর্থপ্রদানের ধারণা চয়ন করুন (সম্পদ, বিবিধ, ভাড়া বা অন্য যেটি ড্রপ-ডাউন প্যানেলে প্রদর্শিত হয়)।
  - বর্ণনা: এটি প্রদানকারীকে একটি বার্তা পাঠাতে হয়।
  - প্রাপকের ইমেল: যাতে একটি বিজ্ঞপ্তি প্রাপকের কাছে পৌঁছায়।
- Continue বা Make Transfer টিপুন এবং টাকা নির্বাচিত তারিখে পাঠানো হবে। কিছু ব্যাংকের এখানে একটি অতিরিক্ত নিরাপত্তা পদক্ষেপের প্রয়োজন হতে পারে (আপনার ফোনে পাঠানো একটি SMS হতে পারে যা আপনাকে লেনদেন নিশ্চিত করার জন্য প্রবেশ করাতে হবে, এছাড়াও এই অপারেশনগুলির জন্য একটি অতিরিক্ত পিন তৈরি হতে পারে)। সাধারণত, আপনি একই ওয়েবসাইটে বা ইমেলের মাধ্যমে একটি নিশ্চিতকরণ মেসেজ পাবেন যে ট্রান্সফারটি সফলভাবে করা হয়েছে।
- আপনার ব্যাংকিং প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রবেশ করুন। আপনার ব্যবহারকারীর নাম এবং পাসওয়ার্ড সম্পূর্ণ করুন।
- সিস্টেমের ভিতরে প্রবেশের পর, আপনাকে যে অ্যাকাউন্টে টাকা পাঠানো হয়েছে সেটি নির্বাচন করুন। অ্যাকাউন্টের বিশদ বিবরণ দেখার সময় আপনাকে পাঠানো পরিমাণের জন্য একটি নতুন আয় এবং একটি বিশদ বর্ণতা থাকবে যার মাধ্যমে আপনি জানেত পারবেন যে কে এবং কখন আপনাকে টাকা পাঠিয়েছে।

পদ্ধতি ৩: আমার ডিজিটাল ওয়ালেটের মাধ্যমে

- আপনার ফোন থেকে অ্যাপ্লিকেশন অ্যাক্সেস করুন। এটি প্রাপক যা ব্যবহার করে সেই অবশ্যই একই অ্যাপ্লিকেশন হতে হবে।
- মেনুতে ক্লিক করুন এবং "টাকা পাঠান" বিকল্পটি বেছে নিন।
- "প্রতি" ক্ষেত্রে আপনি আপনার ফোনবুক, একটি সেল ফোন নম্বর বা একটি ইমেল ঠিকানা থেকে একটি নাম পছন্দ করতে পারেন।
- পাঠানোর পরিমান লিখুন, টাকা পাঠানোর কারণ ঠিক করুন (উদাহরণস্বরূপ, ধার করা টাকা ফেরত বা গতকালের ডিনারের জন্য টাকা) এবং চালিয়ে যান বোতাম টিপুন।
- অর্থপ্রদানের পদ্ধতি নির্বাচন করুন। এটি আপনার ডিজিটাল ওয়ালেটের ব্যালেন্স হতে পারে বা আপনি ইতিমধ্যেই আপনার ডিজিটাল ওয়ালেট (ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা ব্যাংক অ্যাকাউন্ট) এর সাথে লিঙ্ক করেছেন এমন কোনো অর্থপ্রদানের পদ্ধতিও হতে পারে। যদি আপনি একটি নতুন কার্ডের মাধ্যমে করতে চান, আবেদনটি আপনাকে কার্ডের বিশদ তথ্য জানতে চাইবে। চালিয়ে যান টিপে, আবেদনটি টাকা পাঠানোর বিষয়টি নিশ্চিত করবে।
- আপনি আপনার অ্যাপের মাধ্যমে সরাসরি আপনার ফোনে একটি নোটিফিকেশন পেতে পারেন যে আপনি টাকা পেয়েছেন।
- আপনি যখন অ্যাপ্লিকেশন খুলবেন, আপনি আপনার ব্যালেন্স এবং শেষ মুভমেন্টে তাৎক্ষণিকভাবে অর্থপ্রদান লক্ষ্য করবেন। অর্থ আয় একই সাথে আপনাকে কে টাকা পাঠালো তা দেখা যাবে।

নোট

প্রশিক্ষণ সহায়িকা ৬.৩.২

অর্থ স্থানান্তরের ফরম (স্থানান্তর অপারেটরের ফরম)

মানি ট্রান্সফার ফরম

তারিখ

পরিমাণ

মুদ্রা

প্রেরকের তথ্য

নামের শেষাংশ/উপাধি:
নাম:
ঠিকানা:

টেলিফোন নম্বর:
জন্ম তারিখ এবং জন্মস্থান
আইডি কার্ড অথবা পাসপোর্ট নম্বর

প্রাপকের তথ্য

নামের শেষাংশ/উপাধি:
নাম:

আইনানুগ শনাক্তকারী ডকুমেন্ট না থাকার ক্ষেত্রে পরীক্ষামুলক

অতিরিক্ত খরচে বিদ্যমান বিকল্প পরিষেবা:

- ☐ নিচের ঠিকানায় আমি একটি চেক পাঠাতে চাই
- ☐ প্রাপককে আমি টেলিফোন করতে চাই
- ☐ যে বার্তা পাঠাতে হবে

প্রত্যাশিত পরিষেবা নির্বাচন করুন

গ্রাহকের স্বাক্ষর

প্রশিক্ষণ সহায়িকা ৬.৩.৩

টাকা স্থানান্তরের জন্য ফরম
(ব্যাংকের আন্তর্জাতিক স্থানান্তর ফরম)

মানি ট্রান্সফার ফরম

তারিখ

পরিমান

প্রেরকের তথ্য

নামের শেষাংশ/উপাধি:
নাম:
ঠিকানা:

এ্যাকাউন্ট নম্বর:

প্রাপকের তথ্য

নামের শেষাংশ/উপাধি:
নাম:
ঠিকানা:

IBAN নম্বর (আন্তর্জাতিক ব্যাংক এ্যাকাউন্ট নম্বর, সর্বোচ্চ ৩৪ অক্ষর)

BIC নম্বর (ব্যাংক শনাক্তকরণ নম্বর, ৮-১১ অক্ষর) অথবা SWIFT কোড:

গ্রাহকের স্বাক্ষর

মূল বার্তা

- টাকা স্থানান্তরের পদ্ধতির সাথে পরিচিত হওয়া গুরুত্বপূর্ণ (প্রয়োজনীয় ডকুমেন্টেশন, খরচ, অপারেটরের নেটওয়ার্ক...)।

- টাকা স্থানান্তরের বিভিন্ন উপায় রয়েছে: নগদ থেকে নগদ, ব্যাংক অ্যাকাউন্ট থেকে নগদ, ব্যাংক অ্যাকাউন্ট থেকে ব্যাংক অ্যাকাউন্ট, পেমেন্ট কার্ড থেকে নগদ, ব্যাংক কার্ড থেকে ব্যাংক অ্যাকাউন্ট, ব্যাংক কার্ড থেকে ব্যাংক কার্ড, ব্যাংক কার্ড থেকে মোবাইল ফোন, মোবাইল ফোন থেকে মোবাইল ফোন...প্রযুক্তি সব সময় বিকশিত হচ্ছে। নতুন পদ্ধতিগুলি সম্পর্কে নিজেকে ভালভাবে অবহিত রাখুন, কারণ সেগুলি পুরানোগুলির চেয়ে বেশি সুবিধাজনক বলে মনে হতে পারে।

- আপনার ট্রান্সফার পদ্ধতি এবং অপারেটর (স্থানান্তরের খরচ, বৈদেশিক মুদ্রা কমিশন, প্রাপ্তির খরচ, ভৌগলিক নৈকট্য...) বেছে নেওয়ার সময় আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং আপনি যাকে টাকা পাঠাচ্ছেন তাদের বিবেচনা করে, আপনাকে সম্ভাব্য সেরা সিদ্ধান্ত নিতে পারবেন।

সংযুক্তি এবং মূল ডকুমেন্টস

একটি আনুষ্ঠানিক অর্থ স্থানান্তর অপারেটরকে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন

- *আমি কীভাবে একজন আত্মীয়কে টাকা পাঠাতে পারি?*
- *টাকা পাঠানোর জন্য আমাকে কোন ফরম পূরণ করতে হবে?*
- *প্রাপক ব্যক্তিকে কী ফরম পূরণ করতে হবে?*
- *টাকা পাঠানোর জন্য কোন পরিচয়পত্রের প্রয়োজন?*
- *টাকা পাওয়ার জন্য কোন পরিচয়পত্রের প্রয়োজন?*
- *টাকা পাঠানোর জন্য আমার কি আপনার ব্যাংকে একটি ব্যাংক অ্যাকাউন্ট থাকা দরকার?*
- *গ্রহীতার টাকা পেতে কতক্ষণ সময় লাগে?*
- *যদি আমি আমার ফোনে একটি অ্যাপের মাধ্যমে স্থানান্তর করি, তাহলে যে ব্যক্তি অর্থ গ্রহণ করবে তার একই অ্যাপ প্রয়োজন আছে?*
- *একটি স্থানান্তরের খরচ কত?*
- *প্রাপক ব্যক্তি কি আমার পাঠানো সমস্ত অর্থ পাবে, নাকি তাদের রসিদের উপর চার্জ হিসেবে অতিরিক্ত অর্থ প্রদান করতে হবে?*
- *আমি কিভাবে চেক করতে পারি যে প্রাপক ব্যক্তি আসলে টাকা পেয়েছেন?*
- *কীভাবে গ্রহীতাকে জানানো হবে যে টাকা এসেছে?*
- *আমি কি আমার ট্রান্সফার বাতিল বা সংশোধন করতে পারি?*
- *আমার টাকা গ্রহনকারীর মুদ্রায় রূপান্তর করতে দেশে কি বিনিময় হার ব্যবহার করা হয় (যদি আমি বিদেশে টাকা পাঠাই)? বিনিময় খরচ কি?*
- *আমি যদি ডলারে টাকা পাঠাই, তাহলে প্রাপক ব্যক্তি কোন মুদ্রায় টাকা পাবে?*
- *আমাকে কি ব্যক্তিগতভাবে ব্যাংকে আসতে হবে নাকি টাকা স্থানান্তর করার জন্য কোনও দূরবর্তী পরিষেবা আছে (ইন্টারনেট, মেইল...)?*
- *আপনার কি (আত্মীয়ের এলাকা যাকে আপনি টাকা পাঠাচ্ছেন) _____ এলাকায় আপনার ব্যাংকের শাখা বা এজেন্ট আছে?*
- *অন্য ব্যক্তির ডিজিটাল ওয়ালেট না থাকলে আমি কি আমার ফোনের মাধ্যমে টাকা পাঠাতে পারি? যদি হয় তাহলে আমার পাঠানো টাকা তারা কোথায় তুলতে পারবে?*

অনুশীলনীর উত্তর

সুবিধা, অসুবিধা এবং অর্থপ্রদানের উপায় ব্যবহার




পরিশোধের পদ্ধতি	সুবিধা	অসুবিধা	ব্যবহার
নগদ টাকা	• ব্যবহার করা সহজ • খুব ব্যাপকভাবে গৃহীত (আইনিভাবে) • কোন চার্জ নেই • অবিলম্বে ক্রয় সম্ভব	• চুরি বা ক্ষতির ঝুঁকি • চুরি বা ক্ষতির ক্ষেত্রে কোন প্রতিকার নেই • অনুমোদিত পরিমাণ লেনদেনের সীমা (সবকিছুই নগদ দিয়ে দেওয়া যায় না, বিশেষ করে যখন বড় অঙ্ক জড়িত থাকে) • এটি লেনদেনের কোন প্রমাণ রাখে না (বাজেট ব্যবস্থাপনার জন্য সমস্যা হতে পারে)	• দৈনন্দিন কেনাকাটার জন্য যখন অল্প পরিমাণ অর্থ জড়িত থাকে • একটি নির্দিষ্ট সময়কালে বা একটি বিশেষ অনুষ্ঠানে আপনি যা ব্যয় করতে পারেন তা সীমিত করতে • অবিলম্বে কিছু কিনতে সক্ষম হতে
ব্যাংক কার্ড	• নিরাপত্তা (সাধারণভাবে বলতে গেলে) • স্থান এবং লেনদেনের পরিমাণ এবং কেনা আইটেমের একটি হিসাব রাখে • চুরির বিরুদ্ধে সুরক্ষা (গোপন পিন, চুরি হলে কার্ডটি বাতিল করা যেতে পারে) • বড় অঙ্কের কেনাকাটা করা সম্ভব • সেগুলি অন্যান্য দেশের ব্যাংক অ্যাকাউন্টের সাথে লিঙ্ক করা যেতে পারে (আমি যেখানে থাকি শুধুমাত্র সেখানেই নয়) • সেকেন্ডারি পণ্যগুলিতে অ্যাক্সেস দিতে পারে: যেমন এয়ারলাইন টিকিট কেনার সময় বীমা অন্যান্য আর্থিক পরিষেবাগুলিতে অ্যাক্সেস (বীমা, আইনি সহায়তা) • তাদেরকে লয়ালটি প্রোগ্রামের সাথে লিঙ্ক করা যেতে পারে যার ফলে সুবিধা/ছাড় পাওয়া যেতে	• কখনও কখনও উল্লেখযোগ্য চার্জ: বার্ষিক ফি, টাকা তোলার চার্জ, বিদেশে করা অর্থ... • আপনার খরচের হিসাব না রাখার ঝুঁকি • একজনের বাজেট পরিচালনা করার সময় ভুলে যাওয়ার ঝুঁকি • সর্বত্র ব্যবহার করা যাবে না: খুচরা বিক্রেতার একটি কাজ টার্মিনাল আছে তার উপর নির্ভর করে	• উল্লেখযোগ্য অর্থ জড়িত দৈনন্দিন পেমেন্ট করার জন্য • মাঝে মাঝে বড় কেনাকাটা করার জন্য • পণ্য এবং পরিষেবা কেনার জন্য সম্পর্কিত পণ্য অন্তর্ভুক্ত" (যেমন, বিমানের টিকিটের জন্য অর্থ প্রদান যদি কার্ডটি বীমা প্রদান করে)

পরিশোধের পদ্ধতি	সুবিধা	অসুবিধা	ব্যবহার
ব্যাংক ট্রান্সফার এবং সরাসরি ডেবিট	• কোথাও যেতে বা নগদ বহন করার দরকার নেই • 24/7 কেনাকাটা করা যেতে পারে • প্রায়শই আপনাকে ভাল ডিল অ্যাক্সেস করতে সক্ষম করে	• কাউকে সরাসরি বলার মত সুযোগ নেই (যদি কোন সমস্যা দেখা দেয়) • আপনি অ-সুরক্ষিত ওয়েবসাইট থেকে কিনলে স্ক্যামের ঝুঁকি • অনলাইনে কেনা আইটেমগুলির সাথে সম্ভাব্য ডেলিভারি সমস্যা • বাজেট ব্যবস্থাপনায় খরচ ভুলে যাওয়ার ঝুঁকি • ব্যয়ের হিসাব না রাখার ঝুঁকি	• ভাল ডিল অ্যাক্সেস করতে • তুলনামূলক সুবিধা প্রদান করে দ্রুত কেনাকাটার জন্য (জামাকাপড়, বই, ডিভিডি, অনুষ্ঠানের টিকিট, প্লেনের টিকিট...) • শুধুমাত্র ইন্টারনেটের মাধ্যমে পাওয়া বিরল আইটেমগুলির জন্য • আপনার যদি ব্যাংক অ্যাকাউন্ট না থাকে তবে বিল (মোবাইল ফোন) পরিশোধের জন্য • শারীরীক যোগাযোগ ছাড়াই অর্থপ্রদান (COVID-19)
ডিজিটাল ওয়ালেট	• ব্যাংক অ্যাকাউন্টের প্রয়োজন নেই, শুধু একটি মোবাইল নম্বর এবং সিম কার্ড • অন্য কাউকে টাকা পাঠানোর সহজ উপায়	• ফোন চুরি হওয়ার ঝুঁকি। • পিন/পাসওয়ার্ড ভুলে যাওয়ার ঝুঁকি • আপনার বাজেট অনুসরণ করে সমস্যা তৈরি করতে পারে	• অন্য লোকেদের কাছে অর্থ স্থানান্তর • শারীরীক যোগাযোগ ছাড়াই অর্থপ্রদান (COVID-19) • বিল পেমেন্ট

বিভিন্ন ব্যাংক কার্ডের ওপর তুলনামূলক টেবিল

কার্ড	প্রি-পেইড/নগদ টাকা	ডেবিট	ক্রেডিট
আপনি কোথায় এই কার্ড ব্যবহার করতে পারেন?	• আপনার ব্যাংক এবং অন্যান্য নেটওয়ার্ক থেকে এটিএম। • যেসব দোকানে কার্ড পেমেন্ট গ্রহণ করা হয়।	• আপনার ব্যাংক এবং অন্যান্য নেটওয়ার্ক থেকে এটিএম। • যেসব দোকানে কার্ড পেমেন্ট গ্রহণ করা হয়।	• আপনার ব্যাংক এবং অন্যান্য নেটওয়ার্ক থেকে এটিএম। • যেসব দোকানে কার্ড পেমেন্ট গ্রহণ করা হয়।
এই কার্ড দিয়ে আপনি কি করতে পারেন?	• আপনার ব্যালেন্স চেক করুন • টাকা উঠানো. • যতক্ষণ পর্যন্ত আপনার ব্যালেন্সে টাকা থাকে ততক্ষণ পণ্যের জন্য অর্থ প্রদান করুন	• আপনার ব্যালেন্স চেক করুন। • টাকা উত্তোলন এবং জমা করুন। • যতক্ষণ আপনার অ্যাকাউন্টে টাকা থাকে ততক্ষণ পণ্যের জন্য অর্থ প্রদান করুন। • অন্য অ্যাকাউন্টে টাকা স্থানান্তর করুন। • আপনার ফোন রিচার্জ করুন।	• আপনার ব্যালেন্স চেক করুন। • টাকা উত্তোলন এবং জমা করুন। • যতক্ষণ আপনার অ্যাকাউন্টে টাকা থাকে ততক্ষণ পণ্যের জন্য অর্থ প্রদান করুন। • সেই মুহূর্তে আপনার অ্যাকাউন্টে টাকা না থাকলেও পণ্যের জন্য অর্থপ্রদান করুন। • কিস্তিতে পণ্যের জন্য অর্থ প্রদান করুন। • অন্য অ্যাকাউন্টে টাকা স্থানান্তর করুন। • আপনার ফোন রিচার্জ করুন।
চার্জ কি সাথে সাথে কর্তন করা হয় নাকি পরে?	• অবিলম্বে	• অবিলম্বে	বিলম্বিত, আপনি মাসের শেষে আপনার কেনাকাটার মোট অর্থ প্রদান করবেন। যতক্ষণ না আপনি সময়মতো অর্থ প্রদান করেন এবং ব্যালেন্স অর্থায়ন না করেন ততক্ষণ আপনি সুদের চার্জের মুখোমুখি হবেন না
এই কার্ড ব্যবহারের খরচ/চার্জ কত?	প্রতিটি প্রদানকারীর অফার উপর নির্ভর করে. আপনি সব তথ্য পেতে এবং তুলনা করা উচিত.		



মানি ট্রান্সফার অপারেটরের সুবিধা

মানি ট্রান্সফার অপারেটর	সুবিধা	অসুবিধা
আনুষ্ঠানিক	• নিরাপত্তা (টাকা নিরাপদ, এবং স্থানান্তর নিরাপদ) • বড় অংকের দীর্ঘমেয়াদী ঋণ • নির্ভরযোগ্যতা • গোপনীয়তা • পণ্য পছন্দ • সরকারীভাবে ঘোষণা করা হলে ব্যাংকিং নিয়ন্ত্রণ কাঠামোর মধ্যে কাজ করে • আপনাকে একটি ক্রেডিট রেকর্ড তৈরি করতে এবং আপনার স্বচ্ছলতা প্রতিষ্ঠা করতে সক্ষম করে • আর্থিক পরামর্শ এবং অন্যান্য আর্থিক পণ্য অ্যাক্সেস • গতি (পদ্ধতির উপর নির্ভর করে) • বিচক্ষণতা (কখনও কখনও একটি মোবাইল ফোন নম্বরই আপনার টাকা পাওয়ার জন্য যথেষ্ট)	• দূরত্ব, শহর ও শহর থেকে দূরে বসবাসকারী লোকেদের জন্য • আপনি শাখা/এজেন্সি ত্যাগ করার সাথে সাথে ছিনতাই হওয়ার ঝুঁকি। • খোলার সময় সীমাবদ্ধ • ন্যূনতম পরিমাণের প্রয়োজনীয়তা কখনও কখনও খুব বেশি • খরচ বেশি হতে পারে • কাউন্টারে অপেক্ষা করতে হবে • যারা নিরক্ষর তাদের জন্য ব্যবহার করা আরও কঠিন • কখনও কখনও, বড় অঙ্কের স্থানান্তরের জন্য তারল্যের অভাব
অনানুষ্ঠানিক	• খরচ (পদ্ধতির উপর নির্ভর করে) • অ্যাক্সেস • স্থানীয় প্রাপ্যতা • গতি (পদ্ধতির উপর নির্ভর করে) • বিশ্বাস (আপনি স্থানীয় দোকানদারের মাধ্যমে স্থানান্তর করতে সক্ষম হতে পারেন যা আপনি দীর্ঘদিন ধরে জানেন) • কোনও প্রশাসনিক পদ্ধতি বা ফর্ম পূরণ করার জন্য নেই	• অন্য কোনও আর্থিক পরিষেবা নাই যা আপনার তহবিল স্থানান্তর করতে পারে • অনিরাপদ স্থানে (দোকান, পাবলিক স্কোয়ার...) টাকা সংগ্রহ করার জন্য প্রাপকের বিপদ: চুরি বা হামলার ঝুঁকি • একটি দেশে বা দেশের বাইরে বড় অঙ্কের অর্থ নেওয়ার অবৈধতা (অর্থ বহনকারী ব্যক্তিকে গ্রেপ্তার করার ঝুঁকি) • ছিনতাই হওয়ার ঝুঁকি • জাল টাকা



চ

আর্থিক প্রতিষ্ঠানগুলি সম্পর্কে জানুন এবং আত্মবিশ্বাসের সাথে তাদের ব্যবহার করুন

FINANCIAL EDUCATION QUIZ

ঘ১. একটি আর্থিক প্রতিষ্ঠান হল এমন একটি সরকারী বা বেসরকারী পরিষেবা যা সঞ্চয়, ক্রেডিট এবং অর্থপ্রদানের মতো আর্থিক বিষয়গুলি নিয়ে কাজ করে।

- ☐ **ক.** সত্য
- ☐ **খ.** মিথ্যা

চ২. আমি লক্ষ্য করেছি যে এই এলাকায় অনেক বেশি সংখ্যক ব্যাংক রয়েছে:

- ☐ **ক.** আমার গিয়ে তথ্য জিজ্ঞাসা করা উচিত; আমার জন্য তাদের আকর্ষণীয় সঞ্চয় বা ক্রেডিট পণ্য থাকতে পারে।
- ☐ **খ.** কি লাভ, এসব ব্যাংকের আগ্রহ শুধু ধনী ব্যক্তি ও বড় কোম্পানীর।
- ☐ **গ.** আমি গিয়ে চেক করতে চাই কিন্তু আমি ভয় পাচ্ছি যে তারা আমাকে মুখের ওপর না করে দেবে কারণ আমার কাছে অনেক টাকা নেই।

চ২. নিচের কোন বাক্যটি আর্থিক প্রতিষ্ঠানগুলি কর্তৃক অনুসরণীয় ক্লায়েন্ট সুরক্ষার নীতির আওতাভুক্ত নয়?

- ☐ **ক.** অতিরিক্ত ঋণ প্রতিরোধ।
- ☐ **খ.** ক্লায়েন্টদের সাথে ন্যায্য এবং সম্মানজনক আচরণ
- ☐ **গ.** স্বচ্ছতা
- ☐ **ঘ.** গ্রাহকদের জন্য উপহার
- ☐ **ঙ.** দায়িত্বশীল মূল্য নির্ধারণ
- ☐ **চ.** অভিযোগ সমাধানের প্রক্রিয়া

উত্তর: ১ঘ; ২চ; ৩গ; ৪ঘ

১. আর্থিক প্রতিষ্ঠান সম্পর্কে জানুন

সংজ্ঞা

আর্থিক প্রতিষ্ঠান: সরকারী বা বেসরকারী পরিষেবা যা সঞ্চয়, ক্রেডিট এবং অর্থপ্রদানের মতো আর্থিক বিষয়গুলি নিয়ে কাজ করে।

সংজ্ঞা

ব্যাংক হল ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ক্রেডিট প্রতিষ্ঠান হিসাবে রাষ্ট্র কর্তৃক অনুমোদিত সংস্থা: প্রধানত জনসাধারণের কাছ থেকে তহবিল গ্রহণ করা, সঞ্চয় এবং ঋণদানের ক্রিয়াকলাপ পরিচালনা করা এবং অর্থপ্রদান পরিষেবা প্রদান করা। ব্যাংকগুলি সরকারী বা ব্যক্তিগত মালিকানাধীন হতে পারে, আমানত বা বিনিয়োগে বিশেষায়িত হতে পারে, পণ্য তৈরি করতে পারে বা সমবায় বা পারস্পরিক সমিতি হিসাবে কাজ করতে পারে।

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান: নিম্ন-আয়ের গোষ্ঠী বা ব্যক্তিদের জন্য ব্যাংকিং পরিষেবায় বিশেষায়িত একটি আর্থিক প্রতিষ্ঠান। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলি ছোট-ব্যালেন্স অ্যাকাউন্টগুলিতে অ্যাকাউন্ট পরিষেবা প্রদান করে যা সাধারণত প্রচলিত ব্যাংকগুলি গ্রহণ করে না এবং মূলধারার আর্থিক প্রতিষ্ঠানগুলির কর্তৃক নেওয়া গড় লেনদেন ফি থেকে কম পরিমাণের জন্য লেনদেন পরিষেবা অফার করে।

আর্থিক কোম্পানী: রাষ্ট্র কর্তৃক ক্রেডিট প্রতিষ্ঠান হিসাবে অনুমোদিত লাভজনক সংস্থা। তারা জনসাধারণের কাছ থেকে আমানত নিতে পারে না বা সঞ্চয় পণ্য অফার করতে পারে না।

পরামর্শ

আপনার আর্থিক প্রতিষ্ঠান ভালভাবে পছন্দ করতে, আপনাকে বিবেচনা করতে হবে:

- আর্থিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য
- আপনার লক্ষ্য অনুসারে আপনার প্রয়োজনীয় পণ্যগুলির বৈশিষ্ট্য যা

এই প্রতিষ্ঠানটি অফার করতে পারে: অ্যাকাউন্টের ধরন, অর্থপ্রদানের পদ্ধতি, সঞ্চয় এবং ক্রেডিট পণ্য, স্থানান্তর পণ্য...



প্রশিক্ষণ সহায়িকা চ.১.১

আর্থিক প্রতিষ্ঠানকে যেসব প্রশ্ন জিজ্ঞাসা করতে হবে

আর্থিক প্রতিষ্ঠান পছন্দের ক্ষেত্রে যেসব বৈশিষ্ট্য বিবেচনায় নিতে হবে	*যেসব প্রশ্ন করতে হবে*
আর্থিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য • ভৌগলিক নৈকট্য • আর্থিক প্রতিষ্ঠানের সুনাম এবং বিশ্বস্ততা • অ-আর্থিক পরিষেবার বিধান এবং গুণমান (ব্যবসায়িক প্রশিক্ষণ, আর্থিক শিক্ষা...) • দূরবর্তী পরিষেবা (ইন্টারনেটের মাধ্যমে ব্যালেন্স অনুসন্ধান, এসএমএস, টেলিফোন ব্যাংকিংয়ের মাধ্যমে সতর্কতা খরচ...) এবং খরচ • পরিষেবা এবং কর্মীদের গুণমান (অপেক্ষার সময়, গ্রাহকদের প্রতি সম্মান, কথ্য ভাষা, পরিষেবার গতি...) • প্রয়োজন হলে, প্রতিষ্ঠানে যোগদানের শর্তাবলী (সাবস্ক্রিপশন, মিটিংয়ের ফ্রিকোয়েন্সি, সদস্যদের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা...) • চার্জ এবং শর্তাবলী, গ্রাহকদের দেওয়া তথ্যের গুণমান সংক্রান্ত স্বচ্ছতা • গ্রাহকদের নির্দিষ্ট গ্রুপের জন্য ডিজাইন করা পণ্য (ছাত্র, বেতনভোগী কর্মচারী, পেনশনভোগী...) • গৃহীত দাতব্য কাজ (সংহতি তহবিল, স্পন্সরশিপ, ফাউন্ডেশন...) • (একজন আত্মীয়ের কাছে/থেকে ট্রান্সফার প্রেরণ বা গ্রহণকারী ব্যক্তিদের জন্য), আত্মীয়ের অঞ্চলে প্রতিষ্ঠানের উপস্থিতি এবং তাদের বসবাসের স্থানের ভৌগলিক নৈকট্য	
আর্থিক প্রতিষ্ঠানের পণ্যের বৈশিষ্ট্য (এই ক্ষেত্রে, সঞ্চয়) • সঞ্চয় অ্যাক্সেস/ উত্তোলনের নমনীয়তা • ব্যবহারকারী-বন্ধুত্বপূর্ণতা • সেভিংস অ্যাকাউন্ট খোলার শর্ত • নিরাপত্তা • সুদের হার • আর্থিক প্রতিষ্ঠান দ্বারা প্রদত্ত অন্যান্য পণ্য এবং পরিষেবাগুলি অ্যাক্সেস করার সম্ভাবনা • সঞ্চয়ের খরচ (চার্জ, জরিমানা) • তারল্য • পণ্যের নৈতিক মূল্যবোধ (টেকসই অর্থ, পরিবেশগত, ইসলামিক...)	

প্রশিক্ষণ সহায়িকা চ.১.২

আর্থিক প্রতিষ্ঠানকে যেসব প্রশ্ন জিজ্ঞাসা করতে হবে (প্রস্তাবিত সমাধানসহ)

আর্থিক প্রতিষ্ঠান পছন্দের ক্ষেত্রে যেসব বৈশিষ্ট্য বিবেচনায় নিতে হবে	যেসব প্রশ্ন করতে হবে
আর্থিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য	
ভৌগলিক নৈকট্য	• আমার কাছাকাছি আর্থিক প্রতিষ্ঠানের একটি শাখা আছে (আমার বাড়ির কাছে, আমার কাজের জায়গা বা অন্যান্য সুবিধাজনক অবস্থান যেমন আমার বাচ্চাদের নার্সারি)? • যদি আমার কাছে একটি পেমেন্ট কার্ড থাকে, তাহলে কি কাছাকাছি কোন ATM আছে (আমার বাড়ির কাছে, কাজের জায়গা বা অন্য সুবিধাজনক অবস্থান, যেমন জিম...)?
আর্থিক প্রতিষ্ঠানের সুনাম এবং বিশ্বস্ততা (এই প্রশ্ন আপনার নিজেকে অথবা আপনার বন্ধু/পরিবারকে জিজ্ঞাসা করতে হবে)	• এই আর্থিক প্রতিষ্ঠানের কি সুনাম আছে? • আমার পরিবার এই প্রতিষ্ঠান সম্পর্কে কি মনে করে? • এই আর্থিক প্রতিষ্ঠান কি আমাকে আত্মবিশ্বাসের সাথে অনুপ্রাণিত করে? • আমি কি সংবাদপত্রে বা বন্ধুবান্ধব এবং পরিবারের মাধ্যমে প্রতিষ্ঠানের সাথে সম্পর্কিত সমস্যার কথা শুনেছি? • আমি কি এমন কাউকে চিনি যার এই আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমস্যা হয়েছে? কি ধরনের সমস্যা? এটা কিভাবে সমাধান করা হয়েছিল?
অ-আর্থিক পরিষেবার বিধান এবং গুণমান (ব্যবসায়িক প্রশিক্ষণ, আর্থিক শিক্ষা...)	• আপনারা কি গ্রাহক/সদস্যদের জন্য প্রশিক্ষণ পরিষেবা অফার করেন? যদি তাই হয়, কোন বিষয়ে? কে তাদের সুবিধা নিতে পারে? তারা কি স্বাধীন? • আপনারা কি সংহতি বা স্পন্সরশিপ কার্যক্রমের সাথে জড়িত? • আপনারা কি মানবিক কার্যক্রমের সাথে জড়িত? • গ্রাহকদের তাদের বিনিয়োগ এবং অ্যাকাউন্ট পরিচালনা করতে সাহায্য করার জন্য আপনাদের কি উপদেষ্টা আছে?
দূরবর্তী পরিষেবা (ইন্টারনেটের মাধ্যমে ব্যালেন্স অনুসন্ধান, এসএমএস, টেলিফোন ব্যাংকিংয়ের মাধ্যমে সতর্কতা খরচ...) এবং খরচ	• আপনারা কি দূরবর্তী পরিষেবা প্রদান করেন? • একজন গ্রাহক কি তাদের ব্যালেন্স অনলাইনে খুঁজে পেতে পারেন? • যদি তাই হয়, কেউ যদি একটি অ্যাকাউন্ট খোলে এই পরিষেবাটি কি বিনামূল্যে প্রদত্ত সেবার অন্তর্ভুক্ত? যদি না হয়, তাহলে সেবার দাম কত? • আমি কি এসএমএস-এর মাধ্যমে অর্থপ্রদানের বিষয়ে অবহিত হতে পারি?

আর্থিক প্রতিষ্ঠান পছন্দের ক্ষেত্রে যেসব বৈশিষ্ট্য বিবেচনায় নিতে হবে	যেসব প্রশ্ন করতে হবে
আর্থিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য	
পরিষেবা এবং কর্মীদের গুণমান (অপেক্ষার সময়, গ্রাহকদের প্রতি সম্মান, কথ্য ভাষা, পরিষেবার গতি...)	• ব্যাংকের কর্মঘন্টা কত? কখন খোলা থাকে? • একজন গ্রাহকের সাথে ব্যাংকের একজন কর্মীর সেবা প্রদানের আগে গড় অপেক্ষার সময় কত? • আপনার কি দেশব্যাপী এটিএম নেটওয়ার্ক আছে? • আমি যদি অন্য এটিএম থেকে টাকা উত্তোলন করি (অন্য এলাকায়, বিদেশে, বা অন্য ব্যাংকের) তাহলে কি আমাকে চার্জ করা হবে?
পরিদর্শনের সময় সিদ্ধান্ত নিতে হবে	
যথাযথ ক্ষেত্রে (যৌথ সমিতির) শর্তাবলী এবং সদস্যপদ	• আপনার আর্থিক প্রতিষ্ঠানের সদস্য হওয়ার শর্ত আছে কি? কি কি শর্ত? • চাঁদা কত? এটা কি সাপ্তাহিক, মাসিক, বার্ষিক...? • সদস্যদের মিটিং কত ঘন ঘন হয়? • একজন কি এই সভাগুলোতে যোগ দিতে বাধ্য? যদি তাই হয়, কেউ উপস্থিত হতে ব্যর্থ হলে কি শাস্তি প্রযোজ্য? • সদস্যদের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা কী?
চার্জ এবং শর্তাবলী, গ্রাহকদের দেওয়া তথ্যের গুণমান সংক্রান্ত স্বচ্ছতা (নিজেকে জিজ্ঞাসিত প্রশ্ন)	• চার্জ এবং শর্তগুলি কি আর্থিক প্রতিষ্ঠানের প্রাঙ্গনে প্রদর্শিত হয়? • প্রতিষ্ঠানটি কি ব্যাখ্যামূলক ব্রোশিওর বা তথ্যের অন্যান্য উপায় (ওয়েবসাইট...) প্রদান করে? যদি তাই হয়, আমি কি ব্রোশিওর পড়ে/তথ্যের দেখার পর আমার প্রয়োজনীয় সমস্ত তথ্য পেয়েছি? • প্রদত্ত ডকুমেন্টেশন কি সহজে বোঝা যায়? • কিভাবে কেউ একটি অ্যাকাউন্ট খুলতে বা বন্ধ করে? কত টাকা লাগে?
গ্রাহকদের নির্দিষ্ট গ্রুপের জন্য ডিজাইন করা পণ্য (ছাত্র, বেতনভোগী কর্মচারী, পেনশনভোগী...)	• আপনার কি বিশেষ করে আমার মত লোকেদের জন্য ডিজাইন করা কোন পণ্য বা আর্থিক পরিষেবা আছে? (যুবক, দোকানদার, কর্মচারী, মহিলা, ব্যবসায়ী/নারী...)
গৃহীত দাতব্য কাজ (সংহতি তহবিল, স্পন্সরশিপ, ফাউন্ডেশন...)	• আপনার প্রতিষ্ঠান কি দাতব্য কাজের সাথে জড়িত? যদি তাই হয়, কি কি সেবা? সুবিধাভোগী কারা (প্রতিবন্ধী শিশু, অসুস্থ...)?
(একজন আত্মীয়ের কাছে/থেকে ট্রান্সফার প্রেরণ বা গ্রহণকারী ব্যক্তিদের জন্য), আত্মীয়ের অঞ্চলে প্রতিষ্ঠানের উপস্থিতি এবং তাদের বসবাসের স্থানের ভৌগলিক নৈকট্য	• আমার পরিবার যেখানে বাস করে (তাদের বাড়ি, কাজের জায়গা বা অন্য সুবিধাজনক অবস্থান) এর কাছাকাছি আর্থিক প্রতিষ্ঠানের কোন শাখা আছে? কারণ আমি তাদের কাছে/থেকে টাকা পাঠাব এবং গ্রহণ করব।

আর্থিক প্রতিষ্ঠান পছন্দের ক্ষেত্রে যেসব বৈশিষ্ট্য বিবেচনায় নিতে হবে	যেসব প্রশ্ন করতে হবে
আর্থিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য	
পরিষেবা এবং কর্মীদের গুণমান (অপেক্ষার সময়, গ্রাহকদের প্রতি সম্মান, কথ্য ভাষা, পরিষেবার গতি...)	• আমি কত ঘন ঘন টাকা তুলতে পারবো? • প্রতি উত্তোলনের জন্য ন্যূনতম পরিমাণ আছে কি? • আমি যদি এই সেভিংস অ্যাকাউন্ট থেকে টাকা তুলতে পারি তাহলে কি আমাকে জরিমানা দিতে হবে?
ব্যবহারকারী-বন্ধুত্বপূর্ণতা	• গ্রাহকরা কি তাদের সেভিংস অ্যাকাউন্ট সম্পর্কিত স্টেটমেন্ট গ্রহণ করেন? কত বার? • আপনারা কি টেলিফোন এবং/অথবা অনলাইন ব্যাঙ্কিং পরিষেবা অফার করেন?
সেভিংস অ্যাকাউন্ট খোলার শর্ত	• আমি একটি সেভিংস অ্যাকাউন্ট খুললে ন্যূনতম আমানত কত? • আপনাকে দেখানোর জন্য আমার কি কি কাগজপত্র লাগবে?
নিরাপত্তা	• গ্রাহকদের তহবিল সুরক্ষিত করার জন্য কোন বীমা বা গ্যারান্টি আছে?
সুদের হার	• এই সেভিংস অ্যাকাউন্টের সুদের হার কত? • কিভাবে হার অন্যান্য প্রতিষ্ঠানের সাথে তুলনা করে? • কত ঘন ঘন সুদ দেওয়া হয়? • কিভাবে সুদ গণনা করা হয়? হার স্থির বা পরিবর্তনশীল?
আর্থিক প্রতিষ্ঠান দ্বারা প্রদত্ত অন্যান্য পণ্য এবং পরিষেবাগুলি অ্যাক্সেস করার সম্ভাবনা	• একটি আর্থিক পণ্য নেওয়ার মাধ্যমে, আমি কি অন্যান্য পণ্য এবং পরিষেবাগুলিতে অ্যাক্সেস পাব? যদি তাই হয়, তারা কি? আরো অনুকূল হারে পাবো?
সঞ্চয়ের খরচ (চার্জ, জরিমানা)	• এটার দাম কত হবে? (এটিএম থেকে টাকা তোলার জন্য স্থানান্তরের জন্য কী চার্জ নেওয়া হয়) • একটি সেভিংস অ্যাকাউন্টের জন্য ম্যানেজমেন্ট চার্জ কী?
তারল্য	• তহবিল উত্তোলন করা কি সহজ? পদ্ধতি কি? • আমি চাইলে কি সব টাকা তুলতে পারি? • একটি নির্দিষ্ট তারিখের আগে তহবিল প্রত্যাহার করা হলে কি চার্জ দিতে হবে?
পণ্যের নৈতিক মূল্যবোধ (টেকসই অর্থ, পরিবেশগত, ইসলামিক...)	• আর্থিক পণ্য কি নৈতিক মান পূরণ করে? কোন মান? • পণ্যটিতে কি এই মানগুলির সাথে তার সম্মতি প্রমাণিত সূচক কোন লেবেল রয়েছে?

আপনার পালা

আমার লক্ষ্য, আমার ব্যক্তিগত পরিস্থিতি এবং আমার আর্থিক চাহিদা অনুসারে, আমি নিম্নলিখিত বৈশিষ্ট্য সহ একটি আর্থিক প্রতিষ্ঠান বেছে নিই:

উদাহরণ: আমার বাড়ির কাছাকাছি

১. . . . . .

২. . . . . .

৩. . . . . .

মূল বার্তা

- একটি আর্থিক প্রতিষ্ঠান নির্বাচন করতে, আপনাকে এর বৈশিষ্ট্য এবং পণ্যগুলি পর্যালোচনা করতে হবে এবং যেগুলো আপনার প্রয়োজনের সাথে সবচেয়ে উপযুক্ত সেগুলি বেছে নিতে হবে।
- আপনি আর্থিক প্রতিষ্ঠানের ব্রোশিওরে তথ্য খুঁজে পেতে পারেন এবং আপনি প্রতিষ্ঠানের কর্মচারীদের কাছেও প্রশ্ন করতে পারেন।
- আপনি যখন সঞ্চয় বা ক্রেডিট পণ্য বাছাই করেন, তখন মনে রাখবেন যে সুদের হারের বিবচেননা হল অন্য অনেক বিবেচনার মধ্যে শুধুমাত্র একটি বিবেচনা।

নোট

২. আত্মবিশ্বাসের সাথে আর্থিক প্রতিষ্ঠান ব্যবহার করুন!



কেস স্টাডি নং ১

মালাক এবং তার ভাই আর্থিক প্রতিষ্ঠান সম্পর্কে কথা বলেন

মালাক তার ভাই ফরিদের সাথে চা পান করছে। একটি ব্যাংকের সাথে ফরিদের খারাপ অভিজ্ঞতা ছিল: তিনি তথ্য চাইতে গেলে এবং ব্যাংকের একজন স্টাফ তাকে একটি অ্যাকাউন্ট খুলতে রাজি করান এবং পরে তিনি জানতে পারেন যে অ্যাকাউন্টটিতে উচ্চ ফি রয়েছে। তিনি আরও জানতে পেরেছিলেন যে তিনি ব্যবহার করেন না এমনসব পরিষেবাগুলির জন্যও অর্থ প্রদান করছেন। তাড়াহুড়ো করে সিদ্ধান্ত নেওয়ার জন্য তিনি অনুতপ্ত। মালাক জানায় যে, তার প্রথম ব্যাংক অ্যাকাউন্ট খোলার আগে, তিনি কয়েকটি ব্যাংকে গিয়েছিলেন এবং শুধু তথ্য চেয়েছিলেন। কর্মীদের না বলা কঠিন ছিল, কিন্তু তিনি অনেক তথ্য পেতে সক্ষম হয়েছিলেন। শেষ পর্যন্ত তিনি যে ব্যাংকগুলিতে গিয়েছিলেন সেগুলির মধ্যে একটিতে অ্যাকাউন্ট খোলার সিদ্ধান্ত নিয়েছিলেন যেটি তাকে কোনও ফি ছাড়াই একটি মৌলিক অ্যাকাউন্টের প্রস্তাব দেয় এবং যার ন্যূনতম ব্যালেন্সের প্রয়োজন হয় না। তিনি ফরিদকে একই কাজ করার পরামর্শ দেন। ফরিদ জানায় যে তিনি ভেবেছিলেন এই ধরণের অ্যাকাউন্ট অফার করে এমন কোনও প্রতিষ্ঠান নেই এবং এখন গবেষণা করার সিদ্ধান্ত নিয়েছেন।

প্রশ্ন

- কেন ফরিদ আর্থিক প্রতিষ্ঠানকে বিশ্বাস করেন না?

আপনি অবশ্যই জানেন যে একটি আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহক হিসাবে আপনার দায়িত্ব রয়েছে, তবে আপনার অধিকারও রয়েছে!

আসুন জেনে নিই এই অধিকারগুলো

⚠ **গুরুত্বপূর্ণ: যদি আপনার আর্থিক প্রতিষ্ঠানের সাথে খারাপ অভিজ্ঞতা থাকে, তাহলে তাদের কাছে আপনার অর্থ জমা রাখা আপনার উদ্বেগ বা মানসিক চাপের কারণ হতে পারে। সিদ্ধান্ত নেওয়ার আগে নিজেকে জানান। মনে রাখবেন: আপনার অধিকার আছে।**

প্রশিক্ষণ সহায়িকা চ.২.১

বর্ণনামূলক

বর্ণনামূলক কার্ড নং ১

আপনি যদি একট ব্যাংক অ্যাকাউন্ট খুলতে চান তবে আমাকে পূরণ করতে হবে। আপনি আমাকে পূরণ করার পরে, প্রক্রিয়াটি সম্পূর্ণ করার জন্য আপনাকে অবশ্যই আপনার পরিচিতি মুলক ডকুমেন্টস একজন কর্মীর কাছে উপস্থাপন করতে হবে। আপনি যখন আমাকে পূরণ করবেন এবং প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপন করবেন, আপনি কাউন্টারে গিয়ে আপনার অ্যাকাউন্টে টাকা জমা দিতে পারবেন।

বর্ণনামূলক কার্ড নং ২

আমি এজেন্সির প্রবেশপথের একটি ডেস্কে বসে আছি। আমার কাজ হল গ্রাহকদের ব্যাংক অ্যাকাউন্ট খুলতে সাহায্য করা। আমি আপনাকে একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য একটি আবেদনপত্র দিতে পারি। কোন ব্যাংক অ্যাকাউন্ট আপনার প্রয়োজনগুলি সবচেয়ে ভাল ভাবে পূরণ করবে তা নির্ধারণ করতেও আমি আপনাকে সাহায্য করতে পারি। আমরা যে পণ্যগুলি অফার করি এবং আপনাকে যে ফরমগুলি পূরণ করতে হবে সে সম্পর্কে আমাকে প্রশ্ন করুন। একটি অ্যাকাউন্ট খুলতে আপনার কী কী কাগজপত্র প্রয়োজন তা আমাকে জিজ্ঞাসা করুন। আমাকে আমানত নিতে বা আপনাকে কিছু টাকা দিতে বলবেন না।

বর্ণনামূলক কার্ড নং ৩

আমি সমস্ত কর্মীদের তত্ত্বাবধান করি এবং নিশ্চিত করি যে তারা সঠিকভাবে কাজ করছে। যে স্টাফ সদস্যদের আপনি দেখতে পাচ্ছেন, তাদের পাশাপাশি যারা নিজেদের অফিসে আড়ালে থেকে কাজ করছে, সবার অ্যাকাউন্ট পরিচালনা করছে এবং অন্যান্য কাজ করছে, আমি আমি তাদেরও তত্ত্বাবধান করি। আপনার যদি এমন সমস্যা থাকে যা স্টাফের অন্যান্য সদস্যরা সমাধান করতে পারে না তবেই শুধুমাত্র আমার সাথে দেখা করতে আসুন। অ্যাকাউন্ট খুলতে আমার সাথে দেখা করবেন না।

বর্ণনামূলক কার্ড নং ৪

আমার কাজ অর্থ পরিচালনা এবং লেনদেন রেকর্ড করা। আমি গ্রাহকদের আমানত নিয়ে থাকি এবং যখন তারা উত্তোলন করে তখন তাদের নগদ প্রদান করি। আমার থেকে নেয়ার আগে গ্রাহকদের অবশ্যই তাদের পরিচয়ের প্রমাণ এবং একটি সঠিকভাবে পূরণকৃত ফরম উপস্থাপন করতে হবে। আপনি আমাকে জিজ্ঞাসা করতে পারেন আপনার অ্যাকাউন্টে কত টাকা আছে বা পেমেন্ট এসেছে কিনা। আমাকে আপনার জন্য একটি ব্যাংক অ্যাকাউন্ট খুলতে বলবেন

বর্ণনামূলক কার্ড নং ৫

আমার কাজ হল ব্যাংক, ব্যাংক কর্মীদের এবং আমাদের গ্রাহকদের রক্ষা করা। এটি করার জন্য ব্যাংকে যা হচ্ছে তার উপর আমাকে নজর রাখতে হবে। কিভাবে ফরম পূরণের মাধ্যমে একটি অ্যাকাউন্ট খুলতে হয় সে সম্পর্কিত তথ্যের জন্য আমাকে জিজ্ঞাসা করবেন না।

বর্ণনামূলক কার্ড নং ৬

আমি ব্যাংক কর্তৃক অফারকৃত পণ্যের তথ্য এবং তাদের দাম কত তা প্রদর্শন করি।

বর্ণনামূলক কার্ড নং ৭

আমি লেনদেন সম্পাদনের জন্য প্রয়োজনীয় সমস্ত ফরম ধারণ করি। আপনি যদি কাউন্টার কর্মীদের সাথে ব্যাংকিং করতে চান তবে আপনার আমার ফরমগুলির প্রয়োজন হবে।

বর্ণনামূলক কার্ড নং ৮

আপনি যদি আপনার অ্যাকাউন্ট থেকে টাকা তুলতে চান তবে আমাকে বিস্তারিতভাবে পূরণ করতে হবে এবং আমাকে স্বাক্ষর করতে হবে।

বর্ণনামূলক কার্ড নং ৯

আপনি নগদ (যেমন ব্যাংকনোট বা কয়েন) প্রয়োজন ছাড়াই কাউকে অর্থ প্রদান করতে আমাকে ব্যবহার করতে পারেন। যখন আপনি পূরণ করে আমাকে স্বাক্ষর করেন, তখন আমার উপরে যার নাম প্রদর্শিত হবে ব্যাংককে তার বরাবর ব্যাংককে অর্থ প্রদানের অনুমতি দিচ্ছেন। ব্যাংক আপনার অ্যাকাউন্ট থেকে তোলা টাকা দিয়ে ব্যক্তিকে অর্থ প্রদান করবে।

বর্ণনামূলক কার্ড নং ১০

আপনি যদি আপনার অ্যাকাউন্টে টাকা জমা দিতে চান তবে আপনাকে আপনার অ্যাকাউন্ট নম্বর সহ প্রতিটি তথ্য বিস্তারিতভাবে প্রদান করে আমাকে পূরণ করতে হবে।

এই মডিউলের শেষে, আপনি অনুশীলনের উত্তরগুলিতে সঠিক উত্তরগুলি পাবেন।

মূল বার্তা

- একটি আর্থিক প্রতিষ্ঠান নির্বাচন করার জন্য, আপনাকে এর বৈশিষ্ট্যগুলি এবং এর পণ্যগুলি পর্যালোচনা করতে হবে এবং আপনার প্রয়োজনের সাথে সবচেয়ে মানানসই হয় এমনগুলি বেছে নিতে হবে।
- একটি আর্থিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য এবং পণ্যগুলি পর্যালোচনা করার জন্য, ব্রোশিওর, লিফলেটগুলি পর্যালোচনা করার পাশাপাশি কর্মীদের সঠিক প্রশ্ন জিজ্ঞাসা করা গুরুত্বপূর্ণ: নির্দ্বিধায় প্রশ্ন করুন, আপনার প্রশ্নের উত্তর দেওয়া তাদের কাজ!
- একটি ব্যাংক বা অন্য আর্থিক প্রতিষ্ঠানে প্রবেশ করার অর্থ এই নয় যে আপনাকে একটি অ্যাকাউন্ট খুলতে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে; আপনি তথ্য সংগ্রহ করে শুরু করতে পারেন।
- তাত্ত্বিকভাবে প্রত্যেকেই আর্থিক প্রতিষ্ঠান থেকে পরিষেবাগুলি অ্যাক্সেস করতে পারে (যদি আপনি প্রয়োজনীয় ডকুমেন্টেশন সরবরাহ করতে পারেন!): আপনাকে এমন প্রতিষ্ঠান খুঁজে বের করতে হবে যেটি আপনার চাহিদা সবচেয়ে বেশি পূরণ করে।
- একটি আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহক হিসাবে, আপনার অধিকার আছে!

এখন আমরা একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য একটি ফর্ম পূরণ করার অনুশীলন করতে যাচ্ছি। আমরা একটি জেনেরিক আবেদন ফরম ব্যবহার করব।

প্রশিক্ষণ সহায়িকা চ.২.২

অ্যাকাউন্ট খোলার জন্য আবেদন ফরম

YOURBANK

BOX RESERVED TO

অ্যাকাউন্ট খোলার আবেদন

অ্যাকাউন্ট হোল্ডার ১	অ্যাকাউন্ট হোল্ডার ২
ব্যক্তিগত অবস্থা	**ব্যক্তিগত অবস্থা**
নাগরিক মর্যাদা: ☐ জনাব. ☐ জনাবা. ☐ মিস.	নাগরিক মর্যাদা: ☐ জনাব. ☐ জনাবা. ☐ মিস.
নামের শেষাংশ:	নামের শেষাংশ:
বসবাসের ঠিকানা:	বসবাসের ঠিকানা:
পোস্ট কোড:	পোস্ট কোড:
শহর:	শহর:
দেশ:	দেশ:
পারিবারিক অবস্থা: ☐ বিবাহিত ☐ পৃথক বসবাস ☐ তালাকপ্রাপ্ত ☐ বিধবা/বিপত্নীক ☐ অবিবাহিত	পারিবারিক অবস্থা: ☐ বিবাহিত ☐ পৃথক বসবাস ☐ তালাকপ্রাপ্ত ☐ বিধবা/বিপত্নীক ☐ অবিবাহিত
নামের প্রথমাংশ:	নামের প্রথমাংশ:
জন্ম তারিখ ও জন্মস্থান:	জন্ম তারিখ ও জন্মস্থান:
জাতীয়তা:	জাতীয়তা:
ফোন (বাসা):	ফোন (বাসা):
ফোন (মোবাইল):	ফোন (মোবাইল):
ইমেইল:	ইমেইল:
পেশাগত অবস্থান	**পেশাগত অবস্থান**
মাসিক নেট আয় ☐☐☐☐☐☐☐☐	মাসিক নেট আয় ☐☐☐☐☐☐☐☐
☐ সক্রিয় ☐ চাকুরী প্রার্থী ☐ শিক্ষার্থী ☐ অবসরপ্রাপ্ত	☐ সক্রিয় ☐ চাকুরী প্রার্থী ☐ শিক্ষার্থী ☐ অবসরপ্রাপ্ত

অ্যাকাউন্টস

☐ ব্যক্তিগত কারেন্ট অ্যাকাউন্ট ☐ যৌথ কারেন্ট অ্যাকাউন্ট

☐ সেভিংস (সঞ্চয়ী) অ্যাকাউন্ট

ব্যাংক কার্ড এবং পরিষেবাসমুহ

☐ এটিএম কার্ড ☐ ডেবিট কার্ড

☐ পরিশোধ পদ্ধতির জন্য বীমা ☐ ক্রেডিট কার্ড

☐ ইন্টারনেট ব্যাংকিং

স্বাক্ষর

অ্যাকাউন্ট হোল্ডার ১	অ্যাকাউন্ট হোল্ডার ২	শাখা ম্যানেজার

তারিখ

প্রশিক্ষণ সহায়িকা চ.২.৩

টাকা তোলার জন্য এটিএম ব্যবহার করা

এখন আমরা একটি সেভিংস অ্যাকাউন্ট থেকে নগদ টাকা তোলার অনুকরণের মাধ্যমে একটি এটিএম ব্যবহারের অনুশীলন করতে যাচ্ছি।

ধাপ ১: এটিএম কার্ড ঢোকান




এটিএম মেশিনে আপনার এটিএম কার্ড ঢোকান (আপনি একটি সবুজ স্লট বা যেকোনো ধরনের স্লট দেখতে পারেন)।

ধাপ ২: ৪ ডিজিট এটিএম পিন লিখুন




কীপ্যাড ব্যবহার করে আপনাকে আপনার ৪ সংখ্যার পাসওয়ার্ড লিখতে হবে। কিন্তু সবসময় মনে রাখবেন যে আপনি পাসওয়ার্ড দেওয়ার সময় কেউ আপনার পাসওয়ার্ড দেখতে পাবে না এবং এই পাসওয়ার্ডটি কারো সাথে শেয়ার করবেন না। ৩ বারের বেশি ভুল পাসওয়ার্ড চাপলে আপনার এটিএম কার্ড ব্লক হতে পারে।

ধাপ ৩: আপনার লেনদেন নির্বাচন করুন




এই বিভাগে, আপনি আপনার ডিসপ্লেতে অনেকগুলি বিকল্প দেখতে পাবেন যেমন টাকা তোলা, স্থানান্তর, ব্যালেন্স অনুসন্ধান ইত্যাদি। এই ক্ষেত্রে, আপনাকে টাকা উত্তোলন নির্বাচন করতে হবে।

ধাপ ৪: আপনার অ্যাকাউন্ট নির্বাচন করুন



যদি আপনার এটিএম কার্ড বিভিন্ন ব্যাংক অ্যাকাউন্টের সাথে সংযুক্ত থাকে, তাহলে আপনি কোন ব্যাংক অ্যাকাউন্ট থেকে টাকা তুলতে চান তা নির্বাচন করতে হবে।

ধাপ ৫: পরিমাণ লিখুন



এই বিভাগে, আপনাকে আপনার উত্তোলনের পরিমাণ লিখতে হবে এবং এন্টার টিপুন।

কিন্তু নিশ্চিত করুন যে আপনার তোলার পরিমাণ অ্যাকাউন্টে আপনার ব্যালেন্সের যেন বেশি না হয় অন্যথায় লেনদেন ব্যর্থ হবে।

ধাপ ৬: নগদ টাকা সংগ্রহ করুন



এই বিভাগে, আপনাকে মেশিনের নীচের স্লট থেকে আপনার অর্থ সংগ্রহ করতে হবে।

ধাপ ৭: অন্য লেনদেন নির্বাচন করুন অথবা সেশন শেষ করুন



যদি আপনি অন্য লেনদেন করতে চান বা আপনার সেশন শেষ করতে চান এই মুহূর্তে আপনি সেটি নির্বাচন করতে পারেন। আপনার সেশন শেষ করার বাটন চাপার পরে নিশ্চিত হয়ে নিন যে আপনি আপনার এটিএম কার্ডটি নিয়েছেন।

আপনি অবশ্যই জানেন যে একটি আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহক হিসাবে আপনার দায়িত্ব রয়েছে, তবে আপনার অধিকারও রয়েছে! আসুন জেনে নিই এই অধিকারগুলো সম্পর্কে!

নোট

প্রশিক্ষণ সহায়িকা চ.২.৪

বর্ণনামূলক কার্ড - গ্রাহক সুরক্ষা নীতি

বর্ণনামূলক কার্ড নং ১

আমার একটি মুরগির খামার আছে। আমি সবেমাত্র কাছাকাছি অবস্থিত একটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সাথে একটি কৃষি ঋণ চুক্তি করেছি। আমি ঠিক আমার প্রয়োজনের সমপরিমাণ ঋণ পেয়েছি। আমি ভেবেছিলাম তিন মাসের মধ্যে আমি আমার মুরগি বিক্রি করব এবং প্রচুর অর্থ পাব।

তবে, আমাকে এখন মাসিক কিস্তিতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ঋণ ফেরত দিতে হবে এবং অর্থপ্রদান করার জন্য আমার ব্যবসা থেকে কোনো বর্তমান আয় নেই। এখন আমার কাছে মনে হচ্ছে ঋণটি আমার প্রয়োজনের জন্য উপযুক্ত ছিল না।

এটা কি স্বাভাবিক?

আর্থিক শিক্ষা

বর্ণনামূলক কার্ড নং ২

আমি ইতিমধ্যেই ব্যাংকের সঙ্গে দুটি ঋণের চুক্তি করেছি: একটি বাড়ি কেনার জন্য, অন্যটি গত বছর ধর্মীয় অনুষ্ঠানের খরচ মেটাতে।

আমি এখন একটি ছোট মোটরবাইক কিনতে চাই যাতে আমি আরও সহজে ঘুরাঘুরি করতে পারি। আমার ব্যাংক আমাকে তৃতীয় ঋণ দিতে অস্বীকার করছে।

এটা কি স্বাভাবিক?
আমি এটা সম্পর্কে কি করতে পারি?

আর্থিক শিক্ষা

বর্ণনামূলক কার্ড নং ৩

আমি একটি আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহক। আমি একটি সঞ্চয় পণ্যের সাথে সম্পর্কিত শর্তাবলী এবং চার্জ বোঝার চেষ্টা করেছি, কিন্তু তারা আমাকে যে ব্রোশিওর দিয়েছে তা খুব ছোট প্রিন্টে রয়েছে এবং আমি ব্যবহৃত সকল পরিভাষা বুঝতে পারি

আমার কি করা উচিৎ?

আর্থিক শিক্ষা

বর্ণনামূলক কার্ড নং ৪

আমার একটি আর্থিক প্রতিষ্ঠানে একটি কারেন্ট অ্যাকাউন্ট এবং একটি সেভিংস অ্যাকাউন্ট আছে।

আমি অসন্তুষ্ট কারণ আমার কারেন্ট অ্যাকাউন্টের জন্য আমাকে উচ্চ ব্যবস্থাপনা চার্জ দিতে হবে, যেখানে আমার সেভিংস অ্যাকাউন্ট খুব কম সুদের হার দেয়। এটি অন্যায্য বলে মনে হচ্ছে।

এটা কি স্বাভাবিক?

আর্থিক শিক্ষা

বর্ণনামূলক কার্ড নং ৫

আমি খুব বেশি ঋণগ্রস্থ আছি এবং আর ঋণ পরিশোধ করতে পারছি না কারণ আমি আমার চাকরি হারিয়েছি।

ঋণ পরিশোধ করতে ব্যর্থ হলে ব্যাংক কি করবে তা নিয়ে আমি ভীত।

তারা কি আমার বাড়িতে এসে আমার সম্পত্তি বা আমার পরিবারের লোকদের নিয়ে যেতে পারে, নাকি আরও

খারাপ কিছু?

আর্থিক শিক্ষা

বর্ণনামূলক কার্ড নং ৬

কিছু ঘটনা নিয়ে আমি দৃঢ়ভাবে আমার ব্যাঙ্কের সাথে দ্বিমত পোষন করি।

আমি কার কাছে যেতে পারি?

আমাকে সাহায্য করতে পারে এমন কেউ কি ব্যাংকে আছেন?

আর্থিক শিক্ষা

বর্ণনামূলক কার্ড নং ৭

যে ব্যাংক কর্মচারী আমার ব্যক্তিগত কারেন্ট অ্যাকাউন্ট দেখাশোনা করেন তিনি জানেন যে আমি গত মাসে একটি বড় অঙ্কের টাকা পেয়েছি।

সে কি আমার অনুমতি ছাড়া আমার পরিবারের কোনো সদস্যের সাথে আলোচনা করতে পারবে?

আর্থিক শিক্ষা



উপযুক্ত পণ্য ডিজাইন এবং বিতরণ

আর্থিক প্রতিষ্ঠানগুলিকে নিশ্চিত করতে হবে যে তাদের পণ্য এবং বিতরণ চ্যানেলগুলি এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে তাদের গ্রাহকদের স্বার্থের ক্ষতি না হয়। তাদের পণ্য এবং বিতরণ চ্যানেল ডিজাইন করার সময় তাদের গ্রাহকদের বৈশিষ্ট্যগুলি বিবেচনায় নেওয়া উচিত।

অতিরিক্ত ঋণ প্রতিরোধ

হ্যাঁ, এটা পুরোপুরি স্বাভাবিক। টাকা ধার করার অধিকার বলে কিছু নেই। গ্রাহকদের ঋণে প্রচণ্ডভাবে আটকা পড়া থেকে ব্যাংক আপনাকে রক্ষা করছে। এই নীতির অধীনে আর্থিক প্রতিষ্ঠানগুলি নিশ্চিত করতে হয় যে ঋণ প্রদানের আগে ঋণ গ্রহীতারা প্রমাণ করতে পারে যে তারা গৃহীত ঋণ পরিশোধ করতে সক্ষম, এবং এই ঋণ ঋণ গ্রহীতাদের আরো ঋণগ্রস্থ হওয়ার ঝুঁকিতে ফেলবে না।

স্বচ্ছতা

আপনার আরও তথ্যের জন্য ব্যাংক কর্মীদের জিজ্ঞাসা করা উচিত। এটি আপনার অধিকার, এবং আর্থিক প্রতিষ্ঠানগুলি একটি সুস্পষ্ট এবং দায়িত্বশীল ব্যবস্থা প্রদানের নীতি মেনে চলতে বাধ্য। অন্য কথায়, আর্থিক পণ্যগুলির সাথে সম্পর্কিত চার্জ এবং শর্তগুলি অবশ্যই স্পষ্টভাবে লিখতে হবে এবং এমন একটি ভাষায় যোগাযোগ করতে হবে যা গ্রাহকদের বোঝা সহজ।

দায়িত্বশীল মূল্য নির্ধারণ

আরও তথ্যের জন্য ব্যাংকে আপনার উপদেষ্টাকে জিজ্ঞাসা করুন। আর্থিক প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের চার্জ, শর্তাবলী এবং পদ্ধতিগুলি গ্রাহকদের জন্য সাশ্রয়ী হয়, এবং তাদের ব্যবসার অংশ হিসাবে যুক্তিসঙ্গত লাভ করতে সক্ষম করে। আর্থিক প্রতিষ্ঠানগুলিকে তাদের কাছে জমা করা তহবিলের বিপরীতে যাতে সুদের ন্যায্য হার দেয়া হয় তা নিশ্চিত করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা করা উচিত।

ক্লায়েন্টদের সাথে ন্যায্য এবং সম্মানজনক আচরণ

আর্থিক প্রতিষ্ঠানগুলি তাদের গ্রাহকদের সাথে ন্যায্য এবং সম্মানের সাথে আচরণ করতে বাধ্য। তারা যেন কোনো প্রকার বৈষম্যের অভ্যাস না করে। তাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের এজেন্ট এবং কর্মীদের পক্ষ থেকে দুর্নীতির ঘটনা এবং কোনও আক্রমনাত্মক বা আপত্তিজনক আচরণ সনাক্তকরণ এবং প্রতিকারের জন্য পর্যাপ্ত ব্যবস্থা রয়েছে, বিশেষ করে ঋণ দেওয়ার সময় এবং ঋণ আদায় করার সময়।


অভিযোগ সমাধানের জন্য ব্যবস্থা

আর্থিক প্রতিষ্ঠানগুলির অবশ্যই তাদের গ্রাহকদের পক্ষ থেকে সমস্যা এবং অভিযোগের ক্ষেত্রে সময়মত হস্তক্ষেপ করার ব্যবস্থা থাকতে হবে। তাদের অবশ্যই পৃথক সমস্যা সমাধানের জন্য এবং তাদের পণ্য এবং পরিষেবাগুলি উন্নত করতে এই প্রক্রিয়াগুলি ব্যবহার করতে হবে।

গ্রাহকের তথ্য ও উপাত্তের গোপনীয়তা

একজন গ্রাহকের ব্যক্তিগত তথ্য সম্পর্কিত গোপনীয়তাকে অবশ্যই সংশ্লিষ্ট দেশের আইন ব্যবস্থার আইন ও প্রবিধান অনুযায়ী সম্মান করতে হবে। যদি না গ্রাহকের সাথে অন্যথায় সম্মত হয়ে থাকে এই ধরনের তথ্য যখন দেওয়া হয়েছিল আইনিভাবে অনুমোদিত ব্যবহার করা যেতে পারে।





প্রশিক্ষণ সহায়িকা চ.২.৫

সঞ্চয় পণ্যের প্রয়োজনের পরিস্থিতি সহ কার্ড

S I T U A T I O N C A R D S



দৃশ্যপট ১

সালমার বাড়ির নতুন জানালার সরঞ্জাম সাধারণত সবচেয়ে ব্যয়বহুল ইনপুটগুলির মধ্যে একটি, সালমা এটা কেনান জন্য তার মাকে যে টাকা পাঠিয়েছেন তার মা তার কিছু অংশ আলাদা করে রাখতে চান। তিনি এক বছরের জন্য প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ সঞ্চয় করতে চান। তিনি প্রাপ্ত অর্থ ব্যয় করতে প্রলুব্ধ হতে চান না এবং একটি সঞ্চয়ী অ্যাকাউন্টের কথা ভাবছেন যা তাকে তাদের পারিবারিক লক্ষ্য অর্জন করতে সক্ষম করবে।

তার স্বামী মনে করেন না যে তাদের একটি আর্থিক প্রতিষ্ঠানে সঞ্চয়ী অ্যাকাউন্ট খোলা উচিত।

যাইহোক, সালমার সাথে একাধিকবার বিষয়টি নিয়ে আলোচনা করার পরে এবং জানানোর পরে, তার বাবা-মা একটি চুক্তিভিত্তিক সঞ্চয়ী অ্যাকাউন্ট খোলার সিদ্ধান্ত নিয়েছে যা তাদের নির্দিষ্ট সময়ের জন্য সঞ্চয় করার জন্য নির্দিষ্ট মাসিক আমানত জমা রাখতে সক্ষম করবে।

সালমার পিতামাতার জন্য সবচেয়ে উপযুক্ত এবং সবচেয়ে আকর্ষণীয় পণ্যটি খুঁজে পেতে আর্থিক প্রতিষ্ঠানগুলিকে আপনার কোন প্রশ্ন জিজ্ঞাসা করা উচিত?

আ র্থি ক শি ক্ষা

S I T U A T I O N C A R D S



দৃশ্যপট ২

অর্জুন যে কারখানায় কার করেন সেখাএন আয়োজিত একটি আর্থিক শিক্ষার অধিবেশনে সবেমাত্র যোগ দিয়েছেন। বিষয় ছিল "বিপদের দিনের জন্য কিছু অর্থ সঞ্চয় করা"।

তিনি জর্ডানে থাকাকালীন একটি জরুরি তহবিল গঠনের জন্য প্রতি মাসে কিছু অর্থ আলাদা করে রাখার জন্য দৃঢ়প্রতিজ্ঞ, যাতে অপ্রত্যাশিত ব্যয়ের সম্মুখীন হলে মোকাবেলা করতে পারেন।

তিনি একটি নমনীয় সেভিংস অ্যাকাউন্ট খোলার চেষ্টা করার সিদ্ধান্ত নিয়েছেন।

অর্জুনের জন্য সবচেয়ে উপযুক্ত এবং সবচেয়ে আকর্ষণীয় পণ্যটি খুঁজে পেতে আপনার আর্থিক প্রতিষ্ঠানগুলিকে কী প্রশ্ন জিজ্ঞাসা করা উচিত?

আ র্থি ক শি ক্ষা

S I T U A T I O N C A R D S



দৃশ্যপট ৩

মধ্যাহ্নভোজে, মালাক এবং তার বন্ধু আয়েশা ফোনে তাদের উভয়ের অর্থের সমস্যা সম্পর্কে আলোচনা করছিলেন। তারা দুজনই গত কয়েক মাসে ব্যাংকে ধারাবাহিকভাবে সঞ্চয় করে আসছে।

মালাক আয়েশাকে বলে যে তিনি এই সঞ্চয়গুলি তুলতে চান না এবং সর্বোচ্চ সম্ভাব্য সুদের হার পেতে চান। তারা সম্মত হয়েছে যে মালাকের একটি নির্দিষ্ট মেয়াদী সেভিংস অ্যাকাউন্ট খুলতে

মালাকের জন্য সবচেয়ে উপযুক্ত এবং সবচেয়ে আকর্ষণীয় পণ্যটি খুঁজে পেতে আপনার আর্থিক প্রতিষ্ঠানগুলিকে কী প্রশ্ন জিজ্ঞাসা করা উচিত?

আ র্থি ক শি ক্ষা

S I T U A T I O N C A R D S



দৃশ্যপট ৪

প্রিশা শ্রীলঙ্কায় ফিরে আসার সাথে সাথে কিছু অনলাইন প্রশিক্ষণের জন্য একটি কম্পিউটার কিনতে চায়। তিনি জর্ডানে অনেক প্রশিক্ষণ পেয়েছেন এবং সত্যিই সেগুলি উপভোগ করেন। এগুলি ব্যয়বহুল তবে তিনি যদি প্রতি মাসে এক বছরের জন্য কিছুটা আলাদা রাখতে পারেন তবে ২ বছরের মধ্যে কম্পিউটার কেনার জন্য তার যথেষ্ট টাকা হবে।

তাই, তাকে অবশ্যই এমন কোনো প্রলোভন এড়াতে হবে যা তাকে অন্য উদ্দেশ্যে তার সঞ্চয় থেকে টাকা খরচ করতে প্ররোচিত করবে। তিনি অবশেষে একটি নিয়মিত সঞ্চয়ী অ্যাকাউন্ট খোলার সিদ্ধান্ত নিয়েছেন যেখানে নিজের গতিতে এই লক্ষ্যের জন্য অর্থ সঞ্চয় করতে সক্ষম হবেন।

প্রিশার জন্য সবচেয়ে উপযুক্ত পণ্যটি খুঁজে পেতে আপনার আর্থিক প্রতিষ্ঠানগুলিকে কী প্রশ্ন জিজ্ঞাসা করা উচিত?

আ র্থি ক শি ক্ষা

প্রশিক্ষণ সহায়িকা চ.২.৬

আর্থিক প্রতিষ্ঠানে পরিদর্শন প্রতিবেদনের জন্য ফরম

যে প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে

যার সাক্ষাৎকার নেওয়া হয়েছে তার দায়িত্ব :

আপনার পরিদর্শন করা আর্থিক প্রতিষ্ঠান দ্বারা অফার করা প্রতিটি পণ্যের জন্য নিম্নলিখিত সারণীটি সম্পূর্ণ করুন

পণ্য:

আর্থিক প্রতিষ্ঠান পছন্দের ক্ষেত্রে যে বিষয়গুলো বিবেচনায় নিতে	পরিদর্শনের সময় প্রাপ্ত উত্তর
আর্থিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য	
ভৌগলিক নৈকট্য	
আর্থিক প্রতিষ্ঠানের সুনাম এবং বিশ্বস্ততা (এই প্রশ্ন আপনার নিজেকে অথবা আপনার বন্ধু/ পরিবারকে জিজ্ঞাসা করতে হবে)	
অ-আর্থিক পরিষেবার বিধান এবং গুণমান (ব্যবসায়িক প্রশিক্ষণ, আর্থিক শিক্ষা...)	
দূরবর্তী পরিষেবা (ইন্টারনেটের মাধ্যমে ব্যালেন্স অনুসন্ধান, এসএমএস, টেলিফোন ব্যাংকিংয়ের মাধ্যমে সতর্কতা খরচ...) এবং খরচ	
পরিষেবা এবং কর্মীদের গুণমান (অপেক্ষার সময়, গ্রাহকদের প্রতি সম্মান, কথ্য ভাষা, পরিষেবার গতি...)	
যথাযথ ক্ষেত্রে (যৌথ সমিতির) শর্তাবলী এবং সদস্যপদ	
চার্জ এবং শর্তাবলী, গ্রাহকদের দেওয়া তথ্যের গুণমান সংক্রান্ত স্বচ্ছতা (নিজেকে জিজ্ঞাসিত প্রশ্ন)	

আর্থিক প্রতিষ্ঠান পছন্দের ক্ষেত্রে যে বিষয়গুলো বিবেচনায় নিতে	পরিদর্শনের সময় প্রাপ্ত উত্তর
আর্থিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য	
গ্রাহকদের নির্দিষ্ট গ্রুপের জন্য ডিজাইন করা পণ্য (ছাত্র, বেতনভোগী কর্মচারী, পেনশনভোগী...)	
গৃহীত দাতব্য কাজ (সংহতি তহবিল, স্পন্সরশিপ, ফাউন্ডেশন...)	
(একজন আত্মীয়ের কাছে/থেকে ট্রান্সফার প্রেরণ বা গ্রহণকারী ব্যক্তিদের জন্য), আত্মীয়ের অঞ্চলে প্রতিষ্ঠানের উপস্থিতি এবং তাদের বসবাসের স্থানের ভৌগলিক নৈকট্য	
আর্থিক প্রতিষ্ঠানের পণ্যে বৈশিষ্ট্য (এই ক্ষেত্রে সঞ্চয়)	
সঞ্চয় অ্যাক্সেস/ উত্তোলনের নমনীয়তা	
ব্যবহারকারী-বন্ধুত্বপূর্ণতা	
সেভিংস অ্যাকাউন্ট খোলার শর্ত	
নিরাপত্তা	

আর্থিক প্রতিষ্ঠান পছন্দের ক্ষেত্রে যে বিষয়গুলো বিবেচনায় নিতে	পরিদর্শনের সময় প্রাপ্ত উত্তর
আর্থিক প্রতিষ্ঠানের পণ্যে বৈশিষ্ট্য (এই ক্ষেত্রে সঞ্চয়)	
সুদের হার	
আর্থিক প্রতিষ্ঠান দ্বারা প্রদত্ত অন্যান্য পণ্য এবং পরিষেবাগুলি অ্যাক্সেস করার সম্ভাবনা	
সঞ্চয়ের খরচ (চার্জ, জরিমানা	
তারল্য	
পণ্যের নৈতিক মূল্যবোধ (টেকসই অর্থ, পরিবেশগত, ইসলামিক...)	

নোট



অনুশীলনীর উত্তর

প্রশিক্ষণ সহায়িকা চ.২.১

বর্ণনামূলক কার্ড

১ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

অ্যাকাউন্ট খোলার আবেদন ফরম

২ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

গ্রাহক সেবা এজেন্ট

৩ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

শাখা ম্যানেজার

৪ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

ব্যাংক কেরানি

৫ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

নিরপত্তা প্রহরী

৬ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

প্রদর্শনী বোর্ড

৭ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

কাগজপত্র প্রদর্শনী শেল্ফ

৮ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

উত্তোলন স্লিপ

৯ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

একটি চেক

১০ নং বর্ণনামূলক কার্ডের উত্তর

পরিশোধ স্লিপ

প্রশিক্ষণ সহায়িকা চ.২.৫

সমাধান



বর্ণনামূলক কার্ড নং ১

আমার একটি মুরগির খামার আছে। আমি সবেমাত্র কাছাকাছি অবস্থিত একটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সাথে একটি কৃষি ঋণ চুক্তি করেছি। আমি ঠিক আমার প্রয়োজনের সমপরিমাণ ঋণ পেয়েছি। আমি ভেবেছিলাম তিন মাসের মধ্যে আমি আমার মুরগি বিক্রি করব এবং প্রচুর অর্থ পাব।

তবে, আমাকে এখন মাসিক কিস্তিতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ঋণ ফেরত দিতে হবে এবং অর্থপ্রদান করার জন্য আমার ব্যবসা থেকে কোনো বর্তমান আয় নেই। এখন আমার কাছে মনে হচ্ছে ঋণটি আমার প্রয়োজনের জন্য উপযুক্ত ছিল না।

এটা কি স্বাভাবিক?

আর্থিক শিক্ষা

প্রয়োগকৃত গ্রাহক সুরক্ষা

উপযুক্ত পণ্য ডিজাইন এবং বিতরণ

আর্থিক প্রতিষ্ঠানগুলিকে নিশ্চিত করতে হবে যে তাদের পণ্য এবং বিতরণ চ্যানেলগুলি এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে তাদের গ্রাহকদের স্বার্থের ক্ষতি না হয়। তাদের পণ্য এবং বিতরণ চ্যানেল ডিজাইন করার সময় তাদের গ্রাহকদের বৈশিষ্ট্যগুলি বিবেচনায় নেওয়া উচিত।

বর্ণনামূলক কার্ড নং ২

আমি ইতিমধ্যেই ব্যাংকের সঙ্গে দুটি ঋণের চুক্তি করেছি: একটি বাড়ি কেনার জন্য, অন্যটি গত বছর ধর্মীয় অনুষ্ঠানের খরচ মেটাতে। আমি এখন একটি ছোট মোটরবাইক কিনতে চাই যাতে আমি আরও সহজে ঘুরাঘুরি করতে পারি। আমার ব্যাংক আমাকে তৃতীয় ঋণ দিতে

আমি এটা সম্পর্কে কি করতে পারি?

আর্থিক শিক্ষা

প্রয়োগকৃত গ্রাহক সুরক্ষা

অতিরিক্ত ঋণ প্রতিরোধ

হ্যাঁ, এটা পুরোপুরি স্বাভাবিক। টাকা ধার করার অধিকার বলে কিছু নেই। গ্রাহকদের ঋণে প্রচণ্ডভাবে আটকা পড়া থেকে ব্যাংক আপনাকে রক্ষা করছে। এই নীতির অধীনে আর্থিক প্রতিষ্ঠানগুলি নিশ্চিত করতে হয় যে ঋণ প্রদানের আগে ঋণ গ্রহীতারা প্রমাণ করতে পারে যে তারা গৃহীত ঋণ পরিশোধ করতে সক্ষম, এবং এই ঋণ ঋণ গ্রহীতাদের আরো ঋণগ্রস্থ হওয়ার ঝুঁকিতে

বর্ণনামূলক কার্ড নং ৩

আমি একটি আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহক।

আমি একটি সঞ্চয় পণ্যের সাথে সম্পর্কিত শর্তাবলী এবং চার্জ বোঝার চেষ্টা করেছি, কিন্তু তারা আমাকে যে ব্রোশিওর দিয়েছে তা খুব ছোট প্রিন্টে রয়েছে এবং আমি ব্যবহৃত সকল পরিভাষা বুঝতে পারি

আমার কি করা উচিৎ?

আর্থিক শিক্ষা

প্রয়োগকৃত গ্রাহক সুরক্ষা

স্বচ্ছতা

আপনার আরও তথ্যের জন্য ব্যাংক কর্মীদের জিজ্ঞাসা করা উচিত। এটি আপনার অধিকার, এবং আর্থিক প্রতিষ্ঠানগুলি একটি সুস্পষ্ট এবং দায়িত্বশীল ব্যবস্থা প্রদানের নীতি মেনে চলতে বাধ্য। অন্য কথায়, আর্থিক পণ্যগুলির সাথে সম্পর্কিত চার্জ এবং শর্তগুলি অবশ্যই স্পষ্টভাবে লিখতে হবে এবং এমন একটি ভাষায় যোগাযোগ করতে হবে যা গ্রাহকদের বোঝা সহজ।

বর্ণনামূলক কার্ড নং ৪

আমার একটি আর্থিক প্রতিষ্ঠানে একটি কারেন্ট অ্যাকাউন্ট এবং একটি সেভিংস অ্যাকাউন্ট আছে।

আমি অসন্তুষ্ট কারণ আমার কারেন্ট অ্যাকাউন্টের জন্য আমাকে উচ্চ ব্যবস্থাপনা চার্জ দিতে হবে, যেখানে আমার সেভিংস অ্যাকাউন্ট খুব কম সুদের হার দেয়।

এটি অন্যায্য বলে মনে হচ্ছে।

এটা কি স্বাভাবিক?

আর্থিক শিক্ষা

প্রয়োগকৃত গ্রাহক সুরক্ষা

দায়িত্বশীল মূল্য নির্ধারণ

আরও তথ্যের জন্য ব্যাংকে আপনার উপদেষ্টাকে জিজ্ঞাসা করুন। আর্থিক প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের চার্জ, শর্তাবলী এবং পদ্ধতিগুলি গ্রাহকদের জন্য সাশ্রয়ী হয়, এবং তাদের ব্যবসার অংশ হিসাবে যুক্তিসঙ্গত লাভ করতে সক্ষম করে। আর্থিক প্রতিষ্ঠানগুলিকে তাদের কাছে জমা করা তহবিলের বিপরীতে যাতে সুদের ন্যায্য হার দেয়া হয় তা নিশ্চিত করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা করা উচিত।

বর্ণনামূলক কার্ড নং ৫

আমি খুব বেশি ঋণগ্রস্থ আছি এবং আর ঋণ পরিশোধ করতে পারছি না কারণ আমি আমার চাকরি হারিয়েছি।

ঋণ পরিশোধ করতে ব্যর্থ হলে ব্যাংক কি করবে তা নিয়ে আমি ভীত।

তারা কি আমার বাড়িতে এসে আমার সম্পত্তি বা আমার পরিবারের লোকদের নিয়ে যেতে পারে, নাকি আরও খারাপ কিছু?

আর্থিক শিক্ষা

প্রয়োগকৃত গ্রাহক সুরক্ষা

ক্লায়েন্টদের সাথে ন্যায্য এবং সম্মানজনক আচরণ

আর্থিক প্রতিষ্ঠানগুলি তাদের গ্রাহকদের সাথে ন্যায্য এবং সম্মানের সাথে আচরণ করতে বাধ্য। তারা যেন কোনো প্রকার বৈষম্যের অভ্যাস না করে। তাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের এজেন্ট এবং কর্মীদের পক্ষ থেকে দুর্নীতির ঘটনা এবং কোনও আক্রমনাত্মক বা আপত্তিজনক আচরণ সনাক্তকরণ এবং প্রতিকারের জন্য পর্যাপ্ত ব্যবস্থা রয়েছে, বিশেষ করে ঋণ দেওয়ার সময় এবং ঋণ আদায় করার সময়।

বর্ণনামূলক কার্ড নং ৬

কিছু ঘটনা নিয়ে আমি দৃঢ়ভাবে আমার ব্যাঙ্কের সাথে দ্বিমত পোষন করি।

আমি কার কাছে যেতে পারি?

আমাকে সাহায্য করতে পারে এমন কেউ কি ব্যাংকে আছেন?

আর্থিক শিক্ষা

প্রয়োগকৃত গ্রাহক সুরক্ষা

অভিযোগ সমাধানের জন্য ব্যবস্থা

আর্থিক প্রতিষ্ঠানগুলির অবশ্যই তাদের গ্রাহকদের পক্ষ থেকে সমস্যা এবং অভিযোগের ক্ষেত্রে সময়মত হস্তক্ষেপ করার ব্যবস্থা থাকতে হবে। তাদের অবশ্যই পৃথক সমস্যা সমাধানের জন্য এবং তাদের পণ্য এবং পরিষেবাগুলি উন্নত করতে এই প্রক্রিয়াগুলি ব্যবহার করতে হবে।

বর্ণনামূলক কার্ড নং ৭

যে ব্যাংক কর্মচারী আমার ব্যক্তিগত কারেন্ট অ্যাকাউন্ট দেখাশোনা করেন তিনি জানেন যে আমি গত মাসে একটি বড় অঙ্কের টাকা পেয়েছি।

সে কি আমার অনুমতি ছাড়া আমার পরিবারের কোনো সদস্যের সাথে আলোচনা করতে পারবে?

আর্থিক শিক্ষা

প্রয়োগকৃত গ্রাহক সুরক্ষা

গ্রাহকের তথ্য ও উপাত্তের গোপনীয়তা

একজন গ্রাহকের ব্যক্তিগত তথ্য সম্পর্কিত গোপনীয়তাকে অবশ্যই সংশ্লিষ্ট দেশের আইন ব্যবস্থার আইন ও প্রবিধান অনুযায়ী সম্মান করতে হবে। যদি না গ্রাহকের সাথে অন্যথায় সম্মত হয়ে থাকে এই ধরনের তথ্য যখন দেওয়া হয়েছিল এবং আইনিভাবে অনুমোদিত বিশেষায়িত উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে।





ছ

ঝুঁকি ব্যবস্থাপনা

FINANCIAL EDUCATION QUIZ

ছ১ । নিচের কোন বাক্যটি ঝুঁকির

- ☐ **ক.** দেউলিয়া হয়ে যান।
- ☐ **খ.** দুঃখিত হন।
- ☐ **গ.** কর্মক্ষেত্রে দুর্ঘটনা ঘটান।
- ☐ **ঘ.** অগ্নিকান্ডের শিকার হন।

ছ২. নীচের তালিকাটি ঝুঁকির

- ☐ **ক.** সঞ্চয় করুন।
- ☐ **খ.** একটি বীমা গ্রহণ করেন।
- ☐ **গ.** টাকা পাঠাও।
- ☐ **ঘ.** মশারি ব্যবহার করুন।

ছ৩. বীমা ক্ষতির সম্ভাবনার বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে। ☐ ক. সত্য ☐ খ. মিথ্যা

ছ৪. একটি বাতিল শর্ত কি?

- ☐ **ক.** বীমা কোম্পানি কর্তৃক পলিসিধারীকে দেওয়া একটি নথি যা বীমা চুক্তির শর্তাবলী উল্লেখ করে।
- ☐ **খ.** নির্দিষ্ট শর্ত, পরিস্থিতি, বা পরিস্থিতি সাধারণত কভার না করা হিসাবে একটি চুক্তিতে তালিকাভুক্ত করা হয়।
- ☐ **গ.** পলিসি দ্বারা কভার করা ক্ষতির জন্য অর্থপ্রদানের জন্য একটি অনুরোধ।

উত্তর: ছ১: ঘ; ছ২: ক, খ, গ; ছ৩: ক; ছ৪: খ

১. ঝুঁকি ব্যবস্থাপনা

ঝুঁকি হলো একটি কম-বেশি পূর্বাভাসযোগ্য বিপদ যা আমাদের বা আমাদের পরিবারের উপর ক্ষতিকর প্রভাব ফেলতে পারে। ঝুঁকি ঘটার বিভিন্ন সম্ভাবনা রয়েছে এবং তাদের পরিণতিগুলি ঝুঁকির প্রকৃতি এবং প্রভাবিত ব্যক্তি বা স্থানগুলির বৈশিষ্ট্যের উপর নির্ভর করে ভিন্ন, ছোট থেকে খুব গুরুতর হতে পারে।

সংজ্ঞা


বিপদ হল এমন একটি পরিস্থিতি যেখানে অনাকাঙ্খিত বা অপ্রীতিকর কিছু ঘটার সম্ভাবনা


প্রশিক্ষণ সহায়িকা ছ.১.১


ঝুঁকি






অসুস্থতা


মৃত্যু


অগ্নিকান্ড

আপনি এবং আপনার পরিবার যে ঝুঁকির মুখোমুখি হতে পারেন তাদের ফ্রিকোয়েন্সি (ঘটনার সম্ভাবনা) এবং তাদের খরচ বিবেচনায় নিয়ে বাক্সে ঝুঁকিগুলি লিখুন।

উদাহরণ স্বরূপ, মৃত্যু এমন একটি বিষয় যা খুব কমই ঘটে (একবার!) কিন্তু এতে পরিবারের জন্য খুব বেশি খরচ হয়।

		খরচ		
		খুব বেশি নয়	মোটামুটি উল্লেখযোগ	খুব মারাত্মক
ঘটার সম্ভাবনা	প্রায়ই ঘটে			
	মাঝে মাঝে			
	খুব কম			উদাহরণ: মৃত্যু

আপনি দেখতে পাচ্ছেন, ঝুঁকি ঘটার বিভিন্ন সম্ভাবনা রয়েছে এবং তাদের পরিণতিগুলি ঝুঁকির প্রকৃতি এবং প্রভাবিত ব্যক্তি বা স্থানগুলির বৈশিষ্ট্যের উপর নির্ভর করে ভিন্ন, ছোট থেকে খুব গুরুতর হতে পারে।

মনে রাখবেন



নিজেকে রক্ষা করার জন্য আপনি বিভিন্ন প্রতিরক্ষামূলক ব্যবস্থা নিতে পারেন:

- ঝুঁকি দূর করা/এড়ানো (যেমন আপনার দাঁত ব্রাশ করে)
- তৃতীয় পক্ষের কাছে ঝুঁকি হস্তান্তর করা (একটি পারস্পরিক সুবিধা সংস্থা বা বীমা কোম্পানি)
- ঝুঁকির প্রভাবের পূর্বাভাস দিন এবং এর বিরুদ্ধে প্রস্তুতি নিন (উদাহরণস্বরূপ, সঞ্চয় করে)।

এই ঝুঁকি থেকে নিজেকে এবং আপনার পরিবারকে রক্ষা করার জন্য আপনি বিভিন্ন ব্যবস্থা নিতে পারেন। একটি ছাতার নিচে এই ব্যবস্থা লিখুন!

প্রশিক্ষণ সহায়িকা ছ.১.২

আমার ছাতা



মূল বার্তা

- ঝুঁকি জীবনের সাথে অন্তর্নিহিত।
- কিছু ঝুঁকির পূর্বাভাস দেওয়া যেতে পারে, এবং সে অনুযায়ী আপনাকে ব্যবস্থা নিতে হবে যাতে তাদের প্রভাব কম হয়।
- একটি জরুরি তহবিল থাকা অপরিহার্য যাতে ছোটখাটো জরুরি পরিস্থিতি আপনাকে খুব বেশি প্রভাবিত না করে; সঞ্চয় আপনার দুর্বলতা কমানোর চাবিকাঠি।
- অন্যান্য জরুরি অবস্থার জন্য, ব্যক্তিগত সঞ্চয় যথেষ্ট নাও হতে পারে: আপনাকে বীমা ব্যবহার করতে হবে।
- নিজেকে এবং আপনার পরিবারকে রক্ষা করার জন্য আপনাকে ব্যবস্থা নিতে হবে

২. আপনার জরুরি তহবিল তৈরি করার টিপস

- দৈনিক বা সাপ্তাহিক ভিত্তিতে ব্যক্তিগত জরুরি অবস্থার জন্য অর্থ আলাদা করে রাখা শুরু করুন, এমনকি যদি পরিমাণে কমও হয়। ধীরে ধীরে আপনার তহবিল বাড়বে।
- আপনার টাকা একটি নিরাপদ জায়গায় রাখুন, বিশেষত বাড়ির বাইরে, যাতে কেউ এটি না পায়। সম্ভব হলে একটি সঞ্চয়ী অ্যাকাউন্ট খোলা ভাল ধারণা হতে পারে।
- কোন বিশেষ উপলক্ষে আপনি কোন টাকা পেলে তার ভিত্তিতে বিভিন্ন পরিমাণ সংরক্ষণ করুন। আপনি সবসময় একই পরিমাণ সংরক্ষণ করতে পারবেন এমন নয়।
- অপ্রয়োজনীয় খরচ কমাতে যা করতে পারেন তা করুন। প্রত্যেকেই সঞ্চয় করতে পারে, যদিও তারা সামান্য উপার্জন করেও সামান্য পরিমাণে হলেও সঞ্চয় করা যায়।



কেস স্টাডি নং ১

সালমার জরুরি তহবিল

সালমা তার পরিবারের সাথে তার জরুরি তহবিল গঠনের সিদ্ধান্ত নিয়েছে। এটি করতে তিনি গত বছরে তার সমস্ত পারিবারিক আয়ের উল্লেক করে একটি টেবিল তৈরি করার সিদ্ধান্ত নেন।
টেবিল নিচের মত হয়:

এক বছরে সালমার পরিবারের আয়

মাস	*পরিমাণ (ডলার)*
জানুয়ারী	৪৫০
ফেব্রুয়ারী	৪৫০
মার্চ	৪৮০
এপ্রিল	৪১০
মে	৪৪০
জুন	৪৬০
জুলাই	৪৫০
আগস্ট	৪২০
সেপ্টেম্বর	৪৮০
অক্টোবর	৪৭০
নভেম্বর	৪৪০
ডিসেম্বর	৪২০
মোট	**৪৪৭,৫০**

সালমা এবং তার পরিবার সম্পর্কে প্রশ্ন:

- সালমার পরিবার ১২-মাস মেয়াদে মোট কত পরিমাণ উপার্জন করে (বিবেচনা করুন যে নির্দিষ্ট এবং পরিবর্তনশীল আয় থাকতে পারে)?
- পরিবারের গড় মাসিক আয় কত?
- জরুরি তহবিলে তাদের মোট কত টাকা আলাদা করতে হবে?

মনে রাখবেন

আপনার জরুরি তহবিলের উদ্দেশ্য অপেক্ষাকৃত ছোটখাট জরুরি অবস্থার জন্য ব্যয় নির্বাহ করা। আপনি বেশিরভাগই বড় জরুরি অবস্থার জন্য অর্থ আলাদা করতে সক্ষম হবেন না, যেমন দীর্ঘ মেয়াদী চিকিৎসা বা পরিবারের সদস্যের মৃত্যু।

আপনি যদি জরুরি অবস্থার জন্য পরিকল্পনা করেন, তাহলে আপনার লক্ষ্য অর্জনের সম্ভাবনা বেশি। আপনার যদি একটি জরুরি তহবিল থাকে, তাহলে আপনি একটি ব্যবসা শুরু করার জন্য, বাড়ির উন্নতি করার জন্য, শিক্ষায় (আপনার বা আপনার সন্তানদের) বিনিয়োগ করার জন্য আপনি যে সঞ্চয় করেছেন তা উত্তোলন করবেন না। এবং আপনি ধার করা এবং উচ্চ হারে সুদ প্রদান করা এড়াবেন।



৩. আপনার বীমা পলিসি বুঝুন

বীমা: আসলে কি?

বীমার নীতি হলো আমরা যে ঝুঁকির সম্মুখীন হতে পারি (দুর্ঘটনা, অসুস্থতা, চুরি...) তার বিরুদ্ধে নিজেকে রক্ষা করা এবং যেদিন ঘটনা ঘটবে সেদিন ক্ষতিপূরণ পাওয়ার জন্য কিছু অর্থ আলাদা করে রাখা।

সংজ্ঞা

বীমা হলো সুরক্ষার একটি রূপ, দূর্ঘটনার ফলে বা বীমা দ্বারা কভারকৃত কোনো ঘটনার ফলে আর্থিক ক্ষতিপূরণ আকারে যে কেউ একটি বীমা চুক্তিতে সাবস্ক্রাইব করতে পারেন।

মিউচুয়াল বেনিফিট অ্যাসোসিয়েশন: মিউচুয়াল বেনিফিট অ্যাসোসিয়েশন হলো একটি অলাভজনক সংস্থা যা এর সদস্যদের সম্মিলিত মালিকানাধীন। এটি তার সদস্যদের বীমা প্রদান করে এবং তাদের সর্বোত্তম স্বার্থে কাজ করে।

বীমা কোম্পানি: একটি বীমা কোম্পানি এমন একটি ব্যবসা যা বীমা সেবা প্রদান করে। এর লক্ষ্য মুনাফা করা।



কেস স্টাডি নং ২

অর্জুনের হাত ইনজুরিগ্রস্থ

একদিন কারখানায়, অর্জুন মেশিন চালাতে গিয়ে দুর্ঘটনার শিকার হয়। তিনি রক্তপাত বন্ধ করার এবং ক্ষতটি বাঁধার জন্য যথাসাধ্য চেষ্টা করছিলেন। তিনি ব্যথা উপেক্ষা করার চেষ্টা করেছিলেন, কিন্তু সেদিন সন্ধ্যায় তার আঙুলটি খুব ফুলে গিয়েছিল। তিনি পরের দিন তার স্বাভাবিক শিফটে কাজ করতে গেলেন কিন্তু অনেক ব্যাথায় ভুগছিলেন। এই প্রথম তার সাথে এরকম কিছু ঘটে এবং তিনি তার বস রাগান্বিত হওয়ার ভয়ে কিছু বলল না। তিনি আরও ভয় পেয়েছিলেন যে, যদি তাকে এক্স-রে, ব্যান্ডেজ এবং ওষুধের মতো ব্যয়বহুল পরীক্ষা করতে হয় তবে এর জন্য তার কাছে পর্যাপ্ত অর্থ থাকবে না। মধ্যাহ্নভোজের বিরতিতে এক সহকর্মী বুঝতে পারলেন অর্জুন ব্যাথা পাচ্ছে। তিনি তাকে বুঝিয়ে বলেন এই কারখানার শ্রমিক হিসেবে কাজের সময় কারখানায় প্রাথমিক স্বাস্থ্যসেবা চালু রয়েছে। তিনি অর্জুনকে ব্যাখ্যা করেছিলেন যে তিনি এখনই চেক করতে যেতে পারেন। যদি তার আরও গুরুতর কিছু হতো, তবে চিকিৎসা কর্মীরা তাকে কোনও বিশেষ ডাক্তার বা হাসপাতালে পাঠাতে পারে, তার জন্য কোনও মূল্য ছাড়াই। এই কথা শুনে অর্জুন খুব স্বস্তি পেলেন এবং সরাসরি কর্মস্থলে হেলথ ক্লিনিকে হাত চেক করাতে গেলেন।

কেস স্টাডি নং ৩

মালকের ভাই ফরিদ তার পায়ে আঘাত পেয়েছে

একদিন কাজের সময় ফরিদের হাত থেকে তার পায়ে একটি ভারী টুল পরে যায় এবং তার পায়ের আঙুল ভেঙ্গে যায়। তিনি রক্তপাত বন্ধ করার এবং ক্ষতটি বাঁধার জন্য যথাসাধ্য চেষ্টা করেছিলেন। তিনি ব্যথা উপেক্ষা করার চেষ্টা করেছিলেন, কিন্তু সেদিন সন্ধ্যায় তার পায়ের আঙুলটি খুব ফুলে গিয়েছিল। তিনি পরের দিন কাজে গেলেন কিন্তু খুব ব্যাথায় ভুগছিলেন। চাকরি হারানোর ভয়ে তিনি তার সুপারভাইজারকে কিছু বলেননি (কর্মীরা ছুটি চাইলে তার ম্যানেজার খুব রেগে যান)। তিনি আরও ভয় পেয়েছিলেন যে, যদি তিনি হাসপাতালে যান, তবে তিনি এক্স-রে, ব্যান্ডেজ এবং ওষুধের খরচ দিতে পারবেন না। তিনি ভেবেছিলেন যে তার একটি বীমা পলিসি আছে কিন্তু তিনি নিশ্চিত নন যে তিনি একটি ভাঙা পায়ের আঙুলের মতো ছোটখাটো আঘাতের জন্য এটি ব্যবহার করতে পারবেন কিনা। সে চিন্তিত ছিল। তার যদি দামি ওষুধের প্রয়োজন হয় বা ডাক্তার দেখানোর জন্য টাকা দিতে হয় তাহলে কী হবে? তার কি করা উচিত? সৌভাগ্যবশত, মালাক তাকে কিছু টাকা ধার দেন এবং তিনি চিকিৎসা করাতে সক্ষম হন। একই ধরনের কিছু আবার ঘটলে তিনি টাকা ধার করা এড়াতে চান।





⚠ **গুরুত্বপূর্ণ: কখনও কখনও আমাদের মানসিক চাপ আমাদের শরীরের উপর প্রভাব ফেলতে পারে। যদি অর্থ ব্যবস্থাপনা করতে গিয়ে আপনি উদ্বিগ্ন হন তাহলে এর ফলে শারীরীক স্বাস্থ্য সমস্যা হতে পারে**


প্রশিক্ষণ সহায়িকা ছ.২.১

গুপ্তধন পট গেম

গুপ্তধন পট গেম

৩ টোকেন







ঔষধ

আর্থিক শিক্ষা

গুপ্তধন পট গেম

৭ টোকেন







হাসপাতাল

আর্থিক শিক্ষা

গুপ্তধন পট গেম







সুস্বাস্থ্য

আর্থিক শিক্ষা

গুপ্তধন পট গেম

৪ টোকেন







ডাক্তার

আর্থিক শিক্ষা

গেম গুপ্তধন পট


আপনি কখনই জানেন না যে আপনাকে আপনার স্বাস্থ্যের জন্য কত টাকা খরচ হবে। কখনও কখনও স্বাস্থ্য ব্যয় এত বেশি হয় যে তা আমাদের আর্থিক সামর্থ্যের বাইরে চলে যায়। এই কারণেই বীমা গ্রহণের মাধ্যমে ঝুঁকি অতিক্রম করা গুরুত্বপূর্ণ।

ঝুঁকি অতিক্রমের রহস্য এই সত্যের উপর নিহিত যে আমরা সকলেই আমাদের সম্পদের একটি অংশ একটি সাধারণ পাত্রে রাখি। আমাদের এই পাত্র থেকে একই সময়ে উত্তোলনের দরকার নেই। যাইহোক, বীমা তখনই কাজ করে যদি সবাই একসাথে অবদান রাখে।

বীমা দ্বারা আওতাভুক্ত স্বাস্থ্যসেবা পরিষেবাগুলিতে অ্যাক্সেস পাওয়ার বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য আপনাকে অগ্রিম অর্থ প্রদান করতে হবে। আপনি কতটা স্বাস্থ্যসেবা পরিষেবা অ্যাক্সেস করতে পারবেন তা নির্ভর করে আপনার অবদানের স্তরের উপর। আপনি যত বেশি অবদান রাখবেন, তত বেশি পরিষেবাতে আপনার অ্যাক্সেস থাকবে।

মূল বার্তা

- বীমা: আয় সংরক্ষণ এবং সামাজিক সুরক্ষার জন্য একটি হাতিয়ার।
- বীমা করা হলো ঝুঁকি প্রতিরোধ করা।
- বীমা: ঝুঁকি সরিয়ে রাখা।



⚠ **মনে রাখবেন: কিছু কর্মী, বিশেষ করে শ্রমিক যারা আনুষ্ঠানিক উদ্যোগ থেকে বেতন পান (যেমন রাষ্ট্রীয় পরিষেবাগুলির সাথে নিবন্ধিত একটি কোম্পানি থেকে এবং যারা কর প্রদান করেন), তাদের বীমা কভারেজ রয়েছে কিন্তু প্রায়শই তারা জানেন না এটি কী কভার করে বা কীভাবে এটি ব্যবহার করতে হয়। কখনও কখনও, বীমা কোম্পানীর কর্মচারীরা বীমা প্রক্রিয়া পরিষ্কারভাবে ব্যাখ্যা করে না এবং তারা জটিল শর্তাবলী ব্যবহার করে।**



মনে রাখবেন

জ্ঞানই শক্তি। আপনার জানা উচিত বীমা কী (ঘটনা কভার করা, অর্থপ্রদান, কীভাবে দাবি করা যায়)। আপনার বীমা করা থাকলে বীমা কার্ড সবসময় আপনার কাছে রাখুন।

8. আপনার বীমা পলিসি ব্যবহার করুন

মানুষ তাদের জীবন চলাকালীন বিভিন্ন ঝুঁকির মুখোমুখি হয় এবং তাদের জীবনের প্রতিটি সময় বিভিন্ন ঝুঁকি নিয়ে আসে। কিছু ঝুঁকি সাধারণ এবং যে কারো ক্ষেত্রে ঘটতে পারে। অন্যান্য ঝুঁকি বিভিন্ন শ্রেণীর মানুষের জন্য নির্দিষ্ট হতে পারে।

অভিবাসী শ্রমিক এবং সাধারণভাবে শ্রমিকরা যে নির্দিষ্ট ঝুঁকির সম্মুখীন হয় তা দেখা যাক

প্রশিক্ষণ সহায়িকা ছ.৩.১

ঝুঁকি কার্ড













প্রশ্ন

- আপনার কি বীমা পলিসি আছে? যদি আপনি না করেন, আপনি কি একটি পেতে চান? ☐ হ্যাঁ ☐ না
- আপনি কি বীমার মূল পরিভাষাগুলো জানেন? ☐ হ্যাঁ ☐ না

আসুন মূল পরিভাষা এবং সংজ্ঞা পর্যালোচনা করি

বীমার মৌলিক পরিভাষা

ক্ষতিপূরণ বা পরিশোধ	*ঝুঁকি বা দুর্ঘটনা ঘটার পর একটি বৈধ দাবি উপস্থাপনের সাপেক্ষে বীমা কোম্পানি বীমাকৃত ব্যক্তিকে বীমার বিপরীতে যে পরিমাণ অর্থ প্রদান করে (প্রায়শই ঝুঁকি হিসাবে উল্লেখ করা হয়: দুর্ঘটনা, আগুন, অসুস্থতা...)।*
পলিসি	*বীমাকৃত (গ্রাহক) এবং বীমা কোম্পানির মধ্যে চুক্তি। পলিসি বীমার শর্তাবলী, মেয়াদ, আওতা, ঝুঁকি নির্ধারণ করে।*
প্রিমিয়ার বা কিস্তি	*একটি বীমা পলিসির মূল্য বা খরচ, প্রায়ই মাসিক বা ত্রৈমাসিক কিস্তিতে বিভক্ত*
বীমাকৃত (ব্যক্তি)/সদস্য/ সুবিধাভোগী	*পলিসি দ্বারা আচ্ছাদিত একটি ঝুঁকি দেখা দিলে যে ব্যক্তি বীমা পে-আউট পান।*
দাবী	*বীমা পলিসি দ্বারা আচ্ছাদিত ক্ষতির পরে ক্ষতিপূরণের জন্য অনুরোধ*
বীমা কার্ড	*পলিসিধারী প্রিমিয়ামের জন্য অর্থ প্রদান করেছেন তার প্রমাণ হিসাবে বীমা প্রদানকারীর কর্তৃক ইস্যুকৃত কার্ড।*

একটি সফল দাবি করতে আপনাকে কিছু পদক্ষেপ অনুসরণ করতে হবে। মনে রাখবেন আপনাকে একটি দাবি ফরম পূরণ করতে হবে এবং সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র পাঠাতে হবে।



প্রশিক্ষণ সহায়িকা ছ.৩.১

ঝুঁকি কার্ড

একটি বীমা দাবি পেশ করার পর্যায়সমুহ

ক্ষতি/দূর্ঘটনা ঘটার পর যত দ্রুততার সাথে সম্ভব দাবী ফরম পূরণ করে পাঠান (পলিসির মেয়াদের ওপর ভিত্তি করে ১২ মাসের মধ্যে)

আর্থিক শিক্ষা

একটি বীমা দাবি পেশ করার পর্যায়সমুহ

প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করুন: পলিসিহোল্ডার কর্তৃক স্বাক্ষরকৃত দাবী ফরম, সদস্য কার্ড, আইডি কার্ডের ফটোকপি...

আর্থিক শিক্ষা

একটি বীমা দাবি পেশ করার পর্যায়সমুহ

আপনার প্রত্যাশিত পরিমাণের চেয়ে আপনাকে কম প্রদান করা হলে, আপনি অভিযোগ দায়ের করুন, কেন কম দেওয়া হলো তার কারণ বের করুন এবং সমাধানের চেষ্টা করুন।

আর্থিক শিক্ষা

একটি বীমা দাবি পেশ করার পর্যায়সমুহ


ক্ষতিপূরণ হিসেবে প্রদানকৃত পরিমান আপনার সুবিধার সমপরিমান কিনা যাচাই করে দেখুন

আর্থিক শিক্ষা

একটি বীমা দাবি পেশ করার পর্যায়সমুহ

যদি আপনি সাত দিনের মধ্যে (অথবা বীমা কোম্পানী কর্তক নির্ধারিত দিনের মধ্যে) টাকা না পান কবে বীমা কোম্পানীর সাথে যোগাযোগ করে প্রক্রিয়ার অগ্রগতি সম্পর্কে জেনে নিন।

আর্থিক শিক্ষা



মূল বার্তা

- আপনার চাহিদাগুলি সবচেয়ে ভালভাবে পূরণ করে এমন বীমা পণ্যটি খুঁজে পেতে, আপনাকে প্রথমে আপনার এবং যাদের আপনি বীমা করতে চান তাদের ঝুঁকি চিহ্নিত করতে হবে।
- বীমা নির্দিষ্ট পরিভাষা ব্যবহার করে - বিদ্যমান বীমা পণ্যগুলি বুঝতে এবং সচেতন পছন্দ করার জন্য আপনাকে সেগুলি ভালভাবে শিখতে হবে।
- প্রতিটি বীমাকৃত ঝুঁকি দাবী করার সময় বিভিন্ন ডকুমেন্টেশনের প্রয়োজন হতে পারে।

৫. আপনার সঠিক বীমা পণ্য পছন্দ করুন

আমরা এখন আমাদের চরিত্রদের স্বাস্থ্য বীমা পলিসি সম্পর্কে তাদের কিছু সন্দেহের সমাধান করতে সাহায্য করতে যাচ্ছি।

প্রশিক্ষণ সহায়িকা ছ.৪.১

স্বাস্থ্য বীমা কেস স্টাডিজ

কেস স্টাডি # ১ সালমার বাবা

সালমার বাবা তার এবং তার মায়ের জন্য একটি ক্ষুদ্র স্বাস্থ্য বীমা পলিসিতে স্বাক্ষর করেছেন। তিনি সালমার পাঠানো রেমিট্যান্সের কিছু অংশ প্রিমিয়াম পরিশোধের জন্য ব্যবহার করেন।

প্রথম বছরে, তাদের কেউই কোনো স্বাস্থ্যগত সমস্যায় ভোগেননি।

সালমার বাবা ভেবেছিলেন তার অন্তত কিছু প্রিমিয়াম ফেরত পাওয়া উচিত, কারণ তিনি স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য পলিসি ব্যবহার করেননি।

- **সালমার বাবা কি টাকা ফেরত পাওয়ার অধিকারী? কেন?**

কেস স্টাডি # ২ মালাক

মালাকের বাবা-মা একটি স্বাস্থ্য বীমা নিয়েছেন। শীতকালে, মালাকের বাবার এক ভাই তাদের সাথে অল্প সময়ের জন্য থাকতে আসে। মালাকের চাচা ফ্লুতে আক্রান্ত হয়ে খারাপ খারাপ অবস্থায় গেলে এবং তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

- **মালাকের বাবা-মায়ের বীমা কি তার চাচার স্বাস্থ্য সেবার খরচ বহন করবে? কেন?**

কেস স্টাডি # ৩ প্রিশা

প্রিশা ভয় পান যে তিনি একটি নতুন ফোন কেনার সময় যে নতুন বীমার প্রস্তাব পেয়েছিলেন তার প্রিমিয়াম দিতে পারবেন না।

কিন্তু তিনি জানেন যে তিনি পরের মাসে শ্রীলঙ্কা সফর করবেন এবং তার ফোনের কিছু ঘটলে সেই সময়ের জন্য কভার পেতে চায়।

যদিও প্রিমিয়াম এক বছরের জন্য কভারেজ প্রদান করে, প্রিশা মাত্র তিন মাসের জন্য পলিসিতে সদস্যতা নিতে চায়, যা তার ভ্রমণের এক মাস আগে শুরু হয়ে এবং এর দুই মাস পরে শেষ হবে।

- **প্রিশা কি মাত্র তিন মাসের জন্য বীমা পলিসি কিনতে পারে? কেন?**

মূল বার্তা

- বীমা জটিল মনে হতে পারে। কিন্তু, এখন যেহেতু আপনি মৌলিক বিষয়গুলি বুঝতে পেরেছেন, আপনি মূল্যায়ন করতে পারেন যে আপনার বীমার মূল্য অফারকৃত সুরক্ষার খরচের যোগ্য কিনা।

- আপনি যদি একটি স্বাস্থ্য বীমা পলিসি কিনতে চান, তাহলে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে যে কোন পরিবারের সদস্যদের পলিসিতে অন্তর্ভুক্ত করতে হবে। কিছু পলিসি আপনার পলিসিতে যোগ করা প্রতিটি পরিবারের সদস্যের জন্য অতিরিক্ত প্রিমিয়াম চার্জ করে। কেউ কেউ চারজনের পরিবারের জন্য একটি মৌলিক প্যাকেজ অফার করে এবং পরিবারের আরও সদস্যদের জন্য অতিরিক্ত চার্জ করে।

- প্রতিটি পলিসি আপনার পরিবারকে বীমা করার জন্য প্রিমিয়াম গণনা করার জন্য যে নিয়মগুলি ব্যবহার করে তা শেখা খুবই গুরুত্বপূর্ণ।

- বীমা পলিসি সব এক নয়। এটিতে সদস্যতা নেওয়ার আগে নীতি এবং এর শর্তগুলি বোঝা গুরুত্বপূর্ণ। আপনার কোনো সন্দেহ থাকলে বীমা এজেন্ট, আপনার নিয়োগকর্তা বা আপনার ট্রেড ইউনিয়ন প্রতিনিধির সাথে আত্মবিশ্বাসের সাথে কথা বলুন।

- আপনি যদি একটি বীমা পলিসি কিনতে আগ্রহী হন, অথবা যদি আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অবিলম্বে এটি সম্পর্কে একজন বীমা এজেন্ট, আপনার নিয়োগকর্তা বা আপনার ইউনিয়ন প্রতিনিধির সাথে কথা বলুন।

নোট

সংযুক্তি এবং মূল কাগজপত্র

জরুরি তহবিলের জন্য টাকা আলাদা করে রাখার চ্যালেঞ্জ	উপদেশ
আমি আমার সমস্ত উপার্জন আমার বাবা-মা এবং পরিবারকে দিতে পছন্দ করি (পারিবারিক বাধ্যবাধকতা বিশেষত তরুণদের ক্ষেত্রে এবং ক্ষুদ্র- অনুদানের ক্ষেত্রে শক্তিশালী)	• ব্যক্তিগত জরুরি অবস্থার জন্য সঞ্চয় করুন যাতে আপনার পরিবার যখন আপনাকে সাহায্য করতে না পারে তখন আপনি নিজের যত্ন নিতে পারেন (বিশেষ করে যারা বাড়ি থেকে দূরে থাকেন তাদের জন্য)। • দৈনিক বা সাপ্তাহিক ভিত্তিতে ব্যক্তিগত জরুরি অবস্থার জন্য অর্থ আলাদা করে রাখা শুরু করুন, যদিও পরিমাণ অল্প হয়। ধীরে ধীরে আপনার তহবিল বাড়বে।
যখন আমি আমার রুমে টাকা রাখি, তখন আমি ভয় পাই এটি চুরি বা হারিয়ে যেতে পারে।	• আপনার টাকা একটি নিরাপদ জায়গায় রাখুন, বিশেষত বাড়ির বাইরে, যাতে কেউ এটি পেতে না পারে। • একটি সঞ্চয়ী অ্যাকাউন্ট খুলুন (জরুরি তহবিলের জন্য, সর্বোত্তম সমাধান হল একটি নমনীয় সঞ্চয়কারী, যার অর্থ আপনি যে কোনও সময় আপনার টাকা তুলতে পারেন)।
আমার আয় অনিয়মিত (যেমন মৌসুমী)।	• কোন বিশেষ উপলক্ষে আপনাকে যদি টাকা দেওয়া সেখান থেকে বিভিন্ন পরিমাণ সংরক্ষণ করুন।
ঋণ পরিশোধের জন্য আমাকে আমার সমস্ত নিষ্পত্তিযোগ্য আয় ব্যবহার করতে হবে।	• আপনার ঋণ পরিশোধের জন্য একটি সময়সূচী আঁকুন, যার উপর আপনি সর্বোচ্চ সুদ প্রদান করেন তা দিয়ে শুরু করুন। • একই সময়ে, দৈনিক বা সাপ্তাহিক ভিত্তিতে ব্যক্তিগত জরুরি অবস্থার জন্য টাকা আলাদা করে রাখা শুরু করুন, যদিও পরিমাণ অল্প হয়। আপনার সঞ্চয় বৃদ্ধি হবে।
আমি শুধুমাত্র আমার মৌলিক চাহিদা পূরণ করতে পারি।	• অপ্রয়োজনীয় খরচ কমাতে যা করতে পারেন তা করুন। • প্রত্যেকে সঞ্চয় করতে পারে, যত কমই উপার্জনকরে, যদি অল্প পরিমাণে টাকাও সে আলাদা করে রাখে।

অনুশীলনীর উত্তর

প্রশিক্ষণ সহায়িকা ছ.৪.১



সমাধান কেস স্টাডি # ১

সালমার বাবা কি টাকা ফেরত পাওয়ার অধিকারী? কেন?

সালমার বাবা টাকা ফেরত পাওয়ার অধিকারী নন, কারণ তার স্বাস্থ্য বীমার উদ্দেশ্য ঝুঁকি থেকে রক্ষা করা। এমনকি যদি তার পরিবারের কেউ অসুস্থ না হয় বা ডাক্তার দেখানোর প্রয়োজন না হয়, তার প্রিমিয়াম ফেরত দেওয়া হবে না।



সমাধান কেস স্টাডি # ২

মালাকের বাবা-মায়ের বীমা কি তার চাচার স্বাস্থ্যের যত্নের খরচ বহন করবে? কেন?

না, মালাকের পিতামাতার পলিসি স্পষ্টতই তার চাচাকে কভার করে না। এই ধরনের পলিসি সাধারণত শুধুমাত্র নিকটবর্তী পরিবার (স্বামী, স্ত্রী এবং তাদের সন্তানদের) কভার করে। একমাত্র ব্যতিক্রম হবে যদি মালাকের বাবা-মা পলিসি নেওয়ার সময় তার চাচাকে বীমা করার জন্য অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে থাকেন।



সমাধান কেস স্টাডি # ৩

সালমার বাবা কি টাকা ফেরত পাওয়ার অধিকারী? কেন?

চরিত্রটি মাত্র তিন মাসের জন্য একটি কভার কিনতে পারে না কারণ প্রিমিয়াম এক বছরের জন্য সেট করা হয়। তিনি মাসের সংখ্যা পরিবর্তন করতে পারবেন না; তাকে অবশ্যই পুরো বছরের জন্য বীমা প্রিমিয়াম দিতে হবে।




সালমা


কারখানার ডরমেটরিতে।
আমি আজ খুব ক্লান্ত, কিন্তু তারপরও আগামী মাসের জন্য বাজেট করতে চাই।
সালমা তুমি খুবই গোছালো ও সুশৃঙ্খল, আমি জানি না তুমি এটা কিভাবে করো।
আসলে তা না। আমার ব্যক্তিগত বাজেটের তথ্য শুধুমাত্র আমি জানি। কিন্তু পরিবারিক বাজেটের জন্য আমি সবসময় আমার পরিবারের সাথে ফোনে কথা বলি, এভাবে আমরা সিদ্ধান্ত নিই কত টাকা খরচ করবো। এটি সবসময় আমাদের আর্থিক অবস্থা বুঝতে এবং পরিকল্পনা করতে অনেক সাহায্য করেছে।
আমি সবসময় দুটি বাজেট তৈরি করি। আমার ব্যক্তিগত বাজেট এবং আমার পরিবারিক বাজেট।
আর তুমি তোমার পরিবারের সাথে সব আলোচনা করো?
চমৎকার সালমা। যদি কিছু মনে না করো, তুমি কিভাবে বাজেট তৈরি করছো তা আমি মনোযোগ দিতে দেখতে চাই। আমি আগামী মাসে নিজের এবং আমার পরিবারের জন্য একটি বাজেট করতে চাই।
ব্যক্তিগত বাজেটের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল তুমি ঠিক কত আয় করো তা জানা। এটা জানার পর আমি সিদ্ধান্ত নিই যে আমি আমার ব্যক্তিগত খরচের জন্য কত রাখবো, আমার পরিবারকে কত পাঠাবো এবং সঞ্চয় করার জন্য কত রাখবো।


উদাহরণস্বরূপ, এই মাসে আমি জানি যে আমার পরিবারের কাছে স্বাভাবিক ২৫০ ডলার পাঠাবো, এবং তারপর আমার নিজের ব্যয় হবে: প্রসাধন সামগ্রীর জন্য ১০ ডলার, আমার ফোনের ইন্টারনেট কেনার জন্য ৩০ ডলার, অতিরিক্ত খাবার, রেমিটেন্স এবং অন্যান্য ফি-এর জন্য ২০ ডলার এবং সপ্তাহান্তে খরচের জন্য ২০ ডলার। আমি সবসময় ২০ ডলার সঞ্চয় করার চেষ্টা করি এবং আমি সেগুলি এই জারে রাখি।
এই মাসে আমার ব্যক্তিগত বাজেট এরকম।
SALMA'S PERSONAL BUDGET
SOURCES OF INCOME
AMOUNT (DOLLARS)
Fixed income
Net salary 350
Sub-total fixed income 350
Variable income 0
Sub-total variable income 350
TOTAL INCOME
EXPENSES
Essential expenses (needs)
Contribution to the family budget 250
Toiletries 10
Data bundles 30
Extras (food, fees remittances, others) 20
Sub-total (needs) 310
Optional expenses (wants)
Extra expenses free days 20
Sub-total (wants) 20
TOTAL EXPENSES 330
INCOME MINUS EXPENSES (SAVINGS) 20
এভাবেই কি আলোচনা আগায়? শেষ পর্যন্ত কার কথা টিকে?
এটা খুব পরিস্কার, ধন্যবাদ সালমা এটা শেয়ার করার জন্য। আর তোমার পরিবারিক বাজেট? সেটা কেমন?
গতকাল আমার বাবা, মা, স্বামী এবং বোনের সাথে অনেকক্ষণ কথা হয়েছে। আমি তাদের যা পাঠাই তার উপরে তারা এই মাসে কত আয় পাবে তা আমাকে জানিয়েছে। এবং তারপরে আমরা ধাপে ধাপে সিদ্ধান্ত নিলাম যে এই মাসে আমরা কীভাবে অর্থ ব্যয় করবো যদি সবকিছু পরিকল্পনা মাফিক অগ্রসর হয়।
কখনও কখনও ব্যাপারগুলো সহজ হয় না। কিন্তু যেহেতু আমরা একসাথে আমাদের পারিবারিক বাজেট করি, সেহেতু জিনিসগুলি সহজ হয়ে যায়। উদাহরণ স্বরূপ, এই মাসে এটা খুবই স্পষ্ট হয়ে গেছে যে, আমরা আমাদের বাড়ির নির্মাণ চালিয়ে যাওয়ার জন্য কিছু টাকা আলাদা করে রাখতে পারবো এবং এমনকি আমরা হয়তো ৪০ ডলারও সঞ্চয় করতে পারি।
Salma's family budget
SOURCES OF INCOME
AMOUNT (DOLLARS)
FIXED INCOME
Contribution from Salma's salary (export factory) 250
Sub-total fixed income 250
VARIABLE INCOME
Income father agricultural daily worker 80
Income Mohammed agricultural daily worker 80
Income sister market 40
Sub-total variable income 200
TOTAL INCOME 450
EXPENSES
ESSENTIAL EXPENSES (NEEDS)
Energy and water 30
Food 150
Transport 30
Health care / medicines 20
Communication (telephone credit and internet) 50
Loan repayment 30
Sub-total (needs) 310
OPTIONAL EXPENSES (WANTS)
Materials for house building 100
Sub-total (wants) 100
TOTAL EXPENSES 410
INCOME MINUS EXPENSES (SAVINGS) 40
এই মাসে আমাদের জন্য ব্যাপারটা এমনই।



পরের দিন কারখানার বাইরে।
তুমিও কি ব্যাংক অ্যাকাউন্ট খোলার কথা ভাবছো? অন্যান্য কারখানার অনেক শ্রমিক অ্যাকাউন্ট খুলছে বলে আমি শুনেছি এবং কারখানার ম্যানেজার আমাদের বলেছেন যে আমরা চাইলে তিনি অ্যাকাউন্ট খুলতে সহায়তা করতে পারেন। তাহলে আমরা আমাদের মজুরি সরাসরি অ্যাকাউন্টে জমা পেতে পারি।
আমি নিশ্চিত না। আমি বাংলাদেশে আমার ব্যাংক অ্যাকাউন্ট নিয়ে খুশি ছিলাম কিন্তু এখানে অ্যাকাউন্ট খুলতে কিছুটা ভয় পাচ্ছি। আমি ভাষা জানি না এবং আমি ভয় পাচ্ছি যে আমার টাকার কিছু হয়ে যেতে পারে।
আমার মনে হয় এর বেশ কিছু সুবিধা রয়েছে। উদাহরণস্বরূপ, সব সময় আমাদের সাথে নগদ টাকা বহন করার প্রয়োজন হবে না। এবং আমাদের বেতনের বেশির ভাগ অর্থই যদি সেখানে জমা রাখি তবে হয়তো আমরা কিছুটা কম অর্থ ব্যয় করব।
আমাদের কি এখন চা খেতে যাওয়া উচিত?
হ্যাঁ, এটা সত্যি। কিন্তু জর্ডানে যেকোনোভাবে আমি নিজের কাছে টাকা রাখাকে নিরাপদ বোধ করি। আমাকে বিষয়টি নিয়ে ভাবতে হবে এবং সম্ভবত আমার বাবা-মায়ের সাথেও আলোচনা করতে হবে, কারণ তারা সবসময় আমাকে ভাল পরামর্শ দেয়।
আগে টাকাটা রুমে কোথায় লুকিয়ে রাখি, হারিয়ে যাওয়ার ভয়ে আছি।
FACT
ENTRA
হ্যাঁ তুমি ঠিক বলেছো। তোমার কি জানা আছে? চলো ট্রেড ইউনিয়ন প্রতিনিধির সাথে কথা বলি এবং ব্যাংক অ্যাকাউন্ট খোলার সমস্ত সুবিধা এবং অসুবিধা সম্পর্কে অবহিত হই। আমি এর সাথে জড়িত খরচ নিয়ে বিশেষভাবে জানতে আগ্রহী।
বিশ্বাস রাখার জন্য ধন্যবাদ। কিন্তু এই একটা বিষয় আমি ভাবছি সালমা। যদি আমরা ব্যাংক অ্যাকাউন্ট খুলি, তুমি সেখানে তোমার ব্যক্তিগত সঞ্চয় জমা করতে পারবে, এই জারটি সবার কাছ থেকে লুকানোর দরকার হবে না।
এই টাকা আমি নিজের জন্য সঞ্চয় করি এবং তুমি ছাড়া আর কেউ জানে না।



বাংলাদেশে।
মোহাম্মদ, তুমি যখন শহরে যাবে তখন কি দয়া করে ২টি নতুন বাল্ব কিনতে পারবে। শহরে দামে সস্তা।
অবশ্যাই । আমি এই সপ্তাহের শেষের দিকে শহরে যাবো এবং সেগুলো কিনে আনবো।
দুই দিন পর।
PAY HERE WITH QR CODE
আপনি কি নগদ টাকায় পরিশোধ করবেন নাকি ডিজিটাল ওয়ালেট ব্যবহার করে QR কোড দিয়ে? আপনি QR কোড দিয়ে অর্থ পরিশোধ করলে ৫% ডিসকাউন্ট পাবেন।
আচ্ছা, দারুন। আমি আগে কখনো এটি ব্যবহার করি নাই কিন্তু আমার একটি ডিজিটাল ওয়ালেট আছে। চলুন চেষ্টা করি।
অনুগ্রহ করে এই QR কোডটি স্ক্যান করুন এবং আপনার ওয়ালেট থেকে স্বয়ংক্রিয়ভাবে টাকা কেটে নেওয়া হবে।
হ্যা, ঠিক তাই।
আচ্ছা, শুধু এটুকুই?
এইটুকুই স্যার। আমি আপনার টাকা পেয়েছি। এটাতো সহজ। অর্থ প্রদানের একটি দুর্দান্ত উপায় এটি।
বাহ চমৎকার। আমার কাছে ইতিমধ্যেই লেনদেনের বিবরণসহ একটি রসিদ চলে এসেছে যা আমি ডাউনলোড করতে পারি। আমি প্রায়শই এটি ব্যবহার করবো। খুবই সহজ।
সালমা আমি আজ প্রথমবারের মতো একটি QR কোড ব্যবহারের মাধ্যমে ডিজিটাল ওয়ালেট ব্যবহার করেছি। এটা চমৎকার। এত সহজ, এত ভালো..
দারুন মোহাম্মদ। আমি দেশে ফিরে আসার অপেক্ষায় আছি এবং এটি কীভাবে ব্যবহার করতে হয় তুমি আমাকে তা শেখাবে।


পরের দিন কারখানায়।
শ্রমিকরা তাদের পরিবারের কাছে যে অর্থ ট্রান্সফার করে তা লাইন ম্যানেজারের কাছে জমা দেয়।
এই নিন আমার পরিবারের জন্য ২৫০ ডলার ট্রান্সফারের টাকা। আর মানি ট্রান্সফার অপারেটরের ফি বাবদ টাকা।
ধন্যবাদ। আমি যথারীতি দিন শেষে আপনার রসিদ নিয়ে আসব।
আমি প্রতি মাসে একই পরিমাণ টাকা পাঠাই। মাঝে মাঝে তারা আমার কাছে আরও বেশি চায়, কিন্তু আমি চাই না। তাই আমি সবসময় একই পরিমাণে অটল থাকি।
মা, তোমাকে পাঠানোর জন্য টাকা দিয়ে এসেছি। তুমি কয়েক ঘন্টার মধ্যে পেয়ে যাবে। একই পরিমাণ।
আমি একটি ভিন্ন পদ্ধতি ব্যবহার করি। আমি এখানে টাকা জমা করি এবং আমি প্রতি ৩ মাস পরপর পাঠাই। এর মাধ্যমে আমি ট্রান্সফার ফি কিছুটা বাঁচাতে পারি।
এটি ভাল আইডিয়া, কিন্তু এটি আমার জন্য কাজ করবে না। মাসিক ভিত্তিতে করা আমাদের পক্ষে সহজ।
কয়েক ঘণ্টা পর।
আমার এই পদ্ধতি পছন্দ। আমাদের কোথাও যাওয়ার দরকার হয় না এবং এটি সবসময় কাজ করে।
হ্যাঁ, আমিও। এটা খুবই নিরাপদ। যাই হোক না কেন আমি ট্রেড ইউনিয়নের সাথে আমাদের পরবর্তী বৈঠকে এই বিষয়ে কথা বলতে চাই। আমি শুনেছি যে শীঘ্রই আমরা আমাদের দেশে টাকা ট্রান্সফার করতে ডিজিটাল ওয়ালেট ব্যবহার করতে পারবো।


অর্জুন


ওহ্ হো! আমার স্ত্রী দিয়ার ২ টি মিসড কল?
দিয়া, কি হয়েছে? আজকে আমি কিছুসময় ওভার টাইম কাজ করছিলাম এবং মাত্র রুমে আসলাম।
অর্জুন তোমাকে বিরক্ত করার জন্য দুঃখিত। কিন্তু আমার এখনো খারাপ লাগছে আর এখন বাচ্চাটাও মনে হচ্ছে অসুস্থ।
আমি খুব দুঃখিত দিয়া। আমি এখন নিশ্চিত যে তোমার অ্যান্টিবায়োটিক লাগবে, ডাক্তার যেমন বলেছিলেন। একটা কাজ করো যাতে তোমাকে হাসপাতালে বেশিক্ষণ অপেক্ষা করতে না হয়। যাও, কাছাকাছি ফার্মেসি থেকে সেগুলো কিনে আনো।
কিন্তু স্থানীয় হাসপাতালে বিনামূল্যে সেগুলো পাওয়া যাবে, আর আগামী সপ্তাহে তুমি আবার কিছু নগদ টাকা না পাঠানো পর্যন্ত আমাদের কাছে বেশি টাকা অবশিষ্ট নেই।
হ্যাঁ, আমি জানি ইদানীং আমাদের টাকা-পয়সার টানাটানি অবস্থা যাচ্ছে। কিন্তু চলো এবারো আগেরবারের মত কাজ করি। আমি এখনি বিক্রমকে ফোন করে জিজ্ঞাসা করব যে সে আমাদের ৫ ডলার ধার দিতে পারবে কিনা, এবং আগামী সপ্তাহে তুমি আমার পাঠানো টাকা পেয়ে তাকে ৬ ডলার ফেরত দেবে। আমাদের যা করা সম্ভব সব আমি করতে চাই যাতে তুমি যত তাড়াতাড়ি সম্ভব সুস্থ্য হয়ে যাও।
কয়েক ঘণ্টা পর।
অবশেষে আমি স্বস্তি পেয়েছি। বন্ধুর ধার দেওয়া টাকা ব্যবহার করে দিয়া ফার্মেসি থেকে ওষুধ এনেছিলো। তারা ইতিমধ্যেই সুস্থ্য হয়ে উঠছে।
এই বন্ধু কি সবসময় আপনাকে টাকা ধার দেয়?
আমরা সবসময় একে অপরকে সাহায্য করি। এখানে আমরা যে কিছু সময় ওভার টাইম কাজ করছি, তারপরও বাড়িতে আমাদের জন্য কিছুটা টানাটানি যাচ্ছে। রিক্রুটিং এজেন্সির কাছে আমাদের এখনও আরও ৪ মাস ঋণ পরিশোধ করতে হবে কিন্তু আমরা যেকোনোভাবে চালিয়ে নিচ্ছি।



আপনি কি নিশ্চিত, ভারতে এই ব্যাংক এ্যাকাউন্টে আপনি ৫২০০ পাঠাতে চান? মোট ফি আসবে ৪ ডলার।
হ্যাঁ, ঠিক, ধন্যবাদ, এই নিন ট্রান্সফারের টাকা এবং ফি।
ধন্যবাদ অর্জুন। আমি ব্যাংকের এ্যাপ চেক করে দেখলাম যে, তোমার পাঠানো টাকা ইতিমধ্যেই আমাদের অ্যাকাউন্টে জমা হয়েছে।
খুব ভালো দিয়া। আরও টাকা ট্রান্সফার করতে পারলে ভালো লাগতো, কিন্তু এই মাসে সম্ভব না। রিক্রুটিং এজেন্সির ঋণ পরিশোধ করতে এবং বিক্রমকে ৬ ডলার দিতে ভুলবে না।
অবশ্যই, আমি আগামীকাল প্রথম কাজ হিসেবে এটি করবো। তোমার বাবা-মাকেও তাদের অংশের টাকা দেবো। আমি আমাদের সঞ্চয়ী অ্যাকাউন্টে ২০ ডলার রাখার চেষ্টা করব। আমাদের আগের সিদ্ধান্ত অনুযায়ী আমি ব্যাংকের বিভিন্ন সঞ্চয় পণ্য সম্পর্কে জানার চেষ্টা করব।
এত কিছুর খেয়াল রাখার জন্য ধন্যবাদ।
পরবর্তীতে সেইদিন বিকেলে দিয়ার গ্রাম সঞ্চয় ও ঋণ সমিতির গ্রুপ মিটিংয়ে।
আপনি ব্যাংক থেকে সঞ্চয় পণ্য এনেছেন?
না, কিন্তু আমার কাছে এখন সবার জন্য বিকল্প আছে।
হ্যাঁ, আমি অর্জুনকে প্রতিশ্রুতি দিয়েছিলাম আমি গিয়ে চেক করব। আমরা নিরাপদ উপায়ে আমাদের বাড়ির জন্য সঞ্চয় শুরু করতে চাই।



আমি নিশ্চিত না কিভাবে আনন্দের সাইকেলের দাম পরিশোধ করব।
আসাদ আপনি কি মনে করেন? আনন্দের জন্মদিনের উপহার কেনার জন্য আমার কি ঋণ করা উচিত হবে নাকি আমার জমানো টাকা খরচ করা উচিত হবে? এই মুহূর্তে আমার কোথায় কত টাকা আছে তার সম্পূর্ণ চিত্র আমার কাছে নেই।
আপনি সেটি বিক্রয় করতে পারেন এবং ঋণ চাওয়া বা আপনার সঞ্চয় ব্যবহার করা এড়াতে পারেন।
আমার বাবা একদিন আমাকে এই কৌশল শিখিয়েছিলেন এবং এটি আমার জন্য বেশ কয়েকবার কাজে লেগেছে।
আচ্ছা, এটা নির্ভর করে আমরা কত টাকার কথা বলছি তার উপর। সম্ভবত একটি ভাল কাজ হলো এটিও চিন্তা করা যে আপনার বাড়িতে এমন কিছু জিনিস আছে কিনা যা আর আপনার দরকার নেই। আপনি সেটি বিক্রয় করতে পারেন এবং ঋণ চাওয়া বা আপনার সঞ্চয় ব্যবহার করা এড়াতে পারেন।
আনন্দের জন্মদিনের উপহারের টাকা যোগান দেওয়ার জন্য আমার বন্ধু আসাদ একটি দুর্দান্ত আইডিয়া দিয়েছে। এমন কিছু বিক্রি করা যা আমরা আর ব্যবহার করি না।
ঠিক আছে... আমার মাথায় শুধু তোমার সাইকেলের কথাই আসছে। জিনিসটা ভাল আছে, কেউ ব্যবহারও করে না এবং আমি নিশ্চিত যে আমরা এর বিনিময়ে ভাল দাম পাব।
দিয়া, তুমি দারুণ। চমৎকার আইডিয়া। ঠিক আছে, সময় থাকলে আমার বাইসাইকেল নিয়ে দোকানে যাও, হয়তো কাজ হবে।


আমার ভারতে একটি ব্যাংক অ্যাকাউন্ট আছে, কিন্তু এখানে জর্ডানে আমি এ্যাকাউন্ট খোলার ব্যাপারে একটু চিন্তিত। আমি ভাষা বুঝি না, আমি ভয় পাই যদি আমার কোন সমস্যা হয় তবে আমি কীভাবে সমাধানের উপায় খুঁজে পাব।
হ্যাঁ, আমার জন্যও একই বিষয়। আমাদের নিজস্ব ভাষায় ডিজিটাল ওয়ালেট থাকা এবং সেখান থেকে আমরা বাড়িতে টাকা ট্রান্সফার করাসহ সবকিছু পরিচালনা করতে সক্ষম হওয়ার ব্যাপারটি দুর্দান্ত হবে।
হ্যাঁ, আমিও আগ্রহী। কিন্তু আপাতত, আমি টাকা উত্তোলন এবং ট্রান্সফার অপারেটরের মাধ্যমে টাকা পাঠাতে পেরেই খুশি। আগামীকাল আমাদের যেতে হবে।
কিছুদিন পর।
অর্জুন আমি তোমার পাঠানো টাকা সংগ্রহ করতে ব্যাংকে এসেছি। আমি আমাদের বাড়ি করার জন্য চুক্তিভিত্তিক সঞ্চয় অ্যাকাউন্ট সম্পর্কে জিজ্ঞাসা করব এবং এটিএম কার্ড সম্পর্কেও জিজ্ঞাসা করব। মূলত, ব্যাংক গত মাস থেকে সমস্ত অ্যাকাউন্টধারীদের জন্য বিনা খরচে এই সুযোগ অফার করছে।
বাহ, এটি হলে দারুন হবে কারণ কারণ তুমি তখন নগদ টাকা কম ব্যবহার করতে পারবে এবং পণ্য কেনার পর কার্ডের মাধ্যমে টাকা পরিশোধ করতে সক্ষম হবে।
কিছুদিন পর।
আচ্ছা, এটাতো খুব সহজ।
THANK YOU FOR YOUR VISIT
আপানার বিল হবে ৬ ডলার। আপনি নগদ টাকা, কার্ড অথবা ডিজিটাল ওয়ালেট কোনটি দ্বারা টাকা প্রদান করেন?
প্রথমবারের মত আমি আমার কার্ড দিয়ে অর্থপ্রদান করতে চাই।
অবশ্যই, শুধু এখানে কার্ড ঢোকান।
RICE
তাই নাকি, আপনি আগে কার্ড ব্যবহার করছেন?
হ্যাঁ, এটা খুবই সহজ। আপনি যখন আমাদের কাছে আসবেন, আমরা আপনার জন্য একটি কার্ড চাইতে পারি কারণ আমাদের একটি যৌথ ব্যাংক অ্যাকাউন্ট রয়েছে।
সেটাতো দারুণ হবে।



আররর্ট!!!
পরের দিন সকাল।
অর্জুন আপনি কি ঠিক আছেন, আপনার চেহারা খুব চিন্তিত দেখাচ্ছে।
সব ঠিক আছে, একটু ক্লান্ত। চলুন, দেরি হয়ে যাবে।
আপনি নিচতলায় প্রাথমিক স্বাস্থ্যসেবাতে যেতে পারেন। তারা খুব ভালো। যদি আপনার আঘাত গুরুতর হয় অথবা বিশেষ চিকিৎসার প্রয়োজন হয়, তারা অবিলম্বে আপনাকে একটি বিশেষ ক্লিনিক বা ডাক্তারের কাছে পাঠাবে।
সত্যিই? কারখানায় এটাই আমার প্রথম দুর্ঘটনা, এবং আমি এই জিনিসগুলি ভয় পাই। আমার কি এজন্য টাকা দিতে হবে?
না অর্জুন, আপনাকে কিছু দিতে হবে না। এটা আমাদের মালিকপক্ষ যারা দায়িত্বে আছে তারা বহন করবে। চলুন, আমি আপনাকে সেখানে নিয়ে যাই, আপনার হাতটি পরীক্ষা করাই।
কয়েক ঘণ্টা পর।
অর্জুন, আজ আপনার কোন ঝামেলা হয়েছে মনে হচ্ছে। আপনি কি নিশ্চিত আপনি ভাল আছেন?
আপনি ঠিক ধরেছেন। গতকাল আমার মেশিনের সাথে একটা দুর্ঘটনা ঘটেছিল। আমার আঙুল সত্যিই ফুলে গেছে, এবং আমার খুব ব্যথা হচ্ছে।
অর্জুন, আপনার আঙুল ২ দিনের মধ্যে আগের মতোই ভাল হয়ে যাবে। ম্যানেজমেন্টকে জানান যে আপনার ২ দিনের জন্য অসুস্থতার ছুটি প্রয়োজন। আপনার শিফট শুরু হওয়ার আগে বুধবার সকালে আমাদের সাথে আবার দেখা করবেন। এটি সঠিকভাবে নিরাময় হয়েছে কি না তা নিশ্চিত করতে হবে।
আপনাকে অনেক ধন্যবাদ ডাক্তার।

মালাক


আমি ভবিষ্যতে অনেক কিছু অর্জন করতে চাই, কিন্তু আমি জানি না কোথা থেকে শুরু করব! আমি শেষ।
আমার আগেও এই সমস্যাটি ছিল, কিন্তু তারপরে আর্থিক শিক্ষা প্রশিক্ষণে অংশ নিয়ে আমি শিখেছি কীভাবে সঞ্চয় পরিকল্পনা তৈরি করতে হয় যাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষ্যগুলি অর্জনের জন্য আমার কতটা সঞ্চয় করতে হবে সে সম্পর্কে পরিষ্কার ধারণা পাওয়া যায়।
সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল আপনার লক্ষ্যগুলিকে অগ্রাধিকার দেওয়া। আমার ক্ষেত্রে আমি নিশ্চিত যে হয়েছি যে আমার ফোনটি খুব তাড়াতাড়ি পরিবর্তন করতে হবে কারণ এটি অনেক পুরানো হয়ে গেছে আর ঠিকভাবে কাজ করছে না।
আপনি কিভাবে এটা করেন আমাকে কি দেখাতে পারেন?
আমি একটি ল্যাপটপ কিনতে চাই কিন্তু এটি খুব ব্যয়বহুল হওয়ার কারণে আমি এই মুহূর্তে সেটা করতে পারবো না। আমি আগামী বছর একটি সেলাই মেশিন কিনতে চাই। আমি আমার বোনের সাথে এই লক্ষ্যটি শেয়ার করি।
তারপরে আমি দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলিও অন্তর্ভুক্ত করি, কারণ অন্যথায় আমি কখনই সেগুলোর জন্য যথেষ্ট সঞ্চয় করতে পারব না। আপনিতো জানেন যে আমি আমাদের বাড়িতে একটি নতুন ঘর তৈরি করতে চাই। সেক্ষেত্রে প্রয়োজনীয় সমস্ত উপকরণ কেনার জন্য আমার এখনই সঞ্চয় করা শুরু করতে হবে।
দারুণ, মালাক। আমিও একটি নতুন ফোন এবং একটি সেলাই মেশিন পেতে চাই।
আচ্ছা। আপনি যখন এই সমস্ত লক্ষ্য একসাথে পূরণ করতে চান, তখন ব্যাপারটা কেমন দাড়ায়?
তখন ব্যাপারটা এমন দাড়ায় যে, এই ৩টি লক্ষ্য অর্জন করতে আমাকে প্রতি মাসে ৯০ ডলার সঞ্চয় করতে হবে।
MY SAVINGS PLAN
My goals
Date when I want to achieve my goal
Costs of my goal
Number of months before the date of achievement of my goal
Other sources of financing (if relevant)
How much I need to save each month to achieve my goal
Short-term goals (less than 12 months):
To buy a new cell-phone
March this year
$180
6 months
$30
Medium-term goals (1 to 3 years):
To buy a new sewing machine
January next year
$240
12 months
Sister will contribute half of the total costs
$10
Long-term goals (more than 3 years):
To buy the materials needed to build an extra room in the house
January in 5 years' time
$3000
60 months
$50
Total amount I need to save every month to achieve all my goals (sum of the amounts in the right-hand column):
$90


তো... আপনার আম্মান থেকে আগত বন্ধু আয়েশা কি অবশেষে আজ আসছে?
হ্যাঁ, তবে তার সাথে কথা বলে মনে হয়েছে খুব ধকল গেছে। আশা করি তার সব ঠিক আছে এবং আমাদের খাবার এবং সহচর্য তাকে আরও ভাল বোধ করতে সহায়তা করবে।
কয়েক মিনিট পর।
আম্মানে ব্যবসা ভালো চলছে। শুরুতে বেশ কঠিন সময় গেছে কিন্তু এখন এটি বেশ সফল এবং আমি লাভের মধ্যে আছি।
তাহলে হচ্ছেটা কি বন্ধু? তোমাকে খুব চিন্তিত দেখাচ্ছে।
ঠিক সেই কারণেই আমি ক্ষিপ্ত। সে আমার টাকা খরচ করে ফেলেছে। সে আমাকে বলেছিলো যে একটা ভাল সুযোগ পেয়েছে এবং আমি তাকে আমাদের ব্যাংক অ্যাকাউন্টে রাখার জন্য যে সমস্ত টাকা দিয়েছি তা সব ব্যবহার করে ফেলেছে। তুমিতো জানো আমি ব্যাংকে যেতে পছন্দ করি না। এজন্য আমি সবসময় তাকে বিশ্বাস করতাম।
ওহহ না। তুমি এখনি ব্যাংকে যাও এবং তোমার অ্যাকাউন্টের ব্যালান্স চেক করো।
নতুন গাড়ি? কিভাবে সে নতুন গাড়ি কিনলো?
হ্যাঁ, আমি খুব কষ্টে আছি। আমার বিউটি পার্লার (সেলুন) ব্যবসা বড় করার জন্য আমি কঠোর পরিশ্রম করেছি এবং গত সপ্তাহে বাড়িতে এসে আমি কি দেখি জানো? জাদ্দেলের নতুন গাড়ি।
এটা মেনে নেয়া যায় না। তার সাথে কথা বলার জন্য ফরিদকে অনুরোধ করতে পারি, ওরা ভালো বন্ধু। হয়তো ফরিদ তাকে গাড়ি বিক্রি করে টাকা ফেরত দিতে রাজি করাতে পারবে।
এটা পারলে আমি খুব খুশি হবো।
আর তুমি যদি চাও, আমরা দুজনে একদিন একসাথে ব্যাংকে যেতে পারি এবং তোমার নামে একটি অ্যাকাউন্ট খোলার চেষ্টা করতে পারি।
আমি গতকাল ব্যাংকে গিয়ে আরো খারাপ অবস্থা দেখে এসেছি। আর ব্যাংক অ্যাকাউন্ট শুধুমাত্র তার নামেই খোলা হয়েছে। তাই অ্যাকাউন্টে যে টাকা আছে তাও তুলে নিতে পারিনি।



পরে।
অনেক দিন পর। তুমি কেমন আছো?
আমি খুব ঝামেলার মধ্যে আছি। ছোট বাচ্চাটি অসুস্থ, আমার খুব দামি ওষুধ কিনতে হবে। তুমি আমাকে ৩০ ডলার ধার দিতে পারবে।
ওহ, আমি শুনে খুবই দুঃখিত। আমি বাসায় গিয়ে আপনাকে কল করছি, আমার কাছে টাকা আছে কিনা আমি নিশ্চিত না। এই মাসে আমার আর্থিক অবস্থা খুব টানাটানি।
আমি টাকা নিয়ে খুব টানাটানি অবস্থায় আছি। এই মাসের জন্য যে টাকা রেখেছি তা থেকে আমি তাকে অল্প কিছু ধার দিতে পারি। তিনি আমার জন্য অনেক করেছেন।
হায়া, আমি তোমাকে টাকা ট্রান্সফার করব। কিন্তু আমি চাই যত তাড়াতাড়ি সম্ভব তুমি আমাকে শোধ করে দিবে, এই মাসে আমার খুব টানাপোড়েন যাচ্ছে।
চিন্তা করো না। আগামী সপ্তাহে আমার বেতন পাওয়ার সাথে সাথে আমি টাকা ফেরত দেব।
আমি দুঃখিত। আপনার স্ক্রিন (পর্দা) পাল্টাতে হবে। এতে প্রায় ৫০ ডলার খরচ হবে।
কিছু দিন পর।
উফফফ এত টাকা। আমি বিশ্বাস করতে পারছি না যে আমার নতুন ফোনে এই ঘটনা ঘটেছে। দাঁড়ান, টাকা সংগ্রহ আমাকে ফোন করতে হবে।
হায়া, প্রিয়তমা। আমার টাকা ফেরত দাও। আমার ফোনের স্ক্রিন মেরামত করতে হবে।
ওহ, আমি ভয়ে আছি কারণ আমার এখনও টাকা জোগাড় হয় নেই। তারা আমাকে এখনো টাকা পরিশোধ করে নাই। আমার আরো একটু সময় দরকার।
ওহ, এটা আমার জন্য সত্যিই খারাপ সংবাদ। ফরিদ অথবা প্রতিবেশী অন্য কেউ আমাকে কিছু টাকা দিতে পারে কিনা দেখি।


অবশ্যই বলতে হয় যে ব্যাংক অ্যাকাউন্ট নিয়ে আমি খুব খুশি এবং সেখানে সরাসরি বেতন দেওয়া হয়। তাই আমি সব সময় আমার টাকা খরচের জন্য প্রলুব্ধ হই না।
আমি এখনও এটিতে অভ্যস্ত নই, তবে আমার মনে হয় এটি সময়ের ব্যাপার মাত্র।
কিছু দিন পর।
আমি তাড়াহুড়ার মধ্যে আছি। আমি আশা করি এটা দ্রুত চলে যাবে।
উহহ, আমার মনে হয় এটা আমার জন্ম তারিখ।
To confirm your withdrawal, please enter your Pin
ওহহ না। এটাতো ফরিদের জন্ম তারিখ ছিল।
Incorrect pin
ওহ কোনটা ছিল। আমি আবার পারব না।
আমি বিশ্বাস করতে পারছি না আমার সাথে কি ঘটছে।
Incorrect pin. For security reasons your card will be retained by this ATM. Please contact your bank


আমি খুব রেখে আছি মালাক। এইমাত্র আমি একটি ব্যাংক স্টেটমেন্ট পেয়েছি এবং দেখলাম এমন একটি অ্যাকাউন্টের জন্য আমি খুব বেশি ফি প্রদান করছি যা আসলে আমি ব্যবহার করি না।
কিন্তু সেই অ্যাকাউন্ট আপনি খুললেন কেন? গ্রাহক হিসেবে আমাদের সুরক্ষা পাওয়ার অধিকার আছে।
তাই নাকি, আমি জানতাম না। আপনিতো জানেন, আপনি যখন কোন আর্থিক প্রতিষ্ঠানে প্রবেশ করেন, তারা সাধারণত আপনার কাছে কিছু বিক্রি করার চেষ্টা করে।
আমি নিশ্চিত নই যে এটি একটি ভাল আইডিয়া। আমি গতকাল আয়েশার সাথে কথা বলেছি... এবং সে আমাকে জানিয়েছে যে তার ক্রেডিট কার্ডের কারণে তার সমস্যা হয়েছে। কিন্তু সে খুব ব্যস্ততার মধ্যে ছিল তাই আমাকে ব্যাখ্যা করতে পারেনি। আমরা তাকে কল দেই?
সত্যিই? আমি ভেবেছিলাম যে আপনাকে সবসময় ব্যাংক অ্যাকাউন্টের জন্য টাকা দিতে হবে। আমি অন্য একটি অ্যাকাউন্টে যেতে চেষ্টা করব। আমি চাই কেনাকাটার জন্য আম্মানে যাওয়ার সময় আমার একটি ক্রেডিট কার্ডও থাকুক।
আমার ক্ষেত্রে, আমার শুধুমাত্র ডেবিট কার্ডসহ একটি মূল অ্যাকাউন্ট আছে। এমনকি তারা আমাকে ন্যূনতম ব্যালেন্সে রাখার জন্য বলে না এবং আমি মোটেই কোন ফি দেই না।
অবশ্যই, আমি এই ধরনের কার্ড সম্পর্কে আরও জানতে চাই।
কয়েক মিনিট পর।
আয়েশা, আমরা তোমার কাছ থেকে কিছু তথ্য জানতে চেয়েছিলাম। আমরা এখানে টাকা-পয়সা সম্পর্কে কথা বলছিলাম এবং গতকাল তুমি তোমার ক্রেডিট কার্ড সম্পর্কে কিছু বলছিলে। কি হয়েছে?
খুব সহজ। আমিতো এটি খুব বেশি পরিমাণে ব্যবহার শুরু করেছিলাম, পরে যখন আমি ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট পেলাম, তখন দেখলাম আমি এত বেশি টাকা খরচ করেছি যে আমি বিশ্বাস করতে পারিনি। এখন আমার কাছে পরিশোধ করার মত এত টাকা নেই। এছাড়াও আমাকে খুব উচ্চ হারে সুদ দিতে হবে।
ওহ আয়েশা, এটা শুনে আমি খুব দুঃখিত। তুমি কোনটা পরামর্শ দেও, ক্রেডিট কার্ড রাখা নাকি না রাখা?
প্রধান সুবিধা হল তোমার মজুরি তোমার অ্যাকাউন্টে জমা হওয়ার আগেই তুমি অর্থপ্রদান করতে পারবে।


ডাক্তার আমাকে একদিন ছুটি নিতে এবং সোমবার ফিরে এসে আমার পিঠ পরীক্ষা করাতে বলেছিলেন। ইদানীং আমার অনেক ব্যাথা হচ্ছে।
আমারও আগে এমন হয়েছিল। সুস্থ্য হয়ে ওঠার জন্য পর্যাপ্ত বিশ্রাম নেয়া জরুরি। কারখানার ডাক্তার খুব ভালো।
হ্যাঁ, কারখানায় এই পরিষেবাটি পাওয়া খুব ভাল ব্যাপার।
সেই দিনের পরবর্তী সময়ে।
তুমিও কি আহত ফরিদ? মালাকের আজ পিঠে প্রচন্ড ব্যথা।
আমি খুব অমনযোগী ছিলাম, এবং একটি বড় হাতিয়ার আমার পায়ের ওপর পড়ল। আমার মনে হয় আমার পায়ের আঙুল ভেঙে গেছে।
তাহলে এখন কী হবে? আপনি আপনার সুপারভাইজারের সঙ্গে কথা বলেছেন? আপনি সেখানে চেক করিয়েছেন?
আসলে তা না। সেখানে আমাদের কোনো চিকিৎসা সেবা নেই। আমি আমার সুপারভাইজারের সাথে কথা বলিনি, আমি ছুটি চাইলে তিনি সাধারণত রেগে যান।
কিন্তু ফরিদ আপনার পা যে খুব ফোলা লাগছে। আপনার কি কোন বীমা পলিসি আছে।
সত্যি বলতে কি, আমি জানি না। মনে হয় নেই, কারণ যখন এরকম কিছু ঘটে তখনও আমরা কাজে যোগ দেই।
আপনি এভাবে কাজে যেতে পারবেন না। চলেন হাসপাতালে গিয়ে আপনাকে চেক করাই।
কিন্তু বোন এটা খুব ব্যয়বহুল হতে পারে। সম্ভবত এক্স-রে করতে হবে এবং আমাদের ওষুধ কিনতে হবে।
আমরা আমাদের স্বাস্থ্যগত বিষয় উপেক্ষা করতে পারি না। আমি খরচের জন্য আপনাকে কিছু টাকা দিতে পারি এবং আপনি যখন পারবেন তখন আমাকে টাকা ফেরত দিতে পারেন।
আপনি আবার সুস্থ হয়ে উঠলে, মালিকপক্ষের সাথে কথা বলা উচিত, এবং তাকে বলা উচিত যে এজাতীয় পরিস্থিতির বিরুদ্ধে সুরক্ষার জন্য আপনার একটি স্বাস্থ্য বীমা থাকা দরকার।

প্রিশা


ওমর, আপনি কি আপনার দোকানে আমার বাকী অ্যাকাউন্টে এই কেনাকাটার পরিমাণ যোগ করে রাখতে পারেন? আমি আমার বেতন পাওয়ার সাথে সাথে আগামী সপ্তাহে আপনাকে পাওনা টাকা দিয়ে দিব।
অবশ্যই, প্রিশা। এই নিন আপনার রসিদ যাতে এখন পর্যন্ত আপনার কাছে পাওনা মোট ব্যালেন্স রয়েছে। সপ্তাহের শুরুটা আপনার ভালো কাটুক।
পরে কারখানার ডরমেটরিতে।
ওমরকে বলা উচিত আমার এইসব রসিদের দরকার নেই।
আমার ডায়েরিতে সব খরচের বিস্তারিত লেখা আছে।
আমি কখনোই কোন রসিদ রাখি না।
প্রিশা, আপনি জানেন আমি হিসাব-নিকাশের ব্যাপারে নিখুঁত। এছাড়া আপনার কাছে কত পাওনা আছে সেবিষয়ে আমি সবসময় আপনাকে রসিদ দিয়ে থাকি।
আমি কখনই আপনার রসিদ রাখি না, তবে আমি আপনার কাছ থেকে প্রতিটি কেনাকাটার হিসাব আমার ডায়েরিতে লিখে রাখি। আমি নিশ্চিত যে আমার আপনাকে শুধু ১৬ ডলার দিতে হবে।
কিছু দিন পর।
সুতরাং মোট হচ্ছে ২৪ ডলার।.
২৪??? কিন্তু আমার ডায়েরিতে আমি দেখতে পাচ্ছি যে আপনি কেবল আমার কাছে ১৬ ডলার পাবেন! ওমর আবার চেক করুন, আমি নিশ্চিত কোথাও ভুল আছে।
আমি দুঃখিত প্রিশা, মোট ২৪ ডলার পাওনা আছে এবং এ নিয়ে আর কোন আলোচনা হবে না। আপনাকে যে আমি সর্বশেষ রসিদটি দিয়েছিলাম সেখানে এই পরিমাণ পাওনার কথা স্পষ্টভাবে বলা ছিল, এইযে রসিদের কপিটি দেখুন।
আমি বিশ্বাস করতে পারি না যে আমি এই রসিদ রাখিনি। এখন থেকে আমি সবসময় রসিদগুলো রেখে দিব।


অভিবাসন কেন্দ্রের (মাইগ্রেশন সেন্টার) বৈঠক
আপনাদের মজুরি পাওয়ার পদ্ধতি খুব দ্রুত পরিবর্তন হচ্ছে। খুব সম্ভবত, পরের মাস থেকে অনেক কারখানায় আপনারা নগদ টাকা, ডিজিটাল ওয়ালেট বা ব্যাংক অ্যাকাউন্টে বেতন গ্রহণ করতে চান কিনা সেই সিদ্ধান্ত নিতে সক্ষম হবেন। আমরা আপনাদেরকে ব্যাংক অ্যাকাউন্ট বা ডিজিটাল ওয়ালেটে আপনাদের মজুরি গ্রহণ করতে উৎসাহিত করি যাতে আপনাদের অর্থ নিরাপদ থাকে।
কোন প্রশ্ন আছে?
হ্যাঁ, আমি এই নতুন বিকল্পগুলিতে আগ্রহী। যাইহোক সিদ্ধান্ত নেওয়ার আগে আমাকে এই পরিষেবাগুলি ব্যবহার করার খরচ এবং এটি আমাদের নিজস্ব ভাষায় ব্যবহার করতে পারব কিনা তা জানতে হবে।
আপনার খুব গুরুত্বপূর্ণ প্রশ্নের জন্য ধন্যবাদ. আমাদের পরবর্তী বৈঠকে আমরা এইসব পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলির প্রতিনিধিদের আমন্ত্রণ জানাবো যাতে তারা বিস্তারিতভাবে সবকিছু ব্যাখ্যা করতে পারে। আপনি তাদেরকে আপনার সব প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবেন।
আমি ডিজিটাল ওয়ালেট সম্পর্কে খুব বেশি নিশ্চিত নই। কিন্তু আমি মনে করি ব্যাংক অ্যাকাউন্ট একটি ভাল আইডিয়া। আমার সাথে নগদ টাকা না থাকলে সেটি আমার খরচ নিয়ন্ত্রণে সহায়ক হতে পারে।
আমি মনে করি ডিজিটাল ওয়ালেটের মাধ্যমে যদি আমাদের দেশে সরাসরি টাকা ট্রান্সফার করা যায় তবে সেটি একটি দুর্দান্ত সমাধান, কারণ আমরা আমাদের ফোন অনেক বেশি ব্যবহার করি। এবং আমি নিশ্চিত যে, এটি কীভাবে ব্যবহার করতে হয় তা বুঝতে মাইগ্রেশন সেন্টার আমাদের সাহায্য করতে পারে।
কয়েক ঘণ্টা পর।
হ্যাঁ, দেশের বাড়িতে সবার আগে থেকেই ব্যাংক অ্যাকাউন্ট আছে। তাই আমি বিশ্বাস করি যে যদি আমাদের নিজস্ব ভাষায় সমস্ত তথ্য সরবরাহ করা হয়, তবে এটি আমাদের জন্য খুবই ভাল হবে। এছাড়াও মনে হচ্ছে এটি বাড়িতে টাকা ট্রান্সফার করার একটি দুর্দান্ত উপায় হবে।
তুমি ঠিক বলেছো। অপেক্ষা করে দেখি শেষ পর্যন্ত এটি লভ্য হয় কিনা।


ওহহ না!
KLAC
আমি বিশ্বাস করতে পারছি না! আমার স্ক্রীন এখন সম্পূর্ণ কালো... আমাকে এটি বদল করতে হবে।
আমরা পরে যখন শহরে যাব তখন আমার পরিচিত একটি দোকানে মেরামত করার জন্য দাম যাচাই করার চেষ্টা করতে পারি। আমার যতদূর মনে পড়ে, অন্যান্য দোকানের তুলনায় সেখানে খরচ বেশি হবে না।
সেই দিনের পরবর্তীতে।
আপনাকে একটি নতুন স্ক্রিন প্রতিস্থাপন করতে হবে। আপনার খরচ হবে ৩০ ডলার।
বন্ধু, আমি কি করব জানি না। আমার টাকা ধার করতে হবে। ইতোমধ্যে আমি আমার বেশিরভাগ টাকা বাড়িতে পাঠিয়ে দিয়েছি এবং এখনও কারখানায় আমার গ্রুপ ঋণের কিছু কিস্তি পরিশোধ করা বাকী আছে, তাই আগামী মাসের আগ পর্যন্ত আমি আবার ধার নিতে পারব না। এই ধরনের পরিস্থিতি মোকাবেলা করার জন্য এখন আমার কাছে নগদ টাকায়ও যথেষ্ট সঞ্চয় নেই।
এতো বেশি? আমার কাছে এত টাকা নেই। কিভাবে টাকা যোগাড় করবো তা দেখতে হবে। কয়েকদিনের মধ্যে ফিরে আসার চেষ্টা করব।
আপনি জানেন কি না কবির নামের একজন আছেন যিনি কারখানায় কাজ করেন। মনে হয় তিনি একজন ম্যানেজার। তিনিও শ্রীলঙ্কা থেকে এসেছেন এবং তিনি কারখানার অন্যান্য শ্রমিকদের টাকা ধার দিয়ে থাকেন। তিনি আপনাকে সাহায্য করতে সক্ষম হতে পারেন। প্রিশা, আমি যদি পারতার আপনাকে টাকা ধার দিতাম, কিন্তু পারছি না।
হ্যাঁ, আমি আপনাকে এখনই ৩০ ডলার ধার দিতে পারি প্রিশা। আপনাকে প্রতি মাসে আমাকে ১০ ডলার পরিমাণ পরিশোধ করতে হবে, মোট ৪ মাসের জন্য। আপনি একটি পেমেন্টে দেরী করলে প্রতিদিনের জন্য আমি আপনাকে অতিরিক্ত ১ ডলার জরিমানা করবো।
কবির নামের এই লোকের কাছ থেকে টাকা ধার করা ছিল দ্রুত এবং সহজ। কিন্তু আমি ঋণ পরিশোধের বিষয় নিয়ে কিছুটা সংগ্রামের মধ্যে আছি। আমি মানিয়ে নিবো কিন্তু আমি মনে করি এই ধরনের অপ্রত্যাশিত খরচের জন্য আমার কিছু সঞ্চয় শুরু করা উচিত।
ঠিক আছে, আপনার কাছ থেকে ধার নেওয়া ছাড়া আমার কোন বিকল্প নেই। আমাকে ধার দিন এবং আমি প্রতিশ্রুতি দিচ্ছি যে আমি সময়মতো পরিশোধ করবো।
হ্যাঁ, এটা সম্ভবত ভালো আইডিয়া, প্রিশা। আমারও এটা করা উচিত।


কয়েক সপ্তাহ পরে।
প্রিশা আমার জোড়াজুড়ির জন্য দুঃখিত। আমি আপনার কাছে যে টাকা চেয়েছি সেব্যাপারে আপনি কি আপনার সঞ্চয় এবং ঋণ গ্রুপের কাছে জিজ্ঞাসা করতে পারবেন?
হ্যাঁ, বিকেলের শিফট শেষ হলে সন্ধ্যা ৬টায় আমাদের বৈঠক আছে। আমি চিন্তিত নই কারণ, আমি আপনাকে বলেছি যে, আমি গত সপ্তাহে গ্রুপের কাছে আমার শেষ ঋণ পরিশোধ করেছি। আমি তাদের জানিয়েছি। এবং আমি ১০০ ডলার ধার করতে সক্ষম হবো এবং আমি সেগুলি আপনাকে দেব।
সিয়া, আমি আপনাকে আর টাকা ধার দিতে পারবো না। শেষবার যখন আপনি আমার কাছ থেকে টাকা ধার নিয়েছিলেন তখন টাকা ফেরত পেতে আমার অনেক সময় লেগেছিল। আপনি অনেক জরিমানাও পরিশোধ করেছেন।
কিন্তু ... আপনি কি ২০০ ডলার চাইতে পারেন? আমার অনেক ঋণ আছে, যার মধ্যে একটি অনানুষ্ঠানিক ঋণদাতা এবং একজন দোকানদারের। ১০০ ডলার আমার জন্য যথেষ্ট হবে না।
কিন্তু আমি কখনই আমার গ্রুপকে এত বড় অংকের ঋণ পরিশোধ করতে পারব না যদি আপনি আমাকে সময়মতো ফেরত না দেন।
তুমি চিন্তা করো না প্রিশা, আমি তোমাকে খুব দ্রুত সব টাকা ফেরত দেব।
কবির, চিন্তা করবেন না! আমি আপনাকে ফেরত দিয়ে দিব। আজ আমি আমার সহকর্মী প্রিশার কাছ থেকে কিছু টাকা পাবো। এবং তারপর আমি আর ধার নেব না, আমি শুধু আপনার ঋণ শোধ করার দিকে মনোনিবেশ করব।
কি? আপনি অন্যান্য সহকর্মীদের থেকেও ধার নিচ্ছেন?
হ্যাঁ, তার কাছ থেকেও আমাকে ধার নিতে হয়েছে কারণ আমি গত মাসে অনেক ওভার টাইম কাজ করতে পারিনি এবং হাতে নগদ টাকা কম ছিল। আমি অনেক ঋণের মধ্যে আছি কিন্তু আমি বিশ্বাস করি দ্রুত সব কিছু ঠিক হয়ে যাবে।
পরবর্তীতে ডরমেটরিতে।
এই নাও তোমার টাকা সিয়া। আমি চাই যে আমরা মাইগ্রেশন সেন্টারে আমাদের পরবর্তী বৈঠকে তোমার পরিস্থিতি নিয়ে আলোচনা করি। আমার মনে হয় তোমার আর্থিক অবস্থা নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে।
তোমার উদ্বেগের জন্য ধন্যবাদ। আমিও কিছুটা পেরেশানির মধ্যে আছি, তবে আমি জানি সবকিছু ঠিক হবে। কবিরও আমার অবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ করলেন। হয়তো গ্রুপ মিটিংয়ে এই বিষয়ে কথা বলা ভালো আইডিয়া হবে।


মাইগ্রেশন সেন্টারে।
খুবই চমৎকার। আমি অবশ্যই ম্যানেজমেন্টকে জানাবো যে আমি আমার পরবর্তী বেতন আমার ব্যাংক অ্যাকাউন্টে পেতে চাই। আমি আশা করি এটি ব্যবহার করা সহজ।
আমিও ব্যাংক অ্যাকাউন্ট খুলবো কারণ এটি বিনামূল্যে করা যায়। তবে আমি অবশ্যই ডিজিটাল ওয়ালেট বিকল্পটি ব্যবহারের চেষ্টা করব। শুধু আমার ফোন ব্যবহার করে আমার পরিবারের কাছে টাকা ট্রান্সফার করা অসাধারণ হবে।
কয়েক সপ্তাহ পরে।
আপনাদের ম্যানেজার হিসাবে আমি আপনাদের কথা দিচ্ছি যে আপনারা যারা আপনাদের বেতন ব্যাংক অ্যাকাউন্ট বা ডিজিটাল ওয়ালেটে পাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তারা আগামীকাল আপনাদের টাকা পাবেন। আপনি যদি বেতন না পান বা আপনার ব্যালেন্স চেক করতে সমস্যা হয় তাহলে দয়া করে আমার সাথে দেখা করবেন।
পরের দিন।
হ্যাঁ, আমি ডিজিটাল ওয়ালেটে আমার বেতন পেয়েছি। ব্যালেন্স চেক করা খুবই সহজ।
আমিও, আমাকে শুধু সেই এ্যাপটি চালু করতে হয়েছিল যাতে আমি আমার ব্যাংক অ্যাকাউন্টের ব্যালেন্স দেখতে পেয়েছি। আমার পুরো বেতন সেখানে জমা হয়েছে।


কিছু দিন পর।
আমি খুব খুশি কারণ এটি আমাদের ভাষায় লেখা। এটি খুব সহজ বলে মনে হচ্ছে, যেমনটি আমি দেশের বাড়িতে থাকতে ব্যবহার করতাম।
সহজ, তাই না?
হ্যাঁ, এটি খুব সোজাসাপ্টা এবং আমার পরবর্তী কয়েক দিনের জন্য যা প্রয়োজন সেই পরিমাণ টাকা উত্তোলন করেছি। এরপর আমি আমার ফোনে এ্যাপটি চেক করে দেখবো উত্তোলনকৃত টাকা ইতিমধ্যেই আমার অ্যাকাউন্টের ব্যালেন্সে প্রতিফলিত হয়েছে কিনা।
আমার মায়ের কাছে ২২০ ডলার পাঠাতে হবে।
Available balance after this transaction : $80
আচ্ছা, মনে হচ্ছে আমি কোনো সমস্যা ছাড়াই আমার মায়ের ব্যাংক অ্যাকাউন্টে টাকা ট্রান্সফার করেছি। এটি ঠিকঠাক কাজ করেছে কিনা আমি আগামীকাল তার সাথে চেক করব।
আপনি কি আপনার ব্যাংক অ্যাকাউন্টের ব্যালেন্স চেক করেছেন? আপনার ইতোমধ্যে টাকা পাওয়ার কথা কারণ আমার ডিজিটাল ওয়ালেট দেখাচ্ছে যে ট্রান্সফার সফলভাবে সম্পন্ন হয়েছে।
হ্যাঁ সত্যিই টাকা পেয়েছি। আমি আজ সকালে একটি নোটিফিকেশন পেয়েছি. অনেক ধন্যবাদ!
আমি খুব আনন্দিত এটা কাজ করেছে।

সংজ্ঞা

সাধারণ

লক্ষ্য

- একটি লক্ষ্য হলো এমন কিছু যা আপনি ভবিষ্যতে করতে চান।

আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিক

- সাধারণভাবে, আনুষ্ঠানিক কিছু ফর্মকে সম্মান করে, যার অর্থ এটি একটি পরিকাঠামো, কাঠামো বা একটি আইনের সাথে সামঞ্জস্য রাখে। এটি এমন কিছু যা একটি কর্তৃপক্ষ দ্বারা বৈধ এবং স্বীকৃত।
- বিপরীতভাবে, অনানুষ্ঠানিক কিছু বিধি-নিষেধ এবং অফিসিয়াল নিয়ম বা কাঠামোর অধীন হবে না। উদাহরণস্বরূপ, অনানুষ্ঠানিক খাত এমন ব্যবসাগুলিকে অন্তর্ভুক্ত করে যেগুলি নিবন্ধিত নয় এবং কর প্রদান করে না।

বাজেট

- বাজেট হলো সিদ্ধান্ত নেওয়ার, পরিকল্পনা করার এবং আপনার লক্ষ্য অর্জনের জন্য আপনার অর্থ ব্যবহার করার একটি হাতিয়ার।

চাকরির চুক্তিপত্র

- নিয়োগকর্তা এবং কর্মীর মধ্যে একটি (আইনি) চুক্তি যা উভয় পক্ষের জন্য কর্তব্য এবং দায়িত্ব এবং সুবিধাগুলি নির্দিষ্ট করে দেয়।
- একটি চুক্তিতে কর্তব্য, দায়িত্ব এবং অধিকারের বর্ণনা অন্তর্ভুক্ত করা উচিত। এটি কর্মসংস্থান এবং কাজের অবস্থা নির্দিষ্ট করে, যেমন বেতন, কাজের ঘন্টা।
- একটি চুক্তি হলো দুটি পক্ষের মধ্যে একটি চুক্তি যা উভয় পক্ষই তাদের নিজস্ব ইচ্ছায় স্বাক্ষর করে। একটি কর্মসংস্থান চুক্তি লিখিত আকারে হওয়া উচিত, উভয় পক্ষের কাছে বোধগম্য ভাষায়, উভয় পক্ষের দ্বারা স্বাক্ষরিত এবং প্রতিটি পক্ষের কাছে একটি অনুলিপি থাকা উচিত।

আর্থিক প্রতিষ্ঠান

- একটি আর্থিক প্রতিষ্ঠান হলো একটি সরকারী বা বেসরকারী পরিষেবা যা আর্থিক ক্রিয়াকলাপ যেমন সঞ্চয়, ক্রেডিট এবং অর্থপ্রদানের সাথে কাজ করে।

সঞ্চয় এবং ক্রেডিট সমবায়

- সঞ্চয় ও ঋণ সমবায় হলো একটি গণতান্ত্রিক, অনন্য সদস্য চালিত, স্ব-সহায়ক সমবায় যা তার সদস্যদের আর্থিক চাহিদা মেটাতে চেষ্টা করে। এটি এর সদস্যদের মালিকানাধীন এবং তাদের দ্বারা নিয়ন্ত্রিত এবং পরিচালিত হয়।

সঞ্চয়ী অ্যাকাউন্ট

একটি নিয়মিত সঞ্চয়ী অ্যাকাউন্ট

- একটি আর্থিক প্রতিষ্ঠানে একটি নিয়মিত বা পাসবুক সেভিংস অ্যাকাউন্ট (ডিমান্ড ডিপোজিট অ্যাকাউন্ট নামেও পরিচিত) অ্যাকাউন্ট হোল্ডারকে যে কোনও সময় জমা বা তোলার অনুমতি দেয়। পরিমাণ এবং সময় অগ্রিম ঠিক করা থাকে না। সুদের হার (সাধারণত বার্ষিক) অনুযায়ী সঞ্চয় বৃদ্ধি পায়। এই সেভিংস অ্যাকাউন্টটি সাধারণত সরাসরি অর্থপ্রদানের জন্য ব্যবহার করা যায় না।

চুক্তিভিত্তিক সঞ্চয়ী হিসাব

- আর্থিক প্রতিষ্ঠানে একটি চুক্তিভিত্তিক সঞ্চয় অ্যাকাউন্ট অ্যাকাউন্টধারীকে নির্দিষ্ট লক্ষ্য অর্জনের সাথে তার আমানত সংযোগ স্থাপনের সুযোগ করে দেয়। অ্যাকাউন্ট হোল্ডার একটি নির্দিষ্ট সময়ের জন্য নিয়মিত ভিত্তিতে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা জমা রাখে। মেয়াদপূর্তির তারিখের পরে ক্লায়েন্ট পুরো পরিমাণ এবং সুদ (সুদের হার আগাম সেট করা আছে) উত্তোলন করতে পারে।

প্রাথমিক প্রত্যাহার হয় নিষিদ্ধ বা জরিমানাযোগ্য।

টাইম ডিপোজিট অ্যাকাউন্ট

- আর্থিক প্রতিষ্ঠানে একটি টাইম ডিপোজিট অ্যাকাউন্ট অ্যাকাউন্ট হোল্ডারকে টাকা জমা দেওয়ার অনুমতি দেয়, যা সে নির্দিষ্ট সময়ের জন্য উত্তোলন না করার প্রতিশ্রুতি দেয়। ক্লায়েন্ট সম্ভাব্য বিভিন্ন মেয়াদের একটি পরিসীমা থেকে পছন্দ করতে পারেন। যেহেতু এই ধরনের অ্যাকাউন্ট ক্লায়েন্টের জন্য সীমাবদ্ধতা (সময়কাল এবং অবরুদ্ধ পরিমাণ) আরোপ করে, সেহেতু এটি সাধারণত যেকোনো সঞ্চয় পণ্যের সর্বোচ্চ সুদ প্রদান করে।

ক্রেডিট

সুদের হার

- ঋণগ্রহীতা ঋণদাতার অর্থ ব্যবহারের জন্য ঋণের পরিমাণ ছাড়াও ঋণদাতাকে যে পরিমাণ অর্থ প্রদান করে।

মূলধন

- সুদ ছাড়া ঋণের মূল পরিমাণ।

ঋণের মেয়াদ

- যে সময়কালে ঋণগ্রহীতাকে ঋণের টাকা ব্যবহার করতে হবে এবং তা পরিশোধ করতে হবে।

জামানত

- মূল্যের বিপরীতে একটি আইটেম যা ঋণগ্রহীতা কর্তৃক ঋণদাতাকে দিতে হবে যদি ঋণগ্রহীতা ঋণ পরিশোধ করতে না পারে (জমি, যানবাহন, সঞ্চয় ইত্যাদি হতে পারে)।

গ্রেস পিরিয়ড

- একটি ঋণ প্রাপ্তির পরে এবং প্রথম কিস্তি প্রদানের আগের সময়কাল।

রিথিংক

- ক্রেডিট চুক্তি বাতিল। কিছু দেশে ঋণ চুক্তি স্বাক্ষর করার পর কয়েক দিন বা সপ্তাহ পর্যন্ত আইনত বাধ্যতামূলক হয় নাভ। এই সময়ের মধ্যে ঋণদাতার কাছ থেকে ঋণগ্রহীতাকে কোনো অর্থ প্রদান করা যাবে না। আপনার আবেগ সুরক্ষায় সাহায্য করে।

প্রারম্ভিক পরিশোধ

- চুক্তির মেয়াদের আগে জরিমানা ছাড়াই ঋণগ্রহীতা কর্তৃক ঋণের সমস্ত বা আংশিক পরিশোধ করা।

গ্যারান্টর

- ঋণগ্রহীতা ঋণ পরিশোধ করতে ব্যর্থ হলে যাকে ঋণের অর্থ পরিশোধ করতে হবে। এই ব্যক্তিকে ঋণদাতার সাথে ঋণ চুক্তি সহ-স্বাক্ষর করতে হতে পারে।

অতিরিক্ত ঋণগ্রস্থতা

- একজন ব্যক্তির তার ব্যক্তিগত ঋণের সাথে মানিয়ে নিতে অক্ষমতা।

মুল্য পরিশোধ পদ্ধতি

টাকার কার্ড

- কার্ড আপনাকে একটি অটোমেটিক টেলার মেশিন (সংক্ষেপে এটিএম) নামের একটি ডিভাইসে কার্ড প্রবেশ করিয়ে আপনার অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলনের সুযোগ দেয়। টাকা তোলার সম্ভাবনা ছাড়াও, আপনি আপনার অ্যাকাউন্টের ব্যালেন্স চেক করতে পারেন, টাকা ট্রান্সফার করতে পারেন এবং টাকা জমা রাখতে পারেন। কিছু ATM ডাকটিকিট বা এয়ারটাইম ক্রেডিটও বিক্রি করে বা আপনাকে কিছু চালান (বিদ্যুৎ...) পরিশোধ করার অনুমতি দেয়। প্রতিটি ব্যাংকের এটিএমগুলির নিজস্ব নেটওয়ার্ক রয়েছে তবে এটিএমটি আপনার ব্যাঙ্কের হোক বা না হোক আপনি যে কোনও এটিএম থেকে টাকা তোলার জন্য আপনার ব্যাংক কার্ড ব্যবহার করতে পারেন। যাইহোক অন্য ব্যাংকের নেটওয়ার্কের এটিমএম ব্যবহার করার সময় আপনাকে ফি চার্জ করা হতে পারে।

ডেবিট কার্ড

- একটি ডেবিট কার্ড ইলেকট্রনিকভাবে ব্যাংকিং লেনদেন করার আরেকটি উপায়। এটিএম থেকে টাকা তোলার জন্য এটি ব্যবহার করার পাশাপাশি, আপনি অনেক দোকানে কেনা পণ্যগুলির জন্য অর্থ প্রদানের জন্য একটি ডেবিট কার্ড ব্যবহার করতে পারেন। কেনার সময় আপনার অ্যাকাউন্টে টাকা থাকতে হবে। আপনার ক্রয়ের পরিমাণ অবিলম্বে আপনার অ্যাকাউন্ট থেকে কেটে নেওয়া হয়। আপনি নিয়মিত ব্যাংক থেকে একটি নিয়মিত স্টেটমেন্ট পাবেন, আপনার অ্যাকাউন্ট থেকে কাটা মোট পরিমাণ এবং আপনার অবশিষ্ট ব্যালেন্স দেখানো হবে।

মানসিক স্বাস্থ্য এবং অর্থ ব্যবস্থাপনার সংযুক্তি

১. মানসিক স্বাস্থ্য কি?

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, মানসিক স্বাস্থ্য হলো এমন একটি সুস্থতার অবস্থা যেখানে প্রত্যেক ব্যক্তি তার নিজের সম্ভাবনা উপলব্ধি করতে পারে, জীবনের স্বাভাবিক চাপ মোকাবেলা করতে পারে, কার্যকর এবং ফলপ্রসূভাবে কাজ করতে পারে এবং তার নিজের জন্য বা তার সম্প্রদায়ের জন্য অবদান রাখতে সক্ষম হয়।[১]

একাধিক সামাজিক, মনস্তাত্ত্বিক এবং জৈবিক কারণ মিলে একজন ব্যক্তির মানসিক স্বাস্থ্যের স্তর নির্ধারণ করে। এই কারণেই দুর্বল মানসিক স্বাস্থ্য চাপযুক্ত কাজের পরিস্থিতি, লিঙ্গ বৈষম্য, সামাজিক বর্জন, মানবাধিকার লঙ্ঘন এবং এমনকি জেনেটিক কারণগুলির সাথে জড়িত। এই অর্থে, ক্রমাগত আর্থ-সামাজিক বা আর্থিক চাপ মানসিক স্বাস্থ্যের জন্যও ঝুঁকি হিসেবে স্বীকৃত।

কখনও কখনও, যখন আমরা দুর্বল মানসিক স্বাস্থ্যের লক্ষণগুলি অনুভব করি, তখন আমরা অনুভব করি:

উদ্বেগ: যখন আমরা চিন্তিত, দুশ্চিন্তাগ্রস্থ অথবা স্থায়ী বা ক্রমাগত ভয়ের মধ্যে থাকি - বিশেষ করে যেসব বিষয় ভবিষ্যতে ঘটতে চলেছে, বা ভবিষ্যতে ঘটতে পারে - এবং আমাদের জীবনকে মারাত্মকভাবে প্রভাবিত করা এইসব অনুভুতির নাম হলো উদ্বেগ। ।

স্ট্রেস বা চাপ: স্ট্রেস বা চাপকে সাধারণত উদ্বেগ এবং চরম ক্লান্তির মারাত্মক ক্ষতিকর অনুভূতি হিসাবে বর্ণনা করা হয়। চাপের মধ্যে থাকা জীবনের একটি স্বাভাবিক অংশ কিন্তু, যদি আমরা প্রায়শই চাপে অতিমাত্রায় আক্রান্ত হয়ে যাই, তাহলে এই অনুভূতিগুলি আমাদের জন্য সমস্যা হতে পারে।

হাইপোম্যানিয়া এবং ম্যানিয়া: হাইপোম্যানিয়া এবং ম্যানিয়া হল অতি-সক্রিয় এবং উত্তেজিত আচরণের সময়কাল যা আমাদের দৈনন্দিন জীবনে উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারে।

মূল তথ্য

- মানসিক স্বাস্থ্য মানসিক রোগের অনুপস্থিতির চেয়ে বেশি কিছু।
- মানসিক স্বাস্থ্য স্বাস্থ্যের একটি অবিচ্ছেদ্য অঙ্গ; প্রকৃতপক্ষে, মানসিক স্বাস্থ্য ছাড়া কোন স্বাস্থ্য নেই।
- প্রত্যেকেরই মানসিক স্বাস্থ্যের একটা অবস্থা থাকে এবং এটি সারা জীবন ধরে পরিবর্তিত হতে পারে।
- মানসিক স্বাস্থ্য বিভিন্ন আর্থ-সামাজিক, জৈবিক এবং পরিবেশগত কারণের দ্বারা নির্ধারিত হয়।

২. অর্থ এবং মানসিক স্বাস্থ্যের মধ্যে সংযোগ[২]

মানসিক স্বাস্থ্য এবং অর্থ সমস্যা প্রায়ই জটিলভাবে সম্পর্কিত। একটি সমস্যা অন্যটিকে খেয়ে ফেলতে পারে, এবং এর মাধ্যমে ক্রমবর্ধমান আর্থিক সমস্যাগুলির একটি দুষ্ট চক্র তৈরি করে এবং মানসিক স্বাস্থ্যগত পরিস্থিতির অবনতি ঘটায় যা থেকে বাঁচা কঠিন হতে পারে।

মানসিক স্বাস্থ্য আপনার অর্থ সংক্রান্ত ব্যবস্থাপনা পদ্ধতিকে প্রভাবিত করতে পারে

আপনি যেভাবে অর্থ ব্যবস্থাপনা করে থাকেন তার কিছু সাধারণ উপায় নিচে দেওয়া হলো যা আপনার মানসিক স্বাস্থ্যকে প্রভাবিত করতে পারে:

1/ World Health Organization (2018). Mental health: strengthening our response. Retrieved from: https://www.who.int/news-room/fact-sheets/detail/mental-health-strengthening-our-response

2/ © Mind August 2021. To be revised in 2024. Retrieved from: https://www.mind.org.uk/information-support/tips-for-everyday-living/money-and-mental-health/the-link-between-money-and-mental-health/

- আপনি যদি হীণ বা দুঃখিত বোধ করেন, তাহলে আপনার আর্থিক ব্যবস্থাপনায় অনুপ্রেরণার অভাব হতে পারে। তাই এই চেষ্টা করার কোন মানে নাই।
- যখন আপনি অসুস্থ হন, তখন আপনি আপনার ইচ্ছার চেয়ে অথবা আপনার সামর্থ্যের চেয়ে বেশি অর্থ ব্যয় করতে পারেন।
- আপনি যখন ম্যানিয়া বা হাইপোম্যানিয়া ভোগেন তখন আপনি আবেগপ্রবণ আর্থিক সিদ্ধান্ত নিতে পারেন।
- যদি আপনার মানসিক স্বাস্থ্য আপনার কাজ বা অধ্যয়ন করার ক্ষমতাকে প্রভাবিত করে, তাহলে এটি আপনার আয় কমিয়ে দিতে পারে।
- আপনি আপনার বাজেটের অধীনে থাকার জন্য কিছু জিনিস করা থেকে এড়িয়ে থাকতে পারেন, যেমন বিল খুলে দেখা বা আপনার ব্যাংক অ্যাকাউন্ট চেক করা। আপনি অর্থ সম্পর্কে সম্পূর্ণভাবে চিন্তামুক্ত থাকার চেষ্টা করতে পারেন।
- মানসিক স্বাস্থ্য সমস্যা আপনার বীমা পলিসিগুলিকে প্রভাবিত করতে পারে, তাই আপনি আরও বেশি অর্থ খরচ করতে পারেন।

অর্থ সমস্যা আপনার মানসিক স্বাস্থ্যকে প্রভাবিত করতে পারে

এগুলি হলো কিছু সাধারণ উপায় যা অর্থ আপনার মানসিক স্বাস্থ্যকে প্রভাবিত করতে পারে:

- কিছু পরিস্থিতি উদ্বেগ এবং আতঙ্কের অনুভূতি জাগাতে পারে, যেমন খাম খোলা বা কোন সুবিধা মূল্যায়ন সংক্রান্ত অনুষ্ঠানে যোগ দেওয়া।
- টাকা নিয়ে দুশ্চিন্তা করলে ঘুমের সমস্যা হতে পারে।
- ভাল থাকার জন্য আপনার প্রয়োজনীয় জিনিসগুলি আপনি বহন করতে পারবেন না, যেমন আবাসন, খাদ্য, পানি, এসি বা ওষুধ এবং থেরাপির মতো চিকিৎসা।
- অর্থ সমস্যা আপনার সামাজিক জীবন এবং সম্পর্ককে প্রভাবিত করতে পারে। আপনি একাকী বা বিচ্ছিন্ন বোধ করতে পারেন, অথবা আপনি যা চান তা করার সামর্থ্য হারিয়ে ফেলতে পারেন।

৩. অর্থের সাথে সংযুক্ত অনুভূতিসমুহ[৩]

অর্থ সম্পর্কে চিন্তা করা আবেগপ্রবণ কাজ হতে পারে, এবং অর্থ সম্পর্কে আপনার ভিন্ন অনুভূতিও থাকতে পারে। কিছু সাধারণ অনুভূতি যা আপনার হতে পারে সেগুলো হলো:

- আপনি অর্থ ব্যয় করার জন্য নিজেকে দোষী ভাবতে পারেন, এমনকি যদিও খরচ আপনার সাধ্যের মধ্যে থাকে। অথবা আপনি সাহায্য চাইলে দোষী বোধ করতে পারেন, এমনকি যদিও আপনি জানেন যে আপনার সাহায্য প্রয়োজন।
- আপনি আপনার ব্যাংক ব্যালেন্স দেখতে বা ব্যাংকের সাথে কথা বলতে ভয় পেতে পারেন।
- সাহায্যের প্রয়োজন হলে সেজন্য আপনি লজ্জিত বোধ করতে পারেন। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে প্রত্যেকেরই ভালো লাগার অধিকার রয়েছে এবং খাদ্য ও বাসস্থানের মতো প্রয়োজনীয় জিনিসের অধিকার রয়েছে। আপনার প্রয়োজনীয় জিনিসগুলি ঠিকঠাক আছে কি না তা নিশ্চিত করার জন্য আর্থিক সহায়তা পাওয়া একটি ভাল উপায়।
- যদি আপনি নিজেকে এবং অন্যদের সাহায্য করার জন্য অনেক চাপের মধ্যে থাকেন, তবে আপনি মানসিক চাপ অনুভব করতে পারেন। অথবা, বেনিফিট সিস্টেম নেভিগেট করার চেষ্টার কারণেও চাপ অনুভব করতে পারেন।
- আপনি ক্লান্ত বা জীর্ণ বোধ করতে পারেন, বিশেষ করে যদি আপনি দীর্ঘদিন ধরে আর্থিক সমস্যায় ভুগে থাকেন।
- আপনি যদি অতীতে আর্থিক অপব্যবহারের বা হয়রানির সম্মুখীন হয়ে থাকেন, তাহলে সেটি এখন অর্থ সম্পর্কে আপনার অনুভূতিকে প্রভাবিত করতে পারে।

অর্থকে কেন্দ্র করে আপনার যে অনুভূতি এবং আবেগ রয়েছে তা জানা থাকলে আপনার আচরণের ধরণগুলি চিহ্নিত করতে এবং অনুভূতি আরও নিয়ন্ত্রণে আনতে কাজে লাগতে পারে।

3/ © Mind August 2021. Retrieved from: https://www.mind.org.uk/information-support/tips-for-everyday-living/money-and-mental-health/the-link-between-money-and-mental-health/#feelings-associated-with-money

৪. অর্থ এবং মানসিক স্বাস্থ্য ব্যবস্থাপনার টিপস

- আপনার টাকা ভালোভাবে ব্যবস্থাপনা করতে পারলে আপনার চাপের মাত্রা কমতে পারে।
- টাকাপয়সা নিয়ে কথা বলা অনেক আবেগের উদ্রেক করতে পারে। এই বিষয়ে কথা বলার জন্য আপনার বিশ্বস্ত কাউকে খুঁজে বের করার চেষ্টা করুন। আপনার আবেগ সম্পর্কে কথা না বলা আপনার মানসিক স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলবে।
- সঞ্চয় পরিকল্পনা করা কিছুটা কষ্টের কারণ হতে পারে, বিশেষ করে যদি আপনি চাহিদা মত সঞ্চয় করতে না পারেন। নিজেকে চাপাচাপি করবেন না! সবসময় মনে রাখবেন যে আপনি সর্বদা আপনার সঞ্চয় পরিকল্পনার সাথে সামঞ্জস্য করতে পারবেন।
- আপনি নিজের ভালো লাগার জন্য ব্যয় করতে পারেন। কিছু লোক এটিকে ক্ষণিকের উচ্চতার মতো অনুভূতি হিসাবে বর্ণনা করে। কিন্তু এটি শুধুমাত্র অল্প সময়ের জন্য স্থায়ী হবে। সাবধান! আপনার বাজেট টানাটানির হলে প্রয়োজন এবং চাহিদার মধ্যে পার্থক্য করতে সময় নিন। অন্যথায় আপনার প্রয়োজনের জন্য পর্যাপ্ত অর্থ না থাকার ফলে আপনি চাপের মধ্যে পরে যেতে পারেন।
- এই মুহূর্তে যদি আপনার ভাল না লাগে বা কিছুটা দুঃখ বোধ করেন, তাহলে বাজেট তৈরি করা আরো কঠিন কাজ হতে পারে। আপনার প্রিয়জন বা আপনি যাকে বিশ্বাস করেন তার সাথে আপনি বর্তমান কেমন বোধ করছেন সে সম্পর্কে কথা বলুন এবং আস্তে আস্তে আপনার বাজেট শুরুর কাজে সমর্থন খোঁজার চেষ্টা করুন। নিজের উপর অনেক চাপ দেবেন না!
- যখন খারাপ সময় যাচ্ছে তখন রুটিন মেনে চলা ভাল মানসিক স্বাস্থ্য বজায় রাখার জন্য কার্যকরী হতে পারে। আপনি বাজেট অনুযায়ী চলতে পারছেন কি না সেটা বুঝার জন্য আপনার বাজেটের ওপর মনোযোগ রাখা আপনার ফোকাস পরীক্ষা করার জন্য একটি ভাল অনুশীলন হতে পারে।
- যদি আপনি অনেক দুশ্চিন্তাগ্রস্থ থাকেন তবে আপনার ব্যাংক অ্যাকাউন্ট, ডিজিটাল ওয়ালেট অ্যাকাউন্ট চেক করা অথবা এমনকি আপনার খরচ পর্যালোচনা করাকেও আপনার কাছে আরও চাপ এবং অস্বস্তি সৃষ্টিকারী মনে হতে পারে। তবে মনে রাখবেন: এটিকে উপেক্ষা করা বা টাকাপয়সার কথা চিন্তা না করলে ভবিষ্যতে জিনিসগুলি আরও খারাপ হতে পারে।
- একটি নিরাপদ সঞ্চয় পদ্ধতি বেছে নেওয়া আপনাকে ভালো বোধ করতে সাহায্য করতে পারে। আপনি যদি আপনার অর্থের নিরাপত্তা নিয়ে ক্রমাগত চিন্তিত থাকেন, তাহলে এই অনুভূতি বন্ধ করার জন্য আপনার হাতে কোন কোন সমাধান আছে তা ভাবুন।
- কিছু প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য একটি আর্থিক প্রতিষ্ঠানে প্রবেশের কাজ আপনাকে ভীত বা উদ্বিগ্ন করতে পারে। মনে রাখবেন যদি আপনি একা যেতে আত্মবিশ্বাসী না হন, তবে সবসময় একজন বন্ধু বা সহকর্মীকে আপনার সাথে যেতে বলতে পারেন।
- প্রচুর আর্থিক দায়-দায়িত্ব থাকার ফলশ্রুতিতে চাপ তৈরি হতে পারে এবং তা আপনার মানসিক স্বাস্থ্যকে প্রভাবিত করতে পারে। আপনি যদি চাপ বোধ করেন তবে সাহায্যের চাইতে দ্বিধা করবেন না।
- আপনার ঋণ পরিশোধের ক্ষমতা বিবেচনা করে টাকা ধার করা আপনার মনকে প্রশান্তি দিয়ে সহায়তা করতে পারে।
- আপনার অর্থ ব্যবস্থাপনার কাজ জটিল হতে পারে, বিশেষ করে যখন আপনি বিভিন্ন অর্থ প্রদানের উপায় ব্যবহার করেন। এই কাজটি খুব ক্লান্তিকর হতে পারে। আপনার মানসিক শান্তির জন্য আপনার অর্থপ্রদানের উপায় সুরক্ষিত রাখার চেষ্টা করুন।
- কখনও কখনও আমাদের মানসিক চাপ আমাদের শরীরের উপর প্রভাব ফেলতে পারে। যদি অর্থ ব্যবস্থাপনা নিয়ে আপনি উদ্বিগ্ন থাকেন তাহলে এর ফলে শারীরীক স্বাস্থ্য সমস্যা হতে পারে। আপনার শরীরের সংকেতের দিকে মনোযোগ দিন। মনে রাখবেন, মানসিক স্বাস্থ্য ছাড়া শারীরীক সুস্থতা নেই।

৫. বেটার ওয়ার্ক জর্ডান –এর মানসিক স্বাস্থ্য প্রকল্প

বেটার ওয়ার্ক জর্ডান হলো আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এবং আন্তর্জাতিক আর্থিক কর্পোরেশন (আইএফসি) এর মধ্যে একটি অংশীদারিত্ব। বেটার ওয়ার্ক সরকার, বৈশ্বিক ব্র্যান্ড, কারখানার মালিকদের পাশাপাশি ইউনিয়ন এবং শ্রমিকদের বিভিন্ন গোষ্ঠীকে একত্রিত করার মাধ্যমে পোষাক শিল্পে কর্ম পরিবেশের উন্নয়ন এই খাতকে আরও প্রতিযোগিতামূলক করতে কাজ করছে।

মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম মন্ত্রণালয়ের সহায়তায় বেটার ওয়ার্ক জর্ডান (বিডব্লিউজে) ২০২১ সালে একটি প্রকল্প চালু করেছে যার লক্ষ্য হচ্ছে পোশাক খাতের শ্রমিকদের মানসিক স্বাস্থ্যের উন্নতি করা। এই প্রকল্পটি মূলত নারী এবং অভিবাসী শ্রমিকদের উপর দৃষ্টিপাত করে কেননা তারা এই খাতের বেশিরভাগ কর্মশক্তি গঠন করে এবং অনেক শারীরীক ও মনস্তাত্তিক চাপের সম্মুখীন হয়।

প্রকল্পটি সাহায্য-সন্ধানের মাধ্যমে এবং কারখানা পর্যায়ে সহায়তায় অভিগম্যতা বৃদ্ধি এবং বিশেষায়িত সংস্থার কাছে রেফারেলের মাধ্যমে মানসিক স্বাস্থ্য ঝুঁকির বিরুদ্ধে কর্মীদের সহনশীলতা তৈরি করার ওপর গুরুত্বারোপ করে।

কর্মীদের মানসিক সুস্থতার উন্নতিকল্পে প্রকল্পের লক্ষ্য অর্জনের জন্য প্রকল্পটি দুটি প্রধান কাজ করে:

ক) সাংগঠনিক ও ব্যক্তিগত পর্যায়ে মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা এবং

খ) মানসিক স্বাস্থ্য সম্পর্কিত বিষয়গুলো সনাক্তকরণ, ব্যবস্থাপনা এবং রেফার করার ক্ষেত্রে কারখানাগুলির সক্ষমতা বৃদ্ধি করার জন্য একটি মানসিক স্বাস্থ্য নীতি প্রণয়ন এবং বাস্তবায়ন করা।

ডায়াগ্রাম ১: কাজের পরিধি



প্রশিক্ষণার্থীর বুকলেট

আইএলও আর্থিক শিক্ষা
জর্ডানি এবং অভিবাসী শ্রমিকগণ

যুক্তরাষ্ট্রের শ্রম মন্ত্রণালয়ের অর্থায়নে বেটার ওয়ার্ক জর্ডান-এর মানসিক স্বাস্থ্য প্রকল্পের লক্ষ্য হলো শ্রমিকদের আর্থিক শিক্ষা শক্তিশালী করার মাধ্যমে আর্থিক প্রক্রিয়ায় তাদেরকে উন্নততর সিদ্ধান্ত গ্রহণে সক্ষম করে তোলা, এবং চূড়ান্তভাবে, শ্রমিকদের উন্নত উৎপাদনশীলতার পাশাপাশি ইতিবাচক ও দায়িত্বশীল কর্মক্ষেত্রে অবদান রাখা।

এই প্রশিক্ষণার্থীর বুকলেটের প্রাথমিক লক্ষ্য হচ্ছে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নে ইচ্ছুক জর্ডানি এবং অভিবাসী কর্মীরা। এই বুকলেটের মধ্যে যেসব টপিক অন্তর্ভুক্ত রয়েছে তা হলো: আর্থিক লক্ষ্য নির্ধারণ, আত্মবিশ্বাসের সাথে যোগাযোগ, মৌলিক আর্থিক পণ্যসমুহ সম্পর্কে বোঝাপড়া (সঞ্চয়, ঋণ, পরিশোধ, ডিজিটাল ওয়ালেট, বীমা), আর্থিক প্রতিষ্ঠানের সাথে বোঝাপড়া এবং দরাদরি, টাকা স্থানান্তর এবং ঝুঁকি ব্যবস্থাপনা।

এই বুকলেটে রয়েছে কল্পিত চরিত্র, কেস স্টাডি, অনুশীলন সংক্রান্ত সকল তথ্য এবং টার্গেট গ্রুপের জন্য সুনির্দিষ্ট রেফারেন্স। এই বুকলেটে আরো রয়েছে প্রশিক্ষণ সম্পর্কিত মূল পয়েন্ট এবং বুদ্ধিমত্তার সাথে একজন ব্যক্তির আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত দরকারি উপকরণ। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী নারী-পুরুষদের জন্য এই বুকলেট লিখিত হয়েছে। এই বুকলেট প্রশিক্ষণ কোর্স চলাকালীন সময়ে অনুশীলন বই হিসেবে এবং তৎপরবর্তীতে রেফারেন্স গাইড হিসেবে ব্যবহৃত হওয়া উচিত। বুকলেটে কল্পিত চরিত্রসমুহের অভিজ্ঞতার আলোকে সংশ্লিষ্ট সকল টপিকে কমিক ব্যবহার করা হয়েছে। বুকলেটে অনেক অনুশীলনী এবং ওয়ার্কশীট রয়েছে যা প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ নিজেরাই পূরণ করতে পারবেন।

আইএসবিএন: ৯৭৮৯২২০৩৫৯০৪৪ (প্রিন্ট)
আইএসবিএন: ৯৭৮৯২২০৩৫৯০৫১ (ওয়েব পিডিএফ)

International Labour Organization

Financial Education

BetterWork Jordan